The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 908 | 06 February 2026 | শুক্রবার ২৩ মাঘ অগ্রহায়ণ ১৪৩২


Bangladesh calls for social development and social justice
→ Page 18

US shoots down Iranian drone that approached to
→ Page 19




NYC residents can qualify for free tax prep services
→ Page 18

Mamdani Announces 50,000 3-K and Pre-K Applications Submitted
→ Page 19



# টানটান উত্তেজনায় ১২ ফেব্রুয়ারি ভোট

হাসান মাহমুদ/মাসুদ করিম, *ঢাকা থেকে*



## সহিংসতায় নিহত ১৬ জন ● টার্গেট কিলিং আশঙ্কায় প্রাইভেট সিকিউরিটি



সারাদেশে টানটান উত্তেজনা আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে। বাংলাদেশে এবারের জাতীয় সংসদ নির্বাচনের দিন সংস্কার প্রশ্নে একই সঙ্গে হা-না ভোটও দিতে পারবেন ভোটাররা। আগামী ১২ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ভোটের দিনকে নিয়েই এই উত্তেজনা সারা দেশে ছড়িয়েছে। তবে রাজনৈতিক অঙ্গনের অতি চেনা শতশত মুখের উপস্থিতি নেই এই নির্বাচনে। 'রাজনৈতিক নেতা' হিসেবে যারা দীর্ঘকাল বাংলাদেশে রাজত্ব করছিলেন তাদের অনুপস্থিতি এবারের নির্বাচনে স্পষ্ট দৃশ্যমান হচ্ছে বলে সাধারণ ভোটাররা জানিয়েছেন। প্রবীণ ওইসব নেতাদের কোথাও দেখা যাচ্ছে না। তবে এই নির্বাচনে প্রার্থী হিসেবে অনেক তরুণ মুখের সমারোহ ঘটেছে। যারা ভোটারদের সামনে নতুন নতুন কথা বলে নিজেদের পক্ষে ভোট টানার চেষ্টা করছেন। তবে নির্বাচনি সহিংসতার কথা কেউ উপেক্ষা করতে পারছেন না। 'কি হয়' 'কি ঘটে' নির্বাচনের দিন! এমন বিষয়ে চাপা উত্তেজনা রয়েছে সাধারণ ভোটারদের মাঝে। নির্বাচন কমিশনের মতে, আইনশৃঙ্খলা বাহিনীর ব্যাপক এরপর ৪১ পৃষ্ঠায়



‘আপনাদের কাছে একটাই অনুরোধ। ধরে নিন যে এই হারটা আমি একাই হেরেছি। এটা তো সত্যি যে, আমি এই মাঠে একটা সরিষা দানা মাত্র। আমার ব্যর্থতা দিয়ে আপনারা আমাদের পুরো কমিউনিটিকে মাপবেন না’
—— মেরি জোবায়দা

মন্তব্য প্রতিবেদন

## মেরি জোবায়দা কেন হারলেন!

মনোয়ারুল ইসলাম

মেরি একটি বিদ্রোহের নাম। স্রোতের বিপরীতে চলা এক রাজনীতিক। মডারেট মুসলিম ঘরের সন্তান ও স্ত্রী হয়ে গনতান্ত্রিক সমাজতান্ত্রিক রাজনীতিকে বেছে নিয়েছেন। খেটে খাওয়া মেহনতি মানুষের পাশে দাঁড়িয়েছেন। ইমিগ্র্যান্ট কমিউনিটির জন্য লড়ছেন ২ যুগেরও বেশি সময় ধরে। কর্মজীবি মানুষের সন্তানদের জন্য ইউনিভার্সাল চাইল্ড কেয়ারের দাবিতে সোচ্চার কণ্ঠস্বর। নীতি ও নৈতিকতার প্রশ্নে পরিবার, সমাজ, কমিউনিটি এমনকি মূলধারার রাজনীতিতে এরপর ৪১ পৃষ্ঠায়

## ডেলিভারি ড্রাইভাররা পাবেন ১৫০০ ডলার করে ক্ষতিপূরণ

আজকাল রিপোর্ট



নিউইয়র্ক সিটিতে উবার ইটস, ফ্যান্টুয়ান এবং হাঙ্গরিপ্যান্ডা ডেলিভারি অ্যাপ কোম্পানিগুলোকে তাদের চালকদের জন্য মিলিয়ন ডলারের ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। মেয়র জোহরান মামদানি ৩০ জানুয়ারি জানিয়েছেন, শহরের ডেলিভারি কর্মীদের ন্যূনতম মজুরি আইন লঙ্ঘনের কারণে এই তিনটি সংস্থা মিলিতভাবে ৪৯ হাজারের বেশি কর্মীর জন্য মোট ৫ দশমিক ১৯৫ মিলিয়ন ডলার জরিমানা ও ক্ষতিপূরণ প্রদান করবে।

উবার ইটস এককভাবে ৪৮ হাজারের বেশি কর্মীর জন্য ৩ দশমিক ১৫ মিলিয়ন ডলার ক্ষতিপূরণ এবং ৩ দশমিক ৫ লাখ ডলার জরিমানা প্রদান করবে। ফ্যান্টুয়ান ২৮৫ কর্মীর জন্য ৪ দশমিক ৬৮ লাখ ডলার এবং ৫২ হাজার ডলার এরপর ৪৫ পৃষ্ঠায়

## নতুন এমপিদের শপথ পড়াবেন কে?

আজকাল রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী সংসদ সদস্যদের (এমপি) শপথ পাঠ করাবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। বৃহস্পতিবার নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত এরপর ৪১ পৃষ্ঠায়

## চার কোটি নতুন ভোটারের ঢেউ

আজকাল, ঢাকা ব্যুরো

বহুল কাঙ্ক্ষিত এবারের জাতীয় সংসদ নির্বাচনে নতুন ভোটার প্রায় চার কোটি। মোট ভোটার ১২ কোটি ৭০ লাখ। তবে নতুন এই চার কোটি ভোটার অতীতে কোনও নির্বাচনে ভোট দেননি। তারা এখন ভোট দেওয়া নিয়ে বাছ-বিচার করছেন। নতুন ভোটারদের ঢেউ অনেক প্রার্থীকে বিজয়ের হাসি হাসাবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্র এরপর ৪১ পৃষ্ঠায়

## নতুন সরকারের কাছে দায়িত্ব ১৭ বা ১৮ ফেব্রুয়ারি

আজকাল রিপোর্ট

নির্বাচনের পর যত দ্রুত সম্ভব নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব হস্তান্তর করা হবে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের এরপর ৪৭ পৃষ্ঠায়

## হাদি হত্যার তদন্ত জাতিসংঘে

আজকাল রিপোর্ট



ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান হাদি হত্যাকাণ্ডের তদন্তের প্রস্তাব জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনারের দপ্তরকে দেওয়া হবে বলে জানিয়েছে অন্তর্বর্তী সরকার। হাদি হত্যার বিচার দাবিতে ইনকিলাব মঞ্চের আন্দোলনের মধ্যে অন্তর্বর্তী সরকারের তরফে এ ঘোষণা এল। বৃহস্পতিবার রাতে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেন, “অন্তর্বর্তী এরপর ৪১ পৃষ্ঠায়

সিআরএফ জরিপ

## আ.লীগের ৪৮ ভাগ ভোট যাচ্ছে ধানের শীষে

আজকাল রিপোর্ট

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ সমর্থকদের মধ্যে প্রায় ৪৮ শতাংশ বিএনপিকে পছন্দ এরপর ২৪ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত? আমরা বদলানোর পরিবর্তনের মাধ্যমে আপনার বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে ফ্রিতে লাগিয়ে থাকি।
সরকারী অনুদান $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
তোফায়েল চৌধুরী
1900 Central Park Ave, Yonkers NY 10710

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge-Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


সালেহ উদ্দিন আহমদ-এর কলাম ভোটের মাঠে আওয়ামী নেতাদের জিহাদ, রুমিনের ইঁস ও জিএম কাদেরের দুশ্চিন্তা
১০ পৃষ্ঠায়


মাসুদ কামাল-এর কলাম বেহেশতের টিকিট কিংবা ফ্রি ইন্টারনেট
০৭ পৃষ্ঠায়


ড. আনোয়ারউল্লাহ চৌধুরী-এর কলাম সব প্রতিবন্ধকতা অতিক্রম করতে হবে
১২ পৃষ্ঠায়




# নিউইয়র্কে 'আইস'-এর সাঁড়াশি অভিযানের প্রস্তুতি

আজকাল রিপোর্ট

নিউইয়র্কজুড়ে 'আইস' পুলিশ-এর সাঁড়াশি অভিযানের প্রস্তুতি চলছে। ফেডারেল সরকার নিউইয়র্কে অবৈধ অভিবাসন বিরোধি অভিযানের জন্য গত কয়েক মাস ধরেই কাজ করে চলেছে। রাজ্য সরকারের কোন সহযোগিতা না পেলেও এই অভিযান শুরুর পক্ষে মত দিয়েছেন আইস নীতিনির্ধারকরা।



অভিযানকালীন সময়ে সাধারণ নাগরিকরা কি ধরনের জিজ্ঞাসাবাদের মুখোমুখি হচ্ছেন তা ঘটনাস্থলে থেকে পর্যবেক্ষণ করা হবে বলে এটর্নি জেনারেলের অফিস সূত্রে জানানো হয়েছে। এজন্য একটি সক্রিয় টিম গঠিত হবে বলে জানানো হয়েছে। তারা সবকিছু লিপিবদ্ধ করে রাখবেন। ইতোমধ্যে নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল রাজ্যজুড়ে আইনি আইস পর্যবেক্ষণের কথা ঘোষণা করেছেন। নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ের পর্যবেক্ষকরা রাজ্য জুড়ে ফেডারেল কর্তৃক অভিবাসন প্রয়োগকারী পদক্ষেপগুলি সরাসরি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করবেন। অফিস মঙ্গলবার ঘোষণা করেছে। অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ের স্বেচ্ছাসেবকদের কাছ থেকে নেওয়া আইনি পর্যবেক্ষকরা প্রয়োগকারী কার্যক্রমে হস্তক্ষেপ করবেন না। বেগুনি জ্যাকেট পরা পর্যবেক্ষকদের 'মাটিতে নিরপেক্ষ সাক্ষী' হিসাবে কাজ করার জন্য যেখানে অভিবাসন অভিযান চলছে সেখানে পাঠানো যেতে পারে।

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন, 'আমরা মিনেসোটায় দেখেছি স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাবে ফেডারেল কার্যক্রম কতটা দ্রুত ও দুঃখজনকভাবে বৃদ্ধি পেতে পারে। 'আমার অফিস নিউইয়র্কে ফেডারেল প্রয়োগকারী কার্যকলাপ এবং এটি আইনের সীমার মধ্যে রয়েছে কিনা তা পরীক্ষা করার জন্য আইনী পর্যবেক্ষণ প্রকল্প চালু করছে।' আইনি পর্যবেক্ষকরা এরপর ১৫ পৃষ্ঠায়

# নিউইয়র্কে পুলিশের গুলিতে আহত যুবক বাংলাদেশি

আজকাল রিপোর্ট

কুইন্সে এনওয়াইপিডির গুলিতে আহত হন ২২ বছর বয়সী বাংলাদেশি বংশোদ্ভূত যুবক জাবেজ চক্রবর্তী। নিজ বাড়িতে গত ২৬ জানুয়ারি পুলিশের গুলিতে আহত জাবেজ চক্রবর্তীর পরিবারের সদস্যরা জানিয়েছেন, তারা ৯১১ নম্বরে ফোন করে পুলিশ নয়, শুধুমাত্র চিকিৎসা সহায়তার জন্য অ্যাম্বুলেন্স চেয়েছিলেন। দক্ষিণ এশীয় অভিবাসী অধিকার সংগঠন ডেসিস রাইজিং আপ অ্যান্ড মুভিং (ড্রাম)-এর প্রতিনিধি সিমরান খিন্দ জানান, অন্তত চারবার গুলিবিদ্ধ হওয়ার পর জাবেজ চক্রবর্তী বর্তমানে ভেন্টিলেশনে আছেন এবং হাসপাতালে তার একাধিক অস্ত্রোপচার করা হয়েছে। এনওয়াইপিডির পক্ষ থেকে দাবি করা হয়েছে, পারসন্স বুলেভার্ড ও ৮৫ অ্যাভিনিউয়ের কাছে ব্রায়ারউডে অবস্থিত জাবেজের বাড়িতে কাচ ভাঙার অভিযোগ পেয়ে পুলিশ সেখানে যায়। এরপর ১৫ পৃষ্ঠায়



# এপস্টেইন তদন্তে ক্লিনটন ও হিলারি স্বাক্ষ্য দেবেন

আজকাল রিপোর্ট

কুখ্যাত যৌন অপরাধী জেফ্রি এপস্টেইন সংক্রান্ত কংগ্রেসীয় তদন্তে সাক্ষ্য দিতে সম্মত হয়েছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন। বিল ক্লিনটনের ডেপুটি চিফ অব স্টাফ সামাজিক যোগাযোগমাধ্যমে এই তথ্য নিশ্চিত করেন। তিনি লেখেন, সাবেক প্রেসিডেন্ট ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী তদন্ত কমিটির সামনে উপস্থিত হবেন। এই সিদ্ধান্ত আসে এমন এক সময়ে, যখন রিপাবলিকান নিয়ন্ত্রিত যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদ উভয় ক্লিনটনকে আইনি তলব অমান্যের অভিযোগে 'ক্রিমিনাল কনটেম্পট' ঘোষণার বিষয়ে ভোটাভুটি করতে পারে এমন আলোচনা চলছিল। এরপর ৩৪ পৃষ্ঠায়

# 'পিঠা উৎসব' ১০ ফেব্রুয়ারি আটলান্টিক সিটিতে

আজকাল রিপোর্ট

নিউজার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে আগামী ১০ ফেব্রুয়ারি, মংগলবার সন্ধ্যায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সির উদ্যোগে 'পিঠা উৎসব'-এর আয়োজন করা হয়েছে। সিটির ২৭০৯ ফেয়ার মাউন্ট এভিনিউতে অবস্থিত বাংলাদেশ কমিউনিটি সেন্টারে 'পিঠা উৎসব'-এর বিভিন্ন আয়োজনের মধ্যে রয়েছে সুহৃদ সমাবেশ, কথামালা, আড্ডা, বাহারি পিঠা পুলির প্রদর্শনী, আবৃত্তি ও সংগীত অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণ।

'পিঠা উৎসব'-এর আয়োজন প্রসঙ্গে বিএএসজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল বলেন, বিজাতীয় সংস্কৃতিতে নতুন প্রজন্ম যখন গা ভাসিয়ে দিচ্ছে, নিজস্ব সংস্কৃতি আর কৃষ্টিতে আগ্রহ হারিয়ে ফেলছে, লোপ পাচ্ছে মানবিকতা- এরপর ২৪ পৃষ্ঠায়



# আইসকে সহযোগিতা বন্ধে গভর্নরের প্রস্তাব

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে আইসের সঙ্গে এনওয়াইপিডি পুলিশের সহযোগিতা বন্ধে গভর্নর ক্যাথি হোকুল প্রস্তাব দিয়েছেন। স্থানীয় পুলিশ ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা ঘোষণা করেছেন গভর্নর হোচুল। গভর্নর ক্যাথি হোকুল ফেডারেল ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) থেকে নিউইয়র্কবাসীর সুরক্ষা নিশ্চিত করতে লোকাল ক্রাইমস অ্যাক্ট প্রবর্তনের ঘোষণা দিয়েছেন। নতুন আইনটির মূল উদ্দেশ্য হলো স্থানীয় পুলিশ এবং জেলগুলোকে আইস-এর কাজে ব্যবহার বন্ধ করা। যাতে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলি তাদের এরপর ১৫ পৃষ্ঠায়

# বৃহত্তর ময়মনসিংহবাসীর ইফতার ১৩ মার্চ

আজকাল রিপোর্ট

আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে বৃহত্তর ময়মনসিংহবাসী ইউএসএ'র ইফতার মাহফিল আগামী ১৩ মার্চ, শুক্রবার জামাইকার আল আকসা পার্টি হলে এই মাহফিল অনুষ্ঠিত হবে।

গত ১ ফেব্রুয়ারি সংগঠনের এক বিশেষ সভায় ইফতার মাহফিল আয়োজনের এ সিদ্ধান্ত হয়েছে। জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্টে ইফতার প্রস্তুতির এ সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোহাম্মদ নাসির উদ্দিন। প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র সভাপতি মোহাম্মদ বিন আনোয়ার ছাড়াও আয়োজক সংগঠনের সহ সভাপতি মোহাম্মদ হিমেল, সাধারণ সম্পাদক মোহাম্মদ শামীম হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক এম এ হালিম, সাংগঠনিক সম্পাদক মহিবুর রহমান জুয়েল, এরপর ১৫ পৃষ্ঠায়



# মিশিগানে বাংলাদেশী মালিকানার নতুন সুপার মার্কেটের উদ্বোধন

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে ব্যবসায় বাণিজ্যে নিজেদের অবস্থান পাকা করছে আমেরিকান-বাংলাদেশিরা। এরই ধারাবাহিকতায় সম্প্রতি রাজ্যের বাংলাদেশি অধ্যুষিত এলাকায় বাংলাদেশি মালিকানার আরেকটি সুপার মার্কেটের উদ্বোধন হয়েছে। গত ৩০ জানুয়ারি হ্যামট্রাম্যাক শহরের ডাউনটাউন এলাকায় জোসেফ ক্যাম্পু সড়কে 'মা গ্রোসারি অ্যান্ড সুপার মার্কেট' নামের নতুন এই সুপার মার্কেটটির উদ্বোধন করেন ডেট্রয়েট সিটির মেয়র মেরি শেফিল্ড।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হ্যামট্রাম্যাক শহরের এরপর ১৫ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন


Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ▪ ব্যাংক্রাপসি ▪ ক্রেডিট কার্ড মেটার ▪ ডিভোর্স ▪ চাইল্ড কাস্টডি ▪ চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন ▪ সিটিজেনশিপ ▪ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# জাইমা রহমান নতুন প্রজন্মের প্রাণের স্পন্দন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নাতনী। বিএনপির চেয়ারম্যান তারেক রহমান ও ডা. জুবাইদা রহমানের কন্যা। এই পরিচয়গুলোই ব্যারিস্টার জাইমা রহমানকে আমাদের কাছে আলাদা করে তুলে ধরার জন্য যথেষ্ট। এর সঙ্গে যুক্ত আছে খুবই রোমাঞ্চিত একটি বিষয়। আমাদের সোশ্যাল মিডিয়া ফিডে অত্যন্ত জনপ্রিয় বিড়াল জেবুর অভিভাবক হিসেবে তাঁর এক মানবিক ও অনানুষ্ঠানিক উপস্থিতি। জেবুর ছবি আমরা দেখেছি জাইমা রহমানের বাবা তারেক রহমানের প্রোফাইলেই। আর বিবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে তারেক রহমান নিজেই বলেছেন, 'বিড়ালটি আমার মেয়ের'।

ফলে জাইমা রহমান নামটি আমাদের কাছে নতুন নয়; বরং বহুস্তরীয় এক পরিচয়ের মধ্য দিয়ে তিনি বহু আগে থেকেই পরিচিত। তবে পরিচিতির এই আলোঝলমলে আবরণের আড়ালে রয়েছে এক দীর্ঘ বেদনাবহ জীবনপথ। জীবনের দুটি রূপ দেখার একদম জ্বলন্ত উদাহরণ যেটাকে বলা যায়। জীবনের সবচেয়ে বড়ো একটি সময় তাঁকে দেশের বাইরে কাটাতে হয়েছে, ইচ্ছায় নয়, বরং প্রতিকূল সময় ও ভয়ংকর বাস্তবতার নির্মম চাপে। পরিবারের ওপর দিয়ে বয়ে যাওয়া অমানুষিক ঝড় তাঁকেও ছুঁয়ে গেছে বিভিন্নভাবে। জীবনের নানা রং তাঁকে দেখতে হয়েছে। নিজের দাদিকে নির্যাতিত হতে দেখা, বাবাকে নির্যাতিত হতে দেখা, চাচাকে হারানোর যন্ত্রণা বহন করা, পারিবারিক মধুরতা, রোমাঞ্চকর অনুভূতি ও স্বাভাবিক শৈশব জীবন হারিয়ে যাওয়া, এসব তিক্ততার অভিজ্ঞতা তাঁকে গড়ে তুলেছে গভীরভাবে সংবেদনশীল হয়ে কিন্তু ভেতরে ভেতরে দৃঢ় এক মানুষ হিসেবে। শৈশব ও কৈশোরের গুরুত্বপূর্ণ সময় দেশের বাইরে কাটলেও দেশের মাটি ও মানুষের সঙ্গে তাঁর আত্মিক সংযোগ কখনো বিচ্ছিন্ন হয়নি। বিদেশে উচ্চশিক্ষায় শিক্ষিত হয়েছেন, কিন্তু শিখেছেন আমাদের দেশের সাধারণ সামাজিক বাস্তবতাগুলোও।

> মানুষের সঙ্গে স্বতঃস্ফূর্ত সংযোগ, বিশেষ করে মেয়েদের সঙ্গে হাত মেলানো, হাসিমুখে কথা বলা, একসাথে খাওয়াদাওয়া করা থেকে শুরু করে সকল আচরণ মানুষের মাঝে নতুন করে আশা, ভরসা ও আবেগের এক অবারিত জোয়ার সৃষ্টি করেছে। রাজনীতির আনুষ্ঠানিক ঘোষণার বাইরে থেকেও মানুষের সঙ্গে গভীর সংযোগ তৈরি করা যায়এ জাইমা সেটাই শুরু করেছেন। জাইমা রহমান শিক্ষার্থীদের সঙ্গে একই সারিতে বসে, টেবিল থেকে টেবিলে গিয়ে কথা শুনেছেন। এটি প্রতীকী হলেও রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ

বাংলাদেশের আপামর মানুষের অন্তরে যে অফুরন্ত ভালোবাসা ও হৃদয়ে আস্থা সঞ্চিত হয়ে আছে, তার সবচেয়ে গভীর প্রতিফলন দেখা যায় মানুষের নিকটতম পরিবার, জিয়া পরিবারে। প্রজন্মের পর প্রজন্ম ধরে এই পরিবারটি দেশের মানুষের বিশ্বাস, আস্থা, নির্ভরতা ও প্রত্যাশার এক অটুট বন্ধনে আবদ্ধ। এর পাশাপাশি তাঁদেরকে গড়ে উঠতে হয়েছে দায়িত্ব ও কর্তব্যের বাহক হয়ে, স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখণ্ডতার রক্ষাকবচ হয়ে। মানুষের ভালোবাসার সমান্তরালেই তাঁদেরকে এই পথ বেছে নিতে হয়েছে। দেশের একজন সর্বোচ্চ প্রভাবশালী মানুষ হয়েও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ব্যক্তিগত স্বাচ্ছন্দ্য, আভিজাত্য ও নিরাপত্তা ত্যাগ করে সাধারণ মানুষের মাঝে এসে যে অসীম বিশ্বাসের বীজ বপন করেছিলেন, তা বহন করে বহুদূরে নিয়ে গেছে তাঁরই দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও প্রিয় সন্তান বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। সীমাহীন নির্যাতন, কারাবরণ ও নির্বাসনের মধ্যেও তাঁরা মানুষের পাশে দাঁড়িয়ে ইতিহাস নির্মাণ করেছেন।

ঠিক সেই ঐতিহ্যবাহী ধারাবাহিকতার মধ্য দিয়েই জিয়া পরিবারের তৃতীয় প্রজন্ম সামনে এসেছে। আলোচনায় অনেক দিন ধরেই তিনি ছিলেন, কিন্তু মানুষ ছিল সরাসরি সংযোগের অপেক্ষায়। জাইমা রহমানের কথাবার্তা, আচরণ ও উপস্থিতিতে প্রতিধ্বনিত হয় সেই চিরচেনা মানবিক সুর, যা এই দেশের মানুষ যুগের পর যুগ ধরে অনুভব করে আসছে। মানুষের সঙ্গে স্বতঃস্ফূর্ত সংযোগ, বিশেষ করে মেয়েদের সঙ্গে হাত মেলানো, হাসিমুখে কথা বলা, একসাথে খাওয়াদাওয়া করা থেকে শুরু করে সকল আচরণ মানুষের মাঝে নতুন করে আশা, ভরসা ও আবেগের এক অবারিত জোয়ার সৃষ্টি করেছে। রাজনীতির আনুষ্ঠানিক ঘোষণার বাইরে থেকেও মানুষের সঙ্গে গভীর সংযোগ তৈরি করা যায়এ জাইমা সেটাই শুরু করেছেন। জাইমা রহমান শিক্ষার্থীদের সঙ্গে একই সারিতে বসে, টেবিল থেকে টেবিলে গিয়ে কথা শুনেছেন। এটি প্রতীকী হলেও রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ।

# গণমাধ্যমে লেখালেখি: পেশাগত নীতিনৈতিকতা ও দায়িত্ববোধ

ড. মাহরুফ চৌধুরী



একটি দেশের গণমাধ্যম কেবল সংবাদ পরিবেশনের একটি যান্ত্রিক মাধ্যম নয়; এটি সমাজের দর্পণ, রাষ্ট্রচিন্তার বাহক এবং নাগরিক চেতনা ও মূল্যবোধ নির্মাণের এক অপরিহার্য প্রতিষ্ঠান। আধুনিক রাষ্ট্রবিজ্ঞানে এই কারণেই গণমাধ্যমকে গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার 'তৃতীয় স্তম্ভ' হিসেবে চিহ্নিত করা হয়। যে স্তম্ভ রাষ্ট্রের নির্বাহী ও আইন প্রণয়নকারী ক্ষমতার পাশাপাশি নিরপেক্ষ সত্তা হিসেবে জনস্বার্থ রক্ষা এবং ক্ষমতার জবাবদিহিতা নিশ্চিত করে। ইতিহাস সাক্ষ্য দেয়, রাষ্ট্র ও সমাজ নির্মাণের প্রতিটি গুরুত্বপূর্ণ বাঁকে গণমাধ্যম জনমত গঠন, সত্য উন্মোচন এবং নিপীড়নের বিরুদ্ধে প্রতিরোধের ভূমিকা পালন করেছে। ফলে এই প্রতিষ্ঠানটির ভূমিকা যেমন ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ, তেমনি বর্তমান সময়েও তা প্রশ্নাতীত। এই বাস্তবতার প্রেক্ষিতে গণমাধ্যমের সঙ্গে যুক্ত প্রত্যেক পেশাজীবীর, বিশেষ করে সাংবাদিক, সম্পাদক, কর্মকর্তা-কর্মচারী থেকে শুরু করে কলাম লেখক পর্যন্ত সবাই নিজ নিজ অবস্থান থেকে সর্বোচ্চ পেশাদারিত্ব, নৈতিকতা ও সৌজন্যবোধ চর্চা করা একটি নৈতিক দায়। কারণ গণমাধ্যমে ব্যক্তিগত আচরণ ও প্রাতিষ্ঠানিক সংস্কৃতি সরাসরি প্রভাব ফেলে জনচিন্তা, রাজনৈতিক সংস্কৃতি এবং নাগরিক মূল্যবোধের ওপর। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে বাংলাদেশের সংবাদমাধ্যমের বাস্তবতায় এই পেশাগত চরিত্র ও নৈতিক চর্চা এখনো ব্যতিক্রম, নিয়মনীতি হয়ে ওঠেনি। অধিকাংশ ক্ষেত্রেই গণমাধ্যম একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান হয়ে ওঠার বদলে ক্ষমতা, সুবিধা ও ব্যক্তিগত স্বার্থের ঘেরাটোপে আবদ্ধ এক অপরিণত পেশার জগতে পরিণত হয়েছে।

এখানে কোনো ব্যক্তিবিশেষকে অভিযুক্ত করা, আক্রমণ করা কিংবা খাটো করার উদ্দেশ্য নেই। বরং সমাজ ও রাষ্ট্র নির্মাণে গণমাধ্যমের যে নিরন্তর ও অপরিহার্য ভূমিকা, সেই ভূমিকাকে গভীরভাবে স্বীকার করেই কিছু বাস্তব অভিজ্ঞতার আলোকে পেশাদারিত্ব ও নৈতিকতার প্রশ্নগুলো সামনে আনার একটি আন্তরিক প্রয়াস মাত্র। সমালোচনার লক্ষ্য এখানে ব্যক্তি নয়, বরং কাঠামো, সংস্কৃতি ও প্রাতিষ্ঠানিক আচরণ যেগুলো শক্তিশালী না হলে গণমাধ্যম তার ঐতিহাসিক দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারে না ও জনমনে গ্রহণযোগ্যতা হারায়। লেখক হিসেবে নিজের প্রত্যক্ষ অভিজ্ঞতা এবং অন্যান্য লেখকদের কাছ থেকে শোনা তাদের ব্যক্তিগত অভিজ্ঞতার ভিত্তিতে এই নিবন্ধে গণমাধ্যমে লেখালেখির সঙ্গে যুক্ত কিছু মৌলিক সমস্যার কথা তুলে ধরা হয়েছে। এসব সমস্যা একদিকে লেখকদের পেশাগত মর্যাদা ক্ষুণ্ন করে, অন্যদিকে সংবাদমাধ্যমের নৈতিক ভিত্তিকেও দুর্বল করে তোলে। এই প্রেক্ষাপটে লেখালেখির পরিবেশ এবং গণমাধ্যমকর্মীদের পেশাগত মান আরও সুসংহত ও বলিষ্ঠ করার প্রয়োজনীয়তার কথাই এখানে গুরুত্ব পেয়েছে।

বিশেষ করে সংবাদপত্রগুলোর সম্পাদকীয় পর্ষদে দায়িত্বে থাকা ব্যক্তিদের উদ্দেশে এই লেখার মূল আবেদন। পত্রপত্রিকার পক্ষ থেকে লেখকদের প্রতি ন্যূনতম সম্মান প্রদর্শন, পেশাগত সৌজন্য বজায় রাখা এবং দায়িত্বশীল আচরণের গুরুত্ব নতুন করে ভাবার সুযোগ করে দেওয়া। কারণ সম্পাদকীয় সংস্কৃতিই নির্ধারণ করে একটি সংবাদমাধ্যম কতটা নৈতিক, কতটা মানবিক এবং কতটা গণতান্ত্রিক চেতনায় বিশ্বাসী। প্রথমত, লেখকদের সঙ্গে সংবাদপত্র কর্তৃপক্ষের সৌজন্যবোধ ও পেশাগত শিষ্টাচারের ঘাটতির বিষয়টি উল্লেখ না করলেই নয়। একজন লেখক যখন কোনো সংবাদপত্রে লেখা পাঠান বা ই-মেইলের মাধ্যমে সম্পাদকীয় দপ্তরের সঙ্গে যোগাযোগ করেন, তখন সেই লেখার প্রাপ্তি স্বীকার করা ন্যূনতম পেশাগত দায়িত্বের অন্তর্ভুক্ত। এটি কোনো অতিরিক্ত সৌজন্য নয়, বরং আধুনিক পেশাগত যোগাযোগের একটি স্বীকৃত নীতি। সাধারণত প্রতিটি দায়িত্বশীল প্রতিষ্ঠান প্রাপ্তির দিন কর্মদিবসের মধ্যে সেই চিঠি বা ইমেইলের উত্তর প্রদান করে থাকে। কিন্তু দুঃখজনক হলেও সত্য, বাংলাদেশের অধিকাংশ সংবাদপত্র কর্তৃপক্ষ কিংবা সংশ্লিষ্ট সাংবাদিকেরা এই সাধারণ শিষ্টাচারটুকুও নিয়মিতভাবে অনুসরণ করেন না। একজন লেখকের ন্যায্য প্রত্যাশা থাকে তার লেখা গ্রহণ করা হয়েছে কি না, সেটি প্রকাশযোগ্য হিসেবে বিবেচিত এরপর ২৬ পৃষ্ঠায়

> একটি কাঙ্ক্ষিত কল্যাণমুখী সমাজ নির্মাণ কোনো একক গোষ্ঠীর দায়িত্ব নয়; এটি সম্মিলিত নৈতিক অনুশীলনের ফল। সেই অনুশীলনের সূচনা হওয়া উচিত নিজের জায়গা থেকে। নিজ নিজ দায়িত্বের ক্ষেত্রে যদি আমরা পেশাদারিত্ব, সৌজন্য ও নৈতিকতার চর্চা নিশ্চিত করতে পারি, তবেই আমাদের গণমাধ্যমগুলো সত্যিকার অর্থে সমাজ ও রাষ্ট্রের অব্যাহত নির্মাণের অগ্রদূত হিসেবে তাদের ঐতিহাসিক দায়িত্ব যথাযথভাবে পালন করতে সক্ষম হবে

# জামাত ক্ষমতায় এলে কি 'ভালবাসা দিবস' পালন করা যাবে?

শিতাংশু গুহ

ড. ইউনুস বলেছিলেন, জুলাই আন্দোলনকারীরাই একদিন সারা বিশ্বে নেতৃত্ব দেবে। সমস্যা হচ্ছে, এঁরা আগে ছিলো আওয়ামী লীগের লুঙ্গির তলে, এখন জামাতের লুঙ্গির তলে? তারা 'পুতুল খেলার পুতুল' যেমনি নাচাও তেমনি নাচে। খালেদা জিয়ার মৃত্যুতে ভারতের লোকসভায় শোক প্রস্তাব নেয়া হয়েছে। টাইম ম্যাগাজিনকে তারেক রহমান বলেছেন, নীতিগতভাবে কোন দলকে নিষিদ্ধ করার পক্ষে তিনি নন, তবে তিনি অপরাধীর শাস্তি চান। রিজভী বলেছেন, তারেক রহমানের নিরাপত্তায় বেহুলার বাসরঘরের মতো যেন ছিদ্র না থাকে। রুমিন ফারহানা বলেছেন, কোন দল সরকার গঠন করবে এখনো তা বলা যায়না, তাই বেশি লাইরেন না।

এবারের নির্বাচনের খরচ মাত্র ৩১শ' কোটি টাকা, এতো ভোট নয় যেন টাকার খেলা। ড. মোহাম্মদ ইউনুস বলেছেন, জালিয়াতে বাংলাদেশ বিশ্ব চ্যাম্পিয়ান। সামাজিক মাধ্যমে একজন ঠাট্টা করে বলেছেন, ড. ইউনুস নিজেই এর ক্যাপ্টেন। আর এক প্রার্থী বলেছেন যে, তিনি নির্বাচিত হলে ড. ইউনুস যে ৬৬৬ কোটি টাকা কর মওকুফ করিয়ে নিয়েছেন সেটি উদ্ধার করার চেষ্টা করবেন। বাণিজ্য উপদেষ্টা বলেছেন, শেখ হাসিনা'র সময় দেনা ছিলো ২লক্ষ কোটি টাকা, এবছর সেটা বেড়ে দাঁড়িয়েছে ২৩ লক্ষ কোটি টাকা। তারেক রহমান বলেছেন, বিএনপি জিতলে তিনি মাসে আড়াই হাজার টাকার সহায়তা 'ফ্যামিলি কার্ড' দেবেন। নাসিরুদ্দিনের ইংরেজী শুনে জাতি 'চমকিত' হয়ে গেছে।

জিএম কাদের বলেছেন, আওয়ামী লীগের ৫০% মানুষের অংশগ্রহণ ছাড়া নির্বাচনের গ্রহণযোগ্যতা থাকবে না। তিনি বলেছেন, ব্যালটে শুধু নৌকা থাকলেও ৫০/৬০ শতাংশ মানুষ নৌকায় ভোট দেবে। স্বরাষ্ট্র উপদেষ্টা এক আজব চীজ, তিনি বলেছেন, দেশে জঙ্গিবাদ-চরমপন্থা আগের চেয়ে কমেছে। বাংলাদেশের ইতিহাসে সম্ভবতঃ সবচেয়ে নিরপেক্ষ নির্বাচন হয়েছিলো ২০০৮-এ মঈন-ফখরুদ্দিনের নেতৃত্বে এবং তাঁদের আমলে দেশ সবচেয়ে নিরাপদ ছিলো। সবচেয়ে প্রহসনমূলক নির্বাচন হয়েছিলো খালেদা জিয়ার আমলে ১৯৯৬ সালে এবং ঐ সংসদ মাত্র ১২দিন টিকেছিলো। শেখ হাসিনা আন্দোলন করে 'তত্ত্বাবধায়ক সরকার'-র মাধ্যমে নির্বাচন করে ক্ষমতায় যান।



যশোর-৪ থেকে সুকৃতি কুমার মন্ডল বাংলাদেশ মাইনরিটি জনতা পার্টি থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন, (বিএমজিপি) নির্বাচন কমিশনে নিবন্ধিত একমাত্র হিন্দু দল, এবং তিনি এর সভাপতি। ঐক্য পরিষদ নির্বাচনকালে সংখ্যালঘুদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। খুলনা-১ আসনের জামায়াত প্রার্থী কৃষ্ণ নন্দী বলেছেন, জামায়াত ক্ষমতায় আসলে হিন্দুরা জামাই আদরে থাকবে। আর এক জামায়েত প্রার্থী বলেছেন, ৮০% মুসলমানের দেশে কোন বিধর্মী সংসদে যেতে পারবে না। হিন্দু-বৌদ্ধ-খৃষ্টান কল্যাণ ফ্রন্টের আহবায়ক উত্তম কুমার সাহা জমায়েতে যোগ দিয়েছেন। এই কল্যাণ ফ্রন্ট সর্বদা হিন্দুদের 'অকল্যাণ' করার জন্যেই জন্ম নিয়েছিলো। বরিশাল-৫ আসনে বাসদ প্রার্থী মনীষা চক্রবর্তীকে মঞ্চ থেকে নামিয়ে দেয়া হয়েছে। কারণ চরমোনাই'র পীর ফয়জুল করীম বেপর্দা নারী থাকলে মঞ্চে উঠতে রাজি হননি। মনীষা বলেছেন, যিনি জনসংখ্যার অর্ধেক অর্থাৎ নারীদের সাথে বসে আলোচনা করতে পারেন না, তিনি আদৌ সব মানুষের প্রতিনিধি হতে পারেন কিনা, সেটাই বড় প্রশ্ন। জামাত প্রধান অবশ্য বলেই দিয়েছেন যে, মহিলারা শীর্ষপদে বসতে পারবেন না, আল্লাহ ওদের ওভাবে সৃষ্টি করেননি। মির্জা ফখরুল বলেছেন, আমরা যখন মুক্তিযুদ্ধ করেছি, জামাত তখন আমাদের বিরুদ্ধে ছিলো। আলী রিয়াজ বলেছেন, নির্বাচনের পর সংসদ সদস্যরা ৮০ দিন গণপরিষদ হিসাবে কাজ করবে। নাসিরুদ্দিন পাটোয়ারী বলেছেন, আমার ওপর কখনো পচা ডিম্, কখনো ময়লা পানি, আবার কখনো জুতা, সবই মারছে। তিনি মির্জা আব্বাসের প্রতিদ্বন্দ্বী। ডিম্ নিক্ষেপের পর কিছুটা প্রতিবাদে হলে নাসিরুদ্দিনের ওপর পানির বোতল নিক্ষিপ্ত হয়? ব্যারিস্টার ফুয়াদ বলেছেন, নাসিরুদ্দিনের পাটোয়ারীর ওপর ডিম্ মারায় বিএনপি'র দশলক্ষ ভোট কমে গেছে। ব্যারিস্টার ফুয়াদকে আদর করে অনেকে 'টাকলু ফুয়াদ' বলে, এই ব্যারিস্টারকে দেখে আমার সাবেক বিদেশমন্ত্রী ড. আবদুল মোমেন-র কথা মনে হয়। আমরা দীর্ঘদিন পরিচিত, কিন্তু সরকার পতনের পর প্রথম দেখে তাকে চিনতে পারিনি, আমি নিশ্চিত শেখ হাসিনাও তার ছবি দেখে প্রথমে বিভ্রান্ত হয়েছেন! ড. মোমেন পরচুলা ফেলে দিয়ে টাকমাথায় হাজির হয়েছেন, সাথে ফ্রেঞ্চকাট দাঁড়ি। সত্যি বলছি, তাঁর বর্তমান চেহারা নকলের চেয়ে ভাল। সমস্যা হচ্ছে, এদের কোন চেহারাটা আসল তা মানুষ চিনতে ভুল করে, শেখ হাসিনাও করেছেন।

গোলাম মাওলা রনি বলেছেন, দেশে এখন কোন বেকার নেই, ড. ইউনুস আসার আগে যাঁরা বেকার ছিলো তারা সবাই আন্দোলন করে কোটিপতি। জামায়েত জোটে থেকে এনসিপি'র ৩৬ দফার ভাগ্য অনিশ্চিত হয়ে গেছে। এমনিতেই এনসিপি'র দফারফা শেষ, ৩৬ দফা দিয়ে কি হবে? আওয়ামী লীগের 'নো বোট, নো ভোট' শ্লোগানটি ভাল হয়েছে। নির্বাচনের ঠিক এরপর ১৫ পৃষ্ঠায়

> কোন ভাবে জামাত ক্ষমতায় চলে এলো, তাহলে কি ১৪ই ফেব্রুয়ারি 'ভালবাসা দিবস' পালন করা যাবে? শেখ হাসিনা'র আমলে পাকিস্তান বাংলাদেশের উন্নতিতে ঈর্ষা করতো; ড. ইউনূসের আমলে নেপাল বলে আমরা বাংলাদেশ হতে চাইনা, আর জামাত ক্ষমতায় এলে সিরিয়া বলবে আমরা বাংলাদেশ থেকে ভাল। অধ্যাপক আনু মোহাম্মদ বলেছেন, আমরা বুঝতে ভুল করেছি, দেশের অনেক ক্ষতি হয়ে গেছে। পাঠক, এই ভুলের মাশুল পুরো জাতিকে দিতে হবে, কোন শর্টকার্ট নেই!

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ২০২৬ সাল কি আমেরিকার আত্মধ্বংসের বছর

জোসচকা ফিশার

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উত্তর আটলান্টিক অঞ্চলে নতুনভাবে প্রভাব বিস্তার করতে চাইছেন। এটি করতে গিয়ে যদি তাঁকে ট্রান্স-আটলান্টিক পশ্চিমে নিজের বিদ্যমান প্রভাবকে বলি দিতে হয়, তার জন্যও তিনি প্রস্তুত আছেন।

ট্রাম্প ও তাঁর উপদেষ্টা মনে করছেন, ন্যাটোর মতো জোটগুলো এখন আমেরিকার জন্য বোঝা। তাঁরা মনে করছেন, সত্যিকারের মহান হওয়ার ক্ষমতা অর্জন করার জন্য 'একলা আমেরিকা'ই যথেষ্ট। কিন্তু গত বছরজুড়ে ট্রাম্প প্রশাসন যেসব কাজকারবার করেছে, তা দেখলে বোঝা যায়, তারা আসলে নিজেদের শুধু দুর্বলই করছে।

আমেরিকার নিজেকে দুর্বল করার স্পষ্ট কয়েকটি উদাহরণ তৈরি হয়েছে। এক. দেশে গণতন্ত্র ও আইনের শাসন বিপন্ন করা; দুই. রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মতো স্বৈরশাসকদের সঙ্গে নতুনভাবে সম্পর্ক গড়ে তোলা; তিন. শুধুই সামরিক ও অর্থনৈতিক শক্তির ওপর নির্ভর করে বিশ্বব্যবস্থা গঠন, যেখানে কোনো নিয়ম বা বহুপক্ষীয় প্রতিষ্ঠান নেই এবং দীর্ঘদিন ধরে থাকা জোট ও বাণিজ্য সম্পর্ক ধ্বংস করা।

যুক্তরাষ্ট্রকে অন্য দেশ থেকে যে বৈশিষ্ট্য আলাদা করেছে, তা হলো দেশটির গভীর নীতি ও আলোকিত চিন্তাধারার ভিত্তি। দেশটির প্রতিষ্ঠাতারা পশ্চিমা মানবতাবাদ ও যুক্তিসিদ্ধ সংবিধানে বিশ্বাসী ছিলেন। তাঁদের প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলো আমেরিকাকে আধুনিক যুগের অন্য যেকোনো দেশের তুলনায় সফল করেছে।

মার্কিন সংবিধানের প্রস্তাবনায় লেখা আছে, 'আমরা, জনগণ'। ক্ষমতা ও কর্তৃত্ব দাবির ক্ষেত্রে আগে এ ধরনের ভাষা শুধু রাজারা ব্যবহার করতেন। এখানে তা জনগণের সার্বভৌমত্বের প্রতীক হিসেবে ব্যবহার করা হয়েছে। এটি তখনকার স্বৈরশাসকদের শাসনের বিরুদ্ধে এক শক্তিশালী চ্যালেঞ্জ।

ইতিহাসজুড়ে আমেরিকা সব সময় ছিল দ্বৈত চরিত্রের। একদিকে এটি সাম্রাজ্যবাদী শক্তি, অন্যদিকে আলোকিত গণতন্ত্রের দেশ। দক্ষিণের অঙ্গরাজ্যে গোড়ার দিকে দাসপ্রথা ছিল। এটি ছিল সংবিধানে ঘোষিত সমতার অধিকার ও স্বাধীনতার সঙ্গে বিরোধপূর্ণ।

আমেরিকার স্বাধীনতার আড়াইশতম বার্ষিকী আসতে চলেছে। অথচ বিশ্বের সবচেয়ে পুরোনো এই গণতন্ত্র এখন এক ব্যক্তির কারণে অস্তিত্বের সংকটে পড়েছে। তিনি স্বৈরশাসন প্রবর্তনে বিশ্বাসী। এতে পুরো আমেরিকান প্রজাতন্ত্রের জন্য হুমকি আছে।

কিন্তু তবু আমেরিকা কেবল শক্তির জন্যই মহান হয়নি। এর অর্থনৈতিক ক্ষমতা এবং দুই মহাসাগরের মধ্যে অবস্থান এর বৈশিষ্ট্য ছিল। এ বৈশিষ্ট্য দুটি বিশ্বযুদ্ধ ও শীতল যুদ্ধে তাকে জয় এনে দেওয়ার ক্ষেত্রে সাহায্য করেছে। তবে দেশটিকে শক্তিশালী করেছে তার ভৌত শক্তি বা বলপ্রয়োগের ক্ষমতা ও আলোকিত নীতির সমন্বয়।

ট্রাম্পের শাসনে সবকিছু নির্ভর করছে নগ্ন শক্তির ওপর। তার সরকার কোনো সীমাবদ্ধতা মানছে না। আমেরিকাকে যা কিছু মহান করেছে, ট্রাম্প ঠিক তার উল্টোটা করে যাচ্ছেন। এত বড় শক্তিশালী রাষ্ট্র এখন অযৌক্তিকতা, স্বার্থপর জাতীয়তাবাদ ও হিংসার দিকে ধাবিত হচ্ছে।



আমেরিকার স্বাধীনতার আড়াইশতম বার্ষিকী আসতে চলেছে। অথচ বিশ্বের সবচেয়ে পুরোনো এই গণতন্ত্র এখন এক ব্যক্তির কারণে অস্তিত্বের সংকটে পড়েছে। তিনি স্বৈরশাসন প্রবর্তনে বিশ্বাসী। এতে পুরো আমেরিকান প্রজাতন্ত্রের জন্য হুমকি আছে।

দেশে ধনী ও ক্ষমতাধর এমন এক অলিগার্ক গোষ্ঠীর ক্ষমতা বাড়ছে, যারা বিশ্বজয়, দূরগ্রহে উপনিবেশ স্থাপন এবং অমরত্ব অর্জনের স্বপ্ন দেখছে।

সাংবিধানিকভাবে সুরক্ষিত নাগরিক অধিকার এখন ব্যাপক নজরদারি ও নিয়ন্ত্রণের সঙ্গে প্রতিস্থাপিত হচ্ছে। পুরো দেশ ব্যক্তিগত কোম্পানির মতো প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হচ্ছে। যারা প্রতিবাদ করছে বা প্রতিরোধ করছে, তারা ঝুঁকির মুখে পড়ে যাচ্ছে। মুখোশধারী ফেডারেল এজেন্টদের হাতে নিহত হওয়ার আশঙ্কা বাড়ছে। এ ধরনের মৃত্যু কার্যত কোনো আইনি বিচারের আওতায় আসে না। বিশ্বমানের বিশ্ববিদ্যালয় ও গবেষণাপ্রতিষ্ঠান ক্রমেই আর্থিক চাপে পড়ছে। আর মতপ্রকাশের স্বাধীনতা শুধু ক্ষমতাশালীদের জন্যই বিদ্যমান দেখা যাচ্ছে।

'মুক্তির দেশ' ভ্রমণকারীদের কাছে যুক্তরাষ্ট্র এখন সাবেক পূর্ব ইউরোপীয় দেশগুলোর মতো মনে হচ্ছে। বিদেশনীতিতে আমেরিকার সবচেয়ে বিশ্বস্ত ও ঘনিষ্ঠ সহযোগী দেশগুলো (যেমন ডেনমার্ক) বিপক্ষের মতো আচরণ করছে। তারা তাদের সার্বভৌম ভূখণ্ডে সাম্রাজ্যবাদী দাবির বিরুদ্ধে প্রতিরোধ করছে। ট্রাম্প ও তাঁর মহলের কাছে পুতিনের মতো আগ্রাসী নেতা সমস্যা নয়। সমস্যা হলো ইউরোপীয়রা, বিশেষ করে ইউরোপীয় ইউনিয়ন। এটা অযৌক্তিক মনে হলেও বাস্তব।

শক্তি বিভাজন কার্যকর রাখা, উন্মুক্ত শ্রমবাজার, বিশ্বের সেরা মেধা আকৃষ্ট করা এরপর ২৬ পৃষ্ঠায়



> সেখানে দাঁড়িয়ে ছিল একজন বাবা, একজন স্বামী, একজন মানুষ। সেই পরীক্ষায় আমরা ব্যর্থ হয়েছি। রাত ১১টায় কানিজ সুবর্ণা ও তাঁর শিশুপুত্রকে দাফন করা হয় বাবার বাড়ির পারিবারিক কবরস্থানে। সেই কবরে মাটি দেওয়ার সময় সেখানে ছিলেন না জুয়েল হাসান। তিনি তখনও কারাগারের ভেতর-হয়তো একটি দেয়ালের দিকে তাকিয়ে ভাবছিলেন, জীবনটা ঠিক কোথায় ভেঙে পড়ল। যে শিশুটি জীবিত বাবার সঙ্গে দেখা করতে পারেনি, সে মৃত অবস্থায় বাবার কাছে গিয়েছিল। সেই দৃশ্য কি আমাদের তাড়া করবে না? এই শিশুর অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ? পরের বার যখন এমন কোনো অ্যাম্বুলেন্স কারাফটকের সামনে থামবে, তখন কি রাষ্ট্র একটু বেশি মানুষ হবে? নাকি তখনও লোহার গেটের ওপারে দাঁড়িয়ে থাকবে মানবিকতার লাশ?

# একটি শান্তিময় পৃথিবীর জন্য

জাফর আহমাদ

> নবী (সঃ) বলেছেন: যে জ্ঞান ও সঠিক পথ-নির্দেশ দিয়ে আল্লাহ আমাকে পাঠিয়েছেন, তার দৃষ্টান্ত মাটির ওপর বর্ষিত প্রচুর বৃষ্টির মত। যে মাটি পরিষ্কার ও উর্বর, তা ঐ পানি গ্রহণ করে অনেক ঘাস ও শস্য উৎপন্ন করে। আর যে মাটি শক্ত, তা ঐ পানি ধরে রাখে। আল্লাহ তার সাহায্যে মানব-জাতির কল্যাণ করেন। মানুষ তা নিজেরা পান করে, পশুদেরকে পান করায় এবং সেচের মাধ্যমে ফসল উৎপন্ন করে। আর কিছু অনুর্বর মাটি থাকে যা বৃষ্টির পানি ধরে রাখেনা এবং ঘাসও উৎপন্ন করেনা। এটাই হচ্ছে তার দৃষ্টান্ত যে আল্লাহর দ্বীনের জ্ঞান অর্জন করে এবং তাতে লাভবান হয়। আল্লাহ আমাকে যা দিয়ে পাঠিয়েছেন তা নিজে শিক্ষা করে এবং অন্যকে শিক্ষা দেয়। আর ঐ লোকেরও দৃষ্টান্ত যে, তার দিকে মাথা তুলেও তাকায় না এবং আমাকে আল্লাহর যে পথ-নির্দেশ দিয়ে পাঠান হয়েছে তাও গ্রহণ করে না

পৃথিবীতে শান্তি নেমে আসে আল্লাহর প্রতি আনুগত্য ও আত্মসমর্পণের মাধ্যমে। ইসলামের মৌল লক্ষ্য হলো, সামাজিক শান্তি, নিরাপত্তা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার মাধ্যমে আখিরাতের মুক্তি সুনিশ্চিত করা। আমরা সকলেই জানি মানুষসহ সকল সৃষ্টির সৃষ্টিকর্তা মহান আল্লাহ। তিনি প্রকৃতি সৃষ্টি করেছেন এবং প্রকৃতির জন্য একটি নিয়মও বেঁধে দিয়েছেন। প্রকৃতির নিয়মের সাথে মিল রেখে তিনি মানুষের স্বভাব-প্রকৃতিও তিনি সৃষ্টি করেছেন। প্রকৃতি আল্লাহর একান্ত বাধ্যগত। তাই মানুষ যখন আল্লাহর আনুগত্য করে এবং নিজেকে তাঁর কাছে সমর্পণ করে, তখন প্রকৃতি তার অনুকূলে যায়। প্রকৃতি তাকে সকল প্রকার সাহায্য-সহযোগীতা করে। ইসলামে মৌলিক লক্ষ্যকে বাস্তবায়ন করার জন্য প্রধান কাজ হলো, আল্লাহ নির্দেশিত ও রাসুলুল্লাহ সাঃ প্রদর্শিত জীবন ব্যবস্থার কাছে নিজেকে সমর্পণ করে দেয়া। এই আত্মসমর্পনের মাধ্যমেই মানুষ দুনিয়ার শান্তি ও আখিরাতের মুক্তি সুনিশ্চিত হয়। এর মাধ্যম সামাজিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা লাভ করে। সমাজ ব্যবস্থার সর্বস্তরে সৎকর্ম ও ন্যায়বিচার চালু হয়। সামাজিক সম্প্রীতি, পারস্পরিক শ্রদ্ধা, ভালবাসা, সহনশীলতা, সহাবস্থান মানুষের ব্যক্তি চরিত্রকে মাধুর্যপুর্ণ করে তুলে। সমাজের প্রতিটি সদস্যদের মধ্যে নিচের কাজগুলো পরিলক্ষিত হয়।



- মানুষকে সহজেই ক্ষমা করে দেয়।
- তাদের যা আছে তাতেই সন্তুষ্ট থাকে এবং মহান আল্লাহর কৃতজ্ঞতা আদায় করে।
- সে হিংসা করে না বরং দু'আ করে।
- সব চাওয়া-পাওয়া আল্লাহর কাছে সোপর্দ করে দেয়।
- মানবিক গুণাবলীতে সে সমৃদ্ধশালী হয়। যথা নম্রতা, ভদ্রতা, বিনয়, সহমর্মিতা, সাহায্য-সহযোগীতা, ভালবাসা, সৌহার্দপূর্ণ আচরণ ও পরশ্রীমুখরতা ইত্যাদি।

কিন্তু বর্তমান পৃথিবী আল্লাহর আনুগত্য থেকে বেরিয়ে যাওয়ার কারণে বা আল্লাহর সামনে পুরোপুরি আত্মসমর্পণ না করার কারণে আমাদের মধ্যে উল্লেখিত গুণাবলী আর সৃষ্টি হয় না। ফলে এই স্থান আজ দখল করে নিয়েছে দ্বন্দ্ব, মতবিরোধ, কুৎসিত পেশীশক্তির প্রদর্শন, পরশ্রীকাতরতা ও হিংসা-বিদ্বেষ জোর-জুলুম ইত্যাদি। মানুষের মধ্যে ভালবাসা ও সহনশীলতা নেই। ফলে পৃথিবীটা অশান্তির দাবানলে জ্বলছে। কোথাও শান্তি নাই- নিরাপত্তা নেই। দিকে দিকে যুদ্ধের দামামা বাজছে, বারুদের গন্ধে আকাশ-বাতাস ভারী হয়ে উঠেছে। মানুষসহ সকল জীব-জন্তু শ্বাস-প্রশ্বাস গ্রহণ করতে পারছে না। আন্তর্জাতিক নিয়ম-কানুনকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে শক্তিশালীরা দুর্বলদের সীমানা প্রাচীর অতিক্রম করছে। মানুষের জীবন, ইজ্জত-আব্রু ও মৌলিক অধিকার মারাত্মকভাবে লুণ্ঠিত হচ্ছে। এক কথায় পৃথিবীটা একটি অগ্নীগর্ভের রূপ পরিগ্রহ করেছে। পৃথিবটি মানুষের বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে।



পৃথিবীর বিভিন্ন জাতি-গোষ্ঠীর ন্যায় মুসলমানগণও যেদিন থেকে আল্লাহ ও তাঁর আনুগত্যকে বাদ দিয়ে অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে নিজেদের জীবন গড়ে তুলছে, সেদিন থেকে তাদেরও কপাল পুড়তে শুরু করেছে। রাসুল সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামের অক্লান্ত পরিশ্রমে গড়া 'বুনিয়ানুম মারচুচ' 'সুদৃঢ় প্রাচীর'এর ফাটল বা ভাঙনও সেখান থেকেই শুরু হয়েছে। বিজাতীয়দের ন্যায় মুসলমানদের মধ্যেও আজ বিভেদের পাহাড় পরিলক্ষিত হয়। আর এরই ফলশ্রুতিতে তাদের মধ্যেও অহংকার, ঘৃণা, তাচ্ছিল্য, বিদ্বেষ ও অবমাননা এবং জুলুম ও নির্যাতন দানা বেঁধে উঠেছে। অথচ এটি ছিল ইহুদী-খ্রীষ্টান ও পৌত্তলিকদের চরিত্র। জাতীয়তার ভিত্তিতে ইহুদীরা মনে করেছে তারাই আল্লাহর মনোনীত সৃষ্টি। এজন্য পৃথিবীর সকল অইসরাইলীরা অধিকার ও মর্যাদার দিক থেকে নিম্ন পর্যায়ের। পক্ষান্তরে খ্রীষ্টানেরা বলেছে ঈশা আল্লাহর পুত্র (নাউযুবিল্লাহ), সুতরাং তারাই পৃথিবীর শ্রেষ্ঠ জাতি। হিন্দু জাতি পৃথিবীর অন্যান্য জাতি-গোষ্ঠী থেকে নিজেদেরকে শ্রেষ্ঠতর মনে করা ছাড়াও নিজেদের মধ্যেও অসংখ্য কঠিন ভেদনীতি চালু করে রেখেছে। তারা বর্ণাশ্রমের ভিত্তিতে ব্রাহ্মণদের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠা করেছে এবং শুদ্রদের লাঞ্ছনার গভীর খাদে নিক্ষেপ করেছে। তাদের ঘরে অন্য ধর্মের কেউ ঢুকে পড়লে সেটিকে ধুয়ে-মুছে পবিত্র করে থাকে। এরাই আন্তর্জাতিক পর্যায়ে উদার গণতন্ত্র ও রাষ্ট্রের সমাজনীতি শ্রেণী সংগ্রামের আগুন জ্বালিয়েছে, সাদা-কালো বর্ণবাদনীতি অসংখ্য বণী আদমের রক্ত ঝড়িয়েছে, আদিবাসী-অআদিবাসীর উচ্ছেদের সংগ্রাম তো চলছেই।

সারা পৃথিবীর চিকিৎসা বিজ্ঞানী, সমাজ বিজ্ঞানী, বুদ্ধিজীবিসহ প্রায় সকল চিন্তাবিদই আজ একটি বাস্তবতাকে খুব ভাল করে উপলব্ধি করতে সক্ষম হয়েছেন, সেটি হলো, 'মরণব্যাধি এইডস্ থেকে বাঁচতে হলে 'ধর্মীয় অনুশাসন মানতে হবে' 'ধর্মীয় জীবন-যাপন করতে হবে'। তারা নর-নারীর অবাধ মেলামেশা, উদ্দাম, উশৃংখল ও বিকৃত যৌনাচার এইডসের প্রধান কারণ হিসাবে উল্লেখ করেছেন। যার পরিণাম হলো নিশ্চিত মৃত্যু। আমরা বলতে চাই শুধুমাত্র মরণব্যাধি এইডস্ কেন? জীবনের সামগ্রীক কল্যাণ ও মুক্তির জন্য অবশ্যই ধর্মীয় অনুশাসন মানতে হবে। ধর্মীয় অনুশাসন বলতে আল-কুরআনের শাসনকেই বুঝায়। জীবনের প্রতিটি ক্ষেত্রই আজ এরপর ৩৬ পৃষ্ঠায়

# বেহেশতের টিকিট কিংবা ফ্রি ইন্টারনেট

কেবল বিপুল ব্যয়ই নয়, এ ক্ষেত্রে বর্তমানে যাঁরা ইন্টারনেট ব্যবসার সঙ্গে জড়িত, তাঁরাও কিন্তু এ ধরনের সেবামূলক পরিকল্পনার বিরোধিতা করে থাকেন। আমাদের দেশে তো এর সঙ্গে জড়িয়ে যাবে মোবাইল কোম্পানিগুলোও। কারণ, তারাও এখন ইন্টারনেট প্রোভাইডারের ভূমিকায় নেমে গেছে। সব মিলিয়ে আমি নিশ্চিত, বিএনপির এই পরিকল্পনাটি মোটেই বাস্তবায়নযোগ্য নয়। এ বিষয়টি আমি বুঝি, তাঁরা বোঝেন না? আমার তা মনে হয় না। তাঁরা আরও অনেক ভালো বোঝেন। তাঁরাও জানেন এটি কখনোই বাস্তবায়ন করা যাবে না। তাহলে বলেন কেন? হয়তো এ কারণে বলেন, জামায়াত বেহেশতের টিকিট দিতে পারলে আমরা ফ্রি ইন্টারনেট কেন দিতে পারব না? কিন্তু সমস্যা হচ্ছে, বেহেশতের টিকিট কাজে লাগল কি লাগল না, সেটা জীবিত অবস্থায় কেউ প্রমাণ করতে পারবে না; কিন্তু ইন্টারনেটের বিষয়টি পারবে!

মাসুদ কামাল



ইসলাম সম্পর্কে যাঁদের কিছুমাত্র জ্ঞান আছে, তাঁরা জানেন বেহেশতের টিকিট বিক্রি করা যায় না। কেউ বলতে পারেন না, তা তিনি যতই আলেম হোন না কেন, পরকালে কার কী পরিণতি হবে। তাহলে যাঁরা এমন পারলৌকিক লোভ দেখান, তাঁদের চিন্তাটা কী? তাঁরা কি দেশের মানুষকে নিতান্তই মূর্খ মনে করেন?

নির্বাচনে জিততে রাজনৈতিক দলগুলো কতটা বেপরোয়া হতে পারে, তার প্রমাণ মেলে তাদের দেওয়া প্রতিশ্রুতির দিকে তাকালেই। কেবল এবারই নয়, আগের প্রতিটি নির্বাচনেই নানা ধরনের লোভনীয় প্রতিশ্রুতির ডালা সাজিয়ে রাখা হয়েছে জনগণের সামনে। নির্বাচন শেষে বিজয়ী দল সবচেয়ে আগে ভুলে গেছে সেসব প্রতিশ্রুতি বা অঙ্গীকারের কথা। আগে যাঁরা বলেছেন ব্যবসা-বাণিজ্যকে চাঁদামুক্ত করার কথা, নির্বাচনে বিজয়ী হওয়ার পর চাঁদাবাজিকে তাঁরা তাঁদের দলীয় কর্মকাণ্ডে পরিণত করে নিয়েছেন। এমন ব্যবস্থা করেছেন, যেন চাঁদাবাজি করার একক অধিকার কেবল তাঁদের দলের নেতা-কর্মীদেরই থাকে! মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্সের কথা বলার পর দেখা গেছে মাদকের গডফাদারকে পাশে বসিয়ে মন্ত্রী-এমপিরা বড় বড় অনুষ্ঠানে হাজির হচ্ছেন।

এ রকম অনেক প্রতিশ্রুতি ভঙ্গের ব্যাপারে রাজনৈতিক দলগুলোর রয়েছে দারুণ দক্ষতা। তারা পারে, অবলীলায় সব ভুলে যেতে পারে। ভুলে গিয়ে তারা লজ্জাও পায় না। জনগণও কেন যেন অসহায়ের মতো সব মেনে নেয়। 'যা প্রতিশ্রুতি দিয়েছেন, তা বাস্তবায়ন করেননি'-এমন কথা নেতাদের সামনে উচ্চারণও করে না। এসব যেন অনেকটা নিয়মে পরিণত হয়ে গেছে এ দেশে। অথচ এসব প্রতিশ্রুতি বাস্তবায়ন যে একেবারেই অসম্ভব, তা কিন্তু নয়। চাঁদাবাজি, অর্থ পাচার, সন্ত্রাসী কর্মকাণ্ড-এসব বন্ধ করা অসম্ভব কিছু নয়। সরকার চাইলেই পারে। কিন্তু রাজনৈতিক দুর্বৃত্তায়নকে টিকিয়ে রাখতে তারা ওই পথে যায় না। বরং গতানুগতিক গড্ডলিকা প্রবাহেই গা ভাসায়।

এবারের নির্বাচনে প্রতিশ্রুতির নতুন একটা ধারা দেখা যাচ্ছে। কিন্তু অবাস্তব কিংবা অলৌকিক প্রতিশ্রুতির কথা শোনা যাচ্ছে। প্রথম খুব আলোচনায় এল 'বেহেশতের টিকিট' প্রদানের বিষয়টি। কিছু লোক বললেন, এবারের নির্বাচনে জামায়াতকে ভোট দিলে বেহেশতে যাওয়া সহজ হবে, মিলবে বেহেশতের টিকিট! জনগণের সামনে উপস্থাপনটা এ রকম-আপনারা কি বেহেশতে যেতে চান? তাহলে দাঁড়িপাল্লায় ভোট দিন। ইহকাল এবং পরকাল-দুই জায়গাতেই আসবে সাফল্য!



এসব নিয়ে এরই মধ্যে অনেক কথা হয়েছে। বেহেশতের গ্যারান্টি দুনিয়ার কেউ যে দিতে পারে না, সেটা বারবার বলা হয়েছে। জামায়াতের প্রতিদ্বন্দ্বী দল বিএনপির চেয়ারম্যান তারেক রহমানকে দেখলাম এক জনসভায় এ নিয়ে ডিটেইলে বললেন। দর্শকদের মধ্য থেকে একজন বয়স্ক ভদ্রলোককে মঞ্চে ডেকে এনে তাঁর কথা থেকেই প্রমাণ করে দিলেন-বেহেশতের গ্যারান্টি পৃথিবীর কেউ দিতে পারে না। আসলে এ প্রমাণের কোনোই দরকার ছিল না। ইসলাম সম্পর্কে যাঁদের কিছুমাত্র জ্ঞান আছে, তাঁরা জানেন বেহেশতের টিকিট বিক্রি করা যায় না। কেউ বলতে পারেন না, তা তিনি যতই আলেম হোন না কেন, পরকালে কার কী পরিণতি হবে। তাহলে যাঁরা এমন পারলৌকিক লোভ দেখান, তাঁদের চিন্তাটা কী? তাঁরা কি দেশের মানুষকে নিতান্তই মূর্খ মনে করেন? মনে করেন এ ধরনের কথা বলে ভোটারদেরকে লোভী করে তোলা যাবে? নাকি তাঁরা নিজেরাই একজন আরেকজনের চেয়ে বড় মূর্খ? জামায়াতের এমন সব কথাবার্তা নিয়ে এরই মধ্যে সামাজিক মাধ্যমে নানা ধরনের হাস্যরস করতে দেখা গেছে অনেককে।

এর বিপরীতে বিএনপির পক্ষ থেকেও নানা প্রতিশ্রুতির কথা শোনা যাচ্ছে। ফ্যামিলি কার্ড দেওয়া, দুর্নীতি বন্ধ করা, বস্তিবাসীদের জন্য ফ্ল্যাট তৈরি করে দেওয়া-এ রকম অনেক কথাই বলা হয়েছে। ক্ষমতায় গেলে এর কতগুলো বাস্তবায়ন করা সম্ভব হবে, তা বলা মুশকিল। তবে এটি ঠিক, যথাযথ ভাবে চেষ্টা করলে এবং নিয়ত ঠিক থাকলে এসব করা সম্ভব।

কিন্তু এর মধ্যে বিএনপির আরেকটি প্রতিশ্রুতির কথা শুনে আমি কিছুটা বিস্মিত হয়েছি। দুই দিন আগে বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র মাহদী আমিন বললেন, ক্ষমতায় গেলে বিএনপি নাকি সারা দেশে বিনা মূল্যে ইন্টারনেট দেবে। প্রথমে শিরোনামটি দেখে আমার বিশ্বাস হয়নি। আমি একাধিক পত্রিকা দেখলাম। একেকজন একেক ধরনের শিরোনাম করেছে। কেউ লিখেছে সকলকেই ফ্রি ইন্টারনেট দেওয়া হবে, আবার কেউবা বিষয়টিকে একটু সহজ করে লিখেছে-বিভিন্ন প্রতিষ্ঠানে দেওয়া হবে, তাও আবার ধাপে ধাপে। ব্যাপারটি আমার কাছে বেশ ইন্টারেস্টিং মনে হলো। একটু খোঁজ করতেই এ-সংক্রান্ত ভিডিওটি পেয়ে গেলাম। মাহদী আমিনের বক্তব্যটি শুনলাম। কী বলেছেন তিনি? পাঠকদের জন্য বরং পুরো বক্তব্যটিই এখানে শেয়ার করা যাক।

মাহদী আমিন বলেছেন, 'তারেক রহমান ঘোষণা দিয়েছেন, সবার জন্য আমরা ইন্টারনেটকে ফ্রি করতে চাই প্রাতিষ্ঠানিকভাবে। বিএনপি ইনশা আল্লাহ সরকার পরিচালনায় এলে বাংলাদেশের সব স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, অফিস, গ্রামীণ

এরপর ২৬ পৃষ্ঠায়

SECI
Secure, Fast, Reliable.
Sonali Exchange Co. Inc.
বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে
আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা
ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1090789
সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
CORPORATE 212-808-0790
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590
আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন


Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
KUWAIT
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA


এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES
Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)
এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
• গাড়ী এক্সিডেন্ট
• কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
• বিল্ডিং এ দূর্ঘটনা
• স্লিপ এন্ড ফল
• ট্রিপ এন্ড ফল
• হাসপাতালে ভুল চিকিৎসা
• বিকলাঙ্গ শিশুর জন্ম
• লেড পয়জনিং
• কাজের জায়গায় দূর্ঘটনা
IMMIGRATION
(Consultation fee applies)
Michael Taub, Esq.
Moin Choudhury, Esq.
ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি
Attorney Michigan Only.
Attorney Michigan Only.
Attorney New Jersey Only
Attorney, Buffalo New York Only
Attorney Connecticut Only
Attorney Pennsylvania Only
WWW.MOINLAW.COM
Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# ভোটের মাঠে আওয়ামী নেতাদের ডিমান্ড, রুমিনের হাঁস ও জিএম কাদেরের দুশ্চিন্তা

> তবে রংপুর-৩ আসনে জি এম কাদেরের চ্যালেঞ্জ আরও বড়। সেখানে তৃতীয় লিঙ্গ উন্নয়ন সংস্থার সভাপতি মোছা. আনোয়ারা ইসলাম রানী দ্বিতীয়বারের মতো সংসদ নির্বাচনের মাঠে নেমেছেন। দ্বাদশ সংসদ নির্বাচনেও রংপুর-৩ আসনে ঈগল প্রতীকে নির্বাচন করে তিনি দ্বিতীয় হয়েছিলেন এবং ২৩ হাজার ৩৩৯ ভোট পেয়েছিলেন। এবার আনোয়ারা ইসলাম রানী নির্বাচন করছেন হরিণ প্রতীকে। তবে গতবারের মতোই রানীর বিরুদ্ধে নির্বাচনটা কাদেরের জন্য একটু ট্রিকি বা নাজুক হতে পারে; কারণ, তিনি প্রান্তিক জনগোষ্ঠীর সদস্য। অবশ্য হিজড়া সম্প্রদায়ের এই একমাত্র প্রার্থী জানিয়েছেন, এখন পর্যন্ত তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থীর আক্রমণের কোনো শিকার হননি। তবে অনলাইনে বুলিংয়ের শিকার হতে হচ্ছে। অপপ্রচার করছে, খারাপ খারাপ শব্দ ব্যবহার করছে

সালেহ উদ্দিন আহমদ



ঠাকুরগাঁওয়ে নির্বাচনী জনসভায় মির্জা ফখরুল ইসলাম আওয়ামী লীগ নেতাকর্মীদের নিয়ে বলেছেন: যারা অন্যায় করেনি, তাদের কোনো শাস্তি হতে দেব না। অন্যদিকে চৌদ্দগ্রামে জামায়াতের প্রার্থী সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহেরের নির্বাচনী সমাবেশে বক্তৃতা করেন স্থানীয় এক আওয়ামী লীগ নেতা।

ঠাকুরগাঁওয়ে নির্বাচনী জনসভায় মির্জা ফখরুল ইসলাম আওয়ামী লীগ নেতাকর্মীদের নিয়ে বলেছেন: যারা অন্যায় করেনি, তাদের কোনো শাস্তি হতে দেব না। অন্যদিকে চৌদ্দগ্রামে জামায়াতের প্রার্থী সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহেরের নির্বাচনী সমাবেশে বক্তৃতা করেন স্থানীয় এক আওয়ামী লীগ নেতা।ছবি: ভিডিও থেকে সংগৃহীত

নির্বাচনের প্রচারণা ভালোই এগোচ্ছে। এখন পর্যন্ত মোটামুটি শান্তিপূর্ণভাবে প্রচারণা চলছে। আমি বলব, এই সময়ে পরিবেশ এর চেয়েও শান্তিপূর্ণ থাকলে আমি বিস্মিত ও শঙ্কিত হতাম। বিস্মিত হতাম; কারণ, সেটা হতো অস্বাভাবিক। আর শঙ্কিত হতাম এ কারণে যে ঝড়ের আগের 'প্রশান্তি' আমরা আগেও দেখেছি।

২০২৪ সালের জানুয়ারির ডামি-আমি নির্বাচনটাও ছিল খুবই শান্তিপূর্ণ। তারপরই শুরু হলো আন্দোলন ও অশান্তি।

দেশের প্রতিটি রাজনৈতিক দল শুরু করেছে 'অপারেশন ভোট হান্ট'। নির্বাচনের দিন যত ঘনিয়ে আসবে, উত্তাপ বাড়বে, এটাই স্বাভাবিক। এতে চিন্তিত হওয়ার কিছু নেই। কিছু ছোটখাটো অঘটনও ঘটবে, কিছু ভিমের অপচয় হবে এবং নেতারা প্রতিদ্বন্দ্বীর বিরুদ্ধে গরম-গরম কথা বলবেন-ভোটযুদ্ধে প্রতিদ্বন্দ্বীকে কাবু করে নকআউট করাই হবে সবার লক্ষ্য।

নির্বাচনের এই সময়ের উত্তাপ, বিরক্তি বা টেনশনটাকে আমরা পজিটিভলি নিতে পারি। ফেব্রুয়ারির ১২ তারিখের পর নেতাদের আর তেমন দেখা যাবে না। টেনশন কমে যাবে, জনগণও হাঁপ ছেড়ে বাঁচবেন।

যাঁরা নির্বাচিত হতে পারেননি, তাঁরা বাড়ি গিয়ে বিশ্রাম নেবেন, আবার পরের নির্বাচনে তাঁদের মাঠে দেখা যাবে। যাঁরা নির্বাচিত হয়েছেন, তাঁরা সবাই ঢাকা চলে যাবেন, নতুন মিশনে যোগ দিতে। একদল সরকার গঠন করবেন-মন্ত্রী, স্পিকার কিংবা ডেপুটি হবেন; অন্যরা বিরোধী দলের নেতা, উপনেতা বা হুইপ হবেন, তাঁদের প্রতাপও কম নয়। গণভোটে 'হ্যাঁ' ভোট পাস হলে নির্বাচিত ব্যক্তিদের কাজ আরও বেড়ে যাবে-সনদের কাগজপত্র খুঁজে শাসনতন্ত্রে জোড়া লাগাতে হবে; ভিসেন্টগুলোও ভালো করে পরখ করে দেখতে হবে। তাই বলছিলাম, আমাদের নির্বাচিত প্রতিনিধিদের এবার অনেক কাজ করতে হবে।

তবে প্রার্থীদের জন্য সবচেয়ে বড় কথা, আগে নির্বাচিত হতে হবে। নির্বাচিত হতে নেতারা নানা কৌশল অবলম্বন করবেন; সেগুলোকে কেউ সিরিয়াসলি নেবেন, কেউবা আবার বাঁকা চোখে দেখবেন।

তাহলে চলুন আমরা নির্বাচনী মাঠটা একটু ঘুরে দেখি-আমাদের নেতারা 'ভোট হান্ট' করতে কে কী কৌশল নিচ্ছেন, কে কী করছেন এবং কে কী বলছেন।



**এনসিপি নেতাদের কবর জিয়ারত**

এনসিপির ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার শুরু করে ২০২৪ সালের গণ-আন্দোলনের নেতা শরিফ ওসমান হাদি এবং ১৯৪৭ সালের পাকিস্তান আন্দোলনের তিন নেতা শেরেবাংলা ফজলুল হক, শহীদ সোহরাওয়ার্দী ও খাজা নাজিমউদ্দিনের কবর জিয়ারত করে। অনেকে প্রশ্ন তুলেছেন এনসিপির কবর জিয়ারতের মধ্যে ১৯৭১ সাল কি বাদ গেল? এই তরুণ নেতারা যদি মিরপুর স্মৃতিসৌধের পাশে অবস্থিত ১৯৭১-এর শহীদ বুদ্ধিজীবীদের কবরগুলো জিয়ারত করে আসতেন, তাহলে তাঁরা কিছু বিব্রতকর প্রশ্ন থেকে রক্ষা পেতেন।

**ফখরুলের 'ডেভিল হান্ট'**

নির্বাচনের সময় সবাই ভোট হান্টিংয়ে ব্যস্ত। বিএনপির মহাসচিব মির্জা ফখরুলও তা-ই করছেন। দেশে এখন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরীর 'অপারেশন ডেভিল হান্ট-২' চালু আছে-আওয়ামী লীগ হলেই বন্দিশালা আর জয় বাংলার শব্দ শুনলেই জলকামান। নির্বাচনের সময় আশা করা যাচ্ছিল, ডেভিল হান্টের ৩ নম্বর সংকেত জারি করা হবে। কিন্তু এরই মধ্যে মির্জা ফখরুল ইসলাম অভিনব কায়দায় আওয়ামী লীগারদের ভোট হান্টিংয়ে লেগে গেলেন।

সম্প্রতি ঠাকুরগাঁও সদর উপজেলার শোল্টিহরি বাজারে নির্বাচনী গণসংযোগের সময় মির্জা ফখরুল ইসলাম বলেন, 'আমাদের হাসিনা আপা চলে গেছেন ভারতে। তিনি ভারতে গেছেন ভালো করেছেন। এলাকার সমর্থক-কর্মীদের বিপদে ফেলে গেছেন কেন? আমরা কর্মী-সমর্থকদের জানাতে চাই, আপনারা বিপদে পড়বেন না। আমরা আছি আপনাদের পাশে। যারা অন্যায় করেছে, তাদের শাস্তি হবে। যারা অন্যায় করেনি, তাদের কোনো শাস্তি হতে দেব না।'

মির্জা ফখরুলের 'মানবিক' বাণীতে আওয়ামী লীগাররা হয়তো খুশি হবেন, কিন্তু তাঁরা দল বেঁধে বিএনপিকে ভোট দিতে যাবেন কি না, তা দেখার কৌতূহল অনেকেরই থ াকবে।

**প্রচারে আওয়ামী লীগ নেতাদের ডিমান্ড বাড়ছে**

নির্বাচনের প্রচারে স্থানীয় আওয়ামী লীগ নেতাদের বেশ ডিমান্ড আছে। যদিও আওয়ামী লীগ এরপর ২৪ পৃষ্ঠায়

# চায়ের আড্ডা: তরুণদের কণ্ঠ, নতুন রাজনীতি এবং বাংলাদেশের ভবিষ্যৎ

ড. জিয়াউদ্দিন হায়দার

রাজনীতিতে সংলাপের ধরণ বদলাচ্ছে। এ কথা অনেক দিন ধরেই বলা হচ্ছিল। কিন্তু গত সোমবারের এক "চায়ের আড্ডা" আয়োজন সেই পরিবর্তনকে দৃশ্যমান করেছে বাস্তবে। বাংলাদেশের প্রেক্ষাপটে এই পরিবর্তন বিশেষভাবে তাৎপর্যপূর্ণ, কারণ দেশের জনসংখ্যার একটি বড় অংশই তরুণ। যারা আজ শিক্ষার্থী, আগামীর শ্রমশক্তি, উদ্যোক্তা ও নাগরিক নেতৃত্বের ভিত্তি। এই তরুণ জনগোষ্ঠীর দক্ষতা, মনোভাব ও অংশগ্রহণই নির্ধারণ করবে বাংলাদেশ উন্নয়ন ও মধ্যম আয়ের ফাঁদ অতিক্রম করতে পারবে কিনা। ঢাকার বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নারী ও পুরুষ শিক্ষার্থীদের সঙ্গে জাইমা রহমান এর এই অনানুষ্ঠানিক আলোচনা তাই কোনো প্রচলিত রাজনৈতিক সমাবেশ ছিল না; বরং এটি ছিল তরুণদের জীবনের বাস্তবতা, হতাশা, স্বপ্ন ও নীতিনির্ভর প্রস্তাব শোনার একটি খোলা পরিসর, যেখানে ভবিষ্যৎ উন্নয়নের চালিকাশক্তির কণ্ঠ সরাসরি উঠে এসেছে।

এই আড্ডার সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক ছিল কে কথা বলছে এবং কীভাবে কথা বলা হচ্ছে। এখানে কোনো মুখস্থ বক্তৃতা, দলীয় স্লোগান বা একমুখী ভাষণ ছিল না। শিক্ষার্থীরা নিজেরা কথা বলেছেন - কেউ বলেছেন কর্মসংস্থানের অনিশ্চয়তা নিয়ে, কেউ বলেছেন শিক্ষা ও বাস্তব দক্ষতার মধ্যকার ব্যবধান নিয়ে, কেউ বলেছেন ঢাকার নাগরিক জীবনের চাপ, যানজট ও দূষণের কথা, আবার কেউ তুলে ধরেছেন মেয়েদের অনলাইন হেনস্তা, নিরাপত্তাহীনতা ও মানসিক চাপের অভিজ্ঞতা।

এই বক্তব্যগুলো নতুন নয়। কিন্তু এতদিন এগুলো রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রে খুব কমই জায়গা পেয়েছে। "চায়ের আড্ডা" সেই ব্যবধানটি স্পষ্ট করেছে: তরুণরা কেবল সুবিধাভোগী বা ভবিষ্যতের ভোটার নয়, তারা এখনই রাষ্ট্রের অংশীদার হতে চায়।

**তরুণদের প্রশ্ন: শুধু অভিযোগ নয়, নীতিগত চ্যালেঞ্জ**

অনেকেই তরুণদের বক্তব্যকে 'অভিযোগ' বলে উড়িয়ে দেন। কিন্তু এই আড্ডায় স্পষ্ট হয়েছে এই অভিযোগগুলো আসলে নীতিগত ব্যর্থতার প্রতিফলন।

যখন একজন শিক্ষার্থী বলেন, "ডিগ্রি আছে, কিন্তু কাজ নেই," তখন সেটি শুধু ব্যক্তিগত হতাশা নয়; সেটি শিক্ষা ব্যবস্থা, শ্রমবাজার ও অর্থনৈতিক পরিকল্পনার মধ্যে সমন্বয়হীনতার প্রশ্ন।

যখন একজন ছাত্রী অনলাইন বুলিং বা নিরাপত্তাহীনতার কথা বলেন, সেটি কেবল সামাজিক সমস্যা নয়; সেটি ডিজিটাল শাসন, আইন প্রয়োগ এবং সামাজিক মানসিকতার ব্যর্থতার দিক নির্দেশ করে।

এই আড্ডা দেখিয়েছে, তরুণরা শুধু সমস্যার কথা বলছে না। তারা জানতে চায়, রাষ্ট্র তাদের জন্য কী পরিকল্পনা করছে, এবং তারা নিজেরা সেই পরিবর্তনের অংশ হতে পারবে কি না।

**শোনার রাজনীতি: একটি গুরুত্বপূর্ণ বার্তা**

এই আয়োজনের আরেকটি তাৎপর্যপূর্ণ দিক হলো: শোনা। জাইমা রহমান শিক্ষার্থীদের সঙ্গে একই সারিতে বসে, টেবিল থেকে টেবিলে গিয়ে কথা শুনেছেন। এটি প্রতীকী হলেও রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। কারণ বাংলাদেশের রাজনীতিতে শোনা সাধারণত ক্ষমতার শীর্ষে বসে হয় না; বরং সিদ্ধান্ত চাপিয়ে দেওয়ার সংস্কৃতি দীর্ঘদিন ধরে চলে এসেছে।



এই শোনার ভঙ্গি একটি ভিন্ন বার্তা দেয়। রাজনীতি যদি আবার বিশ্বাসযোগ্য হতে চায়, তাহলে তাকে মানুষের জীবনের বাস্তব অভিজ্ঞতা থেকে শুরু করতে হবে। বিশেষ করে তরুণদের ক্ষেত্রে, যারা আগের রাজনৈতিক ভাষা ও প্রতিশ্রুতিতে ক্রমশ আস্থা হারাচ্ছে।

**তারেক রহমানের 'নীতিনির্ভর রাজনীতি' এবং নতুন প্রজন্ম**

এই আয়োজনকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখলে ভুল হবে। এটি বৃহত্তর এক রাজনৈতিক প্রবণতার অংশ, যেখানে তারেক রহমান এর নেতৃত্বে বিএনপি রাজনীতিকে স্লোগান ও সংঘাতের জায়গা থেকে নীতি, পরিকল্পনা ও সংলাপের দিকে নেওয়ার একটি সুস্পষ্ট প্রয়াস চালিয়ে যাচ্ছে। তাঁর প্রবর্তিত "এসব চযথহ" এর আওতায় গড়ে ওঠা আটটি নীতিগত স্তম্ভ: স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান, কৃষকের ক্ষমতায়নে কৃষক কার্ড, নারীর অর্থনৈতিক আত্মনির্ভরতায় ফ্যামিলি কার্ড, পরিবেশ ও জলবায়ু, খেলাধুলা, এবং ধর্মীয় ও সামাজিক নেতৃত্বের কল্যাণ, এই নতুন ধারার রাজনীতির ভিত্তি। "চায়ের আড্ডা" সেই নীতিনির্ভর রাজনীতিরই একটি বাস্তব প্রয়োগ, যেখানে তরুণদের অভিজ্ঞতা ও মতামত ভবিষ্যৎ নীতিনির্ধারণের সঙ্গে সরাসরি যুক্ত করার চেষ্টা করা হচ্ছে।

তরুণদের সঙ্গে এমন সরাসরি আলোচনা সেই বার্তাই দেয়। আগামী দিনের রাজনীতি আর কেবল অভিজ্ঞ রাজনীতিবিদদের একচেটিয়া বিষয় থ াকবে না; সেখানে শিক্ষার্থী, তরুণ পেশাজীবী ও নতুন প্রজন্মের অংশগ্রহণ অপরিহার্য।

**এক দিনের আড্ডা নাকি ধারাবাহিক সংলাপ?**

তবে সবচেয়ে বড় প্রশ্নটি এখানেই: এই "চায়ের আড্ডা" কি একটি প্রতীকী আয়োজন হয়ে থাকবে, নাকি এটি ধারাবাহিক সংলাপের সূচনা?

যদি তরুণদের কথা শোনা হয় কিন্তু নীতিতে তার প্রতিফলন না ঘটে, তাহলে হতাশা আরও গভীর হবে। কিন্তু যদি এই ধরনের আলোচনা থেকে শিক্ষা সংস্কার, কর্মসংস্থান নীতি, নগর ব্যবস্থাপনা ও ডিজিটাল এরপর ৩৮ পৃষ্ঠায়




> যদি তরুণদের কথা শোনা হয় কিন্তু নীতিতে তার প্রতিফলন না ঘটে, তাহলে হতাশা আরও গভীর হবে। কিন্তু যদি এই ধরনের আলোচনা থেকে শিক্ষা সংস্কার, কর্মসংস্থান নীতি, নগর ব্যবস্থাপনা ও ডিজিটাল নিরাপত্তার মতো বিষয়ে বাস্তব পদক্ষেপ নেওয়া হয় তাহলে এই আড্ডা ইতিহাসে একটি মোড় ঘোরানো মুহূর্ত হিসেবেই স্মরণীয় হবে। শেষ কথা : "চায়ের আড্ডা" আমাদের মনে করিয়ে দেয় রাজনীতি কেবল ক্ষমতা দখলের প্রক্রিয়া নয়; এটি মানুষের জীবনের সঙ্গে যুক্ত একটি সামাজিক চুক্তি। তরুণরা সেই চুক্তি নতুন করে লিখতে চায়। আর শর্ত একটাই: সম্মান, অংশগ্রহণ এবং ভবিষ্যৎ গড়ার সুযোগ। এই আড্ডা যদি সত্যিই সেই পথের সূচনা হয়, তবে বাংলাদেশ শুধু তরুণদের কথা শুনবে না, তরুণদের হাত ধরেই এগিয়ে যাবে

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।**



আবু তাহের খান – ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন – ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু – ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ – ট্রাভেল কনসালটেন্ট
মাহির – ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর – ট্রাভেল কনসালটেন্ট
নিলয় – ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# সব প্রতিবন্ধকতা অতিক্রম করতে হবে

ড. আনোয়ারউল্লাহ চৌধুরী

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি বর্তমানে চূড়ান্ত পর্যায়ে। সবকিছু ঠিক থাকলে ১২ ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে আমরা জনসমর্থিত একটি রাজনৈতিক সরকার পেতে যাচ্ছি। বাংলাদেশের ইতিহাসে আসন্ন নির্বাচন অতীতের যে কোনো নির্বাচনের তুলনায় গুরুত্বপূর্ণ ও দিকনির্দেশনামূলক। এ নির্বাচনের মাধ্যমে নির্ধারিত হবে আমরা কি বাংলাদেশকে একটি আধুনিক কল্যাণ রাষ্ট্রে পরিণত করার দিকে অগ্রসর হব, নাকি আবারও স্বৈরশাসনের অন্ধকারে নিমজ্জিত হবে দেশ। আমরা কি চব্বিশের রক্তক্ষয়ী ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের চেতনাকে রাষ্ট্রীয় কাঠামোতে অন্তর্ভুক্ত করতে পারব, নাকি আবারও বৈষম্য আর শোষণের কবলে পড়ে বাংলাদেশ কারও ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হবে। জনগণকে এ ব্যাপারে সঠিক সিদ্ধান্ত নিতে হবে।

নির্বাচনকে বানচাল করা সম্ভব না হলেও বিতর্কিত করার সব ধরনের চেষ্টা চলছে। তারপরও আমরা প্রত্যাশা করছি, সব প্রতিবন্ধকতা অতিক্রম করে চলতি মাসে আমরা জনসমর্থিত রাজনৈতিক সরকার পেতে যাচ্ছি। নতুন সরকারের কাছে জনগণের প্রত্যাশা থাকবে অনেক বেশি। ২০০৮ সালের পর থেকে ২০২৪ সাল পর্যন্ত সময়ে অনুষ্ঠিত তিনটি বিতর্কিত নির্বাচনে এ দেশের মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। কাজেই তারা এবার স্বতঃস্ফূর্তভাবে ভোটকেন্দ্রে উপস্থিত হয়ে তাদের পছন্দনীয় প্রার্থীকে ভোট দেবেন। দেশের বিপুলসংখ্যক যুবশক্তি গত ১৯ বছরে অনুষ্ঠিত তিনটি সংসদ নির্বাচনে ভোট দিতে পারেনি। তারা আগামী জাতীয় সংসদ নির্বাচনে ভোট দেওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে। এ নির্বাচন অন্তর্ভুক্তিমূলক এবং ব্যাপক অংশগ্রহণমূলক হবে বলে আশা করা হচ্ছে। তবে নির্বাচনের মাধ্যমে যে রাজনৈতিক সরকার ক্ষমতাসীন হবে, তাদের নানা জটিল সমস্যা মোকাবিলা করতে হবে। যদিও এসব সমস্যার বেশির ভাগই উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। এসব সমস্যার কিছু আছে, যেগুলো তাৎক্ষণিকভাবে সমাধানের উদ্যোগ নিতে হবে। আর কিছু সমস্যা আছে, যা সমাধানের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করতে হবে।

নবনির্বাচিত সরকারকে প্রথমেই দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে দৃষ্টি দিতে হবে। চব্বিশের ছাত্র-জনতার সফল গণ-অভ্যুত্থানের মাধ্যমে সরকার পরিবর্তিত হওয়ার পর আইনশৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটে। সাধারণত কোনো গণ-অভ্যুত্থানের পর দেশে নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি হলেও নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর সহসাই আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসে। কিন্তু চব্বিশের গণ-অভ্যুত্থানের পর দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির যে অবনতি ঘটেছে, তা উন্নতির কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। বিগত সরকার আমলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে ব্যাপক দলীয়করণের মাধ্যমে আজ্ঞাবাহী দলীয় ক্যাডারে পরিণত করা হয়েছিল। অধিকাংশ থানা থেকে পুলিশ সদস্যরা জনতার ভয়ে পালিয়ে যায়। পুলিশের সাবেক এক শীর্ষ কর্মকর্তা বলেছেন, গণ-অভ্যুত্থানের পর পুলিশ সদস্যদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়। তারা ভয়ে দূরবর্তী এলাকায় দায়িত্ব পালনে যেতে ভয় পাচ্ছিলেন।



পুলিশের কোনো কোনো কর্মকর্তার বিরুদ্ধে গুম-খুনের অভিযোগ থাকায় তারা পালিয়ে গেছেন। পুলিশ সদস্যদের মধ্যে যারা বর্তমানে দায়িত্ব পালন করছেন, তাদের অনেকেই বিগত সরকারের প্রতি দলীয় আনুগত্যের কারণে সঠিকভাবে দায়িত্ব পালন করছেন না। এমনকি কারও কারও বিরুদ্ধে পরিকল্পিতভাবে অন্তর্বর্তী সরকারকে বিব্রত করার অভিযোগ রয়েছে। রাজনৈতিক সরকার ক্ষমতায় না আসা পর্যন্ত পুরো পুলিশ বাহিনী সঠিকভাবে দায়িত্ব পালন করবে না বলেই মনে হচ্ছে। নির্বাচিত সরকার দায়িত্ব গ্রহণের পর পুলিশ বাহিনীর ব্যাপক সংস্কারের উদ্যোগ নিতে হবে। আইনশৃঙ্খলা পরিস্থিতির ইতিবাচক উন্নতি না হলে অর্থনৈতিক কর্মকাণ্ডও সঠিকভাবে পরিচালনা করা সম্ভব হবে না।

আগামী সরকার দায়িত্ব গ্রহণের পর তাৎক্ষণিকভাবে অর্থনৈতিক ক্ষেত্রে বেশকিছু চ্যালেঞ্জ মোকাবিলার উদ্যোগ নিতে হবে। এর মধ্যে রয়েছে, বিগত প্রায় ৪ বছর ধরে অভ্যন্তরীণ অর্থনীতিতে বিরাজমান উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের মাধ্যমে সহনীয় পর্যায়ে নামিয়ে এনে জনগণকে স্বস্তি দেওয়া। ইউক্রেন যুদ্ধের পর বিশ্বব্যাপী উচ্চ মূল্যস্ফীতির প্রবণতা শুরু হয়। সেই সময় যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতির হার ৪০ বছরের রেকর্ড অতিক্রম করে ৯ দশমিক ১ শতাংশে উন্নীত হয়। ফেডারেল রিজার্ভ ব্যাংক অব আমেরিকা (ফেড) অন্যান্য কৌশলের পাশাপাশি একাধিকবার পলিসি রেট বৃদ্ধির মাধ্যমে উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করে, যদিও এতে ব্যক্তিখাতে বিনিয়োগের ক্ষেত্রে স্থবিরতা নেমে আসার শঙ্কা ছিল। ফেডের দৃষ্টান্ত অনুসরণ করে বাংলাদেশসহ অন্তত ৭৭টি দেশের কেন্দ্রীয় ব্যাংক পলিসি রেট বৃদ্ধি করে। কিন্তু বাংলাদেশ ব্যাংক পলিসি রেট বৃদ্ধির পাশাপাশি ব্যাংক ঋণের সুদের হার বাজারভিত্তিক না করায় এ পদক্ষেপ উলটো ফল দেয়। দীর্ঘদিন পর্যন্ত ব্যাংকঋণের সুদের সর্বোচ্চ হার ৯ শতাংশে ফিক্সড করে রাখা হয়েছিল। বিগত সরকার আমলে দেশের শীর্ষস্থানীয় কয়েকটি সরকারসমর্থক উদ্যোক্তা গোষ্ঠীকে তুলনামূলক কম সুদের ব্যাংকঋণ প্রাপ্তির সুযোগ করে দেওয়ার কারণেই মূলত এ কাজটি করা হয়েছিল বলে অভিযোগ রয়েছে। সরকারসমর্থক উদ্যোক্তা গোষ্ঠী ব্যাংক থেকে ঋণ নিয়ে তা ভিন্ন খাতে প্রবাহিত করে। এমনকি বিদেশে পাচার করে বলেও অভিযোগ রয়েছে। সর্বশেষ গত ডিসেম্বরে দেশের অভ্যন্তরীণ অর্থনীতিতে মূল্যস্ফীতির হার ছিল ৮ দশমিক ৪৯ শতাংশ। এরপর ২৪ পৃষ্ঠায়




নতুন সরকারকে আরও নানা সমস্যা মোকাবিলা করতে হবে। বিশেষ করে প্রতিবেশী দেশগুলোর সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়নের চেষ্টা চালাতে হবে। কারণ প্রতিবেশীদের সঙ্গে সৌহার্দপূর্ণ সুসম্পর্ক না থাকলে যে কোনো উন্নয়ন প্রচেষ্টা বাধাগ্রস্ত হতে পারে। চব্বিশের গণ-অভ্যুত্থানের পর কোনো কোনো দেশের সঙ্গে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্কে টানাপোড়েন সৃষ্টি হয়েছে। এটা দূর করতে হবে। আত্মমর্যাদা বজায় রেখে যে কোনো দেশের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করতে হবে। মনে রাখতে হবে, সুযোগ বারবার আসে না। চব্বিশের গণ-অভ্যুত্থান আমাদের সামনে দেশ গড়ার সুবর্ণ সুযোগ এনে দিয়েছে। এ সুযোগ আমাদের সঠিকভাবে কাজে লাগাতে হবে। আমরা যদি প্রাপ্ত সুযোগ কাজে লাগাতে ব্যর্থ হই, তাহলে জাতি হিসাবে কখনোই বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে পারব না

# জুলাই সনদ, ক্ষমতার দ্বন্দ্ব এবং বাংলাদেশের হারানো বিশ্বাস

রহমান মৃধা

সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো রাজনৈতিক দলগুলোর পারস্পরিক বিভাজন ও অবিশ্বাস। একে অন্যকে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী নয়, বরং শত্রু হিসেবে দেখার প্রবণতা দেশের জন্য দীর্ঘমেয়াদি ক্ষতি ডেকে আনছে। এই বিভাজনের সুযোগেই বহিরাগত শক্তি এবং অভ্যন্তরীণ সুবিধাভোগী গোষ্ঠীগুলো নিজেদের অবস্থান শক্ত করতে পারে। রাষ্ট্র তখন জনগণের নয়, বিভিন্ন স্বার্থের সংঘর্ষস্থলে পরিণত হয়। এখানেই মূল প্রশ্নটি সামনে আসে। আমরা কি সত্যিকার অর্থে একটি দুর্নীতিমুক্ত, সার্বভৌম এবং জনগণের কাছে দায়বদ্ধ রাষ্ট্র গড়ে তুলতে চাই, নাকি কেবল ক্ষমতার নতুন বন্দোবস্তে সন্তুষ্ট থাকব। যদি নির্বাচন, গণভোট এবং রাজনৈতিক প্রক্রিয়া বারবার আস্থার সংকটে পড়ে, তাহলে মানুষের বিশ্বাস আর ফিরে আসবে না। তখন রাজনীতি আর জনগণের হাতিয়ার থাকবে না, বরং তা হয়ে উঠবে দেশি ও বিদেশি স্বার্থের কৌশলগত মাঠ



বাংলাদেশের বর্তমান পরিস্থিতি দেখে মনে হচ্ছে, গণভোট এবং জুলাই সনদের ধারণ সবচেয়ে বেশি বহন করেছেন শেখ হাসিনা। সেই সনদ ধারণ করার কারণেই তাকে দেশ ছাড়তে হয়েছে। কিন্তু যারা কার্যত কিছু না করে সেই সনদ ধারণ করতে চেয়েছিল, তারা এখনো দ্বিধা ও দ্বন্দ্বে আটকে আছে। বাংলাদেশের জন্মলগ্ন থেকেই স্বৈরশাসন, ভোট জালিয়াতি, ত্রাণ ও কম্বল চুরির সংস্কৃতি বিদ্যমান ছিল। মাঝখানে জিয়া থেকে এরশাদের শাসনকাল পর্যন্ত দুর্নীতির সেই ধারাবাহিকতা অব্যাহত ছিল।

বাংলাদেশের একটি আঞ্চলিক প্রবাদ আছে, "সব মাছে গু খায়, ঘ্যাড়ো মাছের দোষ হয়।" তবে শেখ হাসিনার পতন ও দেশ ছাড়ার মধ্য দিয়ে তিনি শুধু স্বৈরাচারী উপাধিই অর্জন করেননি, বিনিময়ে বাংলাদেশকেও বর্জন করেছেন। জুলাই গণঅভ্যুত্থান কোনো একক ব্যক্তি বা দলের ছিল না। জুলাই গণঅভ্যুত্থান ছিল প্রকৃত অর্থেই আপামর জনগণের। অথচ ঠিক সেই জুলাই সনদকেই প্রশ্নবিদ্ধ করা হয়েছে, অপমানিত করা হয়েছে এবং হ্যাঁ ও না ভোটের মুখোমুখি দাঁড় করানো হয়েছে।

যে সনদ ছিল সাধারণ মানুষের কাছে আস্থার প্রতীক, সুইডিশ ভাষায় বললে আরও হৃদয়স্পর্শীভাবে, 'självklara valet', যার বাংলা অর্থ স্বাভাবিক ও অনিবার্য, ঠিক সেখানেই বাংলাদেশের একটি বড় গোষ্ঠী প্রশ্ন তুলছে। এই জাতি যখন এটা করতে পারে, তখন ধরে নিতে হয় তাদের নৈতিক মূল্যবোধ ক্ষয়প্রাপ্ত হয়েছে, তারা পথভ্রষ্ট হয়েছে। যে জাতি ধর্মের চর্চা করে এবং নিজে বিপদে পড়লে বলে ওপরওয়ালা পরীক্ষা নিচ্ছেন, কিন্তু অন্য কেউ ঠিক একই বিপদে পড়লে বলে পাপের শাস্তি হচ্ছে।

আমি নেমকহারাম শব্দটির মানে জানি। আমি নেমকহারাম দেখেছি। আমি নেমকহারামি করতে দেখেছি। কিন্তু বর্তমান রাজনীতিবিদদের মতো জালিয়াত নেমকহারাম পৃথিবীর কোথাও দেখিনি। একটি কথা বলে রাখা ভালো, অনেকে জুলাই সনদকে ব্যবহার করেছে ব্যক্তিস্বার্থ হাসিলের জন্য। সম্ভবত এই কারণেই দেশের কিছু মানুষ মনঃক্ষুণ্ন হয়েছে। এর ফলেই দুঃখের সঙ্গে হলেও তারা মুখে বলে, তারা এখন আর জুলাই সনদ ধারণ করে না। আমার বিশ্বাস, এটি অভিমান থেকে বলা, মন থেকে নয়।

এবার আসা যাক অন্তর্বর্তীকালীন সরকারের ক্ষমতায়ন এবং গত দীর্ঘ ১৮ মাসে তারা কী করেছেন, সেই প্রসঙ্গে। জাতির প্রত্যাশা ছিল ড. ইউনূসকে ঘিরে। সেই প্রত্যাশা পূরণ হয়নি। তিনি পরাজিত হয়েছেন এবং আমাদেরকেও পরাজিত করেছেন। ওসমান হাদি তাকে বলেছিলেন, ড. ইউনূস যেন মুখ খুলে জাতিকে জানান, কারা তাকে সঠিক পথে দেশ শাসন করতে বাধা দিচ্ছেন। কিন্তু তিনি সেটাও করেননি। এই না করাটাই জুলাই সনদকে চ্যালেঞ্জের মুখে দাঁড় করিয়েছে। এই দায় কি তিনি এড়াতে পারবেন।

তিনি রাষ্ট্রের প্রধান হয়ে গণমাধ্যমে যখন বলেন, 'জালিয়াতিতে বাংলাদেশ পৃথিবীতে চ্যাম্পিয়ন', তখন সেই বক্তব্যের পর থেকেই নানা মহলে আলোচনা চলছে। অনেকেই বলছেন, রাষ্ট্রের শীর্ষ নির্বাহী যখন এ ধরনের কথা বলেন, তখন তা আর ব্যক্তিগত মতামত থাকে না, তা রাষ্ট্রের ভাষায় পরিণত হয়। বিশেষ করে সেই ব্যক্তি যদি মুহাম্মদ ইউনূসের মতো আন্তর্জাতিকভাবে পরিচিত, নোবেলজয়ী এবং বৈশ্বিক নীতিনির্ধারকদের কাছে গ্রহণযোগ্য হন, তাহলে তার উচ্চারিত প্রতিটি বাক্য দেশের সীমানা পেরিয়ে বহুদূর পর্যন্ত পৌঁছে যায়।

গত বুধবার ঢাকার বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ডিজিটাল ডিভাইস অ্যান্ড ইনোভেশন এক্সপোর উদ্বোধন এবং 'বাংলাদেশ ইনোভেশন চ্যালেঞ্জ'-এর ওয়েবসাইট ও লোগো উন্মোচন অনুষ্ঠানে মুহাম্মদ ইউনূস বলেন, 'জালিয়াতিতে বাংলাদেশ পৃথিবীতে চ্যাম্পিয়ন। আমাদের সব জিনিস জাল। বহুদেশ আমাদের পাসপোর্ট গ্রহণ করে না। ভিসা জাল, পাসপোর্ট জাল। এটা একটা জালিয়াতের কারখানা বানাইছি আমরা।'

সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকেই লিখেছেন, প্রধান উপদেষ্টার এই বক্তব্যের সরাসরি প্রভাব পড়বে সাধারণ নাগরিকদের ওপর, যাদের বড় একটি অংশ বিদেশে কাজ, শিক্ষা, চিকিৎসা কিংবা পর্যটনের জন্য ভিসা ও পাসপোর্টের ওপর নির্ভরশীল।

বাংলাদেশে পাসপোর্ট খাতে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ নতুন নয়। ২০২৪ সালে বেসরকারি সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর এক প্রতিবেদনেও সে কথা উঠে এসেছে। 'সেবা খাতে দুর্নীতি: জাতীয় খানা জরিপ ২০২৩' শীর্ষক প্রতিবেদনে সংস্থাটি জানিয়েছে, ২০২৩ সালে সেবাখাতের মধ্যে পাসপোর্ট পেতে গিয়ে মানুষ সবচেয়ে বেশি দুর্নীতির শিকার হয়েছে। মনে কি পড়ে, ড. ইউনূসের মতো শেখ হাসিনাকেও বলতে শুনেছেন, তার বাড়ির কাজের লোক চারশ কোটি টাকার মালিক। সেদিনই আমি ধরে নিয়েছিলাম, শেখ হাসিনার সময় ফুরিয়ে এসেছে। কিন্তু তিনি আজও সেই বাস্তবতা মেনে নিতে পারেননি। আফসোস।

দেশটা যে কারো বাপের না, কারো মায়ের না, বা কোনো পরিবারের না, এই কথাটা আমরা আজও বোঝাতে পারিনি। এটাই আমাদের ব্যর্থতা।

সদ্য জামায়াতের আমির যে মন্তব্য করেছেন, তা শুধু সময়ের সঙ্গে বেমানান নয়, বরং ভয়ংকরভাবে মানবিক ও নৈতিক সীমা লঙ্ঘন করেছে। প্রযুক্তির এই যুগে, যেখানে নারী বিশ্ব নেতৃত্ব দিচ্ছে, আরব সভ্যতায় পরিবর্তন ঘটছে, এবং যেখানে ইসলামের ইতিহাসেই হজরত মুহম্মদ (সা.) এর সহধর্মিণী হজরত খাদিজা (রাঃ) এরপর ২৬ পৃষ্ঠায়



# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়




R | MLS | ISLAND ADVANTAGE REALTY

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েডরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

কামরুজ্জামান বাচ্চু
KAMRUZ ZAMAN BACCU
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs

# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 8 Patricia Court Bethpage NY11714 | 5 Bedrooms, 5 bathrooms | $1,099,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 21 Chimney Lane Bay Shore (Long Island) NY 11706-1922 | 3 Bedrooms, 1 bathroom | $544,900 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 111-32 116th St, Jamaica, NY 11420 | 3 Bedrooms, 2 bathrooms | $799,000 |
| 1067 Mirabelle Ave, Westbury, NY 11590 | 4 Bedrooms, 2 bathrooms | $770,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |
| 3201 Grand Concourse #4M, Bronx, NY 10468 | 1 Bedroom, 1 bathroom | $175,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | 2 Bedrooms, 1 bathroom | $319,000 |
| 715 Fox Street #5J, Bronx, NY 10455 | 1 Bedroom, 1 bathroom | $154,900 |
| 204-15 Foothill Avenue #B53, Hollis, NY 11423 | 2 Bedrooms, 1 bathroom | $275,000 |
| 151-31 88th St. #6H, Howard Beach, NY 11414 | 2 Bedrooms, 1 bathroom | $194,900 |
| 1375 Ocean Avenue #5J, Brooklyn, NY 11230 | 1 Bedroom, 1 bathroom | $209,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০




# শবে বরাত উপলক্ষে গোল্ডেন এজ'র মিলাদ

৬৪ পৃষ্ঠার পর

ব্যক্তিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কোরআন থেকে তেলাওয়াত করেন ইমাম মুহাইমিন বিল্লাহ রব্বানী। তিনি শবে বরাতের বিষয়ে কোরআন ও হাদিসের রেফারেন্স তুলে ধরে বক্তব্য রাখেন।

শবে বরাতের তাৎপর্য নিয়ে বিশেষ আলোচনা করেন ইমাম কাজী কাইয়ুম। তিনি বলেন, এই রাতে আল্লাহ মানুষের জন্য বিশেষ সুযোগ রেখেছেন। কেউ যদি তার অতীত গুনাহগুলো স্মরণ করে আল্লাহর কাছে মাফ চান, আল্লাহ তাকে মাফ করে দেন। তাই এ রাতে আমরা শুধু নিজেদের জন্য নয় আমাদের পূর্বপুরুষদের সকল মুসলিমের জন্য আল্লাহর দরবারে দোয়া করব।

তিনি আরো বলেন, আগে প্রতিটি পাড়ায় মহল্লায় ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে শবে-বরাত পালন করা হতো। এখন সে প্রচলন যেন যেন উঠে যাচ্ছে। মানুষ এখন শবে বরাতের তাৎপর্য অনুধাবন করতে পারছে না। তাই সবাইকে শবে বরাতের তাৎপর্য ও গুরুত্ব উপলব্ধি করে শবে বরাতের শিক্ষা বাস্তব জীবনে প্রয়োগ করতে হবে।

দোয়া মাহফিলে ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন শাহনেওয়াজ গ্রুপ ও গোল্ডেন এজ হোমকেয়ারের সিইও শাহনেওয়াজ, শাহনেওয়াজ গ্রুপের ভাইস প্রেসিডেন্ট রানানেওয়াজ, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান ও কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, কমিউনিটি ব্যক্তিত্ব আটর্নি মঈন চৌধুরী, নিউইয়র্ক-বাংলাদেশ শাকস ক্লাবের সাবেক প্রেসিডেন্ট রফি আলিয়ান, বর্তমান প্রেসিডেন্ট জেএফকের রাসেল, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, কমিউনিটি ব্যক্তিত্ব শাহ শহীদুল হক, রিয়েল্টর নুরুল আমিন, বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির সাবেক সদস্য আবুল কাশেম চৌধুরীও তোফায়েল আহমেদ প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, মহিমান্বিত এ রাতে আমাদের সবাইকে গোপনে ও প্রকাশ্যে এবাদত করতে হবে যাতে আল্লাহর কাছ থেকে মাফ নেয়া যায়। অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ে নাতে রাসুল ও হামদ পরিবেশন করা হয়।
























## বৃহত্তর ময়মনসিংহবাসীর ইফতার ১৩ মার্চ

৩ পৃষ্ঠার পর

দপ্তর সম্পাদক মোহাম্মদ আকরাম হোসেন, সদস্য কায়সার চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।
সভায় ভার্চুয়ালি সংযুক্ত হয়ে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা, বিশিষ্ট সাংবাদিক নিউইয়র্ক ট্রাইট-এর সম্পাদক কোহিনূর আহমেদ। সভায় সংগঠনটিকে আরো শক্তিশালী করার উপরও গুরুত্বারোপ করা হয় এবং ইফতার মাহফিল সফল করতে সবার সহযোগিতা কামনা করা হয়।

## নিউইয়র্কে 'আইস'-এর সাঁড়াশি অভিযানের প্রস্তুতি

৩ পৃষ্ঠার পর

রাজ্যে আইসিই আচরণের স্বাধীন রেকর্ড সংকলন করতে চান, যা সম্ভাব্য লঙ্ঘন ঘটলে অ্যাটর্নি জেনারেলের কার্যালয়কে যে কোনও মামলা মোকদ্দমায় সহায়তা করতে পারে। নিউ জার্সি গভ. মিকি শেরিল সম্প্রতি বাসিন্দাদের আইসিই কার্যক্রম রেকর্ড করতে এবং নির্মিত হতে যাওয়া একটি ওয়েবপৃষ্ঠায় আপলোড করতে উৎসাহিত করেছেন।
তবে নিউইয়র্কের উদ্যোগটি প্রথমবারের মতো কোনও অ্যাটর্নি জেনারেলের কার্যালয় আইন কর্মকান্ডে রিয়েল-টাইম প্রতিক্রিয়া দেওয়ার জন্য আইনজীবী এবং অন্যান্য রাজ্য কর্মচারীদের নিয়োগ করবে।

## এপস্টেইন তদন্তে ক্লিনটন ও হিলারি স্বাক্ষ্য দেবেন

৩ পৃষ্ঠার পর

মার্কিন বিচার বিভাগ প্রকাশিত এপস্টেইন সংক্রান্ত নথিতে বিল ক্লিনটনের একটি ছবি থাকলেও তিনি কোনো ধরনের অনিয়মের অভিযোগ অস্বীকার করেছেন। রিপাবলিকানদের নেতৃত্বাধীন হাউস ওভারসাইট কমিটি গত মাসের শেষ দিকে ক্লিনটন দম্পতিকে অবমাননার অভিযোগে অভিযুক্ত করার প্রস্তাব অনুমোদন করে। এতে কয়েকজন ডেমোক্র্যাট সদস্যও সমর্থন দেন। সে সময় কমিটির চেয়ারম্যান জেমস কোমার বলেন, এ সিদ্ধান্তের মাধ্যমে স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে যে 'আইনের ঊর্ধ্বে কেউ নয়'।
ক্লিনটন দম্পতির আইনজীবীরা কমিটির তলবকে 'কার্যকরযোগ্য নয়' বলে উল্লেখ করে জানান, এপস্টেইন বিষয়ে তাদের কাছে থাকা 'সীমিত তথ্য' ইতোমধ্যে দেওয়া হয়েছে। তারা আরও বলেন, এই আইনি তলব রাজনৈতিক প্রতিপক্ষকে বিব্রত করার কৌশল ছাড়া কিছু নয়। সোমবার সন্ধ্যায় ক্লিনটনের মুখপাত্র অ্যাঞ্জেল উরেনা সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে একটি পোস্টে নিশ্চিত করেন, ক্লিনটন দম্পতি তদন্ত কমিটির সামনে হাজির হবেন। তিনি লেখেন, তারা সদিচ্ছার ভিত্তিতে আলোচনা করেছেন এবং সবার জন্য সমানভাবে প্রযোজ্য একটি দৃষ্টান্ত স্থাপনের প্রত্যাশা করছেন।
কংগ্রেসের নির্দেশে বিচার বিভাগ যে ছবিগুলো প্রকাশ করেছে, তাতে বিল ক্লিনটনকে এপস্টেইনের সঙ্গে এবং তার মালিকানাধীন একটি সম্পত্তিতে দেখা যায়। একটি ছবিতে তাকে সুইমিং পুলে এবং আরেকটিতে হট টাবের মতো স্থানে শুয়ে থাকতে দেখা যায়। এ বিষয়ে ক্লিনটনের মুখপাত্র জানান, ছবিগুলো বহু পুরোনো। হাউস ওভারসাইট কমিটির চেয়ারম্যান আগেও উল্লেখ করেছিলেন, ক্লিনটন দম্পতিকে তলবের সিদ্ধান্ত দ্বিদলীয়ভাবে অনুমোদিত হয়েছিল।

## মিশিগানে বাংলাদেশী মালিকানার নতুন সুপার মার্কেটের উদ্বোধন

৩ পৃষ্ঠার পর

সাবেক কাউন্সিলম্যান মুহিত মাহবুব, সিনিয়র সাংবাদিক শফিক রহমান, বাংলা পত্রিকার সম্পাদক ইকবাল ফেরদৌসসহ কমিউনিটির বিশিষ্টজনেরা। অনুষ্ঠানে মেয়র মেরি শেফিল্ড বলেন, প্রবাসী বাংলাদেশিরা যুক্তরাষ্ট্রের মূলধারার নানা পেশায় মেধা, যোগ্যতা ও দক্ষতার সঙ্গে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। নতুন এই সুপার মার্কেট স্থানীয় অর্থনীতিতে ইতিবাচক ভূমিকা রাখবে। এই সুপার মার্কেটে তাজা শাকসবজি, ফল, মাছ, মাংসসহ বিভিন্ন জনপ্রিয় ব্র্যান্ডের নিত্যপ্রয়োজনীয় পণ্য পাওয়া যাচ্ছে। শহরের কেন্দ্রস্থলে অবস্থান করায় ক্রেতাদের জন্য কেনাকাটার নতুন সুযোগ তৈরি হয়েছে। আশপাশের অনেক বাসিন্দা পায়ে হেঁটেই দোকানে আসতে পারছেন।

## আইসকে সহযোগিতা বন্ধে গভর্নরের প্রস্তাব

৩ পৃষ্ঠার পর

মূল কাজ অর্থাৎ স্থানীয় অপরাধ প্রতিরোধ ও তদন্তে পুরো মনোযোগ দিতে পারে। ফেডারেল কর্মকর্তারা স্থানীয় জেল ব্যবহার করে গণহারে অভিযান চালাতে বা আটকপ্রাপ্তদের স্থানান্তর করতে পারবে না।
গভর্নর তার প্রস্তাবের জন্য মিনিয়াপোলিসে রেনি গুড ও অ্যালেক্স প্রেট্টি হত্যার ঘটনা উদাহরণ হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেন, ফেডারেল অভিবাসন এজেন্টদের হাতে যারা প্রাণ হারাচ্ছে, তা নিউইয়র্কবাসীর কাছে একটি আতঙ্ক। এটি শুধু অভিবাসন নীতি নয়; এটি শক্তির অপব্যবহার। এই প্রস্তাবের উদ্দেশ্য হলো স্থানীয় পুলিশকে তাদের মূল দায়িত্ব হলো স্থানীয় অপরাধ দমন করা ও তা নিয়ে কাজ করতে দেওয়া এবং ফেডারেল সরকারের আচরণের সীমা নির্ধারণ করা।
গভর্নর হোকুল আরো বলেন, গত বছর ফেডারেল ইমিগ্রেশন এজেন্টরা জননিরাপত্তার অজুহাতে বর্ণনাতীত সহিংসতা চালিয়েছে। নিউইয়র্কের ডিস্ট্রিক্ট অ্যাটর্নিরা নতুন আইনকে সমর্থন জানিয়েছেন। ম্যানহাটন ডিএ অ্যালভিন ব্র্যাগ বলেন, যখন ভুক্তভোগী ও সাক্ষীরা পুলিশে অভিযোগ দিতে ভয় পায়, তখন আমরা আমাদের কাজ করতে পারি না। স্থানীয় পুলিশদের আইসের সহায়ক হিসেবে ব্যবহার করলে আমাদের কমিউনিটির প্রতি বিশ্বাস ক্ষুন্ন হয়। ব্রুকলিন ডিএ এরিক গঞ্জালেস বলেন, যখন ভুক্তভোগী ও সাক্ষীরা ফেডারেল এজেন্টদের বিচারবিহীন গ্রেফতারের ভয়ে মুখ খোলার সাহস হারায়, তখন অপরাধ রিপোর্ট হয় না এবং অপরাধীরা দায়মুক্ত থাকে। নতুন আইনের মাধ্যমে ফেডারেল কর্মকর্তাদের বিরুদ্ধে স্টেট পর্যায়ে সিভিল মামলা দায়েরের সুযোগও থাকবে যদি তারা নিউইয়র্কবাসীর সাংবিধানিক অধিকার লঙ্ঘন করে।

## নিউইয়র্কে পুলিশের গুলিতে আহত যুবক বাংলাদেশি

৩ পৃষ্ঠার পর

ঘটনাস্থলে পৌঁছানোর পর জাবেদ একটি রান্নাঘরের ছুরি হাতে নিয়ে পুলিশের দিকে এগিয়ে আসেন। তবে নিমরান খিন্দ বলেন, পরিবারটি ৯১১ অপারেটরকে স্পষ্টভাবে জানিয়েছিল যে জাবেদ কোনো হুমকি নন এবং তাকে কেবল হাসপাতালে নেওয়া দরকার। তারা বলেছিল, সে কোনো বিপদ নয়, শুধু চিকিৎসার জন্য হাসপাতালে যেতে হবে। অন্যদিকে এনওয়াইপিডির এক মুখপাত্র জানান, ৯১১ কলকারী 'ইনভলান্টারি রিমুভাল'-এর অনুরোধ করেছিলেন, যার ফলে একসঙ্গে ইএমএস ও পুলিশ পাঠানো হয়। ফায়ার ডিপার্টমেন্ট অব নিউইয়র্ক (এফডিএনওয়াই) জানিয়েছে, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থায় ইএমএস ঘটনাস্থলে পৌঁছেছিল। এনওয়াইপিডি আরো দাবি করেছে, পরিবারের আমন্ত্রণেই কর্মকর্তারা বাড়ির ভেতরে প্রবেশ করেন এবং জাবেদ ছুরি ধরার আগ পর্যন্ত তারা কোনো অস্ত্র বের করেননি। গুলির ঘটনার পর পুলিশ পরিবারের সদস্যদের মোবাইল ফোন জব্দ করে এবং অভিবাসন সংক্রান্ত প্রশ্ন করে বলে পরিবার অভিযোগ করেছে। নিমরান খিন্দের দাবি, কর্মকর্তারা পরিবারটি কোন দেশ থেকে এসেছেন, সর্বশেষ কবে দেশে গিয়েছিলেন এবং পরিবারের সন্তানসহ যুক্তরাষ্ট্রে জন্মেছেন কি না-এসব প্রশ্ন করেন। এই ঘটনার আগে ২০২৪ সালের মার্চে ওজোন পার্কে এনওয়াইপিডির গুলিতে নিহত ১৯ বছর বয়সী বাংলাদেশি খ্রিস্টান তরুণ উইন রোজারিও।

## জামাত ক্ষমতায় এলে কি 'ভালবাসা দিবস' পালন করা যাবে?

৫ পৃষ্ঠার পর

আপত্তান দিয়ে এনসিপির ১৩ নেতা একযোগে পদত্যাগ করেছেন। নাদিক কায়েম বলেছেন, হাসিনাকে লাথি দিয়ে ভারতে পাঠিয়েছি, ভারতে সাবেক আপনাদেরও সেভাবেই ফিল করবো। এর উত্তরে ছাত্রদল বলেছে, সাদিক ভাল হয়ে যা, দেশ থেকে পালাতে পারবি না, আজীবন ছিলি তো আওয়ামী লীগের লুঙ্গির নীচে। ছুটিয়া গেছো শেখ হাসিনাকে তো আমা মার্কেট। কেউলিনুক জরিপ জানাচ্ছে, বাংলাদেশের ৭৭% জনগণ এখনো প্রধানমন্ত্রী হিসেবে এখনো শেখ হাসিনাকেই পছন্দ করেন।
একটি চুটকি দেখলাম, একটি ছেলে আর একটি মেয়েকে প্রশ্ন করছে যে, আচ্ছা ধর ১২ই ফেব্রুয়ারি কোন না কোন ভাবে জামাত ক্ষমতায় চলে এলো, তাহলে কি ১৪ই ফেব্রুয়ারি 'ভালবাসা দিবস' পালন করা যাবে? শেখ হাসিনার আমলে পাকিস্তান বাংলাদেশের উন্নতিতে ঈর্ষা করতো; ড. ইউনূসের আমলে নেপাল বলে আমরা বাংলাদেশ হতে চাইনা, আর জামাত ক্ষমতায় এলে সিরিয়া বলবে আমরা বাংলাদেশ থেকে ভাল। অধ্যাপক আবু মোহাম্মদ বলেছেন, আমরা বুঝতে ভুল করেছি, দেশের অনেক ক্ষতি হয়ে গেছে। পাঠক, এই ভুলের মাশুল পুরো জাতিকে দিতে হবে, কোন শর্টকাট নেই!
লেখক: যুক্তরাষ্ট্র প্রবাসী।



# এই সপ্তাহের কবিতা



## তরঙ্গ-বন্ধনে জ্বলে বিভাবরী
### আহম্মদ হোসেন বাবু

তোমার ঠোঁটের তিলে, দিবারাত্রি খুন হই আমি
তোমার ছায়ার মায়া পেতে, আনচান আমার মন
দিঘল চিকন কালো কেশে, বক্ষশোণি যায় থামি;
গুণী বাজিয়ের মতো, একতারাটা করি উন্মোচন।

টানা কাজল চোখের বাঁকা চাউনি গ্রহতারাময়ী
অঙ্গে লাবণ্যের স্রোতে, নতুন গাঙের ছলচলানি;
মধুর মৈথুনে, তুমি আনন্দময়ী রহস্যময়ী!
যৌন সম্ভোগের কাল্পনিক অভিসারে ঝলমলানি।

অমল-ধবল সূর্যালোক, চমকায় কাঞ্চনজঙ্ঘায়
ভাবের মানুষ তুমি, চোখে যার দুগ্ধশুভ্র জ্যোতি;
নগ্ন চিত্ত মগ্ন হলো, জ্যোতিষ্কের আলোকধারায়
তরঙ্গ-বন্ধনে জ্বলে বিভাবরী, নক্ষত্রের দ্যোতি।

আমি জাগি চাঁদ জাগে, শুভদৃষ্টি দিয়ে দূর্বাঘাসে
সুখ-দুঃখ অবিভাজ্য, জোড়ায় জোড়ায় ওরা আসে।



## দায়িত্ব জ্ঞান
### সুজন দাশ

দায়িত্ব না দিলে শেখে না শিশুরা
বড় হলে তারা নেয়নাও দায়,
না চাইতে যারা পেয়ে যায় সব
চিরকাল ওরা পেতে শুধু চায়।

বাস্তবতার শেখে নাও কিছু
আপনার স্রোতে ওরা ভেসে যায়,
বোঝেনা কোথায় ঘাত প্রতিঘাত
সভ্যতা ন্যায়,- পেলে গিলে খায়!

ছোটকাল থেকে যেসব শিশুরা
দুচোখে দেখেছে কষ্টও জ্বালা,
তারাই পেয়েছে বাস্তব জ্ঞান---
বিবেকে তাদের দেয়নিও তালা।

দায়িত্ব নিয়ে সবার অগ্রে
এগিয়েছে তারা কোন ভুল নেই,
নিয়েছে রাষ্ট্র সমাজের দায়
বিপদেও তারা হারায়নি খেই।

অতিব যত্নে বেড়ে ওঠে যারা
ননীর পুতুল হয়েছে ওরাই,
দায়িত্ব নিতে পারে ওরা কম
অল্পে তাদের দমও ফুরায়।



## যখন তোমার ঐ খোলা চুল
### মোহাম্মদ আব্দুল আজিজ

যখন তোমার ঐ খোলা চুল হাওয়ায় উড়ে
পীঠের উপর আছড়ে পড়ে,
তখন আমি তাই দেখে হই নিমেষহারা
চোখে কি আর পলক পড়ে?

তোমার এ চুল দেখে ঐ ফুল ফাগুনে
গোলাপ বেলি হেসে ফোটে,
গাছে গাছে পিউপাপিয়া পরান পিয়া
সুরে সুরে গেয়ে ওঠে।
তোমার চুলে তাই কি এসে প্রেমাবেশে
মাতাল হাওয়া খেলা করে?

যখন তুমি চুল শুকোতে দাঁড়িয়ে থাকো
বারান্দাতে একটু দূরে,
তোমার এলো চুলগুলো যেন উড়ু উড়ু
ডানা মেলে হাওয়ায় উড়ে।
তখন আমার কি দোষ বলো মুগ্ধ হয়ে
দেখলে সে চুল দু-চোখ ভরে?



## তুষার ঝড়ে পাখি
### ইকবাল খান

আকাশে নেমেছিল হঠাৎ তুষারের রাজত্ব,
ডানায় ডানায় জমে উঠেছিল নীরব সাদা ক্ষত।
ঝড় তাকে ছুঁড়ে দিয়েছিল অচেনা দিগন্তে,
দিকচিহ্ন ভেঙে গিয়েছিল বাতাসের চাপে।
ফিরে এসে সে খুঁজেছিল চেনা ডালের উষ্ণতা,
সেখানে ছিল শুধু ঠান্ডা নীরবতা।
বাসার জায়গায় ঝুলছিল শূন্যের বরফ,
স্মৃতির পালক ঝরত নিঃশব্দে।
সে ডাক দিয়েছিল সঙ্গীর নামে বারবার,
প্রতিধ্বনি ছাড়া কেউ উত্তর দেয়নি।
তুষারের ভেতর ভালোবাসা জমে ছিল পাথরের মতো,
তবু হৃদয় উষ্ণ রাখতে সে ডানা মেলেছিল।
আকাশ জানে-হারানো মানেই শেষ নয়,
উড়া মানে আবার শুরু।
একলা পাখির চোখে জ্বলেছিল নতুন সকাল,
বরফের বুক চিরে উঠে এসেছিল আশা।



## শেষ করা যায় গুনে?
### উৎপলকান্তি বড়ুয়া

টাকার জন্য ব্যস্ত শহর
জীবন বাঁচা মরা,
টাকার জোরেই ধরাকেও
সরা জ্ঞান করা।

টাকার গোলাম টাকা ছাড়া
হাতড়ে না পায় কূল,
টাকাই হলো আসল বুঝি
সুখের উৎস-মূল!

টাকার জন্য জেনে শুনেও
আগুনে দেয় ঝাঁপ,
টাকার জোরেই নৃশংসতার
সাত খুন হয় মাপ।

ফাঁকা মেধা প্রতিভাগুণ
টাকার কাছে গিয়ে,
যোগ্যতারও মাপকাঠি আজ
হয়রে টাকা দিয়ে।

আধ মরাও জীবিত হয়
টাকার শব্দ শুনে,
টাকার গুণ ও কদর বুঝি
শেষ করা যায় গুনে?



## রক্তে অর্জন বাংলাদেশ
### সাঈদুর রহমান লিটন

রক্ত দিয়ে কেনা হলো
আমার বাংলাদেশ,
দেশের মাটির অমোঘ টানে
দমদ অনিঃশেষ।

জীবন দেওয়া মাটির দামে
আমার দেশের জন্য,
যাদের জন্য দেশটি পেলাম
তাদের কাছে ধন্য।

মা-বোনের ইজ্জতের মূল্যে
জন্মভূমি কেনা,
জীবন বাজি রাখতে পারে
এমন বীরাঙ্গনা।

নয়টি মাসের না ঘুমানো
স্বাধীনতার ফল,
সীথির সিঁদুর মুছে যাওয়া
উদ্বিগ্ন চোখের জল।

দেশের মাঝে বসত করছে
কতো হায়েনার দল,
সময় মতো রুখতে হবে
লুকিয়ে থাকা খল।



## আমার প্রিয় কবি
### মাসুদ রানা

মিনা-রাজু খুশিতে আজ
খুলে নতুন বই,
বাবার কাছে,মায়ের কাছে
বইয়ের কথা কই।

নতুন বইয়ে ঘ্রাণে ঘ্রাণে
খুলছে শতবার,
বাবার কাছে,মায়ের কাছে
কবিতা পড়ব আর।

নতুন বইয়ের গল্প পড়ে
বলবো দাদুর কাছে,
বিশাল বড় ডাইনি বুড়ি
কাহিনী তার আছে।

আমার প্রিয় কবির লেখা
সকাল বেলার পাখি,
কাজী নজরুল ইসলাম তারে
দুখু মিয়া ডাকি।

নতুন বইয়ে পাতায় পাতায়
লেখা দেশের নাম,
আমার দেশে মুক্তিযোদ্ধার
আছে যে সুনাম।



## উমরাহ
### সীমু আফরোজা

যে মহত উদ্দেশ্য নিয়ে তুমি আজ গিয়েছো
তার পবিত্রতায় আল্লাহ যেন পরিপুর্ন ভাবে মনজুর করেন।
তোমার প্রতিটি চাওয়ার প্রতি স্রষ্টা যেন সন্তুষ্ট থাকেন
আমার জন্য তুমি অন্তর থেকে নেক যে দোয়া করবে
তা যেন আমার রবের কাছে মুহূর্তেই পৌছায়।
তুমি যখন হাত উঠাও সেখানে একটি বার যেন আমিও সামিল হই,
পবিত্র কাবাঘরে তোমার যখন দৃষ্টি পরবে।
সেই চোখে আমার চোখেরও আলোকপাত হোক
পয়োয়ার দিগারের কাছে সর্মপন করে তোমার আহাজারি পৌছাক
আর আমার "আমিন আমিন" ধ্বনিত হোক সারা পৃথিবীময়।
নবীজির রওজায় অশ্রুসিক্ত চোখে তুমি নতজানু গুনাহ মাপের,
আমার অন্তর ধ্বনিত হোক নিজেকে সর্মপনের উম্মতের ভিক্ষারী হয়ে।
ফিরে আসবে যখন এই ভুবনধরায়
তোমার ভিতরের ইবলিশকে নিক্ষেপ করো পশ্চাতে
চিরতরে মন এবং আকিদায়।
নিজেকে বদলে ফেলো বিবেকের তাগিদে,
মোহ মায়াজাল সব কিছুই নিছক সময়ের খেলা।
কঠিন আজাবের কথা অনুভব করে দৃঢ়তায় স্বজ্ঞানে পা রাখো।
ইনশাআল্লাহ বিজয় নিশ্চিত।

# রুপা খানমের জন্মদিনের কবিতা



## অপরূপা
### রুপা খানম

তুমি সমুদ্রের মতো নীলাভ
জীবন যন্ত্রণার বিষে সিক্ত
বইছে শীতল- উষ্ণ স্রোত।
কতো রূপে প্রকাশে নিজেকে
ভাবের বৈচিত্রতায় মুগ্ধ করো
রঙিন স্বপ্ন ছড়িয়ে দাও
কিন্তু আত্মদর্পনে ম্লান রও।
শক্তি আস্থা ভবিষ্যত পথ-
এগিয়ে চলার সঞ্জীবন মন্ত্র
উৎসের মনেও এমনই ঢেউ
বাস্তবের বাইরে নয় কেউ।
সূক্ষ্ম অদৃশ্য পরমচেতনা হতে-
দৃশ্যমান বাস্তবে মানবরূপে এলে,
কর্ম ও সেবার মহান ব্রত নিয়ে,
জীবন্ত মোলমতেল কিংবদন্তি হয়ে।
অপরূপ সৌন্দর্যময় রূপ লাবণ্যে-
বিশ্ব প্রকৃতির অনবদ্য মহিমায়,
সর্বসাধারণের জীবনদিশা হয়ে,
ধৈর্য সহিষ্ণুতা ত্যাগ মধুরতা লয়ে।
বিনম্র বিদগ্ধ সর্বধারক হে মহীয়সী-
ক্লান্তিহীন প্রাণবন্ত প্রত্যাশা স্বপ্নদ্রষ্টা,
তুমি আলো সুখ প্রেম ভালোবাসা-
তুমিই- বল পূর্ণতা প্রশান্তি আশ্রয়।
সমস্ত সৃষ্টির অবাক বিস্ময় তুমি-
তোমাতেই হোক সবার মহামিলন।



## সুকুমার বড়ুয়া স্মরণে
### ভীষ্মদেব মণ্ডল

কবিতার বাতিঘর সুকুমার দাদু
খুব ভালো ছড়াকার জানতেন জাদু,
অগণিত লেখা তার সকলের তরে
মনদিয়ে সেই সব অনেকেই পড়ে।
ফুল পাখি খাল বিল ফসলের মাঠে
অবারিত বিচরণ জনতার হাটে,
ভালোবেসে ষড়ঋতু রবি শশী তারা
সবকিছু তুলেধরে লেখনীর দ্বারা।
কাগজের গুরুভারে অবদান রেখে
হয়ে যান নন্দিত অনেকের থেকে,
একুশের পদকের সুশোভিত কবি
তিনি আজ আমাদের চেতনার রবি।
দু'হাজার ছাব্বিশ জানুয়ারি দুই
ঝরে গেছে কাননের সুবাসিত জুঁই,
বিধাতার কাছে তাই অনুরোধ থাকে
দয়াকরে পরলোকে সুখে রেখো তাকে।



## ডিজিটাল স্বপ্নের ভুবন
### মোহাম্মদ মহিবুর রহমান

বিজ্ঞান আজ উন্নতির চরম শিখরে
নানা আবিষ্কারে সভ্যতা আজ উচ্চ স্তরে।
ডিজিটাল যুগে এখন এআইয়ের লড়াই
উন্নত বিশ্বে চলছে প্রযুক্তির বড়াই।

আজ তারাই এগিয়ে, যারা ডিজিটালে সফল
সাইবার যুদ্ধ- প্রযুক্তির এক কুফল।
আজ মানুষ অসম্ভব জয়ের রাহুগ্রাসে
মানুষ ছুটে চলে দিক হতে দিগন্তে।

ডিজিটাল স্বপ্নের ভুবন, অসীম চিন্তাধারা
পুরনো মিউজিয়ামে থেমে, এগিয়ে ডিজিটালে যারা।
ধরাছোঁয়া যায় না, তবুও বাস্তব
বিশ্ব আজ হাতের মুঠোয়- অজানাও জানা সম্ভব।

ব্যবহারের উপর নির্ভর আশীর্বাদ-অভিশাপ
ডিজিটালে বিশ্ব হোক এক- দূর হোক সব শাপ।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Diana Won Assembly District 36 Election

**Ajaka Report**






36th Assembly District > All Counties (Active Re- Election Districts Reporting: 70 of 70

| Candidate | % (by Candidate) | Votes (by Candidate) |
|---|---|---|
| Diana C. Moreno | 73.78 % | 6,209 |
| Rana Abdelhamid | 17.05 % | 1,435 |
| Mary Jobaida | 7.74 % | 651 |
| Blank | 0.15 % | 13 |
| Void | 0.07 % | 6 |
| Write-in | 1.20 % | 101 |
| Total Votes | | 8,415 |

Diana Moreno elected on Tuesday to replace Mayor Zohran Mamdani in the State Assembly, handily winning the three-way race in the low turnout special election. 38-year-old Democratic Socialist Moreno win with 6,209 votes. Her Opponents Rana Abdelhamid and Mary Jobaida got respectivly 1,435 and 651 votes.

Diana Moreno (D-NY), a community organizer and devout member of the DSA secured 74% of the vote It wasn't particularly close. Moreno brought in nearly 74 percent of the vote with around 99 percent of ballots counted on Tuesday night in the race for Assembly District 36.

Her stiffest competition was herself. Carrying both the Democratic and Working Families ballot line, Moreno, the Democratic nominee, beat out Moreno, the Working Families nominee, by a mere 200 votes.

Rana Abdelhamid, a local organizer and nonprofit leader, finished second with around 17 percent of the vote. Mary Jobaida, also a local organizer and former Assembly candidate, finished last with a little under 8 percent of the vote.

Moreno's victory, which she'll have to defend in the upcoming June primary race for the seat, appeared inevitable.

Moreno was not only endorsed by Mamdani – who won 70 percent of the vote in the district in the November mayoral race – but she was also backed by the New York City Democratic Socialists of America, the Working Families Party and the Queens County Democratic Party, in a rare, if not unprecedented, alignment from the three political organizations.

On the campaign trail, the Ecuadorian-born, Astoria resident billed herself as Mamdani's political successor and vowed to fight for his agenda in the state legislature. She'll arrive at the Assembly just as state budget negotiations start to heat up.

At her election night party in Astoria, Moreno said she was committed to fight every single day to make sure that our district, Astoria and Long Island City, becomes the model for the future that we want to see in this country." Many voters in Assembly District 36 are represented by DSA-backed candidates in the City Council, the state legislature, Congress, and, now, the mayor's office.

"We are showing the world what it means to build a world where the dignity of workers is at the center of our politics, where the safety and precious life of all children is equal and respected," Moreno said during her victory speech. "That is the path forward."

Mamdani traveled from City Hall to his old neighborhood to welcome Moreno to the office he once held.

"This district, it means a lot to all of us because it's home," the mayor said. "I can tell you, there is no one that I would rather see leading this district, leading this fight for working people across the entire state, than our new and next assemblymember, Diana Moreno."



## Bangladesh calls for social development and social justice

**Anik Raj**

New York, 03 February 2026: Bangladesh called for renewed global solidarity and people-centred policies to advance social development and social justice.

Speaking at the sixty-fourth session of the Commission for Social Development (CSocD64) at the United Nations Headquarters in New York today, the Bangladesh Permanent Representative emphasized the need to build compassionate societies with equal opportunities for all.

Bangladesh Permanent Representative also highlighted the governments holistic development approach with a strong focus on rural development, women's empowerment, youth development, social protection, climate resilience and inclusive finance.

Bangladesh also called for strengthened international support for debt relief, disaster response, and protection of persons subjected to displacement due to persecution.

The sixty-fourth session of the Commission for Social Development (CSocD64) is being held at the United Nations Headquarters in New York from.

## NYC residents can qualify for free tax prep services

**Ajkal Desk**

New York City is providing free tax preparation services for many residents and leading an aggressive enforcement campaign against predatory tax preparers as Tax Day approaches, Mayor Zohran Mamdani said Tuesday. Individuals and couples without dependents who made up to $68,000 in income last year and families who made up to $97,000 are eligible to file their tax returns with NYC Free Tax Prep, according to administration officials.




Nearly half of New Yorkers qualify for the program, which connects filers with IRS-certified volunteer accountants who prepare their taxes free of charge.

"In a city where a dignified life is already hard enough to afford, where the cost of rent and child care and transit feel insurmountable to so many, a few added dollars can make all the difference," Mamdani said at a press conference Tuesday.

He said the program helps New Yorkers "keep every dollar that they've earned and avoid the predatory fees that proliferate throughout so much of the tax industry."

Roughly 110,000 tax returns were completed through the program last year, saving residents an average of $346 per return, or about $38 million total, according to officials. The program operates year-round at more than 140 sites citywide, including Health and Hospitals and MetroPlusHealth locations. It offers in-person, drop-off and virtual filing services in multiple languages, and also serves small business owners and self-employed filers, such as freelancers and gig workers. Sam Levine, commissioner of the city's Department of Consumer and Worker Protection, said the administration is also ramping up monitoring of unscrupulous tax preparers who overcharge customers or charge hidden junk fees.

Tax-filing costs can often be driven up by deceptive practices, like high-interest refund loans marketed as "fast cash," officials said.

"This tax season, we're deploying inspectors across New York to ensure tax preparers are following the law," Levine said at the press conference. "We are issuing warning letters reminding preparers of the city's ban on illegal overcharging and hidden fees. And we're urging New Yorkers to ask your preparer for the consumer Bill of Rights before paying anyone to file your taxes."

Officials said residents can learn more about the program here and visit DCWP's website to file consumer complaints.

## Channel i to air Language Day special drama 'Chithiwala'

**Ajkal Desk**

To mark International Mother Language Day, Channel i will air the special television drama "Chithiwala" on February 21. Built around a single, unread letter, the play quietly probes memory, language, and the cost of cultural drift in an urban, upwardly mobile Bangladesh.

Written by Shafiqur Rahman Shantanu and scripted and directed by Rashid Harun, the drama is set inside a middle-class city home that sees itself as modern. Anik lives with his wife Shaily and their son Anindya, whom he sends to an English-medium school. He is busy, aspirational, and convinced that progress requires distance from the village, the past, and Bangla itself.

That certainty is disrupted when Hashem Chacha arrives from the village carrying a letter. It is meant for Anik. Daily life intervenes. The letter remains unopened. Yet Hashem Chacha's presence begins to shift the emotional balance of the household, revealing quiet tensions Anik has long ignored. When the letter is finally read, its impact is unmistakable. It was written by a language movement activist, a friend of Anik's late father. Personal in tone but national in weight, the letter recalls the dream that drove people to die for Bangla and later to fight for independence. It then asks, without accusation, what became of that dream. The implied Continued on page 26



# Mamdani Announces 50,000 3-K and Pre-K Applications Submitted

Ajkal Desk



Mayor Zohran Mamdani announced that more than 50,000 families have applied for 3-K and Pre-K since applications opened on Jan. 14, 2026. The announcement came during a visit to a home-based child care provider in Manhattan's Chinatown.

Home-based child care providers are eligible 3-K providers and offer culturally and linguistically responsive care for families across the city.

The visit marked one of the first times in recent years that a sitting mayor has visited a home-based child care provider, underscoring the Mamdani administration's commitment to supporting community-based and home-based child care providers. "Every child deserves access to free, high quality childcare – and we're making sure families across the city know that now is the time to enroll in 3-k and pre-K," said Mayor Mamdani. "Over the past few weeks, we've left no stone unturned in getting the word out, and the strong response so far shows that families are ready. Applications are still open through Feb. 27, and we encourage every eligible family to apply."

Families can apply by visiting myschools.nyc, calling 718-935-2009 or visiting one of the city's 13 Family Welcome Centers.

"These numbers show what we already know – New York City families understand the power of early childhood education," said Schools Chancellor Kamar Samuels. "High-quality 3-K and Pre-K programs give our youngest New Yorkers a strong foundation for learning while supporting working families across the city."

Applications remain open through Feb. 27, 2026. All families with eligible children are encouraged to apply at myschools.nyc.gov or by calling 718-935-2009. Support is available in multiple languages. Applications are not accepted on a first-come, first-served basis, and any family that applies by the deadline will receive an offer.

The City's Family Welcome Centers are open Monday through Thursday, from 8:00 a.m. to 5:00 p.m., and on Fridays from 8:00 a.m. to 3:00 p.m. Families can call 718-935-2009 from 8:00 a.m. to 6:00 p.m., Monday through Friday.

Today's visit builds on Mayor Mamdani and Governor Hochul's historic announcement earlier this month delivering 2-Care to New York City. As envisioned by the Mamdani Administration, the first year of 2-Care will focus on high-need areas selected by New York City, with plans to expand to serve all interested families citywide by year four. Mayor Mamdani will also partner with Governor Hochul to strengthen and fix the city's 3-K program and ensure it delivers on its promise of universal access.



## US shoots down Iranian drone that approached to US aircraft carrier

Ajkal Desk

A U.S. Navy fighter jet shot down an Iranian drone that was approaching the aircraft carrier USS Abraham Lincoln in the Arabian Sea, U.S. Central Command said Tuesday, threatening to ramp up tensions as the Trump administration warns of possible military action to get Iran to the negotiating table.

The drone "aggressively approached" the aircraft carrier with "unclear intent" and "continued to fly toward the ship despite de-escalatory measures taken by U.S. forces operating in international waters," Central Command spokesman Capt. Tim Hawkins said in a statement Tuesday.

The shootdown occurred within hours of Iranian forces harassing a U.S.-flagged and U.S.-crewed merchant vessel that was sailing in the Strait of Hormuz, the U.S. military said.

The Shahed-139 drone was shot down by an F-35C fighter jet from the Lincoln, which, according to Hawkins, was sailing about 500 miles (800 kilometers) from Iran's southern coast. The military's statement noted that no American troops were harmed and no U.S. equipment was damaged.

Then, hours later, Iran's Islamic Revolutionary Guard Corps forces harassed the merchant vessel Stena Imperative, the military said.

According to Hawkins' statement, two boats and an Iranian Mohajer drone approached the ship "at high speeds and threatened to board and seize the tanker."

The destroyer USS McFaul responded to the scene and escorted the Stena Imperative "with defensive air support from the U.S. Air Force," the statement said, adding that the merchant vessel was now sailing safely.

The actions come as tensions are high between the longtime adversaries. They began to rise again as Iran's government spent weeks quelling protests that began in late December against growing economic instability before broadening into a challenge to the Islamic Republic.

President Donald Trump had promised in early January to "rescue" Iranians from their government's bloody crackdown on protesters, which later morphed into a pressure campaign to get Tehran to make a deal over its nuclear program. That is even as the Republican president insists Iranian nuclear sites were "obliterated" in U.S. strikes in June.

"We have talks going on with Iran. We'll see how it all works out," Trump told reporters in the Oval Office on Monday. Asked what his threshold was for military Continued on page 26




## Nearly half of former Awami League voters now lean towards BNP

Ajkal Desk

Former Awami League voters are showing a significant shift in political preference ahead of Bangladesh's upcoming national election, with 48 percent now leaning towards the BNP, according to a new nationwide survey. At the same time, 37.4 percent of voters who are voting for the first time since 2008 said they prefer Jamaat-e-Islami, the survey said.

The survey also shows strong public interest in voting. More than 90 percent of voters said they want to cast their ballots in the upcoming election, while around eight percent said they are undecided or may not vote.

Titled "Uncovering the Public Pulse: A Nationwide Survey," the findings were presented by Zakaria Palash, strategic coordinator of the Communication and Research Foundation, at the Jatiya Press Club in Dhaka this morning.

The survey was jointly conducted by the Communication and Research Foundation and Bangladesh Election and Public Opinion Studies. It covered 11,038 voters across the country using stratified random sampling, with data collected in two phases between November 20 and December 31, 2025.

According to the survey, corruption has emerged as the most important issue for voters. About 67.3 percent of respondents identified corruption as their top concern, while only 35.9 percent mentioned religion as a key issue. Despite Bangladesh being a Muslim-majority country, the survey suggests that identity and religious issues are less important to voters than governance, transparency and economic challenges.

Voters across age groups and genders said they prefer leaders who care about ordinary people and can demonstrate strong and effective leadership. Personal charisma was seen as less important than empathy, accountability and the ability to Continued on page 26



# কিভাবে বুঝবেন শিশুর অটিজম

অধ্যাপক ডা. প্রণব কুমার চৌধুরী



অটিজমে আক্রান্ত শিশু মানসিক বিকাশে পিছিয়ে থাকে এবং তার আচার-আচরণে থাকে নানা অসংগতি। তিন বছর বয়সের আগে এই রোগের উৎপত্তি ঘটে। বিশ্বব্যাপী হু হু করে বেড়ে চলেছে অটিজমে আক্রান্ত শিশুর সংখ্যা, প্রতিবছর ১৫ শতাংশ বাড়তি হারে। প্রতি ১১০ শিশুর একজন এতে ভুগছে।
ছেলেশিশুদের মধ্যে অটিজমে আক্রান্ত হওয়ার হার চার গুণ বেশি। অটিজমে আক্রান্ত শিশু সবার সঙ্গে মেলামেশার ভাষা খুঁজে পায় না, সামাজিক আচরণগুলো রপ্ত করতে পারে না। শুধু তা-ই নয়, শিশুটির ব্যবহারের ধরন নির্দিষ্ট গণ্ডির মধ্যে থেকে যায় এবং একই আচরণ বারবার করতে থাকে।

কারণ
এই রোগের সুনির্দিষ্ট কারণ নেই। জেনেটিক ও পরিপার্শ্বগত প্রভাব যৌথ ভাবে দায়ী বলে মনে করা হয়।

লক্ষণ
১২ মাস বয়স : আঙুল দিয়ে কোনো কিছু দেখিয়ে দেয় না, হাত নেড়ে বাই বাই দেয় না।
১৬ মাস বয়স : মা, বাবা, এ রকম একটা শব্দও বলে না।
২৪ মাস বয়স : দুই শব্দের কোনো বাক্য; যেমন-'আমি খাব' বলতে পারে না।
এ ছাড়া অটিজমে আক্রান্ত শিশুরা চোখের কোনা দিয়ে দেখে। পরিপূর্ণভাবে কারো সঙ্গে চোখে চোখ রেখে তাকে দেখা, কথা বলে না। কথা বলে না তবে শব্দ আওড়ায়, তোতাপাখির বুলির মতো, নিছক নিজের খুশিমতো এরপর ২৭ পৃষ্ঠায়



# অটিজম শিশুর অভিভাবকদের করণীয়

ফিদা আল-শামস

অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার মস্তিষ্কের একটি জটিল স্নায়ুবিক বৈকল্য; যা আজ বৈশ্বিক সর্বজনীন এবং জীবনব্যাপী সমস্যা হিসেবে বিবেচিত হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যমতে- প্রতি ১০০ জন শিশুর মধ্যে অন্তত একজন অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশু রয়েছে। আমেরিকার সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (সিডিসি) তথ্যমতে- প্রতি ৩৬ জন শিশুর মাঝে একজন শিশু অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারে শনাক্ত হচ্ছে।
বিভিন্ন সমীক্ষায় এসেছে মেয়েদের তুলনায় ছেলেদের অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন হওয়ার সম্ভাবনা প্রায় চারগুণ বেশি। কোনো এক নির্দিষ্ট কারণ খুঁজে পাওয়া না গেলেও অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন হওয়ার ক্ষেত্রে জিনগত বৈচিত্র্যতাই উঠে এসেছে বিভিন্ন গবেষণায়।
একটি পরিবারে যখন একটি শিশুর জন্ম হয় তখন পরিবারের সবার উৎসাহের কেন্দ্রবিন্দুতে থাকে সেই শিশুটি। জন্মের পরপরই শিশুর চেহারা দেখে বোঝা অসম্ভব যে শিশুর অটিজমের বৈশিষ্ট্য আছে কি না, কারণ অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার অনেক জটিল বৈশিষ্ট্যের সমষ্টি, যেমন আচরণগত সমস্যা, সামাজিক যোগাযোগে বৈচিত্র্যতা ও পুনরাবৃত্তিমূলক বা সীমাবদ্ধ আচরণকে বুঝায় যা বয়সের সঙ্গে ধাপে ধাপে প্রকাশ পেতে থাকে।
অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার যে এক ধরনের প্রতিবন্ধিতা এটা অনেকেই বুঝতে পারেন না। মানুষের চেহারা বা শরীরের কোনো অঙ্গহানির মাধ্যমে অনেকেই প্রতিবন্ধিতাকে দৃশ্যমান করতে চান। ফলে অনেকেই অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর চেহারা বা শরীরে বৈচিত্র্য খুঁজতে থাকেন এবং অন্য কোনো প্রতিবন্ধি শিশুকে অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ভেবে ভুল করে ফেলেন।
যখন একটি শিশু নাম ধরে ডাকলে তাকাচ্ছে না, মনোযোগ ধরে রাখতে পারছে না, নির্দেশনা অনুসরণ করছে না কিংবা বয়স অনুযায়ী সঠিকভাবে কথা বলতে পারছে না বা ভাষা বুঝতে পারছে না তখন অনেকেই ধরে নেন যে হয়তো বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে সব ঠিক হয়ে যাবে। কথা বা ভাষার প্রকাশে বিলম্ব হওয়া আর অটিজম বৈশিষ্ট্যের প্রভাবে ভাষাগত বৈকল্য যে এক বিষয় নয় তা অনেক ক্ষেত্রেই বোধগম্য হয় না সবার। অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর যেখানে দ্রুত শনাক্ত হওয়া এবং পরবর্তীতে সমন্বিত চিকিৎসার মাধ্যমে দ্রুত ব্যবস্থাপনা গ্রহণ জরুরি সেখানে শিশুর বয়স বাড়ার সঙ্গে কথার বিকাশ হয়ে যাবে ভেবে অনেকেই বিলম্ব করতে থাকেন, ফলে শিশুর অটিজমজনিত বিভিন্ন সমস্যার বয়স উপযোগী চিকিৎসা থেকে শিশু বঞ্চিত হয়। অথচ এরপর ৪৫ পৃষ্ঠায়

# লিভার ক্যান্সারকেও প্রতিরোধ করা সম্ভব

ডা. মুহাম্মদ সায়েদুল আরেফিন



মানবদেহের সবচেয়ে বড় অঙ্গের একটি লিভার বা যকৃৎ। শরীরকে যদি একটি কারখানার সঙ্গে তুলনা করা হয়, তাহলে সেই কারখানা যথাযথভাবে চালনার জন্য অনেক গুরুত্বপূর্ণ কাজ করতে হয় এই লিভারকে। কার্বোহাইড্রেট বা চিনি এখানে শক্তির আধার হিসেবে সঞ্চিত থাকে। লিভারে তৈরি পিত্তরস চর্বিজাতীয় খাবারকে হজমে সহায়তা করে। শরীরের প্রবেশকৃত বিভিন্ন ক্ষতিকর জীবাণুকে ধ্বংস করে রোগ প্রতিরোধে বিশাল গুরুত্বপূর্ণ কাজ করে থাকে এই লিভার। রক্ত জমাট বাঁধার বিভিন্ন উপাদানসহ নানা গুরুত্বপূর্ণ প্রোটিনও এই লিভারেই তৈরি হয়ে থাকে।

লিভার ক্যান্সার কী?
লিভার মূলত 'হেপাটোসাইট' কোষ দ্বারা গঠিত। 'হেপাটোসাইট' ছাড়াও লিভার কোলাঞ্জিওসাইট, রক্তনালির কোষ ইত্যাদির সমন্বয়ে গঠিত। লিভারের মূল কোষ হেপাটোসাইটের অস্বাভাবিক এবং এলোমেলো বৃদ্ধির ফলে লিভারে যে টিউমার তৈরি হয়, সেটিকে 'হেপাটোসেলুলার কার্সিনোমা' বলা হয়।

পরিসংখ্যান
লিভার সিরোসিস, ফ্যাটি লিভার বা শরীরের অন্যান্য ক্যান্সারের কথা বিভিন্ন মাধ্যমে অনেক আলোচিত হলেও লিভার ক্যান্সার নিয়ে যেন তুলনামূলক কম কথা শোনা যায়। কিন্তু বিশ্ব পরিসংখ্যান মতে, ক্যান্সারজনিত মৃত্যুর তৃতীয় প্রধানতম কারণ এই লিভার ক্যান্সার। ২০২০ সালে সারা পৃথিবীতে ৯ লাখের বেশি মানুষের লিভার ক্যান্সার ধরা পড়ে এবং আট লাখের বেশি মানুষ মারা যায় এই রোগে।
ক্যান্সার তৈরি হওয়ার উর্বর ভূমি হিসেবে কাজ করে যায় সিরোসিসে আক্রান্ত লিভার। তাই কেউ 'লিভার এরপর ২৮ পৃষ্ঠায়

# মাত্রাতিরিক্ত লবণকে 'না' বলুন

আরাফাত রহমান পলক



দেহের জন্য অত্যাবশ্যকীয় খনিজ পদার্থ লবণ। দেহে পানির ভারসাম্য বজায় রাখা, স্নায়ুর সঠিক সংকেত প্রদান, পেশির সংকোচন-প্রসারণ ইত্যাদি কাজে লবণের বিশেষ ভূমিকা রয়েছে। তবে মাত্রাতিরিক্ত লবণ স্বাস্থ্যের জন্য হুমকি।

কতটুকু প্রয়োজন
একজন সুস্থ মানুষের প্রতিদিন প্রায় ৩ গ্রামের মতো লবণ প্রয়োজন।
এর মধ্যে ১ থেকে দেড় গ্রাম স্বাভাবিক খাবার থেকেই আসে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, দিনে এক চা চামচ বা ৫ গ্রামের কম লবণ গ্রহণ করলে রক্তচাপ এবং কার্ডিওভাসকুলার রোগ, স্ট্রোক এবং করোনারি হার্ট অ্যাটাকের ঝুঁকি কমানো যায়।

বেশি খেলে যা হয়
* অতিমাত্রায় বা প্রয়োজনের তুলনায় বেশি লবণ খেলে উচ্চ রক্তচাপ, হৃদরোগ, স্ট্রোক, কিডনি রোগ, পক্ষাঘাত, অন্ধত্বসহ নানা রকম জটিল অসুখ হতে পারে।
* শারীরিক স্থূলতা দেখা দিতে পারে।
পাকস্থলীর ক্যান্সার হওয়ারও আশঙ্কা আছে।
* শুষ্ক হয়ে যেতে পারে ত্বক এবং অ্যাজমার উপসর্গ দেখা দিতে পারে।
* কখনো কখনো হাত ও পায়ে পানি চলে আসতে পারে।

যা করবেন
* রান্নায় আয়োডিনযুক্ত লবণ ব্যবহার করুন।
সর্বক্ষেত্রে বিট লবণ সম্পূর্ণরূপে এড়িয়ে চলুন।
* প্রতিদিন রান্নায় যে লবণ ব্যবহার করা হয়, তাতেই দেহের চাহিদা মেটে। পাতে বাড়তি লবণ একদম নয়। খাবার টেবিলেও কোনো লবণদানি রাখবেন না।
* চিপস, সস, চিজ, স্ন্যাকস জাতীয় খাবারে লবণ থাকে বেশি।
এগুলো খাওয়ার সময় খেয়াল রাখুন।

*বিশ্ব স্বাস্থ্য সংস্থার ওয়েবসাইট অবলম্বনে*

# কখন কন্টাক্ট লেন্স ব্যবহার করবেন?



ডা. শরমীন সোহেলী



চোখের কালো মণির সামনে কন্টাক্ট লেন্স লাগিয়ে দৃষ্টিস্বল্পতার চিকিৎসা করা হয়। চোখের অন্যান্য রোগের চিকিৎসায়ও কন্টাক্ট লেন্স ব্যবহার করা হয়।

ব্যবহার
* জন্মগত চোখের ত্রুটির জন্য যাঁরা আলোর প্রতি বেশি সংবেদনশীল, আলোতে যেতে পারেন না, তাঁরাও বিশেষ ধরনের কন্টাক্ট লেন্স ব্যবহার করতে পারেন।
* যাঁরা চশমা পড়তে চান না, তাঁরা পাওয়ারযুক্ত কন্টাক্ট লেন্স ব্যবহার করতে পারেন।
প্লাস, মাইনাস অ্যাসটিগমেটিক সব ধরনের কন্টাক্ট লেন্স পাওয়া যায়।
* যাঁদের কালো মণিতে পুরনো ঘা আছে, চোখ খোলা ও বন্ধ করার সময় ঘা বারবার কাঁচা হয়ে যায়, তাঁদের ক্ষেত্রে ব্যান্ডেজ কন্টাক্ট লেন্স ব্যবহার করা প্রয়োজন।
* চোখে চুন বা অন্যান্য ক্ষতিকর কেমিক্যাল পড়লে কিংবা বিভিন্ন রকম ক্ষতি থেকে চোখকে রক্ষা করার জন্য চোখে কন্টাক্ট লেন্স দেওয়া যেতে পারে।
* কালো মণির পুরনো দাগ লুকানোর জন্য কসমেটিক কন্টাক্ট লেন্স ব্যবহার করা যেতে পারে।

লেন্সের ধরন
* হার্ড কন্টাক্ট লেন্স
* আরজিপি কন্টাক্ট লেন্স
* সফট কন্টাক্ট লেন্স

কিভাবে কন্টাক্ট লেন্স ব্যবহার করবেন
* প্রথমত, বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ ছাড়া কন্টাক্ট লেন্স ব্যবহার করবেন না। কন্টাক্ট লেন্স নিয়মিত নির্দিষ্ট সলিউশন বা তরল দিয়ে পরিষ্কার করতে হবে। মেয়াদোত্তীর্ণ তরল ব্যবহার করবেন না।
* বেশি পুরনো কন্টাক্ট লেন্স পরিবর্তন করুন।
হার্ড কন্টাক্ট লেন্স বেশিক্ষণ ব্যবহার করা উচিত এরপর ২৮ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্‌রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন শাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আবদুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যবর্তী হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্‌ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্‌র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানীকে বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাইফুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়ই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কথনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ।]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক সভাপতির তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

| FRANCHISE | L1A VISA |
|---|---|
| | E2 VISA |
| POLITICAL ASYLUM | |

## Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

## WOVENA CONSTRUCTION INC

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

# সব প্রতিবন্ধকতা অতিক্রম করতে হবে

১২ পৃষ্ঠার পর

আগের মাসে মূল্যস্ফীতির হার ছিল ৮ দশমিক ২৯ শতাংশ। নির্বাচনের আগে বাজারে অর্থ প্রবাহ বেড়ে যাবে। ফলে মূল্যস্ফীতি আরেক দফা বৃদ্ধির আশঙ্কা রয়েছে। উচ্চ মূল্যস্ফীতির অভিঘাতে দেশের সব শ্রেণি-পেশার মানুষ, বিশেষ করে দরিদ্র ও নিম্নআয়ের মানুষ বড়ই অসহায় অবস্থার মধ্যে রয়েছে। মূল্যস্ফীতির সঙ্গে পাল্লা দিয়ে মজুরি বাড়ছে না। শুধু সংকোচনমূলক মুদ্রানীতি দিয়ে উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা যাবে না। বাজারে অসৎ ব্যবসায়ী সিন্ডিকেট এবং পরিবহণ সেক্টরে চাঁদাবাজি কঠোরভাবে বন্ধ করা না গেলে মূল্যস্ফীতি প্রত্যাশিত মাত্রায় কমবে না।

উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের নামে পলিসি রেট বাড়ানো হয়েছে অনেকদিন হলো। এভাবে পলিসি রেট দীর্ঘদিন উচ্চমাত্রায় থাকলে তা ব্যক্তিখাতে বিনিয়োগের ওপর নেতিবাচক প্রভাব ফেলে। ব্যক্তিখাতে নতুন বিনিয়োগ নেই বললেই চলে। এ খাতে ব্যাংকঋণের প্রবৃদ্ধি ৭ শতাংশের নিচে নেমে এসেছে। ক্যাপিটাল মেশিনারিজ, শিল্পে ব্যবহার্য কাঁচামাল এবং মধ্যবর্তী পণ্য আমদানি কমে গেছে। অর্থাৎ সার্বিক বিবেচনায় ব্যক্তিখাতে বিনিয়োগের ক্ষেত্রে স্থবিরতা বিরাজ করছে। গ্যাস, বিদ্যুৎ ইত্যাদি সংকট চরম আকার ধারণ করেছে। উদ্যোক্তারা অভিযোগ করছেন, তারা জ্বালানি সংকটের কারণে উৎপাদন ক্ষমতা পরিপূর্ণ ব্যবহার করতে পারছেন না। বিদেশি বিনিয়োগকারীরাও বাংলাদেশে আগের মতো বিনিয়োগ প্রস্তাব নিয়ে আসছেন না। তারা নতুন সরকারের জন্য অপেক্ষা করছেন। অভ্যন্তরীণভাবে উৎপাদন বাড়ানো না গেলে দীর্ঘমেয়াদে টেকসইভাবে উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা সম্ভব হবে না। নতুন সরকারকে বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তোলার উদ্যোগ নিতে হবে। বিনিয়োগ কাঙ্ক্ষিত মাত্রায় না বাড়লে জিডিপি প্রবৃদ্ধি গতিশীল হবে না। ব্যক্তিখাতে বিনিয়োগ বৃদ্ধির ওপর নির্ভর করছে দেশে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সম্ভাবনা।

নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর অর্থনৈতিক কর্মসূচি বাস্তবায়নের জন্য তার প্রচুর অর্থের প্রয়োজন হবে। অর্থের জোগান নিশ্চিত করার জন্য রাজস্ব আহরণের পরিমাণ বাড়াতে হবে। এজন্য রাজস্ব আহরণের বর্তমান ব্যবস্থাপনাকে ঢেলে সাজাতে হবে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে রাজস্ব আহরণের ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান সবার নিচে। রাজস্ব আদায় ব্যবস্থা দুর্নীতিগ্রস্ত। দুর্নীতিগ্রস্ত কর্মকর্তাদের বিরুদ্ধে নতুন সরকারকে কঠোর হতে হবে। রাজস্ব আহরণ কাঙ্ক্ষিত মাত্রায় বাড়ানো না গেলে উন্নয়ন কর্মসূচিতে অর্থায়নের জন্য বিদেশি ঋণের ওপর সরকারকে নির্ভর করতে হবে। কিন্তু এখন চাইলেই আগের মতো সহজে বিদেশি ঋণ পাওয়া যাবে না। এ বছর বাংলাদেশ উন্নয়নশীল দেশের চূড়ান্ত তালিকায় উত্তীর্ণ হলে স্বল্পোন্নত দেশ হিসাবে যেসব সুবিধা ভোগ করছিল, তা প্রত্যাহৃত হবে। সেই সময় বিদেশি ঋণ গ্রহণের ক্ষেত্রে বাণিজ্যিক হারে সুদ প্রদান করতে হবে।

# আ.লীগের ৪৮ ভাগ ভোট যাচ্ছে ধানের শীষে

১ পৃষ্ঠার পর

করছেন। সেইসঙ্গে, ২০০৮ সালের পর এই প্রথম ভোট দিতে যাওয়া নতুন ভোটারদের মধ্যে ৩৭ দশমিক ৪ শতাংশ জামায়াতে ইসলামীর প্রতি সমর্থন জানিয়েছেন বলে নতুন এক জরিপে উঠে এসেছে।

গত বুধবার সকালে রাজধানীর প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে 'আনকভারিং দ্য পাবলিক পালস' শীর্ষক প্রতিবেদনে ভোটারদের রাজনৈতিক পছন্দে উল্লেখযোগ্য পরিবর্তনের চিত্র তুলে ধরা হয়।

জরিপটি যৌথভাবে পরিচালনা করেছে কমিউনিকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন (সিআরএফ) এবং বাংলাদেশ ইলেকশন অ্যান্ড পাবলিক ওপিনিয়ন স্টাডিজ। সিআরএফের স্ট্র্যাটেজিক কো-অর্ডিনেটর জাকারিয়া পলাশ প্রতিবেদনটি উপস্থাপন করেন। জরিপে অংশ নেওয়া ভোটারদের ৯০ শতাংশের বেশি জানিয়েছেন, তারা আসন্ন জাতীয় নির্বাচনে ভোট দিতে আগ্রহী। বিপরীতে, প্রায় ৮ শতাংশ ভোটার এখনও সিদ্ধান্তহীন অথবা ভোট না দেওয়ার কথা বলেছেন।

জরিপে ভোটারদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে উঠে এসেছে দুর্নীতি। অংশগ্রহণকারীদের ৬৭ দশমিক ৩ শতাংশ দুর্নীতিকে তাদের প্রধান উদ্বেগ হিসেবে উল্লেখ করেছেন। এর বিপরীতে, ৩৫ দশমিক ৯ শতাংশ ভোটার ধর্মকে গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে চিহ্নিত করেছেন। বাংলাদেশ মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হলেও জরিপের ফল বলছে, পরিচয় বা ধর্মীয় ইস্যুর চেয়ে শাসনব্যবস্থা, স্বচ্ছতা এবং অর্থনৈতিক চ্যালেঞ্জগুলো ভোটারদের কাছে বেশি গুরুত্ব পাচ্ছে।

বয়স ও লিঙ্গভেদ নির্বিশেষে অধিকাংশ ভোটার জানিয়েছেন, তারা এমন নেতৃত্ব চান যিনি সাধারণ মানুষের কথা শোনেন এবং কার্যকর ও দৃঢ়ভাবে দেশ পরিচালনা করতে সক্ষম। ব্যক্তিগত ক্যারিশমার চেয়ে সহমর্মিতা, জবাবদিহি এবং শাসনক্ষমতাকে বেশি গুরুত্ব দিয়েছেন তারা।

রাজনৈতিক তথ্য পাওয়ার ক্ষেত্রে টেলিভিশন ও সামাজিক যোগাযোগমাধ্যমকে সবচেয়ে প্রভাবশালী উৎস হিসেবে চিহ্নিত করেছেন ভোটাররা। জরিপে দেখা গেছে, বেশিরভাগ ভোটার একটি মাধ্যমের ওপর নির্ভর না করে একাধিক প্ল্যাটফর্ম থেকে তথ্য নেন। এতে প্রথাগত ও ডিজিটাল মিডিয়ার মিশ্র ব্যবহারের প্রবণতা বাড়ার ইঙ্গিত দেয়।

জরিপে নির্বাচনের দিনের নিরাপত্তা নিয়েও উল্লেখযোগ্য উদ্বেগের কথা উঠে এসেছে। ভোটাররা ভোটকেন্দ্রের নিরাপত্তা নিয়ে বেশি শঙ্কিত। ভয়ভীতি প্রদর্শন, ভোট কারচুপি এবং ব্যালট স্টাফিং-এ ধরনের আশঙ্কা প্রায় সব রাজনৈতিক দলের সমর্থকদের মধ্যেই রয়েছে, যদিও উদ্বেগের মাত্রা দলভেদে ভিন্ন।

জরিপের আরেকটি গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ হলো, অনেক ভোটারের কাছে দল নয়, প্রার্থীই বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। প্রায় দুই-তৃতীয়াংশ উত্তরদাতা জানিয়েছেন, তারা ভোট দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার সময় প্রার্থীকে বিবেচনায় নেন। এর মধ্যে ৩০ দশমিক ২ শতাংশ শুধু প্রার্থীর ভিত্তিতেই ভোট দেন, আর ৩৩ দশমিক ২ শতাংশ ভোটার প্রার্থী ও দল-দুটোকেই বিবেচনায় রাখেন। সারা দেশের ১১ হাজার ৩৮ জন ভোটারের মধ্যে জরিপভিত্তিক দৈবচয়ন পদ্ধতিতে এই জরিপ পরিচালনা করা হয়। ২০২৫ সালের ২৩ নভেম্বর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত দুই ধাপে তথ্য সংগ্রহ করা হয়।

# 'পিঠা উৎসব' ১০ ফেব্রুয়ারি আটলান্টিক সিটিতে

৩ পৃষ্ঠার পর

এমনই সময়ে অন্যান্যবারের মতো আয়োজন করা হচ্ছে বাঙালি সংস্কৃতির বর্ণাঢ্য আয়োজন 'পিঠা উৎসব'।

বিএএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল ও সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা পিঠা উৎসবে অংশগ্রহণ করে তা সফল করার জন্য প্রবাসী বাংলাদেশীদের আহ্বান জানিয়েছেন।

# ভোটের মাঠে আওয়ামী নেতাদের ডিমান্ড, রুমিনের হাঁস ও জিএম কাদেরের দুশ্চিন্তা

১০ পৃষ্ঠার পর

নির্বাচন করতে পারছে না, তবে স্থানীয় অনেক নেতা অন্য দলগুলোর পক্ষে বিভিন্ন সভা-সমিতিতে বক্তব্য রাখছেন। সম্প্রতি শরীয়তপুর-৩ আসনে বিএনপির মনোনীত প্রার্থী মিয়া নুরুদ্দিন আহমেদ অপুর পক্ষে নির্বাচনী সভার আয়োজন করে স্থানীয় বিএনপি। সভায় বিএনপি প্রার্থী অপুকে সমর্থন জানিয়ে মহিষার ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম চৌকিদার বক্তব্য দেন। তিনি 'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' বলে বক্তৃতা শেষ করেন। জামায়াতে ইসলামীও পিছিয়ে নেই। কুমিল্লা-১১ (চৌদ্দগ্রাম) আসনে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহেরের জনসভায় বক্তৃতা করেন স্থানীয় আওয়ামী লীগ নেতা সালাউদ্দিন আহমেদ। নায়েবে আমির বলেন, 'সালাউদ্দিনের বাবা এই এলাকায় আমার অভিভাবক ছিলেন। সে কী বলতে চেয়েছে, আপনারা বুঝেছেন তো? কোথায় ভোট দেওয়ার কথা বলেছে, আপনারা বুঝে নিয়েন।'

**রুমিনের হাঁস ধানের শীষ খেয়ে বড় হচ্ছে**

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র প্রার্থী রুমিন ফারহানা কিছুদিন আগেও ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক। বিএনপির জোট-কৌশলে তিনি মনোনয়ন থেকে ছিটকে পড়েন, এখন স্বতন্ত্র প্রার্থী হয়ে নির্বাচন করছেন। তিনি যে নির্বাচনী প্রতীক হিসেবে হাঁস পেয়েছেন, সেটা নিয়ে অনেকেই অনেক কৌতুক করেছেন।

এখন বিষয়টা পরিষ্কার হলো। তাঁর সঙ্গে বিএনপির অনেক স্থানীয় নেতা-কর্মী হাঁসের পেছনে দাঁড়িয়েছেন। বলা যায়, ধানের শীষের ধান খেয়েই হাঁস বড় হচ্ছে।

ব্যারিস্টার রুমিন ফারহানার বাবা অলি আহাদ ছিলেন বায়ান্নর ভাষাসৈনিক ও বিশিষ্ট রাজনীতিবিদ।

অনেকে বলছেন, রুমিন ফারহানার রাজনৈতিক নক্ষত্র সামনে আরও উজ্জ্বল হতে পারে। যদি বিএনপি ক্ষমতায় যায় এবং রুমিন নির্বাচনে জয়লাভ করতে পারেন, তাঁর হাঁস হয়তো তখন সোনার ডিম দিতে শুরু করবে। হাজার হোক, ধানের শীষের ধান খেয়ে বড় হওয়া হাঁস!

**সাবেক স্বামী-স্ত্রীর লড়াই এবং ফ্যামিলি ফিউড**

স্বামী-স্ত্রীর লড়াই হচ্ছে। আপনি বলবেন, এ আর নতুন কী, সেটা তো সব ঘরেই হচ্ছে! তা ঠিক, কিন্তু সেই লড়াই যখন ঘরের বাইরে চলে আসে, তখন খবর হয়ে যায়।

কুড়িগ্রাম-৪ (চিলমারী-রৌমারী-রাজীবপুর) আসনের নির্বাচনী মাঠে এবার দেখা গেছে এক ব্যতিক্রমী চিত্র। একই আসনে সাবেক স্বামী ও স্ত্রী ভিন্ন রাজনৈতিক দল থেকে জাতীয় সংসদ সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। তাঁরা দুইজন সাবেক স্বামী ও স্ত্রী হলেও বর্তমান স্বামী-স্ত্রীর মধ্যে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার নজির অতীতে অনেকবার দেখা গিয়েছে।

জাতীয় পার্টি (লাঙল) থেকে প্রার্থী হয়েছেন কে এম ফজলুল মণ্ডল। তিনি রৌমারী উপজেলার চরশৌলমারী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বলে জানা গেছে। অন্যদিকে তাঁর সাবেক স্ত্রী মোছা. শেফালী বেগম বাংলাদেশ সুপ্রিম পার্টি (বিএসপি) থেকে সংসদ সদস্য পদে নির্বাচনে অংশ নিয়েছেন।

নির্বাচন নিয়ে শব্দযুদ্ধ : নির্বাচন নিয়ে একই পরিবারে একাধিক ধারা বা ফ্যামিলি ফিউড নতুন কিছু নয়। তবে এই পরিবার সাবেক তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের হওয়ায় আলোচনা আরও বেশি। মাহফুজ আলমের বড় ভাই মাহবুব আলম লক্ষ্মীপুর-১ (রামগঞ্জ) আসনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপির) শাপলা কলি প্রতীকে জামায়াত ঐক্যজোটের হয়ে নির্বাচন করছেন। তাঁর বাবা আজিজুর রহমান ওই আসনের বিএনপির প্রার্থী শাহাদাত হোসেন সেলিমের পক্ষে প্রচারণা করে তাঁর পক্ষে ভোট চাইছেন। বাবা বলেছেন, পরিবার ও রাজনীতি ভিন্ন।

মাহফুজ আলম কোন দলের এবং কাকে সমর্থন করবেন, তা এখনো জানা যায়নি। তিনি আগেই বলে দিয়েছেন, এনসিপি যেহেতু জামায়াতের সঙ্গে জোট করেছে, তাই তিনি এনসিপির সঙ্গে নেই।

জি এম কাদেরের বিড়ম্বনা-বিপত্তি : জাতীয় পার্টি শেষ পর্যন্ত নির্বাচন করার সুযোগ পেল। তারা অস্বস্তি নিয়ে ১৯৬ আসনে নির্বাচন করছে। নুরুল হক নুরের গণ অধিকার পরিষদ ও এনসিপির কর্মীদের বিরোধিতার কারণে প্রতিটি আসনেই জাতীয় পার্টির কিছুটা অস্বস্তি আছে।

তবে রংপুর-৩ আসনে জি এম কাদেরের চ্যালেঞ্জ আরও বড়। সেখানে তৃতীয় লিঙ্গ উন্নয়ন সংস্থার সভাপতি মোছা. আনোয়ারা ইসলাম রানী দ্বিতীয়বারের মতো সংসদ নির্বাচনের মাঠে নেমেছেন। দ্বাদশ সংসদ নির্বাচনেও রংপুর-৩ আসনে ঈগল প্রতীকে নির্বাচন করে তিনি দ্বিতীয় হয়েছিলেন এবং ২৩ হাজার ৩৩৯ ভোট পেয়েছিলেন।

এবার আনোয়ারা ইসলাম রানী নির্বাচন করছেন হরিণ প্রতীকে। তবে গতবারের মতোই রানীর বিরুদ্ধে নির্বাচনটা কাদেরের জন্য একটু ট্রিকি বা নাজুক হতে পারে; কারণ, তিনি প্রান্তিক জনগোষ্ঠীর সদস্য।

অবশ্য হিজড়া সম্প্রদায়ের এই একমাত্র প্রার্থী জানিয়েছেন, এখন পর্যন্ত তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থীর আক্রমণের কোনো শিকার হননি। তবে অনলাইনে বুলিংয়ের শিকার হতে হচ্ছে। অপপ্রচার করছে, খারাপ খারাপ শব্দ ব্যবহার করছে।

সালেহ উদ্দিন আহমেদ: শিক্ষক, লেখক ও রাজনৈতিক বিশ্লেষক।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# দোয়ার ওপর আস্থা হারাবেন না

সাদিয়া শারমীন

সৃষ্টিজগতের একমাত্র মালিক আল্লাহ তাআলা। আল্লাহর সঙ্গে আমাদের সম্পর্ক হলো, আল্লাহ আমাদের মালিক এবং আমরা তাঁর দাস। আমরা একমাত্র আমাদের মালিকের কাছেই সব চাওয়া পেশ করি। আমরা দোয়ার মাধ্যমে মহান আল্লাহর কাছে নিজেদের জন্য কিছু পাওয়ার জন্য তাঁর সঙ্গে যোগাযোগ করি। দোয়ার আক্ষরিক অর্থ হলো ডাকা।

অর্থাৎ দোয়া হলো, আল্লাহর একজন বিনম্র দাস সৃষ্টিকর্তার দিকে ফিরে নিজের চাওয়া, সমস্যা সমাধানের পথ ভিক্ষা চাচ্ছে। আল্লাহ তাৎক্ষণিকভাবে আমাদের সমস্যা সমাধান করে দেবেন কি না, তা একমাত্র আল্লাহ জানেন।

দোয়ার তাৎক্ষণিক জবাব না পেলে কখনো কখনো আমরা হতাশ হয়ে পড়ি। এ অবস্থায় শয়তান আমাদের মনে প্রবঞ্চনা দিতে থাকে যে আল্লাহ নিশ্চয় আমাকে ভালোবাসেন না। আর এ জন্য আমার দোয়াও কবুল করছেন না। আমাদের মনে রাখতে হবে যে সৃষ্টজগতে একমাত্র যার কোনো আশা নেই, সে হলো শয়তান। পবিত্র কোরআন সব সময় আমাদের আশার বাণী শোনায়, 'আল্লাহকে বেশি স্মরণ করো, যাতে সফল হও।' (সুরা আনফাল, আয়াত: ৪৫) আল্লাহ তাআলা বলেছেন, ভেঙে পড়ো না, নিরাশ হয়ো না, জেনে রেখো নিশ্চয় আল্লাহর সাহায্য অতি নিকটে (সুরা বাকারা, আয়াত: ২১৪)।

এই দুনিয়ায় আমাদের পাঠানো হয়েছে পরীক্ষার জন্য। প্রতিনিয়ত আমাদের পরীক্ষার মধ্য দিয়ে যেতে হবে। কখনো ভালো সময়, কখনো মন্দ সময় দিয়ে আল্লাহ তাআলা আমাদের পরীক্ষা করবেন। আমাদের নবীরাসুলগণও এর ব্যতিক্রম ছিলেন না।

পবিত্র কোরআনে মহান আল্লাহ তাআলা আমাদের নবীরাসুলদের কথা, তাঁদের সমস্যার কথা, তাঁদের ↘ এরপর ২৮ পৃষ্ঠায়



# বন্দিদের সঙ্গে যেমন ছিল নবীজির আচরণ

মুহাম্মদ মিযান বিন রমজান

বন্দিদের সঙ্গে কেমন আচরণ করা হবে- এ ক্ষেত্রে নবীজির নির্দেশনা ছিল, একজন অপরাধীকে কারাগারে বন্দি রাখা হবে কষ্ট দেওয়ার জন্য নয়; বরং তাকে সঠিক পথ বলে দিয়ে গন্তব্য দেখানোর জন্য। তার জীবন যে অন্ধকারে ছেয়ে গেছে সে অন্ধকার দূরীভূত করে আলোর রশ্মি জ্বালিয়ে দেওয়ার জন্য। যারা বন্দিদের তত্ত্বাবধানে থাকবে তাদের আচরণ-উচ্চারণ, চলাফেরা সব কিছু দেখেই মুগ্ধ হয়ে সে আলোর পথে ছুটে আসবে। কিন্তু যদি বন্দিদের সঙ্গে দুর্ব্যবহার করা হয়, তাহলে তো সে বন্দি অন্ধকারের দিকে আরো বেশি করে ছুটবে। বন্দিদের সঙ্গে প্রিয় নবীজির আচরণের এক উজ্জ্বল দৃষ্টান্ত সুমামা ইবনে উসালের ঘটনা। তিনি ছিলেন ইয়ামামার অধিবাসীদেও নেতা। সে রাসুলকে হত্যা করার জন্য মদিনায় এসেছিল। আর নবীজি তার সঙ্গে কেমন আচরণ করেছেন, তার কিছু নমুনা এই হাদিসে এসেছে।

একবার নবীজি কিছুসংখ্যক অশ্বারোহী সৈন্যকে 'নাজদ'-এর দিকে পাঠান। অতঃপর বনু হানিফা গোত্রের এক ব্যক্তিকে তারা ধরে নিয়ে এলো। তার নাম ছিল সুমামাহ ইবনে উসাল। তিনি ইয়ামামাবাসীর সরদার ছিলেন। তারা মসজিদের একটি খুঁটির সঙ্গে তাকে বেঁধে রাখল। ↘ এরপর ২৮ পৃষ্ঠায়



# ওমরাহ পালনের সঠিক পদ্ধতি

এহসান সিরাজ

ওমরাহ পালন করা আল্লাহর অত্যন্ত প্রিয় একটি ইবাদত। এটি বছরের যেকোনো সময় পালন করা যায়। ওমরাহ পালনের পদ্ধতিটি সহজভাবে এবং সুন্নাহর আলোকে নিচে ধাপে ধাপে বর্ণনা করা হলো।

১. মিকাত ও ইহরাম : ওমরাহর প্রথম কাজ হলো মিকাত (নির্দিষ্ট সীমানা) থেকে ইহরাম গ্রহণ করা। এমন মিকাত আছে ৭টি। মদিনা থেকে মক্কায় গেলে 'জুল হুলাইফা' নামক স্থান থেকে ইহরামের কাপড় পরে নিয়ত করতে হয়। আর বাংলাদেশ থেকে সরাসরি মক্কায় গেলে ইহরাম ঢাকা থেকেই বাঁধা যেতে পারে, অথবা অন্য কোনো দেশে ট্রানজিট হলে সেখানে বসেও পরা যায়। এ ক্ষেত্রে মনে রাখতে হবে:



পরিচ্ছন্নতা: ইহরামের আগে নখ কাটা, গোঁফ ছাঁটা এবং শরীরের অপ্রয়োজনীয় লোম পরিষ্কার করা সুন্নাহ। এরপর গোসল করে পবিত্র হওয়া উত্তম।

পোশাক: পুরুষরা সেলাইবিহীন দুটি সাদা কাপড় (এজার ও চাদর) পরিধান করবেন। ডান কাঁধ ঢাকা থাকবে তওয়াফের আগ পর্যন্ত। তাওয়াফ শুরু হলে ডান কাঁধ প্রথমে খুলে নেওয়া সুন্নত। নারীরা তাদের স্বাভাবিক শালীন পোশাক পরবেন, তবে মুখ কাপড় দিয়ে ঢাকবেন না।

নিয়ত ও তালবিয়া: মনে মনে ওমরাহর নিয়ত করে মুখে বলতে হয় "লাব্বাইকা ওমরাহ"। এরপর উচ্চৈঃস্বরে তালবিয়া পাঠ করা শুরু করতে হবে:

"লাব্বাইকা আল্লাহুম্মা লাব্বাইক, লাব্বাইকা লা শারিকা লাকা লাব্বাইক, ইন্নাল হামদা ওয়ান নি'মাতা লাকা ওয়াল মুলক, লা শারিকা লাক।" ↘ এরপর ২৮ পৃষ্ঠায়



# মুসাফাহা করবেন যেভাবে

শরিফ আহমাদ

সাক্ষাতের সময় মুখে সালাম আর হাতে হাত মেলানোকে মুসাফাহা বলা হয়। এটা মুসলিম সভ্যতা-সংস্কৃতির একটি অংশ। মুসাফাহা দ্বারা হিংসা-বিদ্বেষ ও অহংকার দূর হয়। একে অন্যের প্রতি মহব্বত বাড়ে। সর্বোপরি ছোট ছোট গুনাহ মাফ হয়ে যায়। মুসাফাহা করার গুরুত্ব-ফজিলত ও সঠিক নিয়ম-কানুন সংক্ষেপে আলোচনা করা হলো :

**মুসাফাহার গুরুত্ব ও ফজিলত**

ইসলামপূর্ব আরব সমাজে মুসাফাহার প্রচলন ছিল। ইসলামেও তা স্বীকৃত। মুসাফাহা দ্বারা হিংসা-প্রতিহিংসা দূর হয়। আতা ইবনে আবি মুসলিম (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'তোমরা পরস্পরে মুসাফাহা করো, তাহলে তোমাদের প্রতিহিংসা দূর হয়ে যাবে।' *(মুয়াত্তা মালেক, হাদিস : ১৬১৭)*। মুসাফাহার দ্বারা গুনাহ মাফ হয়। বারা ইবনে আজেব (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) ইরশাদ ↘ এরপর ২৭ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City ফেব্রুয়ারি ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 6 | 5:44 | 7:01 | 12:10 | 2:57 | 5:20 | 6:37 |
| 7 | 5:43 | 7:00 | 12:10 | 2:58 | 5:21 | 6:38 |
| 8 | 5:42 | 6:58 | 12:10 | 2:58 | 5:22 | 6:39 |
| 9 | 5:41 | 6:57 | 12:10 | 2:59 | 5:24 | 6:40 |
| 10 | 5:40 | 6:56 | 12:10 | 3:00 | 5:25 | 6:41 |
| 11 | 5:38 | 6:55 | 12:10 | 3:01 | 5:26 | 6:43 |
| 12 | 5:37 | 6:54 | 12:10 | 3:02 | 5:27 | 6:44 |

source: salahtimes.com

## Channel i to air Language Day special drama 'Chithiwala'

Continued from page 18

answer is unsettling. In the rush toward globalised modernity, forgetting came easily. The drama suggests that sometimes a single letter is enough to realign a family's moral bearings.
Veteran actor Mamunur Rashid plays Hashem Chacha with restraint and authority. A towering presence in Bangladeshi theatre, Rashid returned to the country on January 14 after an extended stay in the United States. He shot for "Chithiwala" on January 31 while juggling commitments related to the anniversary celebrations of his theatre troupe, Aranyak.
"After a long time, I'm back in the country and feeling much better," Rashid said. "The story of 'Chithiwala' is genuinely beautiful. In between Aranyak's programmes, I've been shooting, and it's been a meaningful experience."
Ahsan Habib Nasim plays Anik, the conflicted urban father, while Sushama Sarkar appears as Shaily. Nasim believes the play speaks far beyond a single commemorative date. "This isn't a story only for Language Day," he said. "It can speak to audiences at any time. Those who think drifting with foreign cultures is the same as being modern may find themselves rethinking that idea."
"Chithiwala" avoids slogans and sermonising. It lets a letter do the work, quietly and persistently, treating language as inheritance rather than nostalgia. In doing so, it poses a simple but unsettling question. What does progress cost, when memory is the price?

## Nearly half of former Awami League voters now lean towards BNP

Continued from page 19

govern.
Television and social media were identified as the most influential sources of political information. Most voters said they rely on multiple platforms rather than a single source, reflecting a growing mix of traditional and digital media consumption.
The study also highlights concerns about election-day security. Voters expressed greater worry about safety at polling centres than about institutional arrangements. Fear of intimidation, vote rigging and ballot stuffing were common concerns among supporters of all political parties, although the level of concern varied.
The report further found that candidates matter more than parties for many voters. Nearly two-thirds of respondents said they consider candidates when deciding whom to vote for. Among them, 30.2 percent said they vote based only on the candidate, while 33.2 percent consider both the candidate and the party.

## US shoots down Iranian drone that approached to US aircraft carrier

Continued from page 19

action against Iran, he declined to elaborate.
"I'd like to see a deal negotiated," Trump said. "Right now, we're talking to them, we're talking to Iran, and if we could work something out, that'd be great. And if we can't, probably bad things would happen."
The U.S. shot down the drone hours after Iran's president said Tuesday that he instructed the country's foreign minister to "pursue fair and equitable negotiations" with the U.S., marking one of the first clear signs from Tehran it wants to try to negotiate with Washington despite a breakdown of talks last summer.
Turkey had been working behind the scenes to make the talks happen there later this week as U.S. Mideast envoy Steve Witkoff is traveling in the region. A Turkish official later said that the location of talks was uncertain but that Turkey was ready to support the process.

## ২০২৬ সাল কি আমেরিকার আত্মধ্বংসের বছর

৬ পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ব্যবস্থা এবং সহনশীলতা, যুক্তি ও সর্বজনীন অধিকারের ওপর ভিত্তি করে মূল্যবোধ-এসবই দীর্ঘদিন ধরে আমেরিকাকে মহান করেছে। কিন্তু ট্রাম্প এর সবকিছুকেই ভেঙে ফেলছেন। তাঁর মাগা (মেক আমেরিকা গ্রেট এগেইন) আন্দোলন কেবল ট্রান্স-আটলান্টিক পশ্চিমকে নয়, আমেরিকার শক্তির মূল ভিত্তিকেও ধ্বংস করছে। চলতি বছর এ ধারাবাহিকতা সম্ভবত অব্যাহত থাকবে। এ ধারা যুক্তরাষ্ট্রের নিজের জন্যই বড় হুমকি।
জোসচকা ফিশার জার্মানির সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও ভাইস চ্যান্সেলর। ইংরেজি থেকে অনূদিত।

## জুলাই সনদ, ক্ষমতার দ্বন্দ্ব এবং বাংলাদেশের হারানো বিশ্বাস

১২ পৃষ্ঠার পর

ছিলেন একজন সফল ব্যবসায়ী ও সমাজে সম্মানিত প্রতিনিধি, সেই বাস্তবতায় দাঁড়িয়ে নারীদের কাজ করাকে পতিতাবৃত্তির সঙ্গে তুলনা করা ভাবতেই গা শিউরে ওঠে। বাংলাদেশের জনসংখ্যার অর্ধেকের বেশি নারী। রাষ্ট্রের ৫৪ বছরের ইতিহাসে প্রায় ৩০ বছরেরও বেশি সময় দেশ পরিচালনা করেছেন একজন নারী। ব্রিটিশবিরোধী আন্দোলনের প্রথম নারী শহীদ প্রীতিলতা ওয়াদ্দেদার, মুক্তিযুদ্ধে বীর প্রতীক ডা. সেতারা বেগম ও তারামন বিবি, আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের পক্ষে বিশ্ব জনমত গড়ে তোলা ইন্দিরা গান্ধী কিংবা প্রতিবেশী রাষ্ট্রগুলোর নারী নেতৃত্ব, সবই প্রমাণ করে যে নেতৃত্ব ও দায়িত্ব পালনে নারী কোনো ব্যতিক্রম নয়।
রাষ্ট্রক্ষমতায় থেকেও মা হওয়ার দায়িত্ব পালনের নজির বিশ্বজুড়ে রয়েছে। বেনজির ভুট্টো প্রধানমন্ত্রী থাকা অবস্থায় সন্তান জন্ম দিয়েছেন, জেসিন্ডা আরডার্ন রাষ্ট্র পরিচালনার মাঝেই মাতৃত্ব গ্রহণ করেছেন, বাংলাদেশের নারী প্রধানমন্ত্রীদেরও সন্তান রয়েছে। দেশের ভেতরেও নারীরা মা হওয়ার পাশাপাশি প্রশাসন, বিচার বিভাগ, শিক্ষা, স্বাস্থ্য, শিল্প ও করপোরেট খাতে দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করছেন। কাজ করা নারী মানেই নৈতিক অবক্ষয়, এই ধারণা ইতিহাস, বাস্তবতা ও ধর্মীয় মূল্যবোধ, তিনটির সঙ্গেই সাংঘর্ষিক। রাষ্ট্র পরিচালনা বা প্রতিষ্ঠান নেতৃত্ব কোনো কায়িক শ্রমনির্ভর কাজ নয়, বরং বুদ্ধিবৃত্তিক সক্ষমতার বিষয়। এই সত্যই ২০২৩ সালে নোবেলজয়ী অর্থনীতিবিদ ক্লডিয়া গোলডিনের গবেষণায় প্রতিষ্ঠিত হয়েছে। আধুনিক যুগে শিক্ষা ও জ্ঞানভিত্তিক কাজে নারীদের অংশগ্রহণ পুরুষের সমান, অনেক ক্ষেত্রে বেশি। করোনা মোকাবিলায় নেতৃত্ব দিয়েছেন নারী, আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে সাফল্য এনেছে নারী ফুটবল ও ক্রিকেট দল, এভারেস্ট জয় করেছেন বাংলাদেশি নারী, প্রবাসে রাজনীতি ও বিচার বিভাগেও নারীরা এগিয়ে যাচ্ছেন।
এই বাস্তবতার পরও যখন একজন রাজনৈতিক নেতা কর্মজীবী নারীদের পতিতার সঙ্গে তুলনা করেন, তখন সেটি কেবল নারী অবমাননা নয়, এটি একটি রাষ্ট্রচিন্তার ঘোষণা। শেখ হাসিনার সেই প্রশ্ন, "রাজাকারের নাতিপুতি কী কোটা পাবে?" এই মুহূর্তে নতুন করে ফিরে আসে। কারণ এখানেই স্পষ্ট হয়, জামায়াত ইসলামের রাষ্ট্র পরিচালনার দর্শন নারীর নাগরিক মর্যাদা কোথায় দাঁড়াতে চায়। বাংলাদেশের জনগণ যদি এই বক্তব্যের যুক্তিসংগত ও প্রকাশ্য জবাবদিহি না চায়, আগামী ভবিষ্যতে রাষ্ট্র কোন পথে যাবে, সেই প্রশ্নটাই সবচেয়ে বড় হয়ে ওঠে।
বাংলাদেশের বর্তমান রাজনৈতিক সংকট কেবল অভ্যন্তরীণ ক্ষমতার দ্বন্দ্ব বা ব্যক্তি পর্যায়ের সংঘাত নয়। এটি এখন গঠনগত এবং ভূরাজনৈতিক স্তরে পৌঁছে গেছে। দীর্ঘদিন ধরে রাজনীতি ব্যবহৃত হয়েছে অনৈতিক পুঁজি সঞ্চয় ও দুর্নীতির হাতিয়ার হিসেবে, যার ফলে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো ধীরে ধীরে জনগণের বিশ্বাস হারিয়েছে। দুর্নীতির ক্ষতি শুধু অর্থনৈতিক নয়। এটি মানুষের অধিকার, ন্যায্যতা এবং ভবিষ্যতের সম্ভাবনাকেও ক্ষতিগ্রস্ত করেছে।
এই অভ্যন্তরীণ দুর্বলতার সঙ্গেই যুক্ত হয়েছে বহিরাগত আগ্রহ ও চাপ। বাংলাদেশের ভৌগোলিক অবস্থান, বঙ্গোপসাগরকে ঘিরে কৌশলগত গুরুত্ব, জনসংখ্যা এবং অর্থনৈতিক সম্ভাবনা দেশটিকে আন্তর্জাতিক রাজনীতির একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র করে তুলেছে। ফলে বিভিন্ন বিদেশি শক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দেশের রাজনৈতিক প্রক্রিয়ায় প্রভাব বিস্তারের চেষ্টা করছে।
এই পরিস্থিতিতে দেশের ভেতরের রাজনৈতিক জোটগুলোও অনেক ক্ষেত্রে রাষ্ট্রের পরিবর্তে নিজেদের অস্তিত্ব ও ক্ষমতা রক্ষার প্রশ্নে বেশি মনোযোগী হয়ে উঠেছে। ক্ষমতায় থাকা বা ক্ষমতার বাইরে থাকা, উভয় পক্ষের মধ্যেই দেখা যাচ্ছে স্বল্পমেয়াদি রাজনৈতিক লাভের হিসাব। এর ফলে জাতীয় স্বার্থ, দুর্নীতিমুক্ত শাসন এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের প্রশ্নগুলো বারবার পিছিয়ে যাচ্ছে। অতীতের নির্বাচনগুলোতে আন্তর্জাতিক পর্যবেক্ষণ, বৈদেশিক মন্তব্য এবং কূটনৈতিক উদ্বেগ যেভাবে গুরুত্ব পেয়েছে, তা দেখিয়ে দেয় দেশের রাজনৈতিক প্রক্রিয়া কতটা আস্থাহীন হয়ে পড়েছে। যখন রাষ্ট্র নিজেই বিশ্বাসযোগ্যতা হারায়, তখন বাইরের শক্তিগুলোর প্রভাব বিস্তারের সুযোগ তৈরি হয়। এই সুযোগ কখনো মানবাধিকার, কখনো গণতন্ত্র, আবার কখনো স্থিতিশীলতার নামে সামনে আসে।
সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো রাজনৈতিক দলগুলোর পারস্পরিক বিভাজন ও অবিশ্বাস। একে অন্যকে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী নয়, বরং শত্রু হিসেবে দেখার প্রবণতা দেশের জন্য দীর্ঘমেয়াদি ক্ষতি ডেকে আনছে। এই বিভাজনের সুযোগেই বহিরাগত শক্তি এবং অভ্যন্তরীণ সুবিধাভোগী গোষ্ঠীগুলো নিজেদের অবস্থান শক্ত করতে পারে। রাষ্ট্র তখন জনগণের নয়, বিভিন্ন স্বার্থের সংঘর্ষস্থলে পরিণত হয়।
এখানেই মূল প্রশ্নটি সামনে আসে। আমরা কি সত্যিকার অর্থে একটি দুর্নীতিমুক্ত, সার্বভৌম এবং জনগণের কাছে দায়বদ্ধ রাষ্ট্র গড়ে তুলতে চাই, নাকি কেবল ক্ষমতার নতুন বন্দোবস্তে সন্তুষ্ট থাকব। যদি নির্বাচন, গণভোট এবং রাজনৈতিক প্রক্রিয়া বারবার আস্থার সংকটে পড়ে, তাহলে মানুষের বিশ্বাস আর ফিরে আসবে না। তখন রাজনীতি আর জনগণের হাতিয়ার থাকবে না, বরং তা হয়ে উঠবে দেশি ও বিদেশি স্বার্থের কৌশলগত মাঠ।
রহমান মৃধা: গবেষক ও লেখক সাবেক পরিচালক, ফাইজার, সুইডেন।

## বেহেশতের টিকিট কিংবা ফ্রি ইন্টারনেট

৭ পৃষ্ঠার পর

ডিজিটাল সেন্টার, হাসপাতাল, রেলস্টেশন এবং এয়ারপোর্টসহ যেসব জনবহুল স্থান রয়েছে, সেগুলোকে ধাপে ধাপে বিনা মূল্যে ইন্টারনেট সুবিধার ভেতরে আনতে চাইবে। আমাদের মূল উদ্দেশ্য দেশের মানুষ যেন সহজে তথ্য এবং আধুনিক সেবা পেতে পারে। যাঁরা বিভিন্ন ধরনের কর্মসংস্থানের সঙ্গে জড়িত, নিজেরা উদ্যোক্তা হিসেবে গড়ে উঠেছেন, তাঁরা যেন ফ্রি ইন্টারনেটটুকু পেয়ে যাঁর যাঁর অর্থনৈতিক কর্মকাণ্ডকে আরও শাণিত করতে পারেন। সুতরাং আগামীর বাংলাদেশে ইনশা আল্লাহ ইন্টারনেট হবে সবার-এটিই বিএনপির অঙ্গীকার।'
এ কথার পর তিনি আরও জানিয়েছেন, কীভাবে তাঁরা ইন্টারনেটভিত্তিক কর্মসংস্থানকে এগিয়ে নিতে চান। এটিও বলেছেন, এ খাতে তাঁরা ১০ লাখ নতুন কর্মসংস্থান সৃষ্টি করতে চান।
এ প্রতিশ্রুতিটা খুবই ভালো। শুনতে ভালো লাগে। এটা বাস্তবায়িত হলে দেশের বিশাল জনগোষ্ঠীর জন্য কর্ম ও জীবনযাপন অনেক সহজ হয়ে যাবে। কিন্তু প্রশ্ন হচ্ছে, এটা কি সম্ভব? সবাইকে ফ্রি ইন্টারনেট দেওয়ার পরিকল্পনা কি আসলেই বাস্তবায়নযোগ্য? সবার জন্য ফ্রি ইন্টারনেট যে পৃথিবীর কোনো দেশেই নেই; তা কিন্তু নয়। যত দূর জানি এ মুহূর্তে এস্তোনিয়া, তাইওয়ান, সিঙ্গাপুরসহ সাত-আটটি দেশ তো রয়েছেই, যেখানে বিনা খরচে মানুষ ইন্টারনেট ব্যবহার করতে পারেন। দেশের যেকোনো জায়গায় মানুষ কোনো অর্থ ব্যয় ছাড়াই ইন্টারনেট সেবা পেয়ে থাকেন। কেবল সেসব দেশের নাগরিকেরাই নন, সেখানে যাওয়া পর্যটকেরা পর্যন্ত পান ফ্রি ইন্টারনেটের সুবিধা।
এই যে দেশগুলোর কথা বললাম, তাদের সঙ্গে আমাদের দেশের রয়েছে বিস্তর পার্থক্য। ওই দেশগুলোর অধিকাংশেই জনসংখ্যা খুবই কম। অনেকটা নগররাষ্ট্রের মতো। এস্তোনিয়ার জনসংখ্যা ১৫ থেকে ২০ লাখ, সিঙ্গাপুরে ৬০-৭০ লাখ। তাই আমাদের বাস্তবতাটা পুরোপুরিই আলাদা। পুরো দেশের কথা বাদ দিন, এক ঢাকা শহরেই এটা বাস্তবায়ন করা রীতিমতো অসম্ভব ব্যাপার।
এরই মধ্যে মাহদী আমিনের বক্তব্যের নানামুখী ব্যাখ্যা আসতে শুরু করেছে। কেউ কেউ বলছেন, তিনি তো সবার জন্য ফ্রি ইন্টারনেটের কথা বলেননি। বলেছেন নানা শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, বাস-রেলস্টেশনের কথা, বিমানবন্দরের কথা। পাঠকদের বলব, সে ক্ষেত্রে তাঁর বক্তব্যটা আরেকবার খেয়াল করুন। সেখানে অফিস, উদ্যোক্তাদের কর্মসংস্থানে সহায়তা-এসব বলে তিনি কী বোঝাতে চেয়েছেন?
আমি কিন্তু মাহদী আমিনের সমালোচনা করছি না; বরং আশাবাদী হতে চাইছি। ফ্রি ইন্টারনেট পেলে আমিও দারুণ খুশি হব। কিন্তু আমি বুঝতে চাইছি, তাঁদের এ পরিকল্পনা কতটুকু বাস্তবায়নযোগ্য? তাঁরা কি পারবেন? কতটুকু পারবেন? আবার বলেছেন, ধাপে ধাপে করবেন। এর অর্থ কী? তাহলে এ মেয়াদে সামান্য কিছু, তারপর বাকিটুকু বাস্তবায়নের জন্য আবারও ভোট চাইবেন? এভাবেই চলতে থাকবে?
আমাদের মতো জনবহুল দেশে ফ্রি ইন্টারনেটের প্রতিশ্রুতি বাস্তবায়ন কতটুকু সম্ভব, তার একটা উদাহরণ আমরা দেখতে পাই ভারতের রাজধানী নয়াদিল্লিতে। ২০১৯ সালে সেখানে তৎকালীন সরকার নয়াদিল্লি শহরকে ফ্রি ইন্টারনেটের আওতায় আনার চেষ্টা করেছিল। এটা তাদের পূর্ববর্তী নির্বাচনী অঙ্গীকার ছিল। তারা কিছুটা করেও ছিল। কিন্তু ব্যয় সংকুলান করতে না পেরে শেষ পর্যন্ত পরিকল্পনাটি বাতিল করেছিল।
কেবল বিপুল ব্যয়ই নয়, এ ক্ষেত্রে বর্তমানে যাঁরা ইন্টারনেট ব্যবসার সঙ্গে জড়িত, তাঁরাও কিন্তু এ ধরনের সেবামূলক পরিকল্পনার বিরোধিতা করে থাকেন। আমাদের দেশে তো এর সঙ্গে জড়িয়ে যাবে মোবাইল কোম্পানিগুলোও। কারণ, তারাও এখন ইন্টারনেট প্রোভাইডারের ভূমিকায় নেমে গেছে। সব মিলিয়ে আমি নিশ্চিত, বিএনপির এই পরিকল্পনাটি মোটেই বাস্তবায়নযোগ্য নয়। এ বিষয়টি আমি বুঝি, তাঁরা বোঝেন না? আমার তা মনে হয় না। তাঁরা আরও অনেক ভালো বোঝেন। তাঁরাও জানেন এটি কখনোই বাস্তবায়ন করা যাবে না। তাহলে বলেন কেন? হয়তো এ কারণে বলেন, জামায়াত বেহেশতের টিকিট দিতে পারলে আমরা ফ্রি ইন্টারনেট কেন দিতে পারব না? কিন্তু সমস্যা হচ্ছে, বেহেশতের টিকিট কাজে লাগল কি লাগল না, সেটা জীবিত অবস্থায় কেউ প্রমাণ করতে পারবে না; কিন্তু ইন্টারনেটের বিষয়টি পারবে!
লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।

## গণমাধ্যমে লেখালেখি: পেশাগত নীতিনৈতিকতা ও দায়িত্ববোধ

৫ পৃষ্ঠার পর

হয়েছে কি না, কিংবা আদৌ তা পড়া হয়েছে কি না- এই ন্যূনতম তথ্য জানার। যদি লেখা প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হয়, তবে আনুমানিক কবে নাগাদ তা প্রকাশিত হতে পারে, সেই ধারণা দেওয়া পেশাগত ভদ্রতারই অংশ। আবার লেখা প্রকাশিত হলে সংশ্লিষ্ট অনলাইন লিংক কিংবা ই-পেপারের কপি লেখককে পাঠানো কোনো ব্যক্তিগত অনুগ্রহ নয়; এটি পেশাগত সৌজন্য ও প্রাতিষ্ঠানিক দায়িত্বের স্বাভাবিক পরিধির মধ্যেই পড়ে। একইভাবে, কোনো পত্রিকার ই-ভার্সন যদি সাবস্ক্রিপশন ছাড়া পাঠযোগ্য না হয়, সেক্ষেত্রে লেখককে একটি কপি সরবরাহ করা অনুগ্রহ হিসেবে দেখার সুযোগ নেই। কারণ লেখক এখানে বাইরের কেউ নন; তার শ্রম, চিন্তা ও মেধার মাধ্যমেই পত্রিকার কনটেন্ট সমৃদ্ধ হয়। যোগাযোগ-মনোবিজ্ঞানের ভাষায়, এমন ন্যূনতম স্বীকৃতির অভাব লেখক ও প্রতিষ্ঠানের মধ্যে আস্থার সংকট তৈরি করে, যা দীর্ঘমেয়াদে গণমাধ্যমের পেশাগত বিশ্বাসযোগ্যতাকেই ক্ষতিগ্রস্ত করে।
দ্বিতীয়ত, লেখকের লেখায় সম্পাদনার নামে অতিরিক্ত বা অযাচিত হস্তক্ষেপ একটি গুরুতর নৈতিক ও আইনি প্রশ্নের জন্ম দেয়। গণমাধ্যমের নীতিমালার অংশ হিসেবে বানান, শব্দচয়ন কিংবা বাক্যগঠনের ত্রুটি সংশোধন করা সম্পাদকীয় দায়দায়িত্বের স্বাভাবিক ও প্রয়োজনীয় অংশ এ নিয়ে কোনো দ্বিমত নেই। বরং এই ধরনের সম্পাদনাই একটি পত্রিকার পেশাগত মানের উৎকর্ষ সাধন এবং তাকে দৃশ্যমান করে। কিন্তু সমস্যা শুরু হয় তখনই, যখন এসব সীমার বাইরে গিয়ে লেখার অংশ বিশেষ উদ্দেশ্যপ্রণোদিতভাবে কেটেছেঁটে ফেলা তথ্য বক্তব্য, কাঠামো বা অন্তর্নিহিত অর্থে প্রভাব পড়ে এমন কোনো পরিবর্তন, সংকোচন কিংবা সংযোজন করা হয়, অথচ তা প্রকাশের আগে লেখককে অবহিত করা হয় না। এটা সম্পূর্ণ পেশাগত নীতির পরিপন্থী, অনৈতিক, বেআইনি ও লেখকের মতপ্রকাশের স্বাধীনতায় হস্তক্ষেপ এবং পত্রিকা কর্তৃপক্ষের স্বেচ্ছাচারী মনোবৃত্তির বহিঃপ্রকাশ। মনে রাখা জরুরি, একটি লেখা কেবল কিছু শব্দ বা বাক্যের যান্ত্রিক সমষ্টি নয়; এটি লেখকের চিন্তা, শ্রম, মেধা, অভিজ্ঞতা ও বুদ্ধিবৃত্তিক সত্তার বহিঃপ্রকাশ। একই সঙ্গে লেখার বিষয়বস্তু, দৃষ্টিভঙ্গি ও দর্শনের নৈতিক ও আইনি দায়ভারও বহন করেন লেখক নিজেই। সে কারণেই আন্তর্জাতিকভাবে স্বীকৃত আইন ও নীতিমালায় লেখকের এই অধিকারকে কপিরাইট বা মেধাস্বত্ব এবং বুদ্ধিবৃত্তিক সম্পত্তি হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। কোনো লেখায় লেখকের সম্মতি ছাড়া মৌলিক পরিবর্তন আনা শুধু অনৈতিকই নয়, অনেক ক্ষেত্রে তা বিদ্যমান আইনি কাঠামোরও সুস্পষ্ট লঙ্ঘন। অতএব, লেখকের অনুমতি বা অন্তত অবহিতকরণ ছাড়া লেখার বক্তব্যগত পরিবর্তন করা মানে ব্যক্তিগত লেখককে নয়, বরং সামগ্রিকভাবে পেশাগত নীতিনৈতিকতা, সম্পাদকীয় স্বচ্ছতা এবং গণমাধ্যমের বিশ্বাসযোগ্যতাকেই খাটো করা। একটি দায়িত্বশীল সংবাদমাধ্যমে সম্পাদক ও লেখকের সম্পর্ক হওয়া উচিত সহযোগিতামূলক ও সমন্বয়নির্ভর যেখানে সম্পাদনা হবে মানোন্নয়নের উপায়, কর্তৃত্ব আরোপের অস্ত্র নয়। কোন লেখা না ছাপার অধিকার পত্রিকা কর্তৃপক্ষের অবশ্যই থাকবে, কিন্তু লেখকের কোন লেখাকে অনুমতি বা সম্মতি ছাড়া নিজেদের ইচ্ছে মত পরিবর্তন করে প্রকাশ করার অধিকার কোন সংবাদপত্রের নেই।
তৃতীয়ত, লেখকের সম্মানী বা পারিশ্রমিক প্রদানের প্রশ্নটি এখনও আমাদের দেশের গণমাধ্যম জগতে এক ধরনের উপেক্ষিত ও অনানুষ্ঠানিক সংস্কৃতিতে পরিণত হয়েছে। দুঃখজনকভাবে, বহু গণমাধ্যম মালিকের বিরুদ্ধেই নিয়মিতভাবে সময়মতো বেতন-ভাতা পরিশোধ না করার অভিযোগ রয়েছে যা আমাদের সংবাদপত্র জগতের একটি গভীর প্রাতিষ্ঠানিক সংকটের ইঙ্গিত বহন করে। তা সত্ত্বেও বাস্তবতা হলো, অধিকাংশ দায়িত্বশীল সংবাদমাধ্যমে সাংবাদিক, সম্পাদক ও কর্মকর্তা-কর্মচারীরা তাঁদের শ্রম, সময় ও মেধার বিনিময়ে পারিশ্রমিক পেয়ে থাকেন। এই স্বীকৃত বাস্তবতার আলোকে একটি মৌলিক প্রশ্ন সামনে আসে যে লেখকেরা সেই পত্রিকার জন্য নিয়মিতভাবে লেখা পাঠান, কনটেন্ট সমৃদ্ধ করেন এবং পাঠক তৈরিতে ভূমিকা রাখেন, তাঁদের ক্ষেত্রে এই নীতির ব্যতিক্রম কেন ঘটবে? লেখালেখি কোনো শখের কাজ মাত্র নয়। এটি সময়, শ্রম, মনন ও বুদ্ধিবৃত্তিক প্রস্তুতির সমন্বয়ে গড়ে ওঠা একটি পেশাগত কর্মকাণ্ড। এর জন্য প্রচুর সময়, শ্রম ও মেধা ব্যয় করতে হয়। সুতরাং লেখকের পারিশ্রমিক প্রদান বা সময়মতো তা পরিশোধ করা কোনো দয়া বা দাক্ষিণ্যের বিষয় নয়; এটি একটি স্পষ্ট নৈতিক ও পেশাগত দায়। লেখক তাঁর কাজের ন্যায্য পারিশ্রমিক পাওয়া সেটা তাঁর অধিকার। অর্থনৈতিক ন্যায়বিচারের দৃষ্টিকোণ থেকে দেখলে, বিনা পারিশ্রমিকে বা বিলম্বিত পারিশ্রমিকে শ্রম গ্রহণ করা একধরনের কাঠামোগত বৈষম্যকেই স্বাভাবিক করে তোলে।
এখানে দর্শনের এক সর্বজনস্বীকৃত নৈতিক নীতির কথা স্মরণ করা প্রাসঙ্গিক 'সোনালী নীতি' (গোল্ডেন রোল) আমি অন্যের কাছ থেকে যে আচরণ প্রত্যাশা করি, আমি নিজে কি সেই আচরণই অন্যের প্রতি করছি? একজন পেশাজীবী হিসেবে এই প্রশ্নটি প্রতিদিন নিজেকে করা সাংবাদিক ও সম্পাদকদের নৈতিক দায়িত্ব। স্বৈরাচারমুক্ত ও বৈষম্যহীন সমাজ কায়েম করতে হলে পেশাজীবীদেরও নিজেদের দিকে তাকাতে হবে। নিজেরা বৈষম্যমূলক ও স্বৈরাচারী আচরণ করে অন্যের কাছ থেকে ন্যায় ও অধিকারভিত্তিক আচরণ আপনি কিভাবে আশা করবেন? কারণ গণমাধ্যম নৈতিকতা কেবল প্রতিবেদনের বিষয়বস্তুতে সীমাবদ্ধ নয়; তা প্রতিফলিত হয় পেশাগত আচরণ, শ্রমের মূল্যায়ন এবং প্রাতিষ্ঠানিক ন্যায়বোধের মধ্য দিয়েও। এ লেখায় তুলে ধরা কথাগুলো হয়ত অনেকেরই পছন্দ হবে না এবং লেখাটিও হয়ত প্রকাশিত হবে না। কিন্তু যারা অন্তত পড়বেন, তাদের যদি বোধোদয় হয়, তবে সেটাই হবে এ লেখার সময়, শ্রম ও মেধা ব্যয়ের সার্থকতা।
মূলত, আমরা যে সমাজ কল্পনা করি এবং যে রাষ্ট্রের স্বপ্ন দেখি, সেই মূল্যবোধ যদি আমাদের নিজ নিজ আচার-আচরণ, পেশাগত চরিত্র ও নৈতিক চর্চার ভেতরে প্রতিফলিত না হয়, তবে তা অন্যের কাছে কিংবা বৃহত্তর সমাজের কাছে প্রত্যাশা করাই অবান্তর। ব্যক্তিগত ও পেশাগত আচরণের সঙ্গে ঘোষিত আদর্শের এই বিচ্ছিন্নতাই রাষ্ট্র ও সমাজজীবনের অন্যতম মৌলিক সংকট। দর্শনের ভাষায়, নৈতিকতা কেবল বক্তব্য বা ঘোষণায় নয়, বরং দৈনন্দিন অনুশীলনের মধ্য দিয়েই তার সততা প্রমাণিত হয়। এই প্রেক্ষাপটে প্রশ্নটি অনিবার্যভাবেই ওঠে আপনি যদি একজন সাংবাদিক বা সম্পাদক হিসেবে লেখক, সহকর্মী কিংবা পেশাগত অংশীদারের প্রতি এই ধরনের আচরণ করেন, তবে একজন রাজনীতিবিদ, প্রশাসক বা সাধারণ নাগরিকের কাছ থেকে ভিন্ন আচরণ কীভাবে প্রত্যাশা করা যায়? গণমাধ্যমের পেশাজীবীরা সমাজের কাছে প্রাতিষ্ঠানিক সমালোচক ও নৈতিক মানদণ্ড দাঁড় করান, বাস্তবে নিজেরাই যদি সেই মানদণ্ড অনুসরণ না করেন, তবে গণমাধ্যমের নৈতিক কর্তৃত্ব অনিবার্যভাবেই ক্ষয়প্রাপ্ত হয়। অতএব, গণমাধ্যমের সঙ্গে যুক্ত প্রত্যেক পেশাজীবীর দায়িত্ব কেবল লেখা প্রকাশ বা সংবাদ পরিবেশনের মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং মানবিক 'সোনালী নীতি' তথা 'আপনি আচরি ধর্ম, অপরে শিখাও', পেশাগত সৌজন্য ও নৈতিক নীতিমালা মেনে চলার মাধ্যমে তারা একটি কল্যাণমুখী, ন্যায়ভিত্তিক এবং দায়িত্বশীল সমাজ নির্মাণে কার্যকর ভূমিকা রাখতে পারেন। কারণ গণমাধ্যমের প্রকৃত শক্তি শব্দে নয়, বরং সেই শব্দের পেছনে থাকা নৈতিক বিশ্বাসযোগ্যতায় নিহিত।
প্রকৃতপক্ষে, আমরা যে সমাজ কল্পনা করি বা যে রাষ্ট্রের স্বপ্ন দেখি, সেই মূল্যবোধ যদি আমাদের নিজেদের আচার-আচরণ, পেশাগত চরিত্র ও নৈতিক চর্চার ভেতরে প্রতিফলিত না হয়, তবে তা অন্যের কাছে কিংবা বৃহত্তর সমাজের কাছে প্রত্যাশা করাই অবান্তর। নৈতিকতা কখনোই কেবল দাবি বা উপদেশের বিষয় নয়; এটি প্রতিদিনের অনুশীলনের মধ্য দিয়ে অর্জিত হয়ে ওঠে। তাই প্রতিটি পেশাজীবীর বিশেষ করে গণমাধ্যমে যুক্তদের মানবিক 'সোনালী নীতি'র আলোকে নিজ নিজ পেশাগত নীতিনৈতিকতাকে আত্মজিজ্ঞাসার ভিত্তিতে অনুসরণ করা অপরিহার্য। একটি কাঙ্ক্ষিত কল্যাণমুখী সমাজ নির্মাণ কোনো একক গোষ্ঠীর দায়িত্ব নয়; এটি সম্মিলিত নৈতিক অনুশীলনের ফল। সেই অনুশীলনের সূচনা হওয়া উচিত নিজের জায়গা থেকে। নিজ নিজ দায়িত্বের ক্ষেত্রে যদি আমরা পেশাদারিত্ব, সৌজন্য ও নৈতিকতার চর্চা নিশ্চিত করতে পারি, তবেই আমাদের গণমাধ্যমগুলো সত্যিকার অর্থে সমাজ ও রাষ্ট্রের অব্যাহত নির্মাণের অগ্রদূত হিসেবে তাদের ঐতিহাসিক দায়িত্ব যথাযথভাবে পালন করতে সক্ষম হবে।
লেখক: ড. মারুফ চৌধুরী, ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব রোহ্যাম্পটন, যুক্তরাজ্য।

## মুসাফাহা করবেন যেভাবে

২৫ পৃষ্ঠার পর

করেছেন, 'দুই মুসলমান যখন পরস্পর সাক্ষাতে মুসাফাহা করে তখন তাদের পৃথক হওয়ার আগে গুনাহ মাফ করে দেওয়া হয়।' (আবু দাউদ, হাদিস : ৫২১২; তিরমিজি, হাদিস : ২৭২৭)। সালমান (রা.) থেকে বর্ণিত হাদিসে আরো এসেছে, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'কোনো মুসলমান যখন অন্য মুসলমানের সঙ্গে সাক্ষাৎ করে এবং মুসাফাহা করে, তখন উভয়ের গুনাহ ঝরে যায়। যেভাবে প্রবল বাতাসে শুকনো গাছের পাতা ঝরে যায়। যদিও বা তাদের গুনাহ সাগরের ফেনা সমপরিমাণ হয়।' (তাবারানি কাবির, হাদিস : ৬১৫০, শুআবুল ঈমান, হাদিস : ৮৯৫০)।

মুসাফাহার সুন্নত পদ্ধতি : মুসাফাহা করার সুন্নত পদ্ধতি হলো উভয় হাত দিয়ে মুসাফাহা করা। যদিও ইদানীং কেউ কেউ এক হাতের পক্ষে কথা বলেন। ইবনে ওমর (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) যখন কাউকে বিদায় দিতেন তখন তার হাত ধরে মুসাফাহা করতেন। ওই ব্যক্তি হাত সরিয়ে না নেওয়া পর্যন্ত নবীজি নিজের হাত সরিয়ে নিতেন না। (তিরমিজি, হাদিস : ৩৪৪২)। আবু মামার (রহ.) বর্ণনা করেন, আমি আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.)-কে বলতে শুনেছি, আল্লাহর রাসুল (সা.) আমাকে তাশাহহুদ শিখিয়েছেন এমন অবস্থায় যে আমার হাত তাঁর উভয় হাতের মধ্যে ছিল। যেভাবে আমাকে তিনি কোরআনের সুরা শিক্ষা দিতেন। (বুখারি, হাদিস : ৬২৬৫, মুসলিম, হাদিস : ৯২৮)। মুসাফাহা করার সময় আল্লাহর প্রশংসা এবং দরুদ পাঠের কথা হাদিসে বর্ণিত হয়েছে। আর মুসাফাহা করার সময় এই দোয়া পাঠ করা উত্তম—ইয়াগফিরুল্লাহু লানা ওয়া লাকুম।' (আবু দাউদ, হাদিস : ৫২১৩)। মুসাফাহা করার সময় হাতে ঝাঁকি দেওয়া এবং হাত বুকের সঙ্গে মেলানো নিষ্প্রয়োজন।

লেখক : আলেম ও কবি।

## শাটডাউন অবসানে ১.২ ট্রিলিয়ন ডলারের বিল

৬২ পৃষ্ঠার পর

বাড়াতে সম্মতি না দেওয়ায় এই অর্থায়ন সংকট তৈরি হয়। মিনিয়াপোলিসে ফেডারেল এজেন্টদের গুলিতে মার্কিন নাগরিক রেনি গুড ও অ্যালেক্স প্রেট্টি নিহত হওয়ার ঘটনার পর ডেমোক্র্যাটরা অভিবাসন আইন প্রয়োগে নতুন বিধিনিষেধ আরোপের দাবি তোলেন।

## শিশুর অটিজম কিভাবে বুঝবেন?

২০ পৃষ্ঠার পর

নিজের যেখানে আগ্রহ তা নিয়ে। কেউ একটু ঘরে সাজিয়ে রাখা ফার্নিচার অদলবদল করে দিলে খ্যাপাটে হয়ে ওঠে। ঘ্রাণ, স্বাদ, শব্দ, দৃশ্য ও স্পর্শ-প্রতিটি ইন্দ্রিয় তার অত্যন্ত স্পর্শকাতর থাকে, খানিক শব্দেই দুই হাত দিয়ে কান ঢেকে রাখে।

চিকিৎসা : এসব লক্ষণ দেখলে দ্রুত শিশু বিকাশ কেন্দ্রে বা শিশু বিশেষজ্ঞের কাছে নিয়ে পরামর্শ নিতে হবে। কেননা এগুলোই হতে পারে অটিজম স্পেকট্রাম ডিস-অর্ডার 'এএসডি'-এর প্রথম রোগ লক্ষণমালা। অটিজম শিশুদের প্রায় ১০ শতাংশে অন্যান্য অসুখও জড়িয়ে থাকে; যেমন-অতি দুরন্তপনা (এডিএইচডি), মৃগী রোগ, চোখে দেখা, কানে শোনার সমস্যা প্রভৃতি। দ্রুত রোগ নির্ণয় করে 'বিহেভিওরাল থেরাপি' ও অন্যান্য আনুষঙ্গিক চিকিৎসায় অনেকের তাড়াতাড়ি উন্নতি দেখা যায়। পাঁচ বছর বয়সের আগে যদি একনাগাড়ে দুই বছর এই প্রগ্রাম চালানো যায়, তবে সুফল মেলে। তবে যেসব অটিজমে আক্রান্ত শিশুর ছয় বছর বয়সেও মুখে বোল ফোটেনি, তাদের উন্নতি কম হয়। এই অসুখের নিরাময়ে সহজ কোনো বিধান নেই। তাই ধৈর্য ধরে অটিজম চিকিৎসা করাতে হবে।

লেখক : সাবেক বিভাগীয় প্রধান, শিশুস্বাস্থ্য বিভাগ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল।






## দোয়ার ওপর আস্থা হারাবেন না

২৫ পৃষ্ঠার পর

দোয়ার কথা বারবার উল্লেখ করেছেন। হজরত জাকারিয়া (আ.) তাঁর দোয়ায় বলেন, 'হে আমার প্রতিপালক, আপনার কাছে দোয়া করে আমি কখনো ব্যর্থ হইনি।' (সুরা মারিয়াম, আয়াত: ৪)।
ইবরাহিম (আ.) বলেন, 'আশা করি, আমার প্রতিপালকের নিকট দোয়া করে আমি বিফল হব না।' (সুরা মারিয়াম, আয়াত: ৪৮)। দোয়া কবুলের সময়কাল নিয়ে আমরা ইয়াকুব (আ.) ও মুসা (আ.)-এর দুটি ঘটনা উল্লেখ করতে পারি:
ইয়াকুব (আ.) তাঁর ১২ সন্তানের মধ্যে সব সন্তানের জন্য দোয়া করেছেন, বিশেষ করে ইউসুফ (আ.)-এর জন্য; যাঁকে তাঁর আপন ভাইয়েরা হিংসার বশবর্তী হয়ে কুয়ায় নিক্ষেপ করেছিল। ইয়াকুব (আ.) কান্না করতে করতে তাঁর দৃষ্টিশক্তি প্রায় হারিয়ে ফেলেছিলেন। বহুরের পর বছর তিনি তাঁর হারানো পুত্রকে একনজর দেখার জন্য দোয়া করেছেন। (সুরা ইউসুফ, আয়াত: ৮৪-৮৬)। মহান আল্লাহ ইয়াকুব (আ.) এর দোয়া কবুল করেছেন। অনেক বছর পর অবশেষে তিনি তাঁর পুত্রের দেখা পেয়েছেন। অন্যদিকে ফেরাউনের হত্যা থেকে নিজের পুত্রসন্তানকে বাঁচাতে মুসা (আ.)-এর মা তাঁকে পানিতে ভাসিয়ে দিয়েছিলেন এবং মহান আল্লাহর বিশেষ অনুগ্রহ পেয়েছিলেন। (সুরা ত্বহা, আয়াত: ৩৭-৩৯)।
তিনি আল্লাহর কাছে দোয়া করেছিলেন, তিনি যেন তাঁর সন্তানকে আবার দেখতে পান। মহান আল্লাহর অনুগ্রহে মুসা (আ.)-এর মা তাঁর সন্তানের দেখা পেয়েছিলেন। শিশুর পরবর্তী খাওয়ার সময় হওয়ার মধ্যেই তিনি সন্তানের দেখা পান।
অন্যদিকে ইউসুফ (আ.)এর ক্ষেত্রে হয়েছে বিপরীত, তিনি তাঁর পিতার কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে বহু বছর পর পিতার সঙ্গে মিলিত হয়েছিলেন। দোয়া কবুলের পূর্বশর্ত হলো, সর্বপ্রথম মহান আল্লাহ তাআলার নিকট আমাদের অতীত বর্তমান সব পাপ ও ভুলের জন্য খাঁটি নিয়তে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করা।
তাই দোয়ার জবাব দৃশ্যমানভাবে আমরা কখন পাব, তা একমাত্র আল্লাহ তাআলা জানেন। কখনো তৎক্ষণাৎ তা ঘটতে পারে, কখনো অনেক বছর পর। আবার কখনো তা পরকালের জন্য সঞ্চিত থাকে, যা একজন মুমিনের জন্য মহামূল্যবান পুরস্কার। আল্লাহ তাআলা বলেন, 'তোমরা যা কিছু চেয়েছ, তিনি তোমাদের তা দিয়েছেন। আল্লাহর নেয়ামত গুনে শেষ করতে পারবে না।' (সুরা ইবরাহিম, আয়াত: ৩৪)।
আমাদের প্রিয় নবীজি (সা.) দোয়া করার জন্য আমাদের উৎসাহিত করেছেন। প্রিয় নবীজি (সা.) বলেন, 'যে ব্যক্তি আল্লাহর কাছে কিছু চায় না, আল্লাহ তার প্রতি অসন্তুষ্ট হন।' (সুনানে তিরমিজি, হাদিস: ৩,৩৭৩)।
দোয়া না করাকে আল্লাহ অহংকার বলেছেন, 'তোমাদের প্রতিপালক বলেছেন, আমাকে ডাকো, আমি সাড়া দেব। যারা আমার ইবাদত না করে অহংকার করে, তারা লাঞ্ছিত হয়ে জাহান্নামে প্রবেশ করবে।' (সুরা গাফির, আয়াত: ৬০)।
দোয়া কবুলের পূর্বশর্ত হলো, সর্বপ্রথম মহান আল্লাহ তাআলার নিকট আমাদের অতীত বর্তমান সব পাপ ও ভুলের জন্য খাঁটি নিয়তে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করা। দোয়ার আদব হলো মহান আল্লাহর সম্পর্কে সুন্দর ধারণা, মহান আল্লাহর গুণবাচক নামে ডাকা, বিনম্র আকুতির সঙ্গে দোয়া করা, দোয়া কবুলে প্রবল আশাবাদী হওয়া।
বেশি বেশি দোয়া করার মাধ্যমে মহান আল্লাহ তাআলার সঙ্গে আমাদের সম্পর্ক সুদৃঢ় হয়। পবিত্র কোরআনে আল্লাহ তাআলা বলেন, 'আমাকে স্মরণ করো, আমি তোমাদের স্মরণ করব।' (সুরা বাকারা, আয়াত: ১৫২)।
সাদিয়া শারমীন : সংবাদকর্মী।

## কখন কন্টাক্ট লেন্স ব্যবহার করবেন?

২০ পৃষ্ঠার পর

না। দৈনিক তিন-চার ঘণ্টা ব্যবহার করা যেতে পারে।
* আরজিপি এবং সফট কন্টাক্ট লেন্স ১৫ থেকে ২০ ঘণ্টা ব্যবহার করা যায়।
* প্রতি ২৪ ঘণ্টা পর পর নির্দিষ্ট তরল বা সলিউশন দিয়ে লেন্স পরিষ্কার করা ভালো।
* কন্টাক্ট লেন্স ব্যবহার করা অবস্থায় চোখ লাল হলে তা খুলে ফেলতে হবে এবং দ্রুত চক্ষু বিশেষজ্ঞের পরামর্শ নিতে হবে।

**কন্টাক্ট লেন্সজনিত সমস্যা**

* লেন্স পরিষ্কার করার তরলের মধ্যে যে রাসায়নিক পদার্থ থাকে, তা থেকে চোখে অ্যালার্জি হতে পারে।
* চোখের কালো মণিতে পানি জমে পরবর্তী সময়ে ঘা হতে পারে।
* কন্টাক্ট লেন্সের চাপে চোখে স্থায়ী অ্যাসটিগমেটিজম বা দৃষ্টিস্বল্পতা হতে পারে।
* লেন্স ঘোলা হয়ে নষ্ট হয়ে যেতে পারে।

চশমার বিকল্প হিসেবে স্বল্প খরচে কন্টাক্ট লেন্স ব্যবহার অনেক জনপ্রিয়। ডাক্তারের পরামর্শে ব্যবহারবিধি মেনে লেন্স ব্যবহার করলে কন্টাক্ট লেন্সজনিত চোখের সমস্যা এড়ানো যায়।
লেখক : সিনিয়র কনসালট্যান্ট, বসুন্ধরা আই হসপিটাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা।

## ওমরাহ পালনের সঠিক পদ্ধতি

২৫ পৃষ্ঠার পর

**২. কাবা ঘর তওয়াফ**

মসজিদুল হারামে প্রবেশের পর তালবিয়া পাঠ বন্ধ করে তওয়াফ শুরু করতে হবে।
শুরু: হাজরে আসওয়াদকে (কালো পাথর) সামনে রেখে তওয়াফ শুরু করতে হবে। সম্ভব হলে হাজরে আসওয়াদ চুম্বন করা, নয়তো দূর থেকে হাত দিয়ে ইশারা করে বিসমিল্লাহি আল্লাহু আকবার বলা।
ইজতিবা ও রামাল (পুরুষদের জন্য): তাওয়াফের সাত চক্করেই পুরুষরা তাদের ডান কাঁধ খোলা রাখবেন। একে ইজতিবা বলে। কেউ কেউ প্রথম তিন চক্কর ইজতিবা করার কথা বলেন। প্রথম তিন চক্করে একটু দ্রুত ও বীরদর্পে হাঁটতে হবে। একে বলে রামাল। বাকি চার চক্কর স্বাভাবিকভাবে হাঁটবেন।
দোয়া: তাওয়াফের নির্দিষ্ট কোনো দোয়া নেই, তবে রুকনে ইয়ামানি ও হাজরে আসওয়াদের মাঝখানে এই দোয়াটি পড়া সুন্নত: "রাব্বানা আতিনা ফিদ দুনিয়া হাসানাতাও ওয়া ফিল আখিরাতি হাসানাতাও ওয়া কিনা আজাবান নার।"
মাকামে ইবরাহিম: তাওয়াফ শেষ করে মাকামে ইবরাহিমের পেছনে (জায়গা না পেলে হারামের যেকোনো স্থানে) দুই রাকাত নামাজ আদায় করা ওয়াজিব।

**৩. জমজম পান**

তাওয়াফ শেষে তৃপ্তিভরে জমজমের পানি পান করা সুন্নত। এরপর সাঈ (সাফা ও মারওয়া পাহাড়ের মাঝে হাঁটা) করার জন্য সাফা পাহাড়ের দিকে যেতে হবে।

**৪. সাফা ও মারওয়া পাহাড় সাঈ করা**

সাফা পাহাড় থেকে সাঈ শুরু করতে হবে এবং মারওয়া পাহাড়ে গিয়ে শেষ করতে হবে।
পদ্ধতি: সাফা পাহাড়ে উঠে কাবার দিকে মুখ করে হাত তুলে দোয়া করা এবং আল্লাহর বড়ত্ব ঘোষণা করা। এরপর মারওয়ার দিকে হাঁটা শুরু করা।
সবুজ বাতি: সাফা ও মারওয়ার মাঝখানে দুটি সবুজ বাতি চিহ্নিত স্থান রয়েছে। এই জায়গাটুকু পুরুষদের জন্য একটু দ্রুত দৌড়ানো সুন্নত।
গণনা: সাফা থেকে মারওয়া পর্যন্ত গেলে এক চক্কর এবং মারওয়া থেকে সাফায় ফিরে আসলে দ্বিতীয় চক্কর হবে। এভাবে মোট সাতটি চক্কর পূর্ণ করতে হবে। শেষ হবে মারওয়া পাহাড়ে গিয়ে।

**৫. হলক বা চুল কাটা**

সাঈ শেষ করার পর ইহরাম খোলার জন্য চুল কাটতে হয়।
পুরুষদের জন্য: পুরো মাথা মুণ্ডন করা (হলক) অথবা বাবরি ধরনের চুল হলে পুরো মাথার চুল ছোট করা। তবে মুণ্ডন করা অধিক সওয়াবের কাজ।
নারীদের জন্য: চুলের অগ্রভাগ থেকে আঙুলের এক কর (প্রায় এক ইঞ্চি) পরিমাণ চুল কাটতে হবে।

**ইহরাম ত্যাগ**

চুল কাটার মাধ্যমেই ওমরাহর সমস্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। এখন আপনি ইহরামের কাপড় খুলে স্বাভাবিক পোশাক পরতে পারেন এবং ইহরাম অবস্থায় যা যা নিষিদ্ধ ছিল (যেমন সুগন্ধি ব্যবহার, প্রীসঙ্গ) তা এখন বৈধ হয়ে যাবে।
এহসান সিরাজ : আলেম ও লেখক।

## পাচারকৃত সম্পদ পুনরুদ্ধারে বৈশ্বিক সহযোগিতা চায় বাংলাদেশ

৬২ পৃষ্ঠার পর

(ইকোসক)এর আর্থিক সততা বিষয়ক বিশেষ বৈঠকে বক্তব্যে তিনি এ কথা বলেন।
সোমান বলেন, ২০২৪ সালের জুলাইয়ের গণঅভ্যুত্থান জনজীবনে সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতি মানুষের মনে নতুনপ্রত্যাশা জাগ্রত করেছে। তথাকথিত 'মেগা প্রকল্প'গুলো সাধারণ মানুষের জন্য খুব সীমিত সুফল বয়ে আনে। বরং সেগুলো দুর্নীতির সুযোগ সৃষ্টি করে এবং জনসাধারণের অর্থ বিদেশের নিরাপদ আশ্রয়ে পাচারের পথ খুলে দেয়। তাই এসব সম্পদ পুনরুদ্ধার করে বৈধ মালিকদের কাছে ফেরত দেওয়ার লক্ষ্যে স্বচ্ছতার ভিত্তিতে সংশ্লিষ্ট তথ্যের যথাযথ আদান-প্রদান নিশ্চিত করা, কার্যকর অংশীদারিত্ব জোরদার করা এবং এ বিষয়ে সমন্বিত আন্তর্জাতিক পদক্ষেপ গ্রহণ করতে হবে।
এর আগে গতবছরের জুনে স্পেনে অনুষ্ঠিত উন্নয়ন অর্থায়ন বিষয়ক চতুর্থ আন্তর্জাতিক সম্মেলনের ফলাফলকে ঐতিহাসিক আখ্যায়িত করে রাষ্ট্রদূত চৌধুরী বলেন, এই রাজনৈতিক অঙ্গীকারকে কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে, যাতে পুনরুদ্ধারকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, সামাজিক সুরক্ষা ব্যবস্থা এবং দেশের অভ্যন্তরীণ অর্থনৈতিক সক্ষমতা জোরদারে ব্যবহার করা যায়।

## বন্দিদের সঙ্গে যেমন ছিল নবীজির আচরণ

২৫ পৃষ্ঠার পর

এরপর রাসুলুল্লাহ সা. তার কাছে এলেন এবং বলেন, হে সুমামাহ, তোমার কাছে কেমন মনে হচ্ছে? সে জবাব দিল, আমার কাছে তো ভালোই মনে হচ্ছে। আপনি যদি আমাকে হত্যা করেন, তাহলে খুনি ব্যক্তিকেই হত্যা করলেন। আর যদি আপনি অনুগ্রহ করেন, তবে আপনার অনুগ্রহ হবে কৃতজ্ঞ ব্যক্তির ওপর। আর যদি আপনি সম্পদ চান, তবে আপনাকে তাই দেয়া হবে, আপনি যা চাইবেন। রাসুলুল্লাহ সা. তাকে যথাবস্থায় রেখে দিলেন। এভাবে নবীজি তিন দিন তার সঙ্গে কথা বলেন, এরপর রাসুলুল্লাহ সা. বললেন, তোমরা সুমামাহকে ছেড়ে দাও। তারপর সুমামাহ মসজিদের নিকটবর্তী একটি খেজুরবাগের নিকট গেলেন। সেখানে তিনি গোসল করলেন।

## অস্ট্রেলিয়ার শিক্ষার্থী ভিসায় কড়াকড়ি

৬৪ পৃষ্ঠার পর

শিক্ষার্থীরা। অস্ট্রেলিয়ার স্বরাষ্ট্র বিভাগ (ডিপার্টমেন্ট অব হোম অ্যাফেয়ার্স) সম্প্রতি বাংলাদেশকে 'প্রমাণের স্তর ৩' (এভিডেন্স লেভেল ৩) বা সর্বোচ্চ ঝুঁকির তালিকায় অন্তর্ভুক্ত করেছে। এই সিদ্ধান্তের ফলে ভিসা পাওয়ার শর্তাবলি আগের চেয়ে বেশি কঠোর করা হয়েছে, যা অবিলম্বে কার্যকর হয়েছে। স্বরাষ্ট্র বিভাগের নতুন নির্দেশনা অনুযায়ী, এখন থেকে বাংলাদেশি আবেদনকারীদের নথিপত্র যাচাইয়ের ক্ষেত্রে কড়াকড়ি আরোপ করা হবে। আগে যেখানে অনেক ক্ষেত্রে শিথিলতা ছিল, এখন সেখানে প্রতিটি তথ্যের পেছনে অকাট্য প্রমাণের প্রয়োজন পড়বে।
যদি কোনো শিক্ষার্থীর ব্যাংক অ্যাকাউন্টে জমা রাখা টাকা ছয় মাসের কম সময়ের পুরোনো হয়, তবে সেই টাকার সুনির্দিষ্ট ও স্বচ্ছ উৎস দেখাতে হবে। আগে এটি তিন মাসের হিসাব দেখালেই চলত।
পরিবারের সব ধরনের আয় অবশ্যই ব্যাংকের মাধ্যমে হতে হবে। অন্তত ছয় মাসের ব্যাংক হিসাবের বিবরণী জমা দেওয়া এখন বাধ্যতামূলক। নগদ আয় এখন আর গ্রহণযোগ্য হবে না।
জমি বিক্রয় বা বিনিয়োগ থেকে আসা অর্থের ক্ষেত্রে কেবল দলিলনামা বা ঘোষণা দিলে চলবে না। ব্যাংক চেক বা ব্যাংক স্থানান্তরের প্রমাণ দেখাতে হবে। লিজ বা ইজারা থেকে আয়ের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য।
স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের জন্য বেতনের বিবরণী বা স্লিপ জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। নগদ বেতনের ক্ষেত্রে নিয়োগকর্তার সততা ও কর পরিশোধের তথ্য পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করা হবে। এখন থেকে শিক্ষার্থীদের অনেক বেশি দীর্ঘ ও বিস্তারিত সাক্ষাৎকারের মুখোমুখি হতে পারে। সেখানে কোর্সের বিস্তারিত তথ্য, বাসস্থানের পরিকল্পনা, পড়ার জায়গা, কর্মজীবনের লক্ষ্য ও পারিবারিক সম্পর্কের মতো বিষয়গুলো নিয়ে গভীর প্রশ্ন করা হতে পারে। স্বরাষ্ট্র বিভাগের নতুন নির্দেশনা অনুযায়ী, এখন থেকে বাংলাদেশি আবেদনকারীদের নথিপত্র যাচাইয়ের ক্ষেত্রে কড়াকড়ি আরোপ করা হবে। আগে যেখানে অনেক ক্ষেত্রে শিথিলতা ছিল, এখন সেখানে প্রতিটি তথ্যের পেছনে অকাট্য প্রমাণের প্রয়োজন পড়বে।

**শিক্ষার্থীরা যেসব সমস্যার মুখোমুখি হতে পারেন –**

১. ভিসা প্রত্যাখ্যানের উচ্চ হার: নথিপত্রের ছোটখাটো ত্রুটি বা আয়ের উৎসে অস্পষ্টতা থাকলে সরাসরি ভিসা বাতিল হওয়ার আশঙ্কা আগের চেয়ে অনেক বাড়বে।
২. সময়ক্ষেপণ: নতুন নিয়মে প্রতিটি নথি আলাদাভাবে ব্যাংকের সঙ্গে যোগাযোগ করে বা সরাসরি যাচাই করা হতে পারে। ফলে ভিসা পেতে আগের চেয়ে অনেক বেশি সময় লাগতে পারে।
৩. আর্থিক জটিলতা: বাংলাদেশে অনেক পরিবার জমি বিক্রয় বা ব্যবসার ক্ষেত্রে নগদ লেনদেন করে থাকে। ব্যাংক লেনদেনের অকাট্য প্রমাণ না থাকায় অনেক মেধাবী শিক্ষার্থী যোগ্যতা থাকা সত্ত্বেও আবেদনের সুযোগ হারাতে পারেন।
৪. সাক্ষাৎকারের আতঙ্ক: ইংরেজির দক্ষতা, অস্ট্রেলিয়ার আবাসন ও কোর্স সম্পর্কে গভীর জ্ঞান না থাকলে সাক্ষাৎকারে উত্তীর্ণ হওয়া কঠিন হতে পারে।

অস্ট্রেলিয়ার সরকার যদিও ২০২৬ সালের জন্য লক্ষ্যমাত্রা কিছুটা বাড়িয়েছে, তবে গুণগত মান নিশ্চিত করতে তাদের এই কড়াকড়ি অন্য দেশের শিক্ষার্থীদের জন্য সুযোগ তৈরি করলেও বাংলাদেশের জন্য তা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তাই এখন কেবল মেধা নয়, নথিপত্রের সত্যতা ও স্বচ্ছতাই হতে পারে অস্ট্রেলিয়ার ভিসা পাওয়ার অন্যতম চাবিকাঠি।

## হাসনাতকে ঠেকাতে বিএনপি কর্মীরা চড়ছেন ট্রাকে

৬৪ পৃষ্ঠার পর

না থাকায় অনেকটা ক্ষুব্ধ তারা। এ অবস্থায় কেন্দ্র থেকে গণঅধিকার পরিষদের প্রার্থী মো. জসিম উদ্দিনকে সমর্থন দেওয়ার জন্য মৌখিক নির্দেশনা এসেছে বলে স্থানীয় নেতাকর্মীরা জানিয়েছেন। কুমিল্লা উত্তর জেলা বিএনপির সদস্যসচিব এ এফ এম তারেক মুন্সী আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় ভোটে জসিম উদ্দিনের 'ট্রাক প্রতীকের' পক্ষে কাজ করতে নেতাকর্মীদের বলেছেন। বৃহস্পতিবার সকালে তিনি বলেন, কেন্দ্র থেকে মৌখিকভাবে নির্দেশনা দেওয়া হয়েছে ট্রাক প্রতীকের পক্ষে কাজ করতে। এ বিষয়ে বিএনপির কেন্দ্রীয় কমিটির জ্যেষ্ঠ একজন নেতা বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেছেন, তারা ট্রাক প্রতীকে সমর্থনের বিষয়টি এরই মধ্যে স্থানীয় নেতাদের জানিয়ে দিয়েছেন। কুমিল্লা-৪ আসনে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহর করা অভিযোগে 'ঋণ খেলাপির তথ্য গোপনের কারণে' বিএনপি প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সির মনোনয়নপত্র বাতিলের আদেশ দেয় আদালত। ফলে এ আসনে বর্তমানে বিএনপির কোনো প্রার্থী নেই। এদিকে ভোটের দিন এগিয়ে আসায় সেখানে অন্য প্রার্থীদের প্রচার বেশ জমে উঠেছে। বিশেষ করে এনসিপির হাসনাত আব্দুল্লাহ নিজের ও জোটের নেতাকর্মীদের নিয়ে দিনরাত মাঠ চষে বেড়াচ্ছেন। ট্রাক প্রতীকে ভোট চাইছেন গণঅধিকার পরিষদের প্রার্থী জসিম উদ্দিন।

## লিভার ক্যান্সারকেও প্রতিরোধ করা সম্ভব

২০ পৃষ্ঠার পর

সিরোসিস রোগে আগে থেকে আক্রান্ত হয়ে থাকলে তার লিভার ক্যান্সারে আক্রান্ত হওয়ারও ঝুঁকি সর্বোচ্চ। সে জন্য বেশির ভাগ ক্ষেত্রেই লিভার সিরোসিসকে প্রতিরোধ করতে পারলে লিভার ক্যান্সারকেও প্রতিরোধ করা সম্ভব। নিম্নলিখিত অবস্থাগুলোকে লিভার ক্যান্সারের ঝুঁকি হিসেবে বিবেচনা করা হয়।

**ক্রনিক হেপাটাইটিস-বি ও সি ভাইরাসে আক্রান্ত ব্যক্তি :** দীর্ঘমেয়াদি হেপাটাইটিস-বি ও সি ভাইরাসে আক্রান্ত ব্যক্তিরা লিভার সিরোসিসে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে থাকে। তাই এই দুই ভাইরাসে আক্রান্ত ব্যক্তিরা লিভার ক্যান্সারে আক্রান্ত হওয়ারও ঝুঁকিতে থাকে। প্রসঙ্গত উল্লেখ্য, হেপাটাইটিস-বি ভাইরাস লিভার সিরোসিস না করেও সরাসরি লিভার ক্যান্সার করতে পারে। অন্যদিকে হেপাটাইটিস-সি ভাইরাস সংক্রমণের ফলে লিভার সিরোসিস হলেই কেবল লিভার ক্যান্সার হওয়ার ঝুঁকি থাকে। মনে রাখা খুব জরুরি, সাধারণত হেপাটাইটিস-সি ভাইরাস শরীরে প্রবেশের ২০ বছরের অধিক সময় পর লিভার সিরোসিস হয়। তাই সিরোসিস হওয়ার আগেই যদি চিকিৎসার মাধ্যমে এই জীবাণুকে নির্মূল করা যায়, তাহলে লিভার ক্যান্সারকেও ঠেকিয়ে দেওয়া যায়। যদিও হেপাটাইটিস-সি ভাইরাস প্রতিরোধের কোনো টিকা এখনো আবিষ্কার হয়নি, কিন্তু এর মধ্যেই আক্রান্ত ব্যক্তির জন্য সুখবর হচ্ছে, মাত্র ১২ সপ্তাহের মুখে খাওয়ার ট্যাবলেটেই শরীর থেকে হেপাটাইটিস-সি ভাইরাসকে সম্পূর্ণ নির্মূল করা যায়। অন্যদিকে হেপাটাইটিস-বি ভাইরাসের ক্ষেত্রে হেপাটাইটিস-বি ভাইরাসকে শরীর থেকে সম্পূর্ণ নির্মূল করে-এমন ওষুধ এখনো আবিষ্কৃত না হলেও একে নিয়ন্ত্রণে রাখার একাধিক ওষুধ আছে। অন্যদিকে একে প্রতিরোধ করার জন্য ভ্যাকসিনও অনেক সহজলভ্য। লিভার সিরোসিস তথা লিভার ক্যান্সার প্রতিরোধে যেকোনো বয়সের মানুষ এই টিকা নিতে পারে।

**ফ্যাটি লিভার ডিজিজ :** লিভারে অতিরিক্ত চর্বি জমার ফলে ধীরে ধীরে লিভার নিজের কার্যক্ষমতাও একসময় হারিয়ে ফেলে। স্থূলতা, অতিরিক্ত তৈলাক্ত ও চর্বি জাতীয় খাবার গ্রহণ এবং কায়িক পরিশ্রমের ঘাটতির ফলে লিভার সিরোসিসের পাশাপাশি লিভার ক্যান্সারেরও ঝুঁকি থাকে।

**স্থূলতা :** লিভার সিরোসিসে আক্রান্ত ব্যক্তিদের ভেতর যারা শারীরিকভাবে স্থূল, তাদের লিভার ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি হালকা-পাতলা গড়নের মানুষের চেয়ে বেশি।

**ডায়াবেটিস :** ডায়াবেটিসে আক্রান্ত ব্যক্তির লিভার ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি নন-ডায়াবেটিক রোগীর তুলনায় বেশি।

**লিভার ক্যান্সারের লক্ষণসমূহ :** যেহেতু বেশির ভাগ ক্ষেত্রেই লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদেরই লিভার ক্যান্সার হয়ে থাকে, তাই সিরোসিসের সব উপসর্গ ও লক্ষণ লিভার ক্যান্সার রোগীদের থাকে।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372




KARNAFULLY
TRAVEL INC.

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

### ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

### প্যাকেজে অন্তর্ভুক্তঃ

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

## KARNAFULLY TRAVEL INC.

37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NYI
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY CAR & LIMO SERVICES INC
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


সানাই
Shanai
RESTAURANT & PARTY HALL
সানাই রেস্টুরেন্টের পক্ষ থেকে সবাইকে পবিত্র
RAMADAN MUBARAK
حلال
HALAL
পবিত্র রামাদান উপলক্ষে
পার্টি বুকিং
ইফতার বক্স ডেলিভারি সার্ভিস
ইফতার বক্স ডেলিভারি করা হয়
৫০ বক্স থেকে শুরু করে ১০০০ বক্স পর্যন্ত
আমাদের বিশেষত্ব:
বাংলাদেশি ও চাইনিজ স্টাইলে সুস্বাদু ইফতার বক্স ডেলিভারি করা হয়
মসজিদের ইফতার বক্স অর্ডার ও বিস্তারিত জানতে
যোগাযোগ করুন আজই।
সারা আমেরিকা জুড়ে শানাই'র সুস্বাদু খাবারের ফ্রি ডেলিভারি!
আপনার অর্ডার মাত্র (২৪-৪৮) ঘন্টার মধ্যে পৌঁছে যাবে! মজাদার খাবার।
অর্ডার করতে ভিজিট করুন : CHEFSRHERE.COM
CONTACT US
718-255-1235 | 646-371-3614
570-592-2567
37- 43 74TH STREET, JACKSON HEIGHTS, NY 11372

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 11
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.c


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-536-7903







# নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের অফিস উদ্বোধন

৬৪ পৃষ্ঠার পর

করেন। এ সময় সাংবাদিক ও কমিউনিটি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। তুমুল করতালির মধ্যে বেলুন উড়িয়ে ও ফিতা কেটে তা উদ্বোধন করা হয়। শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাধারন সম্পাদক মমিন মজুমদার। নিউইয়র্কে প্রেসক্লাবের একমাত্র নিজস্ব কার্যালয় হওয়ায় কমিউনিটির মধ্যে ব্যাপক উৎসাহ দেখা যায়। পরবর্তীতে অফিস কক্ষে বিশেষ দোয়া-মুনাজাত পরিচালনা করেন সাপ্তাহিক পালাবদলের ব্যবস্থাপনা সম্পাদক ফখরুল ইসলাম মাছুম। অনুষ্ঠানে বক্তারা নিউইয়র্কের বাংলাদেশী সাংবাদিকদের প্রথম প্রেসক্লাবের প্রথম অফিস উদ্বোধনের উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, নিজস্ব অফিস পরিচালনার মাধ্যমে ক্লাবের কার্যক্রম এবং কমিউনিটির সেবায় প্রেসক্লাব আরো একধাপ এগিয়ে গেলো।

ক্লাব সভাপতি মনোয়ারুল ইসলাম বলেন, প্রেসক্লাব অফিসে ৩০/৪০ জনের সভা-সমাবেশ করার সুযোগ রয়েছে। কমিউনিটির কোন সংগঠন প্রেস কনফারেন্স বা নিজেদের সভা করতে চাইলে আগামী ৩ মাস ফ্রিতে প্রেসক্লাবের অফিস ব্যবহারের সুযোগ পাবেন।

তিনি জানান প্রেসক্লাবের আসবাবপত্র স্টার ফার্নিচারের সিইও সায়ন রকি আলিয়ানের সৌজন্যে এবং দুটি কম্পিউটার সানমানিন এক্সপ্রেস ও হাবিব রহমানের সৌজন্যে ব্যবহারের জন্য পাওয়া গেছে।

অনুষ্ঠানে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের অফিসের আনুষ্ঠানিক যাত্রাকে কমিউনিটির নেতৃবৃন্দ ঐতিহাসিক পদক্ষেপ বলে উল্লেখ করেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারন সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দীন দেওয়ান, জ্যাকসন হাইটস বিজনেস এসোসিয়েশনের সভাপতি ও রাজনৈতিক ব্যক্তিত্ব গিয়াস আহমেদ,মুক্তধারার রাজনৈতিক এটর্নী মঈন চৌধুরী, এটিএনটিভি যুক্তরাষ্ট্রের পরিচালক ও সোসাইটির সাবেক সাধারন সম্পাদক ফখরুল আলম, কমিউনিটি একটিভিস্ট ও ডেমোক্রাট নেতা মোহাম্মদ এন মজুমদার, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ড সদস্য ফকরুল ইসলাম দেলোয়ার, লায়নের সাবেক সভাপতি ও স্টার ফার্নিচারের সিইও রকি আলিয়ান, বর্তমান সভাপতি জেএফ এম রাসেল, বাংলাদেশ সোসাইটির স্কুল বিষয়ক সম্পাদক হাসান জিলানী, কমিউনিটি একটিভিস্ট সওগাদ হায়দার, আজাদ হোসেন, রুপসী বাংলার সম্পাদক শাহ জে চৌধুরী, বিবিএ সভাপতি ইসলাম এ মামুন, রাজনীতিক রহমত উল্লাহ, নজরুল একাডেমির সভাপতি কিউ জামান, প্রেসক্লাবের ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক শিহাব উদ্দীন কিসলু, হক কথা সম্পাদক ও প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, উপদেষ্টা মঈনুদ্দিন নাসের, উপদেষ্টা এবিএম সালেহ উদ্দিন, উপদেষ্টা আবের খান মাহমুদ, বিএফইউজে'র সাবেক সাধারন সম্পাদক নুরুল আমিন রোকন, প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, রাজনীতিক রহমত উল্লাহ, নজরুল একাডেমির সভাপতি কিউ জামান, সোসাইটির সাবেক কর্মকর্তা জামান তপন, জাতীয় প্রেসক্লাবের কার্যকরি কমিটির সাবেক সদস্য সানাউল হক, সাংবাদিক রিমন ইসলাম, নিউইয়র্ক বাংলার সম্পাদক আকবর হায়দার কিরন, কমিউনিটি একটিভিস্ট কাজি সহন, এবিসিএইচ এর তরিকুল ইসলাম মিঠু, মিজানুর রহমান ভূইয়া,ইমাম অলিউর রহমান সিরাজী, জসিম কবির, প্রবীন সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, প্রথম আলো যুক্তরাষ্ট্র প্রতিনিধি তোফাজ্জল হোসেন লিটন, জেমিনি সম্পাদক কোহিনূর আহমেদ, ইউএনএ নিউজের সাধারণ সম্পাদক শুভ সাহা। ক্লাবের যুগ্ম সাধারন সম্পাদক মাহাথির খান ফারুকী, অর্থ সম্পাদক রশিদ আহমেদ, দফতর সম্পাদক মোস্তাফিজুর রহমান, সদস্য ও আরটিভির যুক্তরাষ্ট্র প্রতিনিধি সৈয়দ মাহফুজ কবির, ইয়র্ক বাংলার জামিল আনসারী, আইবি টিভির সৌরভ ইমাম, আওয়াজ বিডির শাহ আহমেদ, টিবিএন ২৪ এর এমদাদ চৌধুরী দীপু, সদস্য রওশন হক ,মনিজা রহমান, ফারুক হোসেন, রুপা খানম, ফাহমিদা শীনা, নিউইয়র্ক কাগজের আকবরোজ্জা ইসলাম, আজকালের আবু সায়েম, টাইম টিভির তামান্না মৌ, রাশিদা আখতার, ঠিকানা নিউজের আশেক মাহমুদ, ঢাকা ট্রিবিউনের যুক্তরাষ্ট্র প্রতিনিধি মাহফুজুর রহমান, যুগান্তরের মোজাম্মেল হক, আনিসুল হক, দৈনিক সংগ্রামের আখতার হোসেন, লেখিকা সানজিদা রহমান, বাংলা টিভির জহিরুল ইসলাম ও জাতীয় সংবাদের ফাহমুদুল ইসলাম।

ক্লাবের সকল আসবাবপত্র সৌজন্য হিসেবে প্রদান করেছে স্টার ফার্নিচার।

সাংবাদিকদের কাজে ব্যবহারের জন্য ২টি কম্পিউটার প্রদান করেছে হাবিব রহমান ও সানম্যান এক্সপ্রেস।

প্রেসক্লাবের এই অফিসটি জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্র ৭২ স্ট্রিটের উপরে ব্রডওয়ে ও রুজভেল্ট এভিনিউ এর মাঝখানে অবস্থিত।

















# EMPOWERING DEVELOPMENT PROJECT, INC. (EDP)

SINCE 2015
EDP

## আপনার ডোনেশন = মানবতার কাজ আইনসম্মত ট্যাক্স সুবিধা

**IRS Approved 501(c) (3) Non-Profit Organization**

আপনি যখন **Empowering Development Project, Inc. -EDP**-তে অনুদান দেন, তখন

- ✔ মানুষের জীবন বদলান
- ✔ একই সঙ্গে ট্যাক্স সাশ্রয়ের বৈধ সুযোগ পান

EDP একটি নিউইয়র্কভিত্তিক ওজব স্বীকৃত ৫০১(গ)(৩) অলাভজনক সংস্থা।

EDP–তে আপনার দেওয়া অনুদান Federal Tax Return-এ Deductible এবং অনেক ক্ষেত্রে State Tax সুবিধাও প্রযোজ্য।

**ডোনেশনের ট্যাক্স সুবিধা কীভাবে কাজ করে?**

- ◇ আপনার Taxable Income কমে
- ◇ কম ট্যাক্স দিতে হয় বা রিফান্ড বাড়ে
- ◇ $250 বা তার বেশি অনুদানের জন্য

**IRS-Compliant Official Donation Receipt প্রদান করা হয়**

AGI (Adjusted Gross Income)-এর সর্বোচ্চ ৬০% পর্যন্ত ডোনেশন Tax Deduction হিসেবে দেখানো যায়
এবং সীমার বেশি হলে পরবর্তী ৫ বছর পর্যন্ত Carry Forward করা যায়।

**Corporate Donors I Large Contributors-এর জন্য বিশেষ সুবিধা**

- ✔ CSR Recognition
- ✔ Tax Planning myweav
- ✔ Social Impact Branding
- ✔ Community Trust & Visibility

**কোন কোন মাধ্যমে ডোনেশন করলে ট্যাক্স সুবিধা পাওয়া যায়?**

- Cash / Check
- Bank Transfer ev Online Donation
- Credit Card
- Stock ev Securities
- Vehicle Donation
- Clothing ও অন্যান্য Donatable Assets

**EDP–তে কেন অনুদান করবেন?**

কারণ আপনার অনুদান শুধু সাহায্য নয়–ক্ষমতায়ন।
গত ১১ বছর ধরে EDP নারী, অভিবাসী ও সুবিধাবঞ্চিত পরিবারগুলোর জন্য দক্ষতা, শিক্ষা ও আত্মনির্ভরতার সুযোগ তৈরি করে আসছে।

**EDP-এর কার্যক্রম**

- নারীদের জন্য কারিগরি ও উদ্যোক্তা প্রশিক্ষণ
- অভিবাসীদের জন্য কম্পিউটার ও কর্মমুখী স্কিল ডেভেলপমেন্ট
- শিশু ও পরিবারের জন্য শিক্ষা ও সাংস্কৃতিক প্রোগ্রাম
- ইতোমধ্যে ৬৫০+ মানুষের জীবনে বাস্তব ও স্থায়ী পরিবর্তন

**আপনার অনুদানের বাস্তব প্রভাব**

- ✔ একজন নারী আর্থিকভাবে স্বনির্ভর হন
- ✔ একজন অভিবাসী নতুন জীবনের দক্ষতা পান
- ✔ একটি পরিবার স্থিতিশীলতার পথে এগোয়
- ✔ একটি কমিউনিটি আরও শক্ত ও সচেতন হয়

আপনার অনুদান সরাসরি প্রোগ্রাম বাস্তবায়নে ব্যয় হয়
স্বচ্ছতা, দায়বদ্ধতা ও বিশ্বাসের সঙ্গে।

**EDP–তে অনুদান মানে দান নয়–মানুষের সম্ভাবনায় বিনিয়োগ**

**Organization:** Empowering Development Project, Inc. (EDP)

**Status:** IRS Approved 501(c)(3)

## ডোনেশন ও বিস্তারিত জানতে যোগাযোগ করুন

# AMBIA BEGUM

*Founder & Chief Executive Director*
*Empowering Development Project Inc(EDP)*

**Cell: +1 (347) 621-7393**
**+1 (929) 409-8042**

**Email: edpngoinc@gmail.com**

**Website: www.edpngo.org**



## মোস্তাফিজের ক্ষতি ৯ কোটি রুপি, আইসিসির ৬ হাজার কোটি!

৫২ পৃষ্ঠার পর

হিসাব নেই। তবে সম্প্রচার স্বত্ব, বিজ্ঞাপনের হার, স্পনসরশিপ, টিকিট এবং অন্যান্য বাণিজ্যিক কর্মকাণ্ড মিলিয়ে রক্ষণশীল হিসেবেও প্রায় ৫০ কোটি মার্কিন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় ৬ হাজার ১২০ কোটি টাকার বেশি।

ভারতীয় গণমাধ্যম এনডিটিভির প্রতিবেদন বলছে, ভারত-পাকিস্তান ম্যাচের প্রতি ১০ সেকেন্ডের বিজ্ঞাপন বিক্রি হয় ২৫ থেকে ৪০ লাখ ভারতীয় রুপিতে। ভারত-পাকিস্তান ম্যাচ না হলে সরাসরি আঘাত পড়বে সম্প্রচার স্বত্ব কেনা প্রতিষ্ঠানের আয়ে। বড় অঙ্কের অর্থ দিয়ে তারা আইসিসি থেকে স্বত্ব কেনে। শুধু একটি ভারত-পাকিস্তান ম্যাচ থেকেই বিজ্ঞাপনের মাধ্যমে আনুমানিক ৩০০ কোটি রুপি ওঠে বলে ধারণা করা হয়। ম্যাচ না হওয়া মানে এই লাভটা তারা করতে পারবে না।

বিশ্বকাপের সম্প্রচার স্বত্বাধিকারী জিওস্টার আগেই লোকসানের কারণে আইসিসির কাছে অর্থ ফেরত চেয়েছে। এবার ভারত-পাকিস্তান ম্যাচ না হলে যা আরও জোরালো হবে। বিশ্বকাপের প্রতিটি ম্যাচের অভ্যন্তরীণ মূল্য ধরা হয় প্রায় ১৩৮.৭ কোটি রুপি। এর আগে বাংলাদেশ বিশ্বকাপ বয়কট করায় বড় আর্থিক ক্ষতির মুখে পড়ে। ভারতের বার্তা সংস্থা পিটিআই জানিয়েছে, এবার টি-টোয়েন্টি বিশ্বকাপে না খেললে প্রায় ২ কোটি ৭০ লাখ ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩৩০ কোটি ২১ লাখ টাকা) আয়ের সুযোগ হারাবে বাংলাদেশ ক্রিকেট।

## শর্তে 'বারানসি' সিনেমায় অভিনয়ে রাজি হয়েছিলেন প্রিয়াংকা?

৪৬ পৃষ্ঠার পর

বাজতে থাকে। প্রিয়াংকাও সারাক্ষণ গান গেয়ে যাচ্ছিল। আর ওই গানটির জন্যই ও নাচতে চেয়েছিল।

সিনেমায় প্রিয়াংকা ও মহেশ বাবুর নাচের দৃশ্য দেখার জন্য মুখিয়ে ভক্ত-অনুরাগীরা। সামাজিক মাধ্যমে এক নেটিজেন লিখেছেন, 'প্রিয়াংকা ও মহেশ বাবুর নাচ যেন একেবারে সিনেমা।' আরেক নেটিজেন লিখেছেন, 'গানটি দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষায় রয়েছি।'

উল্লেখ্য, এসএস রাজামৌলি পরিচালিত 'বারানসি' সিনেমাটি ২০২২ সালে মুক্তিপ্রাপ্ত রাম চরণ ও জুনিয়র এনটিআর অভিনীত আরআরআরের ব্লকবাস্টার সাফল্যের পরের প্রজেক্ট। এ সিনেমায় প্রিয়াংকাকে মন্দাকিনি চরিত্রে দেখা যাবে। তার বিপরীতে আছেন মহেশ বাবু এবং খলনায়ক হিসেবে আছেন পৃথ্বীরাজ সুকুমারন। এ সিনেমার জন্য মার্শাল আর্ট শিখতে হয়েছে প্রিয়াংকাকে। এসএস রাজামৌলির সিনেমায় অভিনয় করা মানেই কিছু পদ্ধতি মেনে চলতে হয়।

মহেশ বাবু বলেন, এ সিনেমায় রাম হয়ে উঠতে একসঙ্গে অনেক কিছু করেছি। কেরালার মার্শাল আর্ট শিখেছি। যেটা শিখলে শরীরটা অনেকটা হালকা হয়ে যায়। ফলে শরীরী ভঙ্গি ফুটিয়ে তোলা সহজ হয়।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## 'সাকিবকে দলে না চাইলে আপনি বোকার স্বর্গে বাস করছেন'

৫২ পৃষ্ঠার পর

তারা সাকিবকে দলে চায় না, তবে আমার মনে হয় তারা বোকার স্বর্গে বাস করছে।'

নিজের অবস্থানের পেছনের কারণ ব্যাখ্যা করে সালাউদ্দিন একজন প্রকৃত অলরাউন্ডার হিসেবে সাকিবের গুরুত্ব তুলে ধরেন। তিনি আরও যোগ করেন, 'সবচেয়ে বড় বিষয় হলো ভারসাম্য। সাকিব দলে থাকলে আপনি ভারসাম্য পাবেন। আপনি একই সঙ্গে একজন বোলার এবং একজন ব্যাটার পাচ্ছেন। দিনশেষে সাকিব কতটা ফিট সেটা বড় বিষয় হবে, তবে তাঁর মতো একজন খেলোয়াড়কে সবাই চাইবে।'

সাকিব প্রায় দেড় বছর ধরে জাতীয় দলের বাইরে আছেন এবং বর্তমানে বিশ্বের বিভিন্ন ফ্র্যাঞ্চাইজি লিগগুলোই তাঁর ক্রিকেটের মূল গন্তব্য হয়ে উঠেছে। তবে সম্প্রতি বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জানিয়েছে যে, ফর্ম এবং ফিটনেস নির্বাচকদের চাহিদা অনুযায়ী থাকলে এই অভিজ্ঞ অলরাউন্ডারকে জাতীয় দলে ফেরার জন্য বিবেচনা করা হতে পারে।

বিসিবি কর্মকর্তারা আরও ইঙ্গিত দিয়েছেন যে, সাকিব যদি দেশে ফিরতে পারেন, তবে বোর্ড তাকে আগামী মার্চে পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে খেলাতে চায়। তবে রাজনৈতিক পরিচয়ের কারণে সাকিবের বাংলাদেশে ফেরা এখন বড় চ্যালেঞ্জের মুখে। সাকিব আওয়ামী লীগের একজন সংসদ সদস্য ছিলেন, তাদের সরকার ক্ষমতাচ্যুত হলে সাকিবের বিরুদ্ধে হত্যা ও দুর্নীতির মামলা দায়ের করা হয়েছে। সাকিবের ফেরা সহজ করতে এবং দেশের হয়ে আবারও খেলার পথ প্রশস্ত করতে বিসিবি সরকারের সঙ্গে যোগাযোগ রাখছে। বোর্ড আরও জানিয়েছে যে, সাকিব বাংলাদেশের হয়ে খেলতে অত্যন্ত আগ্রহী। সাকিবের সঙ্গে ব্যক্তিগতভাবে এ বিষয়ে কোনো আলাপ হয়েছে কি না জানতে চাওয়া হলে সালাউদ্দিন বিস্তারিত কিছু বলতে রাজি হননি। তিনি বলেন, সব কথা তো আর বলা যায় না।'

## তদন্ত প্রতিবেদন জমা : হাইকোর্টের নজরদারি আর নিরপেক্ষতা প্রশ্নে চাপে বিসিবি

৫২ পৃষ্ঠার পর

আনুষ্ঠানিকভাবে অভিযোগ জানালেও কোনো কার্যকর প্রতিকার পাননি। তার অভিযোগের পর রুমানা আহমেদ, সাবেক জাতীয় ক্রিকেটার ও কোচ রেশমা আক্তার আদুরিও নিজেদের অভিজ্ঞতা গণমাধ্যমে প্রকাশ করেন।

এই প্রেক্ষাপটে বিসিবি গত ৮ নভেম্বর একটি স্বাধীন তদন্ত কমিটি গঠন করে। প্রথম দফায় নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত শেষ না হওয়ায় একাধিকবার সময় বাড়ানো হয়। সর্বশেষ ৩১ জানুয়ারির মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার কথা থাকলেও ২ ফেব্রুয়ারি বিচারপতি তারিক উল হাকিমের নেতৃত্বাধীন কমিটি আনুষ্ঠানিকভাবে বিসিবি সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলামের কাছে তদন্ত প্রতিবেদন হস্তান্তর করে। তবে এই প্রতিবেদনের বিষয়বস্তু এখনো প্রকাশ করা হয়নি।

একই দিনে জনস্বার্থমূলক রিটের শুনানি শেষে হাইকোর্ট বিসিবির ভূমিকা নিয়ে সরাসরি প্রশ্ন তোলে। আদালত নির্দেশ দেন, তদন্তের ভিত্তিতে কার বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, নারী ক্রিকেটারদের নিরাপত্তা নিশ্চিত করতে কী কাঠামোগত পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং যৌন হয়রানি প্রতিরোধে কী বাস্তবায়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে, এসব বিষয়ে বিস্তারিতভাবে আদালতকে জানাতে হবে।

এই আইনি প্রেক্ষাপট ব্যাখ্যা করতে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে রিট আবেদনকারীর আইনজীবী ব্যারিস্টার নাসিরউদ্দিন আহমেদ অসীম বলেন, 'এই বিষয়টা শুধু একটি অভিযোগ বা একটি তদন্ত প্রতিবেদন নয়, এটা একটি প্রাতিষ্ঠানিক ব্যর্থতার প্রতিচ্ছবি। নারীদের জন্য নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা কোনো দয়ার বিষয় নয়, এটি একটি আইনি ও সাংবিধানিক দায়িত্ব।' তিনি ২০০৮ সালের বাংলাদেশ ন্যাশনাল উইমেন লইয়ার্স অ্যাসোসিয়েশনের রিটের রায়ের প্রসঙ্গ টেনে বলেন, 'হাইকোর্ট তখনই স্পষ্ট করে বলে দিয়েছিলেন, প্রতিটি প্রতিষ্ঠানে স্থায়ী অভিযোগ নিষ্পত্তি কমিটি থাকতে হবে, কমপক্ষে পাঁচ সদস্যের। নারী সদস্য থাকলে নারীকেই কমিটির প্রধান করতে হবে। এটা অস্থায়ী তদন্ত কাঠামো নয়, এটা স্থায়ী সুরক্ষা ব্যবস্থাপনা।' তদন্ত কমিটির গঠন নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, 'যেই বিভাগের বিরুদ্ধে অভিযোগ, সেই বিভাগের কর্তা ব্যক্তিকে তদন্ত কমিটিতে রাখা মানেই কনফ্লিক্ট অব ইন্টারেস্ট। একজন মানুষ নিজের মামলার বিচারক হতে পারে না। এতে নিরপেক্ষতা নষ্ট হয়।' দীর্ঘসূত্রিতা নিয়েও তিনি মন্তব্য করেন, 'দীর্ঘ সময় ধরে যে নিষ্ক্রিয়তা ছিল, সেটাই আসল প্রশ্ন। আদালতের আদেশের পর তড়িঘড়ি করে প্রতিবেদন জমা পড়া স্বাভাবিক প্রক্রিয়ার চেয়ে প্রতিক্রিয়াশীল সিদ্ধান্তের ইঙ্গিত দেয়।' তদন্ত প্রতিবেদন প্রকাশ না করা প্রসঙ্গে তিনি বলেন, 'রিপোর্ট গোপন রেখে যদি সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে স্বচ্ছতা থাকবে না। এতে ন্যায়বিচার প্রক্রিয়াই প্রশ্নবিদ্ধ হবে। একজন মানুষ দোষী বা নির্দোষ যাই হোক, সেই সিদ্ধান্তের ভিত্তি জানার অধিকার জনগণের আছে।' তিনি আরও বলেন, 'নারী ক্রিকেটারদের জন্য নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা কেবল কাগজে নীতিমালায় সীমাবদ্ধ থাকলে হবে না। বাস্তব কাঠামোগত সংস্কার ছাড়া এই সংকটের স্থায়ী সমাধান সম্ভব নয়।'

এখন তদন্ত প্রতিবেদন বিসিবির হাতে, হাইকোর্টের রুল বিচারাধীন। দেশের ক্রীড়াঙ্গনের সামনে প্রশ্ন একটাই, এই প্রতিবেদন কি সত্যিকার অর্থে ন্যায়বিচার ও সংস্কারের পথে নিয়ে যাবে, নাকি এটি আরেকটি প্রশাসনিক নথি হয়েই থেকে যাবে? কারণ এই সংকট কেবল একজন ক্রিকেটারের অভিযোগ নয়, এটি বাংলাদেশের নারী ক্রিকেটের ভবিষ্যৎ নিরাপত্তা, মর্যাদা, আস্থা ও ন্যায়বিচারের প্রশ্ন।

## একটি শান্তিময় পৃথিবীর জন্য

৬ পৃষ্ঠার পর

বিশাল ধ্বংসের দিকে দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। চারদিকে শুধু অবক্ষয় আর অবক্ষয়। ব্যক্তি ও জাতীয় চরিত্রের অধঃপতন, পারিবারিক ও সামাজিক সুশৃংখল অবকাঠামোর ভাঙন, সামাজিক ও রাজনৈতিক অনস্থিরতা এবং রাষ্ট্রীয় নির্যাতন ও সন্ত্রাসসহ পৃথিবী আজ এক জংলী আবাসনের রূপ নিয়েছে। দুর্নীতি, দুষ্কর্ম ও দুঃশাসন পৃথিবীকে গ্রাস করে ফেলেছে। জেলের রাজ্যে চলছে আত্মিক মাস্তানী। চারদিকে মানুষ মানুষের রক্তের হোলী খেলায় মেতে উঠেছে। মোটকথা মানুষের ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও আন্তর্জাতিক জীবন আজ মরনব্যাধী এইডস্-এ আক্রান্ত। সামগ্রীক এ ধ্বংস থেকে বাঁচতে হলে এবং সুন্দর এক পৃথিবী গড়ার জন্য আল-কুরআনের কাছে অবশ্যই ফিরে আসতে হবে। এই কুরআনকে শুধু তেলাওয়াত নয়, বরং এর গভীরে প্রবেশ করে একে অনুধাবন করতে হবে এবং কুরআন অনুযায়ী ব্যক্তি, পরিবার ও সমাজকে গড়ে তুলতে হবে।

মনে করুন, ছিপি আঁটা এক শিশি মধু, শিশির বাইর থেকে হাটাহাটি করলে কি মধুর স্বাদ ও উপকার পাওয়া যাবে? কখনো না। বরং মধুর স্বাদ পেতে হলে ছিপি খোলে মুখে ঢালতে হবে এবং গিলতে হবে। তাহলে মধুর স্বাদ এবং উপকার দুটোই পাওয়া যাবে। আল কুরআন ছিপি আঁটা এক শিশি প্রাণ সঞ্জিবনী মধু ও মহৌষধ। বর্তমানে আমরা এ কুরআনের বাইর থেকে হাটাহাটি করে থাকি অর্থাৎ মাথায় রেখে সম্মান প্রদর্শন করি এবং চুমু দিয়ে, বুকে জড়িয়ে ভালবাসা প্রকাশ করে থাকি। কিন্তু তার বিশাল ভুবনে প্রবেশ করি না। আমরা যদি ভেতরে প্রবেশ করে গভীর ভাবে তেলাওয়াত করতাম এবং কুরআনের আলোকে আমাদের ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্র গঠন করে পৃথিবীবাসীর সামনে এর আদর্শকে বাস্তবে উপস্থাপন করতে পারতাম, তবে আল কুরআনের বাস্তব কার্যকারিতা ও নৈতিক প্রভাব দেখে দুনিয়াবাসী উপলব্ধি করতে পারতো। পৃথিবী মরণব্যাধি এইডস্-এর ন্যায় এক বাক্যে বলে উঠতো যে, ক্ষত-বিক্ষত পৃথিবীকে সুস্থ জীবনে ফিরিয়ে আনতে দলে দলে কুরআনের কাছে চলো। রাসুল সঃ মানুষের ব্যক্তি, পরিবার ও মদীনা নামক রাষ্ট্রে আল-কুরআনকে প্রতিষ্ঠা করে দুনিয়াবাসীর সামনে অনন্য নজির স্থাপন করে গেছেন। পৃথিবী বিখ্যাত রক্ত পিপাসু মানুষগুলো আল-কুরআনের বদৌলতে মানবতার পরম বন্ধুতে পরিণত হয়েছিল।

আজকের পৃথিবী অশান্তির দাবানলে জ্বলছে। কোথাও শান্তি নাই-শান্তি নাই। শান্তির পিপাসায় মানুষ পৃথিবীর বিভিন্ন মতবাদের স্বারস্থ হয়ে ব্যর্থ মনোরথ হয়ে বার বার ফিরে আসছে। মনে করুন বিশাল সমুদ্র, যার পানি সকল মিষ্টি, এর পাশে দাঁড়িয়ে কোন ব্যক্তি যদি তৃষ্ণার্থ হয়ে মরতে থাকে, তবে তার চেয়ে বড় বোকা আর কে হতে পারে? সমুদ্র থেকে এক অঞ্জলি পানি পান করলেই তো তার তৃষ্ণা মিটে যায়। সারা পৃথিবীর মানুষ আজ শান্তির পিপাসায় কাতরাচ্ছে। এ পিপাসা নিবারণের জন্য ছুটে যাচ্ছে ড্রেনের পঁচা ও পূঁতি গন্ধময় পানির কাছে। তা পান করে রোগ-বালাই ও ব্যাধি ছড়িয়ে পড়ছে মানুষের ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও বিশ্বময়। ড্রেনের পঁচা পানি হলো, মানুষের মনগড়া মতবাদ, যা মানুষের মস্তিষ্ক প্রসূত। অথচ লোকটি আগে দেখল না তার ঘরে পানি আছে কিনা। তার ঘরে যে পানি আছে তার নাম 'আবে হায়াত' তথা 'আল-কুরআন'।

আল-কুরআন মহান আল্লাহ রাব্বুল আলামীনের পক্ষ থেকে সকল মানুষের হেদায়াতের মশাল, দুনিয়া ও আখিরাতের মুক্তির সনদ। এটি একক কোন ব্যক্তি, গোষ্ঠী বা দলের সম্পদ নয়। বরং কুরআন সকল মানুষের এক অতুলনীয় ও অমূল্য সম্পদ। যা অবতীর্ণ করা হয়েছে মানুষদেরকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার জন্য। আল্লাহ তায়ালা বলেন, "আলিফ-লাম-রা। হে মুহাম্মদ! এটি একখানা কিতাব, যা আমরা তোমার প্রতি নাযিল করেছি, যেন তুমি মানুষদেরকে জমাট বাঁধা অন্ধকার থেকে বের করে আলোতে নিয়ে আস।" (সূরা ইবরাহিম ঃ ১) আবু মুসা রাঃ থেকে বর্ণিত। নবী সঃ বলেছেন যে জ্ঞান ও সঠিক পথ-নির্দেশ দিয়ে আল্লাহ আমাকে পাঠিয়েছেন, তার দৃষ্টান্ত মাটির ওপর বর্ষিত প্রচুর বৃষ্টির মত। যে মাটি পরিষ্কার ও উর্বর, তা ঐ পানি গ্রহণ করে অনেক ঘাস ও শস্য উৎপন্ন করে। আর যে মাটি শক্ত, তা ঐ পানি ধরে রাখে। আল্লাহ তার সাহায্যে মানব-জাতির কল্যাণ করেন। মানুষ তা নিজেরা পান করে, পশুদেরকে পান করায় এবং সেচের মাধ্যমে ফসল উৎপন্ন করে। আর কিছু অনুর্বর মাটি থাকে যা বৃষ্টির পানি ধরে রাখেনা এবং ঘাসও উৎপন্ন করেনা। এটাই হচ্ছে তার দৃষ্টান্ত যে আল্লাহর দ্বীনের জ্ঞান অর্জন করে এবং তাতে লাভবান হয়। আল্লাহ আমাকে যা দিয়ে পাঠিয়েছেন তা নিজে শিক্ষা করে এবং অন্যকে শিক্ষা দেয়। আর ঐ লোকেরও দৃষ্টান্ত যে, তার দিকে মাথা তুলেও তাকায় না এবং আমাকে আল্লাহর যে পথ-নির্দেশ দিয়ে পাঠান হয়েছে তাও গ্রহণ করে না। (বুখারী ঃ ৭৯, কিতাবুল ইলম,বাবু ফাদলি মান আলিমা ওয়া আল্লামা, মুসলিম:২২৮২, আহমাদ:২৭৬৮২)

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ
  সার্ভিস প্রোভাইডার

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

## কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

## এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

**নিউইয়র্ক অফিস**
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## পাকিস্তানকে ধন্যবাদ দিলেন আসিফ নজরুল

৫২ পৃষ্ঠার পর

সামাজিক মাধ্যম ফেসবুকে বৃহস্পতিবার সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় ক্রীড়া উপদেষ্টা লেখেন, 'ধন্যবাদ পাকিস্তান।' সেখানে পাকিস্তানের প্রধানমন্ত্রীর বলা দুটি সেন্টেন্সও তুলে ধরেন।

বুধবার মন্ত্রিসভার এক বৈঠকে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেন, 'টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তান কোনোভাবেই ভারতের বিপক্ষে খেলবে না। খেলার মাঠে কোনো রাজনীতি থাকা উচিত নয়। পাকিস্তান সরকার ও পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) অত্যন্ত ভেবেচিন্তেই এই সিদ্ধান্ত নিয়েছে। বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশের পাশে দাঁড়ানোই আমাদের নৈতিক দায়িত্ব।' তিনি আরও বলেন, 'ভারতের ক্রিকেট-সংক্রান্ত নীতি অগ্রহণযোগ্য। সে কারণেই বাংলাদেশকে টুর্নামেন্ট থেকে বাদ দেয়ার প্রতিবাদে ভারতের বিপক্ষে ম্যাচ বয়কটের সিদ্ধান্ত নিয়েছে পাকিস্তান। আমরা সম্পূর্ণভাবে বাংলাদেশের পাশে দাঁড়াচ্ছি। এটি একটি উপযুক্ত ও ন্যায্য সিদ্ধান্ত।

আইসিসির সিদ্ধান্তের প্রতিক্রিয়ায় এ অবস্থান নিয়েছে পাকিস্তান বলে জানান শাহবাজ শরিফ। বাংলাদেশকে বাদ দেয়ার প্রেক্ষাপটেই পাকিস্তান ভারতের বিপক্ষে ম্যাচ না খেলার সিদ্ধান্তে পৌঁছেছে বলে জানিয়েছেন তিনি।

নিরাপত্তাজনিত কারণ দেখিয়ে বাংলাদেশ সরকার ক্রিকেট দলকে ভারতে পাঠাতে অস্বীকৃতি জানায় এবং নিরপেক্ষ ভেন্যু হিসেবে শ্রীলংকায় ম্যাচ আয়োজনের প্রস্তাব দেয়। তবে আইসিসির বোর্ড সভায় সদস্যদের সমর্থন না পাওয়ায় সেই প্রস্তাব নাকচ হয়ে যায়। পরবর্তী সময়ে বাংলাদেশের পরিবর্তে স্কটল্যান্ডকে টুর্নামেন্টে অন্তর্ভুক্ত করা হয়। ওই বোর্ডসভায়ও বাংলাদেশের পক্ষে অবস্থান নিয়েছিল পাকিস্তান। এবার ভারত ম্যাচ বয়কটের সিদ্ধান্ত নিয়েছে।

## বাংলাদেশের দৃঢ় অবস্থানে মুগ্ধ নাসের হুসেইন

৫২ পৃষ্ঠার পর

ফ্র্যাঞ্চাইজি থেকে বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমানের চুক্তি বাতিলের বিষয়টি, যার পেছনে বিসিসিআইয়ের ভূমিকা নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। এই সিদ্ধান্ত থেকেই তৈরি হয় ধারাবাহিক প্রতিক্রিয়া, বাংলাদেশ বিশ্বকাপের ম্যাচ খেলতে ভারত সফরে যেতে অস্বীকৃতি জানায়। শেষ পর্যন্ত সেই অবস্থানই এমন পরিস্থিতি তৈরি করে, যার পরিপ্রেক্ষিতে বাংলাদেশকে বাদ দিয়ে দেয় আইসিসি।

এরপর পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠে, যখন পাকিস্তানও ভারতের বিপক্ষে গ্রুপ পর্বের ম্যাচ বয়কটের ঘোষণা দেয়। টিটোয়েন্টি বিশ্বকাপ শুরুর মাত্র এক সপ্তাহ আগে এই সিদ্ধান্ত পুরো টুর্নামেন্টকে অনিশ্চয়তার মুখে ঠেলে দেয়।

এই প্রেক্ষাপটে আইসিসির অবস্থান নিয়ে সরাসরি প্রশ্ন তোলেন নাসের হুসেইন। তিনি বলেন, "ধরা যাক, টুর্নামেন্টের এক মাস আগে ভারত বলল, 'আমাদের সরকার চায় না আমরা কোনো একটি দেশে বিশ্বকাপ খেলতে যাই।' তখন কি আইসিসি একইভাবে কঠোর অবস্থান নিত? তখন কি বলত, 'নিয়ম তো নিয়ম, দুর্ভাগ্য, তোমাদের বাদ দেওয়া হলো'?"

এই প্রশ্নের মধ্য দিয়েই নাসের মূল সমস্যাটিকে সামনে আনেন, নীতির ধারাবাহিকতার অভাব। তার ভাষায়, "সব পক্ষের একটাই দাবি, ধারাবাহিকতা। বাংলাদেশ, পাকিস্তান আর ভারত -তিন দেশকেই একই মানদণ্ডে বিচার করতে হবে। ভারতীয় সমর্থকেরা বলতে পারে, 'আমাদের টাকা আছে, তাই শক্তি আছে।' কিন্তু শক্তির সঙ্গে দায়িত্বও আসে। বারবার বাংলাদেশ বা পাকিস্তানকে কোণঠাসা করলে তাদের ক্রিকেট ক্ষতিগ্রস্ত হয়। এ কারণেই সময়ের সঙ্গে সঙ্গে ভারতপাকিস্তান বা ভারতবাংলাদেশের বড় ম্যাচগুলো একতরফা হয়ে গেছে।"

সবচেয়ে তাৎপর্যপূর্ণ বক্তব্যটি আসে আলোচনার শেষ অংশে। বাংলাদেশের অবস্থানকে প্রকাশ্য সমর্থন জানিয়ে নাসের হুসেইন বলেন, "আমি সত্যিই ভালো লেগেছে যে বাংলাদেশ নিজেদের অবস্থানে অনড় থেকেছে, নিজেদের খেলোয়াড়দের পাশে দাঁড়িয়েছে। পাকিস্তানও বাংলাদেশকে সমর্থন করেছে, এটাও ভালো লেগেছে। একসময় তো কাউকে বলতে হবে, রাজনীতি অনেক হলো, এবার কি আমরা আবার শুধু ক্রিকেটে ফিরতে পারি না?"

এই সংকটের শিকড় আরও গভীরে। এর আগে চ্যাম্পিয়নস ট্রফিতে ভারত পাকিস্তানে যেতে অস্বীকৃতি জানালে আইসিসির মধ্যস্থতায় একটি সমঝোতা হয়, আইসিসি ইভেন্টে ভারত ও পাকিস্তান কেবল নিরপেক্ষ ভেন্যুতেই মুখোমুখি হবে। কিন্তু সেই সমাধানও এখন কার্যত অকার্যকর হয়ে পড়েছে। পাকিস্তান ১৫ ফেব্রুয়ারির নির্ধারিত গ্রুপ ম্যাচে ভারতের বিপক্ষে খেলতে অস্বীকৃতি জানিয়েছে, যদিও ম্যাচটি নিরপেক্ষ ভেন্যুতেই হওয়ার কথা ছিল। এখনো আনুষ্ঠানিকভাবে আইসিসিকে এই সিদ্ধান্ত জানায়নি পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি), ফলে এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক পদক্ষেপ নিতে পারেনি বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা। এই বিতর্কে নতুন মাত্রা যোগ করেছেন পিসিবির সাবেক চেয়ারম্যান নাজাম শেঠি। তিনি সরাসরি দায় চাপিয়েছেন বিসিসিআইয়ের ওপর। তার ভাষায়, "মূল সমস্যা বিসিসিআইয়ের মনোভাবেই। তারা প্রতিটি ধাপে অন্য বোর্ডগুলোর ওপর প্রভাব খাটিয়েছে। আগে পাকিস্তান একা ছিল, দশটির মধ্যে একজন, আর সবাই ভারতের পাশে দাঁড়াত। এখন সেই বাস্তবতা বদলাতে শুরু করেছে।" শেঠি স্মরণ করিয়ে দেন বিতর্কিত 'বিগ থ্রি' মডেলের কথা, যেখানে ভারত, অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের হাতে ক্ষমতা ও রাজস্ব কেন্দ্রীভূত হয়েছিল। "নয়টি বোর্ড সই করেছিল, আমরা একা বিরোধিতা করেছিলাম, কারণ এটা ন্যায্য ছিল না," বলেন তিনি। তিনি আরও তুলে ধরেন ভারতপাকিস্তান দ্বিপাক্ষিক সিরিজের প্রসঙ্গ, যেখানে শেষ মুহূর্তে সবকিছু ভেঙে পড়ে। শেঠির অভিযোগ, "এক বছর পর, সিরিজের ঠিক আগের দিন, বিসিসিআই কোনো বৈঠক ছাড়াই মুখ ঘুরিয়ে আমাদের সঙ্গে দেখা না করেই সরে দাঁড়ায়, এটা ছিল চরম অপমান।"

এদিকে ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়া টুডে-কে বিসিসিআই সূত্র জানিয়েছে, ১৫ ফেব্রুয়ারির পাকিস্তান ম্যাচের জন্য ভারত দল শ্রীলঙ্কায় যাবে, সেখানেই অনুশীলন করবে এবং ম্যাচের আগে সংবাদ সম্মেলন করবে।

## চায়ের আড্ডা: তরুণদের কণ্ঠ, নতুন রাজনীতি এবং বাংলাদেশের ভবিষ্যৎ

১০ পৃষ্ঠার পর

নিরাপত্তার মতো বিষয়ে বাস্তব পদক্ষেপ নেওয়া হয় তাহলে এই আড্ডা ইতিহাসে একটি মোড় ঘোরানো মুহূর্ত হিসেবেই স্মরণীয় হবে।

শেষ কথা : "চায়ের আড্ডা" আমাদের মনে করিয়ে দেয় রাজনীতি কেবল ক্ষমতা দখলের প্রক্রিয়া নয়; এটি মানুষের জীবনের সঙ্গে যুক্ত একটি সামাজিক চুক্তি। তরুণরা সেই চুক্তি নতুন করে লিখতে চায়। আর শর্ত একটাই: সম্মান, অংশগ্রহণ এবং ভবিষ্যৎ গড়ার সুযোগ। এই আড্ডা যদি সত্যিই সেই পথের সূচনা হয়, তবে বাংলাদেশ শুধু তরুণদের কথা শুনবে না, তরুণদের হাত ধরেই এগিয়ে যাবে।

লেখক: বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা এবং ওয়ার্ল্ড ব্যাংকের সাবেক সিনিয়র কর্মকর্তা।

## 'বাংলাদেশের পাশে পুরোপুরি দাঁড়ানো উচিত'

৫২ পৃষ্ঠার পর

সিদ্ধান্তের ফলে নিজেদের দেশের ক্রিকেটের ওপর দীর্ঘমেয়াদি ও গুরুত্বপূর্ণ প্রভাব বিবেচনা করবে, কারণ এটি বৈশ্বিক ক্রিকেট ব্যবস্থাকেও প্রভাবিত করতে পারে, যার একটি অংশীদার ও উপকারভোগী দেশ পাকিস্তান নিজেই।"

আইসিসি আরও জানায়, তারা প্রত্যাশা করছে, পিসিবি যেন সব পক্ষের স্বার্থ রক্ষা করে এমন একটি পারস্পরিক গ্রহণযোগ্য সমাধানের পথ খুঁজে বের করে। এখনো জানা যায়নি, পিসিবি আনুষ্ঠানিকভাবে আইসিসিকে এই সিদ্ধান্ত জানিয়েছে কি না, কিংবা দুই সংস্থার মধ্যে কোনো সরাসরি যোগাযোগ হয়েছে কি না।

তবে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের বক্তব্য স্পষ্টভাবে নিশ্চিত করে, এই বয়কটের সিদ্ধান্তের মূল কারণ হলো, বাংলাদেশকে টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে বাদ দেওয়ার ঘটনায় আইসিসির তথাকথিত 'ডাবল স্ট্যান্ডার্ড' বা দ্বৈত নীতি। বিষয়টি আগে থেকেই পিসিবি চেয়ারম্যান ও পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি উল্লেখ করেছিলেন।

বাংলাদেশকে টুর্নামেন্ট থেকে বাদ দেওয়া হয়, কারণ বাংলাদেশ সরকার নিরাপত্তাজনিত উদ্বেগের কথা জানিয়ে দলকে ভারতে যেতে অনুমতি দেয়নি। বাংলাদেশ চেয়েছিল, তারা যেন তাদের ম্যাচগুলো শ্রীলঙ্কায় খেলতে পারে, যেটি এই আসরের সহ-আয়োজক দেশ এবং যেখানে পাকিস্তান নিজেদের সব ম্যাচ খেলবে। এই পরিস্থিতিতে আইসিসি বোর্ডের ভোটে (১৪-২ ব্যবধানে) সিদ্ধান্ত হয়, বাংলাদেশকে বাদ দিয়ে স্কটল্যান্ডকে টুর্নামেন্টে অন্তর্ভুক্ত করা হবে, শ্রীলঙ্কায় ম্যাচ পুনঃনির্ধারণের প্রস্তাব বাতিল করা হয়। এই সিদ্ধান্তের বিপক্ষে ভোট দেয় মাত্র দুইটি বোর্ড পিসিবি ও বিসিবি (বাংলাদেশ ক্রিকেট বোর্ড)।

সিদ্ধান্তের পর মহসিন নাকভি বলেন, "ডাবল স্ট্যান্ডার্ড চলতে পারে না। এক দেশের (ভারত) ক্ষেত্রে সবকিছু মেনে নেওয়া হবে, আর অন্য দেশগুলোর ক্ষেত্রে সম্পূর্ণ বিপরীত আচরণ, এটা গ্রহণযোগ্য নয়। এই কারণেই আমরা এই অবস্থান নিয়েছি এবং পরিষ্কারভাবে বলেছি, বাংলাদেশের সঙ্গে অন্যায় করা হয়েছে। তাদের বিশ্বকাপে খেলা উচিত। তারা ক্রিকেটের একজন বড় অংশীদার।" তিনি ভারতের ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাকিস্তানে সফর না করার সিদ্ধান্তের উদাহরণ টেনে বলেন, আন্তর্জাতিক ক্রিকেটে ন্যায্যতা ও সমতা বজায় না থাকলে এমন সংকট আরও বাড়বে।

সেমিফাইনাল বা ফাইনালে ভারতের মুখোমুখি হলে সরকারের পরামর্শ নেবে পাকিস্তান : গ্রুপ পর্বে ভারতের বিপক্ষে ম্যাচ সরকারি সিদ্ধান্তে বয়কট করেছে পাকিস্তান। গ্রুপের সমীকরণ সহজ হওয়ায় এটা তাদের বিশ্বকাপ যাত্রায় প্রভাব হয়ত তেমন ফেলবে না। তবে নকআউট পর্বে যদি সামনে আসে ভারত, তখন? পাকিস্তান অধিনায়ক সালমান আলি আঘা জানান, যেহেতু বিষয়টা তাদের নিয়ন্ত্রণে নেই কাজেই সরকারের পরামর্শ মেনেই চলতে হবে।

সব জল্পনা ছাপিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে কলম্বো গিয়েছে পাকিস্তান দল। তবে তাদের দল বিশ্বকাপ খেলতে যাওয়ার আগেই দেশটির সরকার জানায়, বিশ্বকাপে অংশ নিলেও ভারতের বিপক্ষে ম্যাচে মাঠে নামবে না তারা।

গত বৃহস্পতিবার কলম্বোয় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সালমান নকআউট ম্যাচ নিয়ে ব্যাখ্যা দেন।

এবারের বিশ্বকাপ নিয়ে শুরু থেকেই রাজনৈতিক টানাপোড়েন চলছে। বাংলাদেশ টুর্নামেন্ট থেকে ছিটকে পড়া এবং গ্রুপ 'এ'-র ম্যাচে সহ-আয়োজক ভারতের বিপক্ষে পাকিস্তানের খেলতে অস্বীকৃতি জানানোর ঘটনায় আসরটিতে লেগেছে রাজনৈতিক রঙ। তবে দক্ষিণ এশিয়ার এই দুই বৈরী প্রতিবেশীর মধ্যে সেমিফাইনাল বা ফাইনালে দেখা হওয়ার সম্ভাবনা এখনো শেষ হয়ে যায়নি। ভারতের সঙ্গে ম্যাচ প্রসঙ্গে সালমান আঘা বলেন, 'ভারতের সঙ্গে খেলা আমাদের হাতে নেই। এটি সরকারের সিদ্ধান্ত ছিল। যদি সেমিফাইনাল বা ফাইনালে তাদের সঙ্গে খেলতে হয়, তবে আমরা আবার সরকারের কাছে যাব এবং তাদের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নেব।'

নিরাপত্তা অজুহাতে বাংলাদেশ ভারতে গিয়ে খেলতে অস্বীকৃতি জানালে সম্পর্কের অবনতি ঘটে। এর জেরে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) গ্রুপ 'সি' থেকে বাংলাদেশকে বাদ দিয়ে স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করে। পাকিস্তান তখন বাংলাদেশের ম্যাচগুলো শ্রীলঙ্কায় সরিয়ে নেওয়ার দাবিকে সমর্থন করেছিল। পরবর্তীতে ইসলামাবাদ সরকার তাদের জাতীয় দলকে বিশ্বকাপে অংশ নেওয়ার অনুমতি দিলেও ১৫ ফেব্রুয়ারির হাইভোল্টেজ ম্যাচে ভারতের বিপক্ষে মাঠে না নামার নির্দেশ দেয়। বাংলাদেশের অনুপস্থিতি নিয়ে আঘা বলেন, 'বাংলাদেশ এখানে নেই, এটা দুঃখজনক। তাদের দলটি বেশ শক্তিশালী। আশা করি তারা আমাদের সমর্থন জোগাবে।'

এক দশকেরও বেশি সময় ধরে পাকিস্তান ও ভারতের মধ্যে কোনো দ্বিপাক্ষিক সিরিজ হয়নি। কেবল আইসিসি বা বহুজাতিক টুর্নামেন্টগুলোতেই তারা একে অপরের মুখোমুখি হয়। এই ম্যাচ নিয়ে সম্প্রচারকারীদের বিপুল আগ্রহ আছে।

হ্যান্ডস অন
ফিসিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।


PR Driving School
নিয়োগ বিজ্ঞপ্তি
ড্রাইভিং প্রশিক্ষক
প্রতি মাসে
$৮,০০০-$১০,০০০
ডলার
আয় করার সুযোগ..!
যোগ্যতা ও শর্তাবলী
বৈধ ড্রাইভিং লাইসেন্স (ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা)
সাবলীলভাবে ইংরেজী বলতে পারদর্শী হতে হবে
হিন্দী ও স্প্যানিশ জানা থাকলে অগ্রাধিকার দেয়া হবে
APPLY NOW
-:Location:-
153-27 Hillside Ave
Jamaica, NY 11432
Call Now:
(631) 944-8334


ড্রাইভিং স্কুল বিক্রয়
:হিলসাইড এভিনিউতে অবস্থিত
একটি
স্বনামধণ্য এবং প্রতিষ্ঠিত
ড্রাইভিং স্কুল বিক্রয় হবে:
:বিস্তারিত:
মাসিক ভাড়া: ২০০০ ডলার
লিজের মেয়াদকাল: ১০ বছর
ব্যবসা চলমান এবং প্রতিষ্ঠিত
মূল্যঃ
$35,000
(ফিক্সড)
শুধুমাত্র আগ্রহী ক্রেতাদের যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
(917) 264-6008


E-2 VISA
INVESTMENT OPPORTUNITY
Live, Work, and Invest in the United States
Are you a foreign entrepreneur or investor looking to start or expand a business in the U.S.?
The E-2 Treaty Investor Visa allows eligible investors and their families to:
✔ Live and work legally in the United States
✔ Operate and manage a U.S-based business
✔ Renew indefinitely as long as the business remains active
✔ Bring spouse and children under 21
✔ Spouses may apply for work authorization
Who Qualifies?
✔ Citizens of E-2 treaty countries
✔ Substantial investment in a U.S. business
✔ Active role in business operations
We Provide:
✔ Business Setup Guidance
✔ Investment Structure Support
✔ Visa Application Assistance
Attention: Attorney Pema Lhamu Bhutia PC

## নিউইয়র্ক পুলিশের ক্যাপ্টেন হলেন বাংলাদেশি-আমেরিকান সৈয়দ সুমন

৬২ পৃষ্ঠার পর

হাতে পদোন্নতির সনদ তুলে দেওয়া হয়।
অত্যন্ত সজ্জন ও মিষ্টভাষী হিসাবে পরিচিত সৈয়দ সুমন ১৯৯৯ সালে এনওয়াইপিডিতে অফিসার হিসেবে যোগ দিয়ে সার্জেন্ট, লেফটেন্যান্ট ও ডিটেকটিভ স্কোয়াডের লেফটেন্যান্ট কমান্ডার হিসাবে দায়িত্ব পালন করেছেন।
বাপা'র নবনির্বাচিত সাধারণ সম্পাদক ডিটেকটিভ জামিল সরোয়ার জনি জানান, সৈয়দ সুমন সবসময় চাইতেন আরও বেশিসংখ্যক বাংলাদেশি-আমেরিকান পুলিশ বিভাগে যোগদান করুক। তাই কমিউনিটির জন্য কাজ করতে তিনিসহ কয়েকজন অফিসার মিলে ২০১৫ সালের জানুয়ারিতে বাংলাদেশি-আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন (বাপা) প্রতিষ্ঠা করেন। এছাড়া তিনি মুসলিম অফিসার্স অ্যাসোসিয়েশনের করেসপন্ডিং সেক্রেটারি।
বাংলাদেশের বৃহত্তর সিলেটের হবিগঞ্জ জেলার কৃতি সন্তান সৈয়দ এম. সুমন সপরিবারে নিউইয়র্ক শহরের কুইন্সে বসবাস করছেন। তিনি ক্রিমিনাল জাস্টিস বিষয়ে লেখা-পড়া করেছেন নিউইয়র্কের সিটি ইউনিভার্সিটির অধীন জন জে কলেজ থেকে।
উল্লেখ্য, নিউইয়র্ক পুলিশের নির্বাহী পদ ক্যাপ্টেন। এই পদ থেকেই রাজনৈতিক বিবেচনায় পুলিশের শীর্ষপদে নিয়োগ দেওয়া হয়। বর্তমানে সৈয়দ সুমনসহ নিউইয়র্ক পুলিশের ক্যাপ্টেন পদে রয়েছেন চারজন বাংলাদেশি। এর আগে বাংলাদেশি খন্দকার আব্দুল্লাহ ক্যাপ্টেন থেকে ডেপুটি ইন্সপেক্টর ও পরে ইন্সপেক্টর হয়েছেন। এছাড়া আরেক বাংলাদেশি কারাম চৌধুরী পদোন্নতি পেয়ে ডেপুটি ইন্সপেক্টর হয়েছেন।
বাপার মিডিয়া লিয়াজোঁ ও সার্জেন্ট জসিম মিয়া জানান, নিউইয়র্ক পুলিশ বিভাগে বাংলাদেশি বংশোদ্ভূত ইন্সপেক্টর, ডেপুটি ইন্সপেক্টর ও ক্যাপ্টেন ছাড়াও প্রায় ২০ জন লেফটেন্যান্ট, ৯০ জন সার্জেন্ট, ১৫ জন ডিটেকটিভ এবং চার শতাধিক অফিসার রয়েছেন। এছাড়া সহস্রাধিক বাংলাদেশি ট্রাফিক এজেন্ট রয়েছেন। ট্রাফিক বিভাগের নির্বাহী পদ ম্যানেজার পদেও দায়িত্ব পালন করছেন বেশকয়েকজন বাংলাদেশি। বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের সদস্যদের নির্বাহী পদ ক্যাপ্টেন পদে পদোন্নতিতে বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশনের প্রেসিডেন্ট ক্যাপ্টেন একেএম আলম, ভাইস প্রেসিডেন্ট সার্জেন্ট ডিটেকটিভ স্কোয়াড এরশাদুর সিদ্দিক, ২য় সহ-সভাপতি মোহাম্মদ আলী চৌধুরী এবং সেক্রেটারী ডিটেকটিভ জামিল সরোয়ার অভিনন্দন জানিয়েছেন।

## সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সহিংসতায় নিহতদের স্মরণ

৬২ পৃষ্ঠার পর

ছিল যুক্তরাষ্ট্রজুড়ে ২৫টিরও বেশি শহরে অনুষ্ঠিত ধারাবাহিক সচেতনতা কর্মসূচির অংশ। এর আয়োজক ছিল কোহনা ও হিন্দু অ্যাকশন। স্থানীয় পর্যায়ে সমন্বয়ের দায়িত্বে ছিলেন হিন্দু অ্যাকশনের উপদেষ্টা ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট শুভ রায় এবং পঙ্কজ মেহেতা। মূলত টাইমস স্কয়ারে উন্মুক্ত ভিজিল আয়োজনের পরিকল্পনা থাকলেও তীব্র শীত ও আবহাওয়ার কারণে অনুষ্ঠানটি ক্যান্ডেল হাইটসে স্থানান্তর করা হয়। তা সত্ত্বেও বিভিন্ন ধর্ম ও কমিউনিটির মানুষের উল্লেখযোগ্য উপস্থিতি লক্ষ্য করা যায়। জৈন সম্প্রদায়ের পক্ষ থেকে চারুল কোঠারির পাঠ করা বার্তায় অহিংসা ও পারস্পরিক সম্মানের দর্শন তুলে ধরা হয়। শিখ নেতা কমল পুরি ন্যায়ের পক্ষে দাঁড়ানোর শিখ ঐতিহ্যের কথা বলেন। নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য জেনিফার রাজকুমার অনুষ্ঠানে উপস্থিত থেকে সংখ্যালঘু নির্যাতনের নিন্দা জানান এবং বিষয়টি তাঁর আইনসভা ও জনপরিসরে তুলে ধরার অঙ্গীকার করেন। তিনি একটি শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশের প্রত্যাশা ব্যক্ত করেন।

## নিউইয়র্ক সিটির সঙ্গে আলবানির পূর্ণ ট্রেন চলাচল শুরু মার্চে

৬২ পৃষ্ঠার পর

দেওয়া হলে নিউইয়র্ক পেন স্টেশন ও আলবানির মধ্যকার ট্রেন চলাচলে বড় ধরনের সীমাবদ্ধতা তৈরি হয়। এতে সপ্তাহের কর্মদিবসে তিনটি রাউন্ড ট্রিপ বাতিল করা হয়। কিছুদিন আগে গভর্নর ক্যাথি হোকুল ঘোষণা দিয়েছিলেন, একটি অ্যামট্রাক ট্রেন পুনরায় চালুর পাশাপাশি বরং গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল থেকে আলবানি পর্যন্ত একটি মেট্রো-নর্থ ট্রেন চালু করা হবে। বাস্তবায়িত হলে এটি হতো ১৯৬৭ সালের পর প্রথম মেট্রো-নর্থ সংযোগ। তবে অ্যামট্রাক ট্রেন পুরো মাত্রায় ফিরে আসার ঘোষণায় গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল থেকে আলবানি পর্যন্ত মেট্রো-নর্থ ট্রেন চালুর যে নতুন পরিকল্পনা নেওয়া হয়েছিল, তা আর হচ্ছে না। গত মঙ্গলবার গভর্নর হোকুল জানান, নিউইয়র্ক পেন স্টেশন থেকে আলবানি-রেনসেলার পর্যন্ত সব স্থগিত ও একত্র করা এম্পায়ার সার্ভিস ট্রেন পুনরায় চালু করা হবে। আঞ্চলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কারণে যাত্রীদের যেন অতিরিক্ত ভোগান্তিতে পড়তে না হয়, সে বিষয়টি তাঁর কাছে সর্বোচ্চ অগ্রাধিকার। ভবিষ্যতে যাত্রীচাহিদা তৈরি হলে পাকিপসির উত্তরাঞ্চলে-হাডসন ভ্যালি ও ক্যাপিটাল রিজিয়নে-মেট্রো-নর্থ সেবা সম্প্রসারণের বিষয়টি বিবেচনায় থাকবে।
বর্তমানে এম্পায়ার সার্ভিস নিউইয়র্ক সিটি থেকে পাকিপসি পর্যন্ত মেট্রো-নর্থের হাডসন লাইনের রেলপথ ব্যবহার করে। পাকিপসির উত্তরে আলবানি হয়ে নায়াগ্রা ফলস পর্যন্ত রেলপথের মালিকানা রয়েছে মালবাহী রেল সংস্থা সিএসএক্সের হাতে, যেখানে অ্যামট্রাক চলাচলের অনুমতি পেয়ে থাকে।









# মেরি জোবায়দা কেন হারলেন!

১ পৃষ্ঠার পর

আপোষ করেন নি। নিজের হাতে গড়া লং আইল্যান্ড সিটিতে নির্বাচনী বলয় তৈরি করার পরও পরিবারের কল্যাণে সিটি ত্যাগ করে বাফেলোর নায়াগ্রাতে গোড়াপত্তন পেতেছিলেন। আবার সবকিছু গুছিয়ে ফিরে এসেছেন নিউইয়র্ক সিটিতে। এ যেন 'ওয়ান স্টেপ ফরোয়ার্ড, ২ স্টেপ ব্যাকওয়ার্ড' পলিসির প্রতিফলন। এবার মেরি জোবায়দাকে আমরা পেয়েছিলাম অনেক শক্তিশালী হয়ে। মামদানির মেয়র নির্বাচনে তাকে পাড়ায় পাড়ায়, মহল্লায় মহল্লায় দৌড়াতে দেখেছি। একজন ইমিগ্রান্ট, তরুণ, মুসলিম ও পরিবর্তন প্রত্যাশী মেয়র পদপ্রার্থী মামদানির জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন। করেছেন ডোর টু ডোর ক্যাম্পেইন। আমেরিকান বাংলাদেশিরা মামদানির জন্য একত্রী। মেরির মতো হাজারো কর্মীদের পরিশ্রমে মামদানি ইতিহাস গড়ে নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হলেন।

এবার মেরি জোবায়দাদের প্রত্যাশার পালা। নিউইয়র্ক স্টেট এসেমব্লি ডিস্ট্রিক্ট ৩৬ আসনটি ছেড়ে দেন মামদানি। এই শূন্য আসনটির বিশেষ নির্বাচনে তিনি প্রার্থীতা ঘোষণা করেন। আরও ২ জন নির্বাচনে প্রার্থী হন। এই ৩ জনই ডেমোক্র্যাটিক সোশালিস্ট পার্টির সদস্য। বাংলাদেশি কমিউনিটির ধারণা ছিল মেয়র এই নির্বাচনে মেরিকে এনডোর্স করবেন। মামদানি সে পথে হাঁটলেন না। দলের নীতিনির্ধারকদের সুপারিশে তিনি এনডোর্স করলেন ইকুয়েডরের বংশোদ্ভূত ডিয়ানা মরেনোকে। পুরো ডেমোক্র্যাটিক পার্টি সাপোর্ট করলো তাকে। মেয়র বাংলাদেশি মেরিকে টেলিফোন করে তার সীমাবদ্ধতার কথা জানালেন। বললেন, দলের সিদ্ধান্তের বাইরে যেতে পারলেন না। ডিয়ানাকেই সমর্থন দিতে হলো। মেরি এই সিদ্ধান্ত মানতে বাধ্য নন। ডিভোল্টি করলেন। পিপল ফার্স্ট পার্টি লাইনে এসেমব্লিওম্যান পদে প্রার্থী হলেন। বাংলাদেশি কমিউনিটি পাশে দাঁড়ালেন। প্রার্থী হতে হলে ১৫ শত ভোটারের স্বাক্ষর প্রয়োজন হয়। মেরি বোর্ড অব ইলেকশনে ৩ হাজার স্বাক্ষর জমা দিলেন। সাবাশ! মেরির ক্যাম্পেইন টিমের তথ্যানুসারে এই নির্বাচনী এলাকায় ৫ হাজার বাংলাদেশি ভোটার রয়েছেন। এই ভোট ব্যাংক ভিত্তি করেই মেরির এগিয়ে যাওয়া। এস্টোরিয়ার বিভিন্ন হাউজিং প্রোজেক্টগুলো ছিল মেরির আশা ভরসার ঠিকানা। সেখানে মেরি কাজ করেছেন ১৫ বছরের বেশি সময় ধরে। গ্রাসরুট ওয়ার্ক ছিল তার শক্তি। হাউজিংগুলোর বাসিন্দাদের অতি পরিচিত মেরি। ভরসার যায়গাটি ছিল মেরির। অথচ সেখানে পেলেন মাত্র ৩০০ ভোট (৬৫১ ভোটের মধ্যে)। কোথায় গেল ৫ হাজার বাংলাদেশি ভোট। কেন মেরি তাদের টানতে পারলেন না। কোথায় হারিয়ে গেল ৩ হাজার সিগনেচারি। হাউজিং প্রোজেক্টের ভোট বাদই দিলাম। নির্বাচনে গ্রাসরুটের কথা মেরি নিজেও বারবার বলেছেন। ফান্ডিং/ডোনেশনে মেরি ছিল এগিয়ে। ডোনেশনে তার অর্জন ছিল ৭৫ হাজার ডলারের বেশি। ম্যাচিং ফান্ডে তার পরিমান দাঁড়াবে বহুগুনে। এটা সম্ভব হয়েছে কমিউনিটির ভালোবাসায়। বিজয়ী ডিয়ানার ফান্ড ছিল মাত্র ৭০ হাজার ডলার। আরেক প্রার্থী রানা আবেদ এর অর্থও ছিল মেরির চেয়ে কম। এই মেরি ২০২৩ সালে এসেমব্লি ডিস্ট্রিক্ট ৩৭ (সীমানা পুনর্বিন্যাসের পর বর্তমানে ডিস্ট্রিক্ট ৩৬) এ নির্বাচন করেন। তখন তার পাশে এবারের মতো বাংলাদেশি কমিউনিটি ইনভলভ ছিল না। অনেকেই জানতেন না তিনি নির্বাচন করছেন। একেবারেই নতুন। সেবার মেরি ভোট পান ৫ হাজার ৪৩। মাত্র ১৫১১ ভোটে হেরে যান। জাতীয় ডেমোক্র্যাট ক্যাথিরিন নোলান ৬,৫৫৪ ভোট পেয়েছিলেন। হাড্ডাহাড্ডি লড়াই ছিল। মেরি দ্বিতীয় স্থান দখল করেন। ডানিয়েল ব্রেন্নার ২১০৬ ভোট পেয়ে তৃতীয় হয়েছিলেন। এই ৬ বছরে অনেক পানি গড়িয়েছে। মেরি রাজনীতির যবনিকা টেনে পরিবার ও সন্তানদের কথা বিবেচনা করে বসতি গড়েন নায়েগ্রা সিটিতে। হাতে গড়া নির্বাচনী এলাকায় তার নেতিবাচক প্রভাবও পড়ে। ৬ বছর পড়ে এসে নির্বাচনের গড় মেরি হারিয়ে ফেলেন। যে ব্ল্যাক কমিউনিটি ২০২৩ সালে মেরির জন্য ঝাপিয়ে পড়েছিল, এবার তারা দৃশ্যমান হননি। তার সমর্থক গোষ্ঠী কেন হারিয়ে গেল তা ভাববার বিষয়।

তবুও এবার নির্বাচনে মেরির পক্ষে জোয়ার দেখা যায়। তবে তা ছিল বাংলাদেশি কমিউনিটি কেন্দ্রিক। অন্যান্য কমিউনিটির সম্পৃক্ততা অবশ্য চোখে পড়েনি। সোশাল মিডিয়ায় এগিয়ে ছিলেন মেরি। ৩ ফেব্রুয়ারির বিশেষ নির্বাচনের ফলাফলে ভূমিধ্বস বিজয় হলো ডিয়ানা মেরিনোর। প্রাপ্ত ভোট ৬ হাজার ২০৯। দ্বিতীয় হলেন রানা আবেদ। পেলেন ১ হাজার ৪৩৫। মেরি পেলেন ৬৫১ ভোট। 'থমকে গেল রাজ্য (স্টেট) জয়ের সমর্থকদের প্রত্যাশা'। রাত ৯টার পর ইলেকশন বোর্ডের ওয়েবসাইটে ফলাফল প্রকাশের পর বাংলাদেশিরা কিছুটা বিস্মিত। হতবাক। সমালোচনা আলোচনায় ঝড় বাংলাদেশি কমিউনিটিতে। প্রশ্ন উঠলো কোথায় গেলো বাংলাদেশি কমিউনিটির ৫ হাজার ভোট। 'বাংলাদেশি আন্টিরা কোথায় ছিলেন?' কোথায় হারিয়ে গেল হাউজিং প্রোজেক্টে মেরির একচ্ছত্র আধিপত্য। সমালোচনারও ঝড় বইছে। সোশাল মিডিয়ায় এ হারকে শক্তিতে রূপান্তর করে মেরিকে এগিয়ে যাবার আহবান জানিয়েছেন অনেকে। অবশ্য এ নির্বাচনী ফলাফল শুধুমাত্র বাংলাদেশি ভোটারদের উপর নির্ভর করে প্রার্থী হবার খায়েশ অনেকের জন্য আগাম বার্তা হিসেবে কাজ করবে।

মেরির এই পরাজয়ে হতাশ হবার কেছু নেই। কমিউনিটির একজন প্রার্থী হিসেবে আমরা কি নিজ দায়িত্বটা পালন করেছি। মেরি কি পুরোপুরি প্রস্তুত ছিলেন। প্রান্তিক কি তার পক্ষে ছিল? নিজ দলীয় এনডোর্সমেন্ট কেন মেরি পেলেন না। দলের বাইরে যাবার সিদ্ধান্ত সঠিক ছিল? নির্বাচনী ক্যাম্পেইন টিম কি ব্যর্থ। এই ব্যর্থতাকে হিসেবে নিয়ে মেরিদের আগামীতে এগিয়ে যেতে হবে। সুদিন আসবেই।

মেরি জোবায়দা এই পরাজয়ের দায়ভার নিজের কাঁধে তুলে নিয়েছেন। একজন বিজিত প্রার্থী হিসেবে তার মতামত তুলে ধরেছেন। ভুল শুধরিয়ে সামনে এগিয়ে যাবার পথ আপনার জন্য উন্মুক্ত। আপনার বিবৃতি থেকে এগিয়ে যাবার প্রেরণা উচ্চারিত হয়েছে। সোশাল মিডিয়ায় মেরি লিখেছেন,'আপনাদের কাছে একটাই অনুরোধ। ধরে নিন যে এই হারটা আমি একাই হেরেছি। এটাকে আমাদের সবার জন্য চিরজন ধরে নিবেন না দয়া করে। এটা তো সত্যি যে, আমি এই মাঠে একটা সরিষা দানা মাত্র। আমার ব্যর্থতা দিয়ে আপনারা আমাদের পুরো কমিউনিটিকে মাপবেন না। আমার মতো মানুষরা না রাজনীতি করে না নির্বাচন। আমার পরাজয় হোক অনাগতের অনেক জয় যাত্রার কারণ।'

## হাদি হত্যার তদন্ত জাতিসংঘে

১ পৃষ্ঠার পর

সরকার ইতোমধ্যে সিদ্ধান্ত নিয়েছে যে, যত দ্রুত সম্ভব এই মামলার তদন্তের জন্য জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাই কমিশনারের দপ্তরকে প্রস্তাব দেওয়া হবে।" প্রেস সচিব বলেন, "অন্তর্বর্তী সরকার এ মামলায় পূর্ণ ন্যায়বিচার নিশ্চিত করতে অটল রয়েছে এবং এ ধরনের যেকোনো তদন্তে সর্বাত্মক সহযোগিতা দেবে।"

রাতে যখন প্রেস সচিব এ সিদ্ধান্তের কথা জানান, তখন হাদি হত্যার বিচার দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনে অবস্থান কর্মসূচি পালন করেছে ইনকিলাব মঞ্চ।

হাদি গুলিবিদ্ধ হওয়ার পর গত ১৪ ডিসেম্বর ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের বাদী হয়ে হত্যাচেষ্টা মামলা দায়ের করেন। পরে মামলাটিতে হত্যার ৩০২ ধারা যুক্ত হয়। এরপর থানা পুলিশের হাত ঘুরে মামলার তদন্তের দায়িত্ব দেওয়া হয় ডিবি পুলিশকে। তদন্ত শেষে সাবেক ওয়ার্ড কাউন্সিলর তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পি, সাবেক ছাত্রলীগ কর্মী ফয়সাল করিম মাসুদসহ ১৭ জনকে আসামি করে গত ৬ জানুয়ারি হাদি হত্যা মামলার অভিযোগপত্র দেয় গোয়েন্দা পুলিশ। অভিযোগপত্রভুক্ত আসামিরা হলেন- প্রধান অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল ওরফে দাউদ (৩৭), তার বাবা মো. হুমায়ুন কবির (৭০), মা হাসি বেগম (৬০), স্ত্রী সাহেদা পারভীন সামিয়া (২৪), শ্যালক ওয়াহিদ আহমেদ শিপু (২৭), বান্ধবী মারিয়া আক্তার লিমা (২১), মো. কবির (৩৩), মো. নুরুজ্জামান নোমানী ওরফে উজ্জ্বল (৩৪), ভারতে পালাতে সহায়তার অভিযোগ থাকা সিবিয়ন দিউ (৩২), সঞ্জয় চিসিম (২৩), মো. আমিনুল ইসলাম ওরফে রাজু (৩৭) ও হত্যায় ব্যবহৃত অস্ত্র-গুলি উদ্ধারের ঘটনায় গ্রেপ্তার মো. ফয়সাল (২৫), মো. আলমগীর হোসেন ওরফে আলমগীর শেখ (২৬), সাবেক ওয়ার্ড কাউন্সিলর মো. তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পী, ভারতে পালাতে সহায়তাকারী ফিলিপ স্নাল (৩২), মুক্তি মাহমুদ (৫১) ও জেসমিন আক্তার (৪২)। তাদের মধ্যে ফয়সাল করিমসহ শেখের পাঁচজন পলাতক রয়েছেন।

## টানটান উত্তেজনায় ১২ ফেব্রুয়ারি ভোট

১ পৃষ্ঠার পর

নজরদারি থাকবে এবারের নির্বাচনে। তবে জুলাই-আগস্টে থানা লুট করে নেয়া অস্ত্র উদ্ধারে কোন জোড়ালো পদক্ষেপ না নেয়ায় প্রশ্ন উঠছে ওই সকল অস্ত্র দিয়ে সহিংসতা ছড়িয়ে যায় কি-না। নির্বাচনে সবচেয়ে বেশি উদ্বেগ জননিরাপত্তা এবং সাইবার আক্রমণ নিয়ে। তফসিল ঘোষণার পর থেকে এখন পর্যন্ত বিভিন্ন স্থানে সহিংসতায় ১৬ জন নিহত হয়েছেন। ভোটের দিনক্ষণ ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তাপ আরও বাড়ছে। ফলে মারামারি সহিংসতার আশঙ্কা উড়িয়ে দেয়া যায় না বলে ভোটারদের অভিমত। টার্গেট কিলিং এর আশঙ্কায় প্রাইভেট প্রহরি নিয়োগ দিয়েছেন অনেক প্রার্থী।

এবারের নির্বাচনে ১২ কোটি ৭০ লাখ ভোটারের সমর্থনে কারা সরকার গঠন করবে তা নিয়ে নানা মতবিরোধ রয়েছে। ভোটের মাঠে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতৃত্বে দুটি পৃথক জোট মূল প্রতিদ্বন্দ্বী। সকাল সাড়ে সাতটা থেকে টানা বিকাল সাড়ে চারটা পর্যন্ত এই ভোটগ্রহণ চলবে। ভোটকেন্দ্রেই ফলাফল ঘোষণা করা হবে। প্রিজাইডিং অফিসার রেসকারীভাবে কেন্দ্রে ফলাফল ঘোষণা করবেন। ডাকযোগে ভোট গণনা হবে রিটার্নিং অফিসারের মাধ্যমে। তবে বিকাল সাড়ে চারটার পর পৌঁছানো ওই সকল ডাক গণনার আওতায় আসবে না। গণভোট যুক্ত হওয়ায় ভোটগ্রহণ শুরু এবং শেষের দিকে আধা ঘণ্টা করে সময় বাড়ানো হয়েছে।

২০২৪ সালে জুলাই মাসে ছাত্র-জনতার উত্তাল আন্দোলনে অভ্যুত্থানের পর এই প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ওই বছরের আগস্টে গণঅভ্যুত্থানের মুখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশত্যাগ করে ভারতে পালিয়ে গেলে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণ করে। আশা করা হচ্ছে এই নির্বাচনের মাধ্যমে দেশ গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় ফিরে যাবে। এবারের নির্বাচনে আওয়ামী লীগ ও তার বিভিন্ন অঙ্গ-সংগঠনের কার্যক্রম নিষিদ্ধ করেছে অন্তর্বর্তী সরকার। একই কারণে নির্বাচন কমিশন তাৎক্ষণিক দলটির নিবন্ধন স্থগিত করে। বাংলাদেশের রাজনীতিতে বরাবরই বিএনপি ও আওয়ামী লীগের মধ্যে মূল প্রতিদ্বন্দ্বিতা হয়ে থাকে। এবার আওয়ামী লীগ ভোটের মাঠে না থাকায় বিএনপি ও জামায়াতের মধ্যে স্বাভাবিক প্রতিদ্বন্দ্বিতা হবে। গতকাল পর্যন্ত বিভিন্ন জরিপের ফলাফল এবং সার্বিক পরিবেশ ও পরিস্থিতিতে মনে করা হচ্ছে নির্বাচনে বিএনপি কিছুটা এগিয়ে আছে।

ভোটের এক সপ্তাহ আগে এখন প্রার্থীদের দম ফেলার সময় নেই। ভোটারের দ্বারে দ্বারে যাচ্ছেন প্রার্থীরা। কোনও কোনও ক্ষেত্রে প্রার্থীর স্বামী কিংবা স্ত্রীও প্রচারের মাঠে নেমেছেন। মাঠে এক লাখ সেনা সদস্যকে নামানো হয়েছে। পাশাপাশি সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া হয়েছে। সেনাবাহিনী তার নিয়ম মেনে যখন যে অস্ত্র ব্যবহার করা প্রয়োজন তখন সেই অস্ত্র ব্যবহার করবে। রায়ট দমনের অস্ত্রও ব্যবহার করবে। তবুও আশঙ্কার কথা হলো, অভ্যুত্থানের সময়ে পুলিশের লুট হওয়ায় তের শতাধিক অস্ত্র এখনও উদ্ধার করা সম্ভব হয়নি।

নির্বাচনে গুজব বা মিথ্যা তথ্য ছড়িয়ে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টার আশঙ্কা রয়েছে। ইতিমধ্যে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান এবং সাধারণ সম্পাদক গোলাম পরওয়ারের এক্স অ্যাকাউন্টের আইডি হ্যাক হয়েছে। আমিরের হ্যাক হওয়া আইডি থেকে নারীদের সম্পর্কে অবমাননাকর মন্তব্য করায় তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। আমির ডা. শফিকুর রহমান অবশ্য এ জন্য দুঃখপ্রকাশ করেছেন। এবারের নির্বাচনে নারী ভোটারদের খুব বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। বাংলাদেশের মোট জনগোষ্ঠীর অর্ধেকের বেশি অর্থাৎ ৫১ শতাংশ নারী। ফলে তাদের ভোট পাওয়ার জন্যে উভয় দলই চেষ্টা করছে। বিএনপি স্পষ্টত নারীর ক্ষমতায়ন, শিক্ষা ও কর্মক্ষেত্রে সুযোগ অবারিত করার মাধ্যমে উদারনীতি গ্রহণ করে থাকে।

সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে, আওয়ামী লীগের ভোটারদের বেশিরভাগ পাবে বিএনপি প্রার্থীরা। জরিপে এমন ফলাফল বেরিয়ে এসেছে। গুজব কিংবা মিথ্যা তথ্য প্রকাশ বন্ধে কোনও সক্ষমতা নির্বাচন কমিশনের নেই। যুক্তরাষ্ট্র সরকার জানিয়ে দিয়েছে, তারা কোন নির্বাচনি পর্যবেক্ষক বাংলাদেশে পাঠাবে না।

# নতুন এমপিদের শপথ পড়াবেন কে?

১ পৃষ্ঠার পর

করেছেন। তিনি বলেন, "বর্তমান সাংবিধানিক বাস্তবতায় নব-নির্বাচিত এমপিদের শপথ পড়ানোর দায়িত্ব প্রধান নির্বাচন কমিশনারই পালন করবেন।" তিনি বলেন, "জাতীয় সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকারের পদ কার্যত শূন্য থাকায় সংবিধানের বিশেষ বিধান অনুযায়ী সিইসি এই দায়িত্ব পালন করতে পারবেন।"

সংবিধান অনুযায়ী, সাধারণত আগের সংসদের স্পিকার নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পাঠ করান। তবে ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর গত ২ সেপ্টেম্বর স্পিকার শিরীন শারমিন চৌধুরী পদত্যাগ করেন। আর ডেপুটি স্পিকার শামসুল হক টুকু বর্তমানে কারাগারে থাকলেও তিনি আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেননি। সংবিধানের ৭৪(৬) অনুচ্ছেদে বলা হয়েছে, নতুন স্পিকার দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত আগের স্পিকার বা ডেপুটি স্পিকারকে পদে বহাল রয়েছেন বলে গণ্য করা হবে। তবে সংবিধানের ১৪৮ (২ক) অনুচ্ছেদ অনুযায়ী, গেজেট প্রকাশের তিন দিনের মধ্যে স্পিকার বা তার মনোনীত কেউ শপথ পড়াতে ব্যর্থ হলে পরবর্তী তিন দিনের মধ্যে প্রধান নির্বাচন কমিশনার শপথ পাঠ করাতে পারবেন।

এ ছাড়া সংবিধানের তফসিল-৩ অনুযায়ী, স্পিকার ও ডেপুটি স্পিকার উভয়েই দায়িত্ব পালনে অক্ষম হলে রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে প্রধান নির্বাচন কমিশনার শপথ পড়ানোর ক্ষমতা রাখেন। নির্বাচিত সংসদ সদস্যরা দ্রুততম সময়ে শপথ গ্রহণ করবেন। রাষ্ট্রপতি সংখ্যাগরিষ্ঠ দলের নেতাকে মন্ত্রিসভা গঠনের জন্যে আহ্বান জানাবেন। গণভোটে হ্যাঁ জয়যুক্ত হলে নতুন সংসদ সদস্যরা দ্বৈত দায়িত্ব পালন করবেন। তারা জাতীয় সংসদে সাধারণ দায়িত্ব পালন তথা আইন প্রণয়নের কাজ করবেন। পাশাপাশি, সাংবিধানিক সংস্কার পরিষদ হিসাবেও সংসদ সদস্যরা দায়িত্ব পালন করবে। অর্থাৎ, তারা প্রতিষ্ঠানিক কী কী সংস্কার করা যায় সে বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করবেন। প্রয়োজনে সংবিধান সংশোধন করবেন।

## নির্বাচনি আমেজে বেড়েছে রেমিট্যান্স

৬৪ পৃষ্ঠার পর

অর্থবছরের একই সময়ে এই আয়ের পরিমাণ ছিল ১ হাজার ৬৩৮ কোটি ৪০ লাখ ডলার। অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর সামগ্রিক রেমিট্যান্স আহরণে বড় ধরনের উল্লম্ফন ঘটেছে।

অর্থনীতিবিদরা মনে করছেন, বৈধ পথে ডলারের বিনিময় হার বাজারমুখী করা এবং প্রবাসীদের জন্য রেমিট্যান্স পাঠানোর প্রক্রিয়া সহজ করার সুফল মিলছে অর্থনীতিতে। বিশেষ করে ব্যাংকগুলো প্রতি ডলারে ১২২ টাকা পর্যন্ত অফার করায় হুন্ডি ছেড়ে বৈধ পথে টাকা পাঠানোর হার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। মনে করা হচ্ছে নির্বাচনের দিন পর্যন্ত প্রবাস থেকে বিকাশে রেমিট্যান্স পাঠাবার পরিমাণ বেড়ে যেতে পারে।

## চার কোটি নতুন ভোটারের ঢেউ

১ পৃষ্ঠার পর

সংসদ নির্বাচনে ইসলামী ছাত্র শিবির জয়লাভ করার পর জামায়াতে ইসলামী আশা করছে তারা তরুণদের ভোট পাবে। বিএনপিও আশা করছে তারাও তরুণদের ভোট পাবে। ভোটের দিন যত ঘনিয়ে আসছে, তরুণদের মনে ততই ভিড় করছে নানা প্রশ্ন। কেউ আশা করছেন বদল আসবে, কেউ আবার আগের অভিজ্ঞতা থেকে শঙ্কিত। নিরাপত্তা, মতপ্রকাশের স্বাধীনতা, নারী রাজনীতি, গণভোটসব মিলিয়ে এবারের নির্বাচন তরুণদের কাছে শুধু ভোট দেওয়ার বিষয় নয়, বরং রাষ্ট্র ও নাগরিকের সম্পর্কের এক গুরুত্বপূর্ণ পরীক্ষা। তাই প্রার্থীরা যেন তরুণ ভোটারদের কথা মাথায় রাখেন, সে আহ্বানও জানিয়েছেন তাঁরা। তরুণের সঙ্গে কথা বলে তাদের মতামত আজকালের পাঠকদের জন্য তুলে ধরা হলো। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সদস্য হেমা চাকমা। স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের স্নাতক শেষ বর্ষের শিক্ষার্থী হেমার এবারই প্রথম জাতীয় সংসদ নির্বাচনে ভোট দেওয়ার কথা। কিন্তু ভোট দেবেন কি না, সে সিদ্ধান্তে এখনো পৌঁছাতে পারেননি তিনি। ২০২৪ সালের নির্বাচনে খাগড়াছড়ির পানছড়িতে ভোট বর্জনের কথা স্মরণ করে হেমা চাকমা বলেন, সরকারের প্রতি অনাস্থা থেকেই সে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। চারজন ছাত্রনেতা হত্যার ঘটনার বিচার না হওয়াও সেই অনাস্থার আরও গভীর করেছিল। অনাবারের তুলনায় এবারের নির্বাচনী পরিবেশে তেমন কোনো পরিবর্তন ধরা পড়ছে না হেমা চাকমার চোখে। ভোট বর্জনের মতো পরিস্থিতি না থাকলেও ভোটারদের নিরাপত্তা নিয়ে শঙ্কা আছে। তাঁর আশঙ্কা, নির্বাচন শেষ পর্যন্ত রক্তপাতের দিকেও গড়াতে পারে। তাই তিনি নিজেও শেষ পর্যন্ত ভোট দিতে যাবেন কি না, তা নিশ্চিত হতে পারছেন না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক মার্জিয়া রহমান ভোটার আগে হলেও এবারই প্রথম ভোট দিতে যাচ্ছেন। রাজনীতির সংস্কৃতি নিয়ে গভীরভাবে বীতশ্রদ্ধ ঢাকা ১৩ আসনের এই ভোটার বলেন, 'গণতান্ত্রিক অধিকারের ভোট টোকেন হিসেবে কাজ করে। প্রার্থী নির্ধারিত হচ্ছেন দলের মধ্য থেকে। শক্তি-সংঘর্ষে যাঁরা এগিয়ে, তাঁরাই প্রার্থী বিবেচিত হচ্ছেন।'

নির্বাচনী ইশতেহার নিয়ে মার্জিয়া রহমানের আক্ষেপ আছে। তিনি বলেন, নির্বাচনে অংশ নেওয়া দলগুলোর নির্বাচনী ইশতেহার দেখার সুযোগ মিলছে না। অথচ তারা কোন বিষয়গুলোতে প্রতিজ্ঞা করছে, তা ভালো করে পড়ার জন্য সময় নিতে হবে। তরুণ চলচ্চিত্র নির্মাতা আশফাক নিপুনের দৃষ্টিতে এবারের নির্বাচন ভিন্ন মাত্রার। তাঁর মতে, গত ১৫ বছর আওয়ামী লীগ সরকারের সময় কার্যত ভোটাধিকার চর্চা হয়নি। এবার প্রায় ৪ কোটি নতুন ভোটার প্রথমবারের মতো ভোট দেবেন। আওয়ামী লীগ সরকারের আমলে যেসব ভোটার ভোট দিতে পারেননি, তাঁরাও এবার ভোট দেবেন। তাই এবার নির্বাচনী আমেজ চলছে চরপাশে। আশফাক নিপুন বলেন, ভোট দেওয়া মানুষের নাগরিক অধিকার। জনগণ যে প্রকৃত ক্ষমতার উৎস, তা প্রমাণের চর্চা শুরু হতে যাচ্ছে। এবার একই সঙ্গে গণভোটের বিষয়টিও নির্বাচনকে বিশেষ নির্বাচনে পরিণত করেছে। সবকিছু মিলেই ইতিবাচক একটি পরিবেশ তৈরি হয়েছে।





শাহ্ হামজার স্মরণে
বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ

১৯৯৯ সাল থেকে কুল মাল্টিসার্ভিসেস এলএলসি আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।
আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি–আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।
আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন–যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

আমাদের প্রধান সেবাসমূহ
* ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ
দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* মর্টগেজ ও ঋণ সমাধান (প্রি এপ্রোভাল)
সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* রিয়েল এস্টেট সেবা
বাড়ি কেনা বা বিক্রি–বাজার বিশ্লেষণ করে আপনাকে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সহায়তা।

আপনার স্বপ্নের বাড়ির শুরু এখান থেকেই
প্রথমবার বাড়ি কিনছেন?
আপনাকে আন্তরিক স্বাগতম।
এই প্রক্রিয়াকে জটিল মনে করার কোনো কারণ নেই। আমরা প্রথমবার বাড়ি কিনতে আগ্রহীদের জন্য প্রি-অ্যাপ্রুভালসহ প্রতিটি ধাপে পাশে থেকে সহায়তা করি, যাতে আপনার "স্বপ্নের বাড়ি" বাস্তবে রূপ নেয়।

কুল-এর সাথে যুক্ত হয়ে উপভোগ করুন
২৫ বছরেরও বেশি সময়ের সততা, অভিজ্ঞতা ও পেশাদার সেবার নিশ্চয়তা।

: যোগাযোগ :
১৯৭০১ হিলসাইড অ্যাভিনিউ, হলিস, নিউ ইয়র্ক ১১৪২৩
৭১৮-৮০৩-৮২০০
ইমেইল: coolmultiservicesllc@gmail.com


জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
24 Hours Service
Experienced & Professional Driver
Affordable Price
Airport Service
Long Distance - Short Distance
Hourly Service
Special Occasions Service
Wheelchair Available
Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate


Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IN ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## একুশে পদক পাচ্ছেন যারা

৪৬ পৃষ্ঠার পর

২০১১ সালে পার্শ্ব চরিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন ববিতা। ২০১৬ সালে তাকে জাতীয় চলচ্চিত্র পুরস্কারে আজীবন সম্মাননা জানানো হয়।

নন্দিত নির্মাতা জহির রায়হানের 'সংসার' সিনেমায় শিশুশিল্পী হিসেবে ববিতার অভিষেক হয় ১৯৬৮ সালে। তখন তার নাম ছিল ফরিদা আক্তার পপি। পরে আব্দুল্লাহ আল মামুনের টেলিভিশন নাটক 'কলম'-এ অভিনয় করেন তিনি। জহির রায়হানের 'জ্বলতে সুরুজ কি নিচে' ছবিতে অভিনয়ের সময় তাকে 'ববিতা' নাম দেওয়া হয়।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অসমাপ্ত উপন্যাস 'অশনি সংকেত' অবলম্বনে উপমহাদেশের খ্যাতিমান চলচ্চিত্রকার সত্যজিৎ রায় সিনেমা নির্মাণ করেছিলেন, যা ববিতার চলচ্চিত্রজীবনের উল্লেখযোগ্য একটি সিনেমা।

পরবর্তীতে এই অভিনেত্রীকে 'টাকা আনা পাই', 'স্বরলিপি', 'বাঁদী থেকে বেগম', 'লাঠিয়াল', 'সূর্যগ্রহণ', 'নয়নমনি', 'গোলাপী এখন ট্রেনে', 'গোলাপী এখন ঢাকায়', 'কি যে করি', 'এক মুঠো ভাত', 'অনন্ত প্রেম', 'বসুন্ধরা', 'পোকামাকড়ের ঘর বসতি', 'স্বপ্নের পৃথিবী', 'মায়ের অধিকার', 'জীবন সংসার', 'দীপু নাম্বার টু', 'প্রাণের চেয়ে প্রিয়', 'এখনো অনেক রাত', 'ম্যাডাম ফুলি', 'হাছন রাজা', 'চার সতীনের ঘর'-এর মতো সিনেমায় দেখা গেছে।

মৃত্যুর ৭ বছর পর একুশে পদক পাচ্ছেন আইয়ুব বাচ্চু, স্ত্রীর আবেগঘন প্রতিক্রিয়া : বাংলাদেশি ব্যান্ড সংগীতের কিংবদন্তি শিল্পী আইয়ুব বাচ্চু। ২০১৮ সালের ১৮ অক্টোবর না ফেরার দেশে পাড়ি জমানো এই ব্যান্ড তারকা এবার দেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার একুশে পদক পাচ্ছেন। প্রয়াত আইয়ুব বাচ্চুর এমন রাষ্ট্রীয় স্বীকৃতিতে আবেগঘন প্রতিক্রিয়া জানালেন তার স্ত্রী ফেরদৌস আক্তার চন্দনা। আইয়ুব বাচ্চুর ব্যান্ড এলআরবি-ও ফেসবুক পোস্টে তাকে স্মরণ করেছেন।

বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) সন্ধ্যায় গণমাধ্যমকে প্রতিক্রিয়া জানাতে গিয়ে ফেরদৌস আক্তার চন্দনা বলেন, 'খবরটা শুনে খুশি হলাম। বাচ্চু থাকলে বেশি খুশি হতো। পুরস্কারটা নিজে হাতে নিতে পারলে খুশি হতো। বাচ্চুর সঙ্গে বাংলাদেশের মানুষের ভালোবাসা আছে। দেরিতে হলেও পেয়েছে। আলহামদুলিল্লাহ।' ২০২০ সালে কার্যক্রম শুরু করা আইয়ুব বাচ্চু ফাউন্ডেশন নিয়ে চন্দনা বলেন, 'সবার দোয়া চাই। আমরা তার রেখে যাওয়া কাজ যেন শেষ করতে পারি।' তিনি বর্তমানে ফাউন্ডেশনটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন। এদিকে প্রয়াত আইয়ুব বাচ্চুর এই অর্জনে তার ব্যান্ড এলআরবি-ও তাকে স্মরণ করে ফেসবুকে একটি পোস্ট করেছে। পোস্টে ব্যান্ডটি লিখেছে, '২০২৬ সালের একুশে পদকে ভূষিত হয়েছেন বাংলা রকের অগ্রদূত, কিংবদন্তি শিল্পী রক আইকন আইয়ুব বাচ্চু। এটি শুধু একজন শিল্পীর সম্মাননা নয়, এটি বাংলা সংগীতের প্রতি তার আজীবন সাধনা, সততা ও সাহসী সৃজনশীলতার রাষ্ট্রীয় স্বীকৃতি। গিটার হাতে তিনি যে ভাষায় গান করেছেন, তা প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করেছে। প্রেম, প্রতিবাদ, স্বপ্ন আর জীবনের গল্প তিনি সুরে সুরে বলে গেছেন অক্লান্তভাবে। আইয়ুব বাচ্চু আমাদের মাঝে নেই, কিন্তু তার গান আমাদের রক্তে, আমাদের স্মৃতিতে, আমাদের চলার পথে বেঁচে থাকবে চিরকাল। একুশে পদক সেই চিরঞ্জীবী সুরেরই প্রাপ্য সম্মান।'

সঙ্গে ব্যান্ডটির তরফ থেকে এই সম্মাননা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ, সম্মানিত জুরি বোর্ড ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়। উল্লেখ্য, এ বছর প্রথমবারের মতো একুশে পদক পাচ্ছে জনপ্রিয় হেভিমেটাল ব্যান্ড 'ওয়ারফেজ'।

## ‘এলআরবির স্বীকৃতিতেই বেশি আনন্দ পেতেন আইয়ুব বাচ্চু’

৪৬ পৃষ্ঠার পর

ডেইলি স্টারে সঙ্গে কথা বলেছেন আইয়ুব বাচ্চুর স্ত্রী ফেরদৌস আক্তার চন্দনা।

তিনি বলেন, 'একজন শিল্পীর জন্য এই পুরস্কার প্রাপ্তি বিশাল ব্যাপার। নিজের হাতে সম্মানটা নিতে পারলে আরো ভালো লাগতো। প্রতিটা শিল্পী এটা আশা করেন বেঁচে থাকা অবস্থায় যেন এই পুরস্কার পান। শিল্পীরা নিজের হাতে সম্মানটা নিতে পারলে সবচেয়ে বেশি খুশি হন। তাকে সম্মানিত করার জন্য সরকারের জড়িত সবাইকে অনেক ধন্যবাদ।'

তিনি আরও বলেন, 'আমার ব্যক্তিগত ধারণা আইয়ুব বাচ্চু তার ব্যান্ড এলআরবি পুরস্কার পেলে আরো বেশি আনন্দিত হতেন। যখন সিনেমার গান করেছিলেন। গানগুলো তুমুল জনপ্রিয় হয়েছিল।'

চন্দনা বলেন, 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার না পাওয়া নিয়ে নীরবে মনখারাপ করতেন। এইসব বুঝতে পারতাম। একটি পদক একজন শিল্পীকে আরও দুই কদম এগিয়ে দেয়। ওরও এমন আক্ষেপ ছিলো, মাঝে মাঝে এসব নিয়ে বলত। আমরা তার এই একুশে পদক প্রাপ্তিতে অনেক আনন্দিত হয়েছি। তাকে যারা ভালোবাসেন তারাও খুশি হয়েছেন।'

আইয়ুব বাচ্চু ২০১৮ সালের ১৮ অক্টোবর পৃথিবীর মায়া ছেড়ে চলে যান। ১৯৬২ সালের ১৬ আগস্ট চট্টগ্রাম শহরের এনায়েত বাজারে জন্মগ্রহণ করেন তিনি। একাধারে গায়ক, লিড গিটারিস্ট, গীতিকার ও সুরকার হিসেবে বাংলা ব্যান্ডসংগীতে তিনি ছিলেন এক অনন্য নাম। তার প্রথম গান প্রকাশিত হয় 'হারানো বিকেলের গল্প' শিরোনামে, যার কথা লিখেছিলেন শহীদ মাহমুদ জঙ্গী। ১৯৮৬ সালে প্রকাশিত হয় তার প্রথম একক অ্যালবাম 'রক্তগোলাপ'। এর আগে ১৯৭৮ সালে তিনি যোগ দেন 'ফিলিংস' ব্যান্ডে। এরপর ১৯৮০ সালে 'সোলস'-এর সঙ্গে শুরু হয় তাঁর দীর্ঘ পথচলা। প্রায় এক দশক তিনি এই ব্যান্ডের সঙ্গে যুক্ত ছিলেন।

আইয়ুব বাচ্চুর জনপ্রিয় কয়েকটি গান : চলো বদলে যাই, হাসতে দেখো গাইতে দেখো, কেউ সুখী নয়, ফেরারি এই মনটা আমার, একদিন ঘুম ভাঙা শহরে, বাংলাদেশ, কষ্ট পেতে ভালোবাসি, এখন অনেক রাত, হকার, এই রুপালি গিটার ফেলে, গতকাল রাতে, সেই তারা ভরা রাতে, মেয়ে তুমি কি দুঃখ চেনো, সাড়ে তিন হাত মাটি, উড়াল দেবো আকাশে, কতদিন দেখিনি দু'চোখে, মনে আছে নাকি নাই, কার কাছে যাব, লোকজন কমে গেছে, একটাই মন যখন তখন, এক আকাশের তারা তুই একা গুনিস নে, মন চাইলে মন পাবে, ভাঙা মন নিয়ে তুমি আর কেঁদোনা, বেলা শেষে ফিরে এসে।

এছাড়াও চলচ্চিত্রের গানের মধ্যে রয়েছে-অনন্ত প্রেম তুমি দাও আমাকে, আমি তো প্রেমে পড়িনি, আম্মাজান।

## শাকিব-বুবলীর ফের বাবা ও মা হওয়ার গুঞ্জন!

৪৬ পৃষ্ঠার পর

সাম্প্রতিক আবারও বুবলীর অন্তঃসত্ত্বা হওয়ার গুঞ্জন ওঠে চলচ্চিত্রপাড়ায়। যদিও বিষয়টি স্বীকার করেননি তিনি।

দুজনের ঘনিষ্ঠ একটি সূত্রে জানা যায়, বর্তমানে বুবলী পাঁচ মাসের অন্তঃসত্ত্বা তাই 'ঢাকাইয়া দেবদাস' সিনেমার শুটিং শুরু হলেও এই মুহূর্তে আর কাজ করতে চাইছেন না। প্রথম দফায় আদর আজাদের বিপরীতে সিনেমার শুটিংয়ে চারদিন অংশ নিয়েছিলেন অভিনেত্রী। তবে এ বিষয়ে বুবলী কিংবা শাকিব মুখ খুলেননি।

প্রযোজনাপরিচালকেরা জানিয়েছেন, রোজায় বুবলীকে ছাড়াই ছবির শুটিং এগিয়ে নেওয়া হবে। কারণ, তিনি প্রায় দেড় বছরের ছুটিতে যাচ্ছেন। সে কারণে তারা সিনেমার কাজ এগিয়ে নিতে নায়িকাকে ছাড়াই বাকি কাজ শেষ করবেন।

এ প্রসঙ্গে সিনেমাটির প্রযোজক জাহাঙ্গীর সিকদার বলেন, 'প্রথম লটে বুবলী, আদর আজাদ ও অন্য শিল্পীদের নিয়ে ৪ দিন শুটিং করেছিলাম। দ্বিতীয় লটে রোজায় শুটিং আছে। কিন্তু বুবলীকে ছাড়াই বাকি কাজ শেষ করতে হবে।'

জানা গেছে, এখন বুবলী ঝুঁকির কারণে শুটিং করছেন না। তবে শুক্রবার (৬ ফেব্রুয়ারি) রাজধানীর একটি শপিং কমপ্লেক্সে একটি আউটলেট-এর ওপেনিং সেরেমনি হবে বুবলীর হাত ধরে। সেখানেই বুবলী মা হতে যাওয়ার বিষয়টি জানাতে পারেন বলে গুঞ্জন শোনা যাচ্ছে। জানা গেছে, দ্বিতীয় সন্তান জন্ম দিতে শিগগিরই যুক্তরাষ্ট্রে উড়াল দেবেন এই চিত্রনায়িকা।

এর আগে ২০২০ সালেও প্রথম সন্তান শেহজাদ খান বীরের জন্মের সময় বুবলী বিষয়টি গোপন রেখেছিলেন। তবে শেষ পর্যন্ত সেই গুঞ্জনই সত্যি হয়েছিল। এবারও কি সেই একই পথে হাঁটছেন অভিনেত্রী?

## অটিজম শিশুর অভিভাবকদের করণীয়

২০ পৃষ্ঠার পর

অটিজম শিশুর একাংশ কথা বলতেও পারে আবার আরেকাংশ না-ও বলতে পারে কিন্তু তার মূল সমস্যা হলো সামাজিক যোগাযোগে। অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর প্রত্যেকেই একে অপর থেকে আলাদা। প্রতিটি শিশুর জানীয় প্রক্রিয়া, দক্ষতা অর্জনে সক্ষমতা ও সীমাবদ্ধতা আলাদাভাবে বিশ্লেষণ করে কখনো এককভাবে, কখনো ছোট ছোট গ্রুপে তাদের উন্নতির লক্ষ্যমাত্রা ঠিক করে বিভিন্ন চিকিৎসাব্যবস্থাপনা গ্রহণ করতে হয়। কিন্তু দেখা যায় এখানেও বিভ্রান্তি ছড়িয়ে আছে। অনেকেই অটিজমকে একটি জটিল ও দীর্ঘমেয়াদি অসুস্থতা মনে করে এটিকে অস্বাভাবিকভাবে গ্রহণ করতে থাকেন বা রোগ মনে করে এটি থেকে শিশুকে সারিয়ে তুলতে চান। এতে শিশুর অটিজম সংক্রান্ত ব্যবস্থাপনাগত জটিলতা আরও বাড়তে থাকে।

অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুকে শিশু বিকাশ বিশেষজ্ঞ বা এ বিষয়ে দক্ষ শিশু চিকিৎসককে দেখানো জরুরি কারণ অটিজম বৈশিষ্ট্যের সঙ্গে প্রায়ই সহাবস্থান করে এমন জটিলতা নির্ণয় ও চিকিৎসার (যেমন- খিঁচুনি, কোষ্ঠকাঠিন্য, ঘুমের সমস্যার চিকিৎসা, মস্তিষ্কের বিকাশ ও মনোযোগ বৃদ্ধিতে ওষুধ ও পরামর্শ প্রদান ইত্যাদি) গুরুত্ব রয়েছে।

অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর শারীরিকভাবে বেড়ে ওঠার পাশাপাশি তার মানসিক বিকাশ ঠিকভাবে হচ্ছে কিনা সে বিষয়ে সঠিক সময়ে পরীক্ষা-নিরীক্ষা ও বিভিন্ন টুলসভিত্তিক এসেসমেন্ট করা আবশ্যকীয় এবং এর মাধ্যমে শিশুর অটিজমের বৈশিষ্ট্যগুলোর বিশ্লেষণ এবং অটিজমের তীব্রতা কতখানি তা বিভিন্ন স্কোরিংয়ের মাধ্যমে বের হয়ে আসে। অনেক সময় অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর মা-বাবার মানসিক অবসাদ, দুশ্চিন্তা ও শিশুর যে অটিজম রয়েছে এ বিষয়টিকে মেনে নিতে ও মানিয়ে নিতে মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ, শিশু সাইকোলজিস্ট ও সাইকোথেরাপিস্ট এবং কাউন্সেলিং সাইকোলজিস্টের পরামর্শ ও দিক-নির্দেশনার প্রয়োজন রয়েছে।

অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর নানামুখী দক্ষতা অর্জনপূর্বক জীবনমান উন্নয়নে বিশ্ব স্বাস্থ্য সংস্থাসহ সর্বজন স্বীকৃত মাধ্যম হলো রিহ্যাবিলিটেশন স্বাস্থ্যসেবা যেমন স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি, অকুপেশনাল থেরাপি, ফিজিওথেরাপি।

## ডেলিভারি ড্রাইভাররা পাবেন ১৫০০ ডলার করে ক্ষতিপূরণ

১ পৃষ্ঠার পর

জরিমানা দেবে। হাঙ্গি প্যান্ডা ১ হাজারের বেশি কর্মীর জন্য ১০ লাখ ৬৮ হাজার ৬৭২ ডলার ক্ষতিপূরণ এবং ১ লাখ ৬ হাজার ৩২৭ ডলার জরিমানা প্রদান করবে। এ হিসাব অনুযায়ী, প্রতিজন কর্মী আনুমানিক ১ হাজার ৬৪২ ডলার পর্যন্ত ক্ষতিপূরণ পাবেন।

নিউইয়র্ক সিটির তদন্তে জানা গেছে, ডিসেম্বর ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ডেলিভারি অ্যাপগুলো বাতিল হওয়া অর্ডার এবং অন্যান্য কারণে চালকদের ন্যূনতম মজুরি প্রদান করেনি। মামদানি বলেন, যদি কেউ আইন ভেঙে এবং শ্রমিকদের শোষণ করে লাভ অর্জন করে, তাহলে তাকে দ্রুত এবং সরাসরি জবাবদিহিতার মুখোমুখি হতে হবে। এছাড়াও উবার ইটস সেই সমস্ত কর্মীকে পুনরনিযুক্ত করবে যাদের অ্যাকাউন্ট ২০২৩ সালের ডিসেম্বর থেকে ২০২৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত ডিঅ্যাকটিভেট করা হয়েছিল। মেয়র কার্যালয় অনুযায়ী, এতে প্রায় ১০ হাজার ডেলিভারি কর্মী প্রভাবিত হতে পারেন।

নিউইয়র্ক সিটির নিয়ম অনুযায়ী ২০২১ সালে প্রবর্তিত ন্যূনতম মজুরি আইনটি এপ্রিল থেকে ডেলিভারি কর্মীদের জন্য বেসিক মজুরি ২১ দশমিক ৪৪ ডলার থেকে ২২ দশমিক ১৩ ডলারে উন্নীত করবে। এছাড়াও নতুন আইন অনুযায়ী, ডেলিভারি অ্যাপগুলোকে গ্রাহকদের চেকআউটের আগে টিপ দিতে অনুরোধ করতে হবে, ডিফল্ট হার ১০ শতাংশ রাখা হয়েছে। মেয়র মামদানি জানিয়েছেন, শহর এ ধরনের ডেলিভারি অ্যাপ সংস্থাগুলোর শোষণ বন্ধে কঠোর পদক্ষেপ নিচ্ছে এবং শ্রমিকদের অধিকার সুরক্ষায় সর্বোচ্চ নজর দিচ্ছে।







# একুশে পদক পাচ্ছেন যারা

আজকাল বিনোদন



ঘোষণা করা হল দেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার একুশে পদক-২০২৬-এর চূড়ান্ত তালিকা। এ বছর বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে কিংবদন্তি গায়ক ও সংগীত পরিচালক আইয়ুব বাচ্চু এবং চলচ্চিত্র অভিনেত্রী, প্রযোজক ববিতাসহ মোট ১০ জন পাচ্ছেন এই পুরস্কার।

গত বৃহস্পতিবার বিকেলে প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল আলম ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

একুশে পদকের জন্য মনোনীত ব্যক্তিরা হলেন ববিতা, অধ্যাপক আবদুস সাত্তার, আইয়ুব বাচ্চু, মেহেরিনা তাবাশ্যুম, ইসলাম উদ্দিন পালাকার, সাংবাদিক শফিক রেহমান, অধ্যাপক মাহবুবুল আলম মজুমদার, তেজশ হালদার যশ ও অর্থী আহমেদ, আর ব্যান্ড মিউজিকে ওয়ারফেজ।

**একুশে পদকপ্রাপ্তির খবর শুনেছি চিঠি পাইনি : ববিতা**

দেশের চলচ্চিত্রের জীবন্ত কিংবদন্তি অভিনেত্রী ববিতা। চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২৬ সালের একুশে পদকের জন্য মনোনীত হয়েছেন তিনি। বৃহস্পতিবার বিকালে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম ফরেন সার্ভিস একাডেমির মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

একুশে পদকের জন্য মনোনীত ব্যক্তিরা হলেন- অধ্যাপক আবদুস সাত্তার, আইয়ুব বাচ্চু, মেহেরিনা তাবাশ্যুম, ইসলাম উদ্দিন পালাকার, সাংবাদিক শফিক রেহমান, অধ্যাপক মাহবুবুল আলম মজুমদার, তেজশ হালদার যশ ও অর্থী আহমেদ। আর প্রতিষ্ঠান হিসেবে 'ওয়ারফেজ'।

একুশে পদকের খবরে ববিতা জানান, সরকার থেকে এখনো আনুষ্ঠানিক চিঠি পাননি তিনি। অভিনেত্রী বলেন, 'এটা শুনে ভালো লাগল। তবে একুশে পদকপ্রাপ্তির খবর এখনো আমার হাতে আসেনি, প্রজ্ঞাপনও চোখে পড়েনি। অফিসিয়াল চিঠি পেয়ে নিই, তারপর একুশে পদক পেয়ে কেমন লাগছে-সেটা জানানো সমীচীন মনে করছি।'

উল্লেখ্য, এখন পর্যন্ত অভিনয় জীবনে সাড়ে তিন শতাধিক সিনেমায় কাজ করেছেন ববিতা। ১৯৭৫ সালে জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রবর্তনের পর জিতেছেন তিনবার শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার। ১৯৮৫ সালে আবার শ্রেষ্ঠ অভিনেত্রী, ১৯৯৬ সালে শ্রেষ্ঠ প্রযোজক, ২০০২ ও এরপর ৪৫ পৃষ্ঠায়



## 'এলআরবির স্বীকৃতিতেই বেশি আনন্দ পেতেন আইয়ুব বাচ্চু'

আজকাল বিনোদন

বাংলা রকসংগীতের কিংবদন্তি আইয়ুব বাচ্চু মরণোত্তর একুশে পদক পাচ্ছেন। রাষ্ট্রের দ্বিতীয় সর্বোচ্চ এ বেসামরিক সম্মাননা সংগীতে তার অবদানের আনুষ্ঠানিক স্বীকৃতি। মৃত্যুর আট বছর পর একুশে পদক পাওয়ায় দ্য এরপর ৪৫ পৃষ্ঠায়



## শর্তে 'বারানসি' সিনেমায় অভিনয়ে রাজি হয়েছিলেন প্রিয়াংকা?

আজকাল বিনোদন

দীর্ঘ কয়েক বছর পর বলিউডে ফিরছেন অভিনেত্রী প্রিয়াংকা চোপড়া। তার আসন্ন এসএস রাজামৌলির 'বারানসি' সিনেমায় অভিনয়ের মধ্য দিয়ে পর্দায় ফিরছেন তিনি। তবে এ সিনেমায় একটি শর্ত দিয়েছিলেন প্রিয়াংকা চোপড়া। অভিনেত্রী অনুরোধ করেছিলেন, তার চরিত্রের জন্য যেন একটা নাচ রাখা হয়। মহেশ বাবুও কথা দিয়েছিলেন বলে জানিয়েছেন তিনি। সম্প্রতি গণমাধ্যমের এক সাক্ষাৎকারে এমন কথাই জানালেন অভিনেত্রী।

প্রিয়াংকা চোপড়া বলেন, আমি প্রায় ছয় বছর ধরে কোনো ভারতীয় সিনেমায় কাজ করিনি। তাই যখন তিনি আমায় ফোন করে বলেনড় 'তুমি হয়তো জানো না এই নারী চরিত্রটি সত্যিই অসাধারণ এবং তোমায় এটা করতেই হবে। অভিনেত্রী বলেন, আমি বলেছিলাম-একটা অনুরোধ আছে আপনি কি আমার জন্য একটা নাচের ব্যবস্থা করতে পারবেন? উনি বললেনড় 'তোমার জন্য আমায়ও এটা করতে হবে।' বেচারা মহেশ বাবুকেও আমার জন্য এ কাজ করতে হয়েছিল।

নাচের দৃশ্যের অভিজ্ঞতা শেয়ার করে মহেশ বাবু বলেন, এটা অত্যন্ত সেনসিটিভ একটি বিষয়। আমার মনে হয় এর জন্য আমরা ইতোমধ্যে একটা গানের শুটিং করেছি। আর সেটি আমাদের মনের মধ্যে এরপর ৩৬ পৃষ্ঠায়



## ইচ্ছে হলেই দত্তক নিতে পারি

### কিন্তু জগতের সবার মা হয়ে থাকতে চাই: জয়া আহসান

আজকাল বিনোদন

দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান বর্তমানে কলকাতায় অবস্থান করছেন। সম্প্রতি একটি গণমাধ্যমের এক সাক্ষাৎকারে উঠে এসেছে আগামী সিনেমা, আট ঘণ্টার কাজ নিয়ে তার বক্তব্য। সেই সঙ্গে বিশ্বজুড়ে শিশুদের ওপর নানা ধরনের নির্যাতনের প্রসঙ্গও। মাতৃত্ব নিয়ে তার একান্ত ভাবনা ঠিক কী, সে বিষয়েও খোলামেলা কথা বলেছেন অভিনেত্রী।

অনেকটা লম্বা সময় কলকাতায় থাকা প্রসঙ্গে জয়া আহসান বলেন, হ্যাঁ, মাঝে একটু বেশি সময় ঢাকায় ছিলাম। এবার নিজের আসন্ন সিনেমা 'ওসিডি'-র জন্য কলকাতায় এলাম। আমার অভিনীত এটি অন্যতম প্রিয় কাজ বলতে পারেন।

'বাতিক'-এর জ্বালায় নাজেহাল অভিনেত্রী বলেন, এ সিনেমাটি করতে করতে আমি খুঁজতে শুরু করিড় আমার মধ্যে কীসের বাতিক রয়েছে। সিনেমাটি করার সময় আমাদের পরিচালক সৌকর্যকে একাধিকবার জিজ্ঞেস করতামড় আমার কীসে ওসিডি আছে?

সেটি কি আপনি খুঁজে পেলেন? তিনি বলেন, হ্যাঁ আমি বুঝতে পেরেছি। নিখুঁত অভিনয় নিয়ে আমার 'ওসিডি' রয়েছে। খালি মনে হয় সব অভিনয় যেন এক রকম হয়ে যাচ্ছে। তারপর নিজেকেই যেন চ্যালেঞ্জ দিয়ে ফেলি। আবার বিরক্ত হয়ে যাই নিজের ওপরেই। নিজেকে বলিড় আরে বাবা, আমি তো মানুষ! কিন্তু মন বোঝে না। খালি মনে হয়, আমি কি ভালো করতে পারছি? এটা ভাবতে ভাবতে মানসিক অসুস্থতার জায়গায় চলে যাই। আরও নিখুঁত, আরও নিখুঁত হতে গিয়ে নিজের ওপর বাড়তি চাপ দিয়ে ফেলি।

এরপর ৫৩ পৃষ্ঠায়

## এপস্টেইন ফাইল দেখে হতাশ কঙ্গনা, জানালেন সমাধানের পথ

আজকাল বিনোদন



বলিউড অভিনেত্রী ও সংসদ সদস্য কঙ্গনা রানাউত সম্প্রতি 'এপস্টেইন ফাইলস' নিয়ে নিজের প্রতিক্রিয়া জানিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেছেন। তিনি জানিয়েছেন, ফাঁস হওয়া তথ্য পড়ে তিনি বিস্মিত ও হতাশ বোধ করেছেন।

কঙ্গনার দাবি, এমন তথ্যে দেখা যাচ্ছে যে, বিখ্যাত ও ক্ষমতাশালী মানুষদের মধ্যে অপরাধকে স্বাভাবিক ও গ্রহণযোগ্য করার প্রবণতা রয়েছে। তিনি লিখেছেন, এটি তার কাছে চরম উদ্বেগের বিষয়। ছোটবেলা থেকে যাদের তিনি তারকা বা প্রভাবশালী হিসেবে দেখেছেন, তাদের নাম এ ধরনের বিতর্কে জড়ানো সমাজের ভবিষ্যতের জন্য চিন্তার বিষয়।

অভিনেত্রী প্রশ্ন তুলেছেন, বর্তমান প্রেক্ষাপটে মানবিক মূল্যবোধ টিকে থাকবে কিনা। তবে তিনি সমাধানের কথাও বলেছেন। তার মতে, ভারতীয় সংস্কৃতি, মূল্যবোধ এবং সনাতন দর্শনই নৈতিক সংকট থেকে বের হওয়ার পথ দেখাতে পারে।

কঙ্গনা বলেন, যেমন পুরাণে দেবতা ও অসুরের লড়াই থাকে, তেমনি আজকের মানুষকেও নিজের পথ বেছে নিতে হবে।

উল্লেখ্য, কঙ্গনার সাম্প্রতিক মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র 'ইমার্জেন্সি'। অভিনয়ের পাশাপাশি তিনি ভারতের মান্ডি কেন্দ্রের নির্বাচিত সংসদ সদস্য। সামাজিক ও রাজনৈতিক ইস্যুতে স্পষ্ট অবস্থান প্রকাশ করার জন্য তিনি নিয়মিতভাবে আলোচনা-সমালোচনার কেন্দ্রে থাকেন।

এপস্টেইন ফাইলে নাম অনুরাগ কাশ্যপের, যা বললেন কঙ্গনা রানাউত : যুক্তরাষ্ট্রের বিচার বিভাগে কুখ্যাত যৌন অপরাধী জেফ্রি এপস্টেইনের নথি প্রকাশ হওয়ার পর পুরো বিশ্বজুড়ে তোলপাড় শুরু এরপর ৫৩ পৃষ্ঠায়

## শাকিব-বুবলীর ফের বাবা ও মা হওয়ার গুঞ্জন!





আজকাল বিনোদন

ঢাকাই সিনেমার জনপ্রিয় দুই অভিনয় শিল্পী শাকিব খান ও শবনম বুবলীকে নিয়ে শোবিজ পাড়ায় জোর গুঞ্জন চাউর হয়েছে, দ্বিতীয়বারের মতো বাবা-মা হতে যাচ্ছেন তারা। একাধিক সূত্র দেশের গণমাধ্যমকে এমনটাই জানিয়েছে। তবে এ নিয়ে এখনো আনুষ্ঠানিক কোনো মন্তব্য করেননি শাকিব-বুবলীর কেউ-ই।

এর আগে ২০২৫ সালের শেষ দিকে যুক্তরাষ্ট্রে ছেলে শেহজাদ খান বীর ও বুবলীর সঙ্গে লম্বা সময় ছুটি কাটাতে দেখা যায় শাকিবকে। তখন বিভিন্ন মহলে আলোচনা শুরু হয়, আবারও কি এক হতে যাচ্ছেন আলোচিত এই জুটি? এরপর ৪৫ পৃষ্ঠায়




## আটলান্টিক সিটিতে বিএএসজের শীতবস্ত্র বিতরণ

৬২ পৃষ্ঠার পর

কার্যক্রমে এগিয়ে আসার জন্য তাঁরা সবার প্রতি উদাত্ত আহ্বান জানান। ভবিষ্যতেও তাদের এধরনের মহতি কর্মসূচি অব্যাহত থাকবে বলে জানান বিএএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল ও সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা। শীতবস্ত্র বিতরণ কর্মসূচির সার্বিক সহযোগিতায় ছিলেন শাহরিয়ার আহমেদ, বেলাল উদ্দিন, মনিরুজ্জামান মনির, মোমিনুল হক মামুন, মোঃ শাহ মাহমুদ, রফিকুল ইসলাম, জাকির হোসেন প্রমুখ। বিভিন্ন কমিউনিটির বিপুলসংখ্যক মানুষ শীতবস্ত্র বিতরণ কর্মসূচীতে অংশগ্রহণ করেন।



## আটলান্টিক সিটি ডেমোক্র্যাটিক কমিটির সভা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

পদে ডেমোক্রাট পার্টি থেকে প্রতিদ্বন্দ্বিতাকারী টিম আলেকজান্ডার ও আটলান্টিক কাউন্টির শেরিফ পদে প্রতিদ্বন্দ্বিতাকারী সিয়ান রিগিন তাঁদের মিশন ও ভিশন উপস্থিত দলীয় নেতৃবৃন্দ ও কর্মী- সমর্থকদের সামনে তুলে ধরেন। সভায় চলতি বছরের নির্বাচনে ডেমোক্রাট দলীয় প্রার্থীদের সর্বাত্মক সহযোগীতা করা, ফান্ড রাইজিংসহ সাংগঠনিক বিভিন্ন বিষয় নিয়ে দলীয় নেতৃবৃন্দ আলোচনা করেন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## নতুন সরকারের কাছে দায়িত্ব ১৭ বা ১৮ ফেব্রুয়ারি

১ পৃষ্ঠার পর

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেছেন, এটি ১৭, ১৮ ফেব্রুয়ারির পরে যাবে না বলে মনে করেন। বৃহস্পতিবার বিকেলে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রেস সচিব এ কথা বলেন। এর আগে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট গ্রহণ করা হবে ১২ ফেব্রুয়ারি। একই দিনে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোটও অনুষ্ঠিত হবে। প্রধান উপদেষ্টার প্রেস সচিব বলেন, 'সবচেয়ে দ্রুত সময়ে (ক্ষমতা) হস্তান্তর হবে। যদি দেখা যায় তিন দিনের মধ্যে এমন হয় যে সংসদ সদস্যরা শপথ নিয়েছেন, তারপর সংখ্যাগরিষ্ঠ দলের লিডারকে (নেতা) ডাকা হচ্ছে যে আপনি আসেন শপথ নেন প্রধানমন্ত্রী হিসেবে। তিন দিনের মধ্যে এটা হয়ে যেতে পারে। ১৫, ১৬ ফেব্রুয়ারিতে হতে পারে। আমার মনে হয় না এটি ১৭, ১৮ ফেব্রুয়ারির পরে যাবে।'



এ সময় প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ মজুমদার বলেন, নির্বাচনের পর নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছে যত দ্রুত সম্ভব দায়িত্ব হস্তান্তর করা হবে। এ বিষয়টি তিনি গতকালই জানিয়েছেন। এর আগে সচিবালয়ে আইন উপদেষ্টা আসিফ নজরুল নির্বাচিত সংসদ সদস্যদের শপথ কে পড়াতে পারেন সে বিষয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। তিনি বলেন, 'এটা (নির্বাচিত সংসদ সদস্যদের শপথ) সরকারের নীতিগত পর্যায়ের সিদ্ধান্ত। এখন আপনাদের চূড়ান্ত কিছু বলতে পারব না। তবে আমাদের সামনে দুটি অপশন (বিকল্প) আছে। একটা হচ্ছে রাষ্ট্রপতি মনোনীত কোনো ব্যক্তি শপথ গ্রহণ করাতে পারেন। উদাহরণ হিসেবে হয়তো আমাদের প্রধান বিচারপতি হতে পারেন। আর এটা যদি না হয়, তাহলে আমাদের প্রধান নির্বাচন কমিশনার আছেন, তিনিই শপথ গ্রহণ করাবেন। এ ক্ষেত্রে একটি সমস্যা আছে, তিন দিন অপেক্ষা করতে হবে। আমরা আসলে অপেক্ষা করতে চাই না, আমরা নির্বাচন হওয়ার পর যত দ্রুত সম্ভব শপথ গ্রহণের ব্যবস্থা করতে চাই।'

## স্যাংকচুয়ারি সিটির ফেডারেল অর্থ বন্ধ

৬৪ পৃষ্ঠার পর

অর্থনৈতিক ফোরামের বার্ষিক সম্মেলনেও তিনি একই অবস্থান পুনর্ব্যক্ত করেন। এর আগে এক বক্তব্যে ট্রাম্প দাবি করেন, স্যাংকচুয়ারি শহরগুলো কার্যত 'অপরাধীদের আশ্রয়স্থল' হয়ে উঠেছে। তার ভাষায়, "এগুলো অপরাধীদের রক্ষা করছে। যাদের দেশ থেকে বের করে দেওয়া দরকার, তাদেরই তারা আড়াল দিচ্ছে।" তাই এসব শহরে ফেডারেল অর্থ দেওয়ার যৌক্তিকতা নেই বলে তিনি মন্তব্য করেন। হোয়াইট হাউস সূত্রে জানা গেছে, ব্যবস্থাপনা ও বাজেট অফিস বিভিন্ন ফেডারেল সংস্থার সঙ্গে সমন্বয় করে এই পরিকল্পনা বাস্তবায়নের কাজ শুরু করেছে। একই সঙ্গে যেসব স্টেটে অতীতে তহবিল ব্যবহারে অনিয়মের অভিযোগ রয়েছে, সেগুলোর অর্থ ব্যয়ের পূর্ণাঙ্গ প্রতিবেদন সংগ্রহ করা হচ্ছে। তবে ট্রাম্পের এই সিদ্ধান্ত ইতিমধ্যেই আদালতে চ্যালেঞ্জের মুখে পড়েছে। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে, বিচারকরা ফেডারেল তহবিল কেটে দেওয়াকে চাপ সৃষ্টির হাতিয়ার হিসেবে ব্যবহারের বিষয়ে বরাবরই সতর্ক অবস্থানে ছিলেন। তবুও ট্রাম্প স্থায়ীভাবে স্যাংকচুয়ারি সিটি ব্যবস্থা বন্ধে আইন প্রণয়নের জন্য কংগ্রেসের প্রতি আহ্বান জানিয়েছেন। যদিও তিনি নির্দিষ্ট করে কোনো শহরের নাম বলেননি, মার্কিন বিচার বিভাগের ওয়েবসাইটে বর্তমানে ১৮টি স্যাংকচুয়ারি শহরের তালিকা রয়েছে। এর মধ্যে নিউইয়র্ক, লস অ্যাঞ্জেলেস, শিকাগো, ফিলাডেলফিয়া ও সিয়াটলের নাম উল্লেখযোগ্য। বিশেষজ্ঞদের আশঙ্কা, এই অর্থায়ন বন্ধ হলে আবাসন, জনস্বাস্থ্য, জরুরি ব্যবস্থাপনা ও শিক্ষা খাত সরাসরি ক্ষতিগ্রস্ত হতে পারে। অভিবাসী ও শরণার্থী অধিকার নিয়ে কাজ করা সংগঠনগুলো বলছে, এমন সিদ্ধান্ত যুক্তরাষ্ট্রের বিভিন্ন কমিউনিটিতে জননিরাপত্তা দুর্বল করবে এবং স্থানীয় প্রশাসনের ওপর বাড়তি চাপ তৈরি করবে। এদিকে স্যাংকচুয়ারি শহরগুলোকে ঘিরে এই ফেডারেল অবস্থান নতুন করে যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতি ও কেন্দ্র-স্টেট সম্পর্ক নিয়ে তীব্র রাজনৈতিক ও আইনি বিতর্ক উসকে দিচ্ছে।

## বিশেষ নির্বাচনে ডিয়ানার বিজয়

৬৪ পৃষ্ঠার পর

অপর প্রতিদ্বন্দ্বী প্রার্থী ছিলেন মিশরীয় রানা আবদেলহামিদ। মঙ্গলবার ৩ ফেব্রুয়ারী এই নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। প্রাথমিক ফলাফলে নির্বাচনে বিজয়ী ডিয়ানা মরেনো পেয়েছেন ৬,২০৯ ভোট। তার অপর দুই প্রতিদ্বন্দ্বির মধ্যে রানা আবদেলহামিদ-এর প্রাপ্ত ভোট ১,৪৩৫ আর মেরী জোবাইদার প্রাপ্ত ভোট ৬৫১।

এস্টোরিয়া ও লং আইল্যান্ড সিটি নিয়ে ডিস্ট্রিক্ট-৩৬ এর নির্বাচনী এলাকা গঠিত। মেয়র জোহরান মামদানী দায়িত্ব নেয়ার পর অ্যাসেম্বলী সদস্য হিসেবে তার এই পদটি শূন্য হয়। যার প্রেক্ষিতে এই শূন্য পদে বিশেষ নির্বাচন হচ্ছে। নানা কারণে নির্বাচনটি পুরো কমিউনিটিতে আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিলো। এই আসনে মেরি দ্বিতীয়বারের মতো নির্বাচন করেন। একজন কমিউনিটি সংগঠক এবং ডিএসএ-এর একজন নিবেদিতপ্রাণ সদস্য ডায়ানা মোরেনো (ডি-এনওয়াই) ৭৪% ভোট নিশ্চিত করেছেন। প্রতিদ্বন্দ্বিতাটি খুব একটা হাড্ডাহাড্ডি ছিল না। ৩৬ অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টেও এই নির্বাচনে মঙ্গলবার রাতে ৯৯ শতাংশ ব্যালট গণনা শেষে মোরেনো ৭৪ শতাংশ ভোট পেয়েছেন। স্থানীয় সংগঠক এবং অলাভজনক সংস্থার নেত্রী রানা আবদেল হামিদ প্রায় ১৭ শতাংশ ভোট পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন। মেরি জোবাইদা, যিনি নিজেও একজন স্থানীয় সংগঠক এবং সাবেক অ্যাসেম্বলি প্রার্থী প্রায় ৮ শতাংশের কিছু কম ভোট পেয়ে সর্বশেষ স্থানে রয়েছেন। মোরেনোর এই জয়, যা তাকে আগামী জুনের প্রাথমিক নির্বাচনে এই আসনের জন্য রক্ষা করতে হবে। তা অবশ্যম্ভাবী বলেই মনে হচ্ছিল। মোরেনো শুধু মামদানির সমর্থনই পাননি - যিনি নভেম্বরের মেয়র নির্বাচনে এই জেলায় ৭৩ শতাংশ ভোট পেয়েছিলেন - বরং তিনি নিউ ইয়র্ক সিটি ডেমোক্রেটিক সোশ্যালিস্টস অফ আমেরিকা, ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি এবং কুইন্স কাউন্টি ডেমোক্রেটিক পার্টিরও সমর্থন পেয়েছেন। যা এই তিনটি রাজনৈতিক সংগঠনের মধ্যে একটি বিরল। এমনকি নজিরবিহীন সমন্বয়। প্রচারণায় ইকুয়েডরে জন্মগ্রহণকারী এবং এস্টোরিয়ার বাসিন্দা মোরেনো নিজেকে মামদানির রাজনৈতিক উত্তরসূরি হিসেবে তুলে ধরেন। রাজ্য আইনসভায় তার এজেন্ডার জন্য লড়াই করার প্রতিশ্রুতি দেন। এস্টোরিয়ায় তার নির্বাচনী রাতের অনুষ্ঠানে মোরেনো বলেন, তিনি প্রতিদিন লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ। যাতে আমাদের ডিস্ট্রিক্ট এস্টোরিয়া এবং লং আইল্যান্ড সিটি, এই দেশে আমরা যে ভবিষ্যৎ দেখতে চাই তার একটি মডেলে পরিণত হয়। ৩৬ নম্বর অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের অনেক ভোটার সিটি কাউন্সিল, রাজ্য আইনসভা, কংগ্রেস এবং এখন মেয়রের কার্যালয়েও ডিএসএ-সমর্থিত প্রার্থীদের দ্বারা প্রতিনিধিত্ব করছেন। মামদানি সিটি হল থেকে তার পুরানো পাড়ায় গিয়েছিলেন, মোরেনোকে সেই পদে স্বাগত জানাতে যা তিনি একসময় অলংকৃত করেছিলেন। মেয়র বলেন, "এই জেলাটি আমাদের সকলের কাছে অনেক গুরুত্বপূর্ণ, কারণ এটি আমাদের বাড়ি। আমি আপনাদের বলতে পারি, এই জেলাকে নেতৃত্ব দেওয়ার জন্য, এবং পুরো রাজ্য জুড়ে শ্রমজীবী মানুষের জন্য এই লড়াইয়ে নেতৃত্ব দেওয়ার জন্য আমাদের নতুন অ্যাসেম্বলিম্যান ডায়ানা মোরেনোর চেয়ে যোগ্য আর কাউকে আমি দেখতে চাই না।"






First Time in NY

# COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

**Speakers**

**The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)**
**Quazi M. Ahmed**
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

**Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community**
**Mahbub Rahman**
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC

Refreshments will be served

Hosted by
MAJESTIC TOUCH

Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH

# পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান






যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005

EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS.**
**100% JOB PLACEMENT**
**RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection
Certified Training Institute by: BPSS

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

UB OSCAR
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

# আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
**PRODUCTION SERVICES**

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও—সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

**Dr. Rehana Alam**
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Win Zone Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
**Low Income, No Problem**

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
ঈদ উপলক্ষে 10% DISCOUNT
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us


PRESENTS
ইনকিলাব
WEEKLY INQILAB
5 STAR Music Entertainment
&
AB ANANDO BARTHA
আয়োজিত
বিশ্ব ভালোবাসা দিবস উপলক্ষে
Happy Valentine's Day
TITLE SPONSOR
Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM CEO
Ph: 516-451-3748
GRAND SPONSOR
All County Health Care
NYS Licensed Home Care Agency
GOLD SPONSOR
SHAJADI PARVIN SARAH
1st AIDE HOME CARE INC
prem collections
Moin Choudhury, Esq
Attorney at Law
Democratic District Leader at Large,Queens, NY
Tel:917-282-9256
PLATINUM SPONSOR
GOLDEN AGE HOME CARE
HASSAN ZILANI
DONNA HASSAN
Community Activist
DULAL BEHEDO
President
917-561-9563
ANCHOR
RAKHI MOMTAZ
ভালোবাসার ছোঁয়া
ENTRY FEE $55
COUPLE $100
VIP & VVIP Avialable
FILM STAR SHAKIL KHAN
FILM STAR AMIT HASAN
ACTRESS ALISHA PRADHAN
SINGERS
CLOSE UP SUPER STAR
LUIPA
KAMRUZZAMAN BAKUL
SHAMIM SHIDDIKY
SALIM IBRAHIM
TRINIA HASAN
RYAN TAJ
PROMI TAJ
& DR. KAMRUL ISLAM
DATE
FEB 15, 2026
SUNDAY @6PM
VENUE
GULSHAN TERRACE
59-15 37TH AVE, WOODSIDE, NY 11377
১ম পুরস্কার
DIAMOND RING -সহ
আকর্ষণীয় র‍্যাফেল ড্র
(NOT INCLUDED)
EXCLUSIVE DINNER
(INCLUDED)
TORIQUL HOSSAIN BADOL
CONVENER
MAHFUJA SHATHI
CHEIF CO-ORDINATOR
MD TUHIN
EVENT CO-ORDINATOR
REDWANA RAZZAQUE SHETU
MEMBER SECRETARY
Humayun Ahmed Chowdhury
Jahangir Alam Joy
CEO President
ANANDO BARTHA USA INC
Salim Ibrahim
Cell: 917-285-6449
KA
ACCIDENT LAW OFFICES OF KIM & ASSOCIATES P.C. ATTORNEYS AT LAW
KR SHERA INC
MOHAMMAD MARUF AHMED
Blue Green
Md. Abdur Dilip
ABDUR RASHID BABU
AHSAN HABIB
Community Activist
SYLHET MOTORS INC
NORSHED A HOQUE
917-561-9563
Duke Khan
917 783 5499
Biplob Saha
347-738-7196
GOURANGA ROY
Community Activist
ISTEAK RUMI
President
The Rush Express
SHOHEL GAZI
Ln. Ferrid Rocky
MOLLIKA ELECTRONICS
718-334-0100
PANSHI Restaurant & Party Hall
NOOR PHARMACY
Samia
Salam Bhuiyan & Bilkis Rahman Bhuiyan
STAR FURNITURE
Queens Palace
718-672-7000
MEDIA PARTNER:
আজকাল
TIME television
KIRONTV Akbar Haider Kiron
Tushar Pic Chitra
CONTACT FOR TICKETS: 646-512-8551, 917-285-6449

# ‘বাংলাদেশের পাশে পুরোপুরি দাঁড়ানো উচিত’

## ভারত ম্যাচ বয়কট নিয়ে পাকিস্তান প্রধানমন্ত্রী

আজকাল স্পোর্টস

### সেমিফাইনাল বা ফাইনালে ভারতের মুখোমুখি হলে সরকারের পরামর্শ নেবে পাকিস্তান

আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬-এ ভারতের বিপক্ষে ১৫ ফেব্রুয়ারির ম্যাচ বয়কট করার সিদ্ধান্তকে বাংলাদেশের প্রতি সংহতির প্রতীক হিসেবে ব্যাখ্যা করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। টুর্নামেন্ট থেকে বাংলাদেশকে বাদ দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদেই পাকিস্তান এই অবস্থান নিয়েছে বলে জানান তিনি। এবারই প্রথম, পাকিস্তান সরকার বা পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)-এর পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এই বয়কটের কারণ প্রকাশ্যে জানানো হলো। ইসলামাবাদে ফেডারেল ক্যাবিনেটের বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেন, “টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়ে আমরা খুব স্পষ্ট অবস্থান নিয়েছি, আমরা ভারতের বিপক্ষে ম্যাচ খেলব না, কারণ খেলাধুলার মাঠে রাজনীতি থাকা উচিত নয়। আমরা ভেবেচিন্তে এই সিদ্ধান্ত নিয়েছি, এবং আমাদের উচিত বাংলাদেশের পাশে পুরোপুরি দাঁড়ানো। আমি মনে করি, এটি একটি যথ যথ ও ন্যায্য সিদ্ধান্ত।”

গত রোববার পাকিস্তান সরকার একটি বিবৃতি প্রকাশ করে জানায়, পাকিস্তান দল টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশ নেবে, তবে ১৫ ফেব্রুয়ারি ভারতের বিপক্ষে গ্রুপ ম্যাচে মাঠে নামবে না। এক সপ্তাহ ধরে টুর্নামেন্টে পাকিস্তানের অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তার পর এই ঘোষণা আসে। তবে ওই বিবৃতিতে সিদ্ধান্তের কোনো কারণ উল্লেখ করা হয়নি। এই বিষয়ে এখনো প্রকাশ্যে কোনো মন্তব্য করেনি পিসিবি। তবে সরকারের ওই পোস্টের কয়েক ঘণ্টা পর আইসিসি এক বিবৃতিতে জানায়, তারা আশা করছে “পিসিবি এই

এরপর ৩৮ পৃষ্ঠায়



## পাকিস্তানকে ধন্যবাদ দিলেন আসিফ নজরুল

আজকাল স্পোর্টস

বাংলাদেশের সমর্থনে বিশ্বকাপে ভারতের বিপক্ষে ম্যাচ বয়কট করছে পাকিস্তান। বুধবার সেই বিষয়টি স্পষ্ট করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। বিশ্বকাপ ইস্যুতে বাংলাদেশের পাশে থাকায় পাকিস্তানকে ধন্যবাদ জানিয়েছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আসিফ নজরুল।

এরপর ৩৮ পৃষ্ঠায়



## বাংলাদেশের দৃঢ় অবস্থানে মুগ্ধ নাসের হুসেইন

আজকাল স্পোর্টস

টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬ যত কাছে আসছে, ততই পরিষ্কার হয়ে উঠছে, এই টুর্নামেন্ট এখন আর কেবল ক্রিকেটীয় প্রতিদ্বন্দ্বিতার মধ্যে সীমাবদ্ধ নেই। মাঠের লড়াইয়ের চেয়েও বড় হয়ে উঠেছে বোর্ডরুমের রাজনীতি, ক্ষমতার দ্বন্দ্ব আর বৈষম্যের বাস্তবতা। বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক কাঠামোর ভেতরে জমে থাকা এই অস্বস্তিকর সত্য এবার প্রকাশ্যেই সামনে আনলেন সাবেক ইংল্যান্ড অধিনায়ক নাসের হুসেইন।

স্পষ্ট ভাষায় নাসের হুসেইন আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) ও ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)-এর সমালোচনা করে বলেন, প্রভাবশালী বোর্ডগুলোর প্রতি পক্ষপাতদুষ্ট আচরণই বিশ্ব ক্রিকেটে ভারসাম্যহীনতা বাড়িয়ে তুলছে, আর এই ব্যবস্থার সবচেয়ে বড় ভুক্তভোগী হচ্ছে বাংলাদেশ ও পাকিস্তানের মতো দেশগুলো। আর তাই বাংলাদেশ ও পাকিস্তানের অনড় অবস্থানও পছন্দ হয়েছে তার। স্কাই স্পোর্টস পডকাস্টে মাইকেল আথার্টনের সঙ্গে আলাপচারিতায় নাসের হুসেইন অভিযোগ করেন, আইসিসি নীতিগতভাবে নিরপেক্ষ থাকলেও বাস্তবে শক্তিশালী বোর্ডগুলোর প্রতি আলাদা আচরণ করছে, বিশেষ করে ভারতের ক্ষেত্রে। তার মতে, এই বৈষম্যমূলক ব্যবস্থাই বিশ্ব ক্রিকেটকে ধীরে ধীরে একতরফা ও অসম কাঠামোর দিকে ঠেলে দিচ্ছে। এই মন্তব্যের পেছনে রয়েছে সাম্প্রতিক কয়েকটি নাটকীয় ঘটনা। প্রথমেই আসে আইপিএল

এরপর ৩৮ পৃষ্ঠায়



## মোস্তাফিজের ক্ষতি ৯ কোটি রুপি আইসিসির ৬ হাজার কোটি!

আজকাল স্পোর্টস

### মোস্তাফিজকে আইপিএলের দল থেকে বাদ দেয়ায় তার মাসুল গুনতে হচ্ছে আইসিসিকে

টাইগার পেসার মোস্তাফিজকে দলে নিয়ে আবার ছেড়ে দেয় আইপিএলের ফ্র্যাঞ্চাইজি কলকাতা। যার ফলে বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্কের অবনতি ঘটে। মোস্তাফিজকে দল থেকে বাদ দেয়ায়, বাংলাদেশ দল টি-টোয়েন্টি বিশ্বকাপ বয়কট করে। যা অনুষ্ঠিত হবে ভারত ও শ্রীলঙ্কায়। এদিকে, বাংলাদেশকে সমর্থন জানিয়ে প্রথমে পাকিস্তানও বিশ্বকাপ বয়কটের হুমকি দেয়। তবে শেষ পর্যন্ত পাকিস্তান জানায়, পুরো বিশ্বকাপ নয় শুধু ভারতের বিপক্ষে ম্যাচটি বয়কট করেছে তারা। এক মোস্তাফিজকে বাদ দেয়ার কারণে ভারতের ক্রিকেট বোর্ড ও আইসিসির মোটা অঙ্কের ক্ষতি হতে যাচ্ছে।

৯ কোটি ২০ লাখ রুপিতে মোস্তাফিজকে দলে নিয়ে পরবর্তীতে রাজনৈতিক চাপে তাকে দল থেকে বাদ দেয় কলকাতা। তাতে মোস্তাফিজের পুরো অর্থটাই লোকসান হয়েছে। তবে এরপর বাংলাদেশের বিশ্বকাপ বয়কট এবং পাকিস্তানের ভারত ম্যাচ বয়কটের ফলে বিসিসিআই ও আইসিসির যে অর্থ লোকসান হচ্ছে, তা মোস্তাফিজের ৯ কোটি ২০ লাখ রুপির চেয়ে বহু গুণ বেশি। ফলে এ যেন ভারতের কথা শুনে নিজের পায়ে কুড়াল মারলো আইসিসি। ভারত-পাকিস্তান ম্যাচের মোট বাজারমূল্য কত, সুনির্দিষ্ট গাণিতিক

এরপর ৩৬ পৃষ্ঠায়

## তদন্ত প্রতিবেদন জমা: হাইকোর্টের নজরদারি আর নিরপেক্ষতা প্রশ্নে চাপে বিসিবি

আজকাল স্পোর্টস

বাংলাদেশ নারী ক্রিকেটে যৌন হয়রানির অভিযোগ ঘিরে যে সংকট তৈরি হয়েছে, তা এখন আর কেবল একটি ক্রীড়া-সংক্রান্ত বিষয় নয়, এটি পরিণত হয়েছে একটি জাতীয় গুরুত্বসম্পন্ন আইনি ও প্রাতিষ্ঠানিক প্রশ্নে। সাবেক অধিনায়ক জাহানারা আলমকে ঘিরে ওঠা অভিযোগ, তদন্ত প্রতিবেদন, হাইকোর্টের রুল, জনস্বার্থমূলক রিট এবং বিসিবির ভূমিকা সব মিলিয়ে বিষয়টি এখন গভীর বিচারিক নজরদারির মধ্যে রয়েছে।

**নারী ক্রিকেটে যৌন হয়রানি**



২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ার এক গুরুত্বপূর্ণ রুল জারি করেন। এই রুলে প্রশ্ন তোলা হয়, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কেন নারী ক্রিকেটারদের জন্য একটি নিরাপদ, যৌন হয়রানিমুক্ত ও লিঙ্গ-সংবেদনশীল পরিবেশ নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে এবং এই নিষ্ক্রিয়তা কেন বেআইনি ঘোষণা করা হবে না। একই সঙ্গে আদালত বিসিবিকে পূর্ববর্তী বিচারিক নির্দেশনার আলোকে যৌন হয়রানি প্রতিরোধ নির্দেশিকা বাস্তবায়নের নির্দেশ দেন এবং রুল বিচারাধীন থাকা অবস্থায় একটি কমপ্লায়েন্স রিপোর্ট আদালতে দাখিল করতে বলেন।

এই রুল জারি হয় সাবেক জাতীয় নারী ক্রিকেট দলের অধিনায়ক জাহানারা আলমকে ঘিরে ওঠা যৌন হয়রানির অভিযোগ থেকে উদ্ভূত একটি রিট আবেদনের প্রেক্ষিতে। অভিযোগের সূত্রপাত হয়েছিল জাহানারার এক সাক্ষাৎকার থেকে, যেখানে তিনি নারী ক্রিকেট দলের সাবেক নির্বাচক ও টিম ম্যানেজার মঞ্জুরুল ইসলাম মঞ্জুর বিরুদ্ধে গুরুতর যৌন হয়রানির অভিযোগ তোলেন। পিরিয়ড সংক্রান্ত আপত্তিকর প্রশ্ন, অশালীন প্রস্তাব এবং শারীরিক আচরণের মতো অভিযোগ সামনে আসে। জাহানারা দাবি করেন, তিনি এসব বিষয়ে একাধিকবার বিসিবিকে

এরপর ৩৬ পৃষ্ঠায়

## ‘সাকিবকে দলে না চাইলে আপনি বোকার স্বর্গে বাস করছেন’

আজকাল স্পোর্টস





বাংলাদেশ জাতীয় দলের সিনিয়র সহকারী কোচ মোহাম্মদ সালাউদ্দিন বিশ্বাস করেন, জাতীয় দলে তারকা অলরাউন্ডার সাকিব আল হাসানের প্রয়োজনীয়তা এখনো ফুরিয়ে যায়নি।

গত বুধবার মিরপুরের শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামেঅদম্য বাংলাদেশ টি-টোয়েন্টি টুর্নামেন্ট’-এর প্রাক-টুর্নামেন্ট সংবাদ সম্মেলনে ধুমকেতু একাদশের কোচ সালাউদ্দিন সাকিবের দলে থাকার পক্ষে জোরালো মত দেন। সালাউদ্দিন বলেন, ‘দেখুন, কেউ যদি বলে

এরপর ৩৬ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 13" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


# ইচ্ছে হলেই দত্তক নিতে পারি

৪৬ পৃষ্ঠার পর

কোনো চরিত্র হয়ে ওঠার জন্য জয়া আহসান কীভাবে তৈরি করেন নিজেকে?-এমন প্রশ্নের উত্তরে অভিনেত্রী বলেন, আমি যখন যে বিষয়ে কাজ করি, সেটা নিয়ে কিছুটা পড়াশোনা করি। 'ওসিডি' সিনেমাটা করার সময় 'পিডোফিলিয়া' নিয়ে রীতিমতো চর্চা করেছি। শিশুদের প্রতি যৌন আকর্ষণ কোন মানসিক অসুস্থতার লক্ষণ, কী থেকে হয়? এগুলো না জানলে এমন বিষয় নিয়ে কাজ করা ভীষণ মুশকিল। এ সিনেমা সমাজের গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছে। তাই প্রস্তুতিটা জরুরি ছিল। আসলে যেখানে শিশুরা জড়িয়ে থাকে, দায়িত্বটা অনেক বেড়ে যায়, তাই না?

এ মুহূর্তে সারা বিশ্বে 'এপস্টিন ফাইল' নিয়ে আলোচনা চলছে। বড় বড় রথী-মহারথীদের বিচরণ, তাদের নাম উঠে আসছে বিতর্কে। উত্তরে জয়া আহসান বলেন, আসলে এটা তো একটা মানসিক ব্যাধি। একটা বাচ্চা দেখলে সাধারণ মানুষের মনে মায়া জন্মায়, স্নেহ জন্মায়। কিন্তু কিছু মানুষ আছে, তাদের মনে শিশুদের দেখলে যৌন আকাঙ্ক্ষা জন্মায়। তারা ওই শরীরের ভেতরটা দেখতে চায়। আসলে এটা তো একটা অসুস্থতা। এই 'পিডোফিলিয়া' বিষয়টি নিয়ে কিন্তু বাংলা সিনেমায় এখন পর্যন্ত কোনো কাজ হয়নি। সেটিও খুব দুর্ভাগ্যজনক।

বাস্তবজীবনে জয়ার সঙ্গে এমন কোনো ঘটনা ঘটেছে কি?-এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, আমি আসলে শুনেছি। এ ধরনের যৌন শোষণের ঘটনা পরিবারের মধ্যেই বেশি হয়। তাই এ বিষয়টি সব সময়ে চাপাচাপা দিয়ে রাখতেই দেখেছি। আমি আমার অনেক ঘনিষ্ঠ মানুষের মধ্যে 'ওসিডি'ও দেখেছি।

শিশুদের প্রতি মায়া প্রসঙ্গে মনে হলো? জয়া আহসান কখনো মা হতে চাননি? অভিনেত্রী বলেন, আমি তো নিজেকে মা-ই মনে করি। হয়তো আমি কাউকে জন্ম দিইনি। কিন্তু আমার সঙ্গে আমার পোষ্যদের যে সম্পর্ক কিংবা আমার বাড়ির গাছেদের, তাতে আমি নিজেকে মা বলেই ভাবি। ওদের সঙ্গে আমি কথা বলি। আমার সঙ্গে সময় না কাটালে গাছেরা মরে যায়, পোষ্যেরা কষ্ট পায়।

তিনি বলেন, আমি ওদের কথা বুঝতে পারি। আমার কলকাতার বাড়িতে এসে গাছগুলোর নতুন পাতা গজাতে দেখেছি। ওরা আমাকে দেখলে খুশিতে ঝলমল করে। জন্ম দিতে পারলেই কি সন্তানরা মায়ের কাছে থাকে? আমি জগতের সবার মা হয়ে থাকতে চাই, তার মধ্যেই আনন্দ ও সারদাদেবীর মতো।

শিশুদের জন্য কতটা নিরাপদ এ প্রসঙ্গে জয়া আহসান বলেন, অসম্ভব অনিরাপদ। আমি চাইলে সন্তান দত্তক নিতে পারি। তার জন্য সন্তান জন্ম দেওয়ার প্রয়োজন পড়ে না। কিন্তু বাধা একটাই? একটা শিশুকে পৃথিবীতে আনলে তার জন্য একটা নিরাপদ জায়গা করে দিতে হবে। কিন্তু মানুষ প্রতিনিয়ত 'আমি আমি' করে চলছে।

অনেক ইন্ডাস্ট্রিতে কাজ করেছেন, ৮ ঘণ্টার কাজের দাবির সঙ্গে আপনি একমত কিনা? অভিনেত্রী বলেন, দেখুন, অভিনয়টা শুধু শারীরিক নয়। এই পেশায় শরীর ও মনকে সঙ্গে নিয়ে একাগ্রচিত্তে কাজটা করতে হয়। আর এই কাজটা কিন্তু সহজ নয়। আমি মনে করি, কাজের একটা নির্ধারিত সময় থাকা দরকার। ব্যক্তিগত জীবনে ভারসাম্য থাকলে তবেই একজন অভিনেতার কর্মজীবন সফল হয়। আর এই আট ঘণ্টার মধ্যে ভালো কাজ করা সম্ভব। আট ঘণ্টা কাজ করা মানে কোনোভাবেই গুণগত মানের সঙ্গে আপস করা নয়।

জয়া বলেন, আমার কাজের শিফট আট ঘণ্টার। আবার যখন প্রয়োজন হয়, তখন আট ঘণ্টার বেশিও কাজ করি। আমি কখনই প্রযোজক, পরিচালককে বিপদে ফেলি না। আমি কাজের ক্ষেত্রে জেনারেশনে বিশ্বাসী নই। বরং গুণগত মানের দিকটা বজায় থাকল কিনা, সেই বিষয়টি নিয়ে চিন্তিত।

সবার তো জয়া আহসানের বয়স নিয়ে কৌতূহলের অন্ত নেই, আপনি কী বলবেন? উত্তরে তিনি বলেন, কেউ বলে আমার বয়স ৪০, কারও কাছে আমি ৫০, আবার কেউ পৌঁছে দিয়েছে ষাটের দরজায়। আসলে আমি ছোট বয়স থেকে কাজ করছি। মাত্র ১৭ বছর বয়সে মায়ের চরিত্রে অভিনয় করেছি, খুব ভারি ভারি চরিত্রে কাজ করেছি, আর অনেক বছর ধরে কাজ করছি। তাই যে যার মতো করে আমার বয়স ধরে নিয়েছে।

সমাজে সফল নারীদের বিড়ম্বনা কি বেশি?-এমন প্রশ্নের উত্তরে জয়া বলেন, আসলে মানুষ আজকাল মন্তব্য করতে ভালোবাসে। আর সামাজিক মাধ্যম তো প্রতিদিন যেন হাস্যকর জায়গায় চলে গেছে। তবে 'সফল' শব্দটা বড্ড স্বার্থপর মনে হয়। আমি সার্থকতায় বিশ্বাসী।


# BECOME A REALTOR
